অয়মর্থঃ অহং সুখী অহং দুঃখীতি প্রত্যয়ো নাগমিকো ন শাব্দো নাপি লৈঙ্গিকঃ শব্দলিঙ্গযোরনুসন্ধানমন্তরেণাপি জায়মানত্বাৎ প্রত্যক্ষত্বে চ নীরূপত্বং নিরবয়বত্বঞ্চ ন বাধকমুক্তং তদ্বহিরিন্দ্রিয়প্রত্যক্ষতায়াং ভবতি তত্র হি রূপবত্ত্বানেকদ্রব্যবত্ত্বয়োঃ প্রয়োজকত্বাৎ, মানসপ্রত্যক্ষতা চ তদন্তরেণাপি। নন্বস্ত্বাদেবং যদ্যাত্মনি প্রমাণং স্যাৎ তদেব তু নাস্তীত্যত আহ শব্দবদ্ব্যতিরেকাব্যভিচারাদ্বিশেষসিদ্ধেরিতি যথা ক্ষিত্যাদিষু দ্রব্যেষু শব্দস্য ব্যতিরেকোঽব্যভিচারী নিরস্তত্বেন তদাশ্রয়স্যাষ্টদ্রব্যাতিরিক্তস্যাকাশরূপস্য বিশেষস্য সিদ্ধিঃ এবমিচ্ছায়াঃ পৃথিব্যাদিষু ব্যতিরেকস্যাব্যভিচারাৎ তদাশ্রয়েণাপি অষ্টদ্রব্যাতিরিক্তেন ভবিতব্যম্। নন্বেভাবতাপ্যানুমানিক এব আত্মা ন তু প্রত্যক্ষ ইত্যত আহ অহমিতি মুখ্যযোগ্যত্বাদিতি অহমিতীতিকারেণ জ্ঞানাকারমাহ

তেনাহমিতি জ্ঞানং শব্দলিঙ্গানুসন্ধানমন্তরেণ নিমীলিতাক্ষস্য যদুৎপদ্যতে তন্মুখ্যেন অহত্ত্বতা যোগ্যেন প্রমাণান্তরেণ উপপাদনীয়ম্, ন তু শরীরাদিনা, তত্রেচ্ছায়া ব্যতিরেকাব্যভিচারাৎ মুখ্যযোগ্যাভ্যামিত্যনন্তরম্ উপপাদনীয়মিতি পূরণীয়ম্ আত্মনি প্রমাণানি বহূনি গ্রন্থগৌরবভিয়া তান্যানি ময়ূখেঽন্বেষ্টব্যানি ॥ ১৮ ॥

পরিষ্কারঃ।

'অহমিত্যপি' অহং সুখীত্যাদিরপি। 'মুখ্যেন' অহত্ত্ববতা ইতি। মূলে মুখ্যযোগ্যপদয়োর্যথা ভাবপ্রধাননির্দ্দেশস্তথাস্য ব্যাখ্যায়ামপীতি বোধয়িতুমাহ অহত্ত্ববত্তেতি। অহত্ত্বেন প্রমাণসিদ্ধত্বেন চেত্যর্থঃ। এতেন মুখ্যস্যৈব যোগ্যতয়া পদার্থাভেদাদ্ দ্বন্দ্বোঽনুপপন্ন ইতি নিরস্তম্। মুখ্যত্বযোগ্যত্বরূপয়োঃ পদার্থয়োর্ভেদাদিতি। ১৮।

সুখদুঃখজ্ঞাননিষ্পত্ত্যবিশেষাদৈকাত্ম্যম্ ॥ ১৯ ॥

অনুবাদ।

সুখ, দুঃখ এবং জ্ঞানের উৎপত্তি বিষয়ে কোন প্রভেদ না থাকায়, আত্মা এক ॥ ১৯ ॥

ব্যাখ্যা।

আত্মা এক কি অনেক ?—বেদান্তীরা বলেন, আত্মা এক, ন্যায়বৈশেষিকাদি-দর্শনমতে আত্মা অনেক। যাঁহারা এক বলেন, তাঁহাদের যুক্তি এই—আকাশ এক, কেন না, শব্দসমবায়িকারণত্ব আকাশে অভিন্ন বলিয়া, তদ্রূপ সুখদুঃখাদির উৎপাদকত্ব অভিন্ন বলিয়া আত্মাও এক। তবে শব্দ, যেমন নিমিত্ত ও সমবায়ি-কারণের সমাবেশভেদে বিভিন্ন দেশে উৎপন্ন হয়, তদ্রূপ অপর-কারণ-সমাবেশভেদ বশতই সুখ-দুঃখাদিরও বিভিন্ন কালে ভিন্ন ভিন্ন দেহে উৎপত্তি হয়। অতএব আত্মা এক ॥ ১৯ ॥

উপস্কারঃ।

আত্মপরীক্ষাপ্রকরণং সমাপ্য ইদানীমাত্মনানাত্বপ্রকরণমারভতে তত্র পূর্ব্বপক্ষসূত্রম্।

এক এব আত্মা চৈত্রমৈত্রাদিদেহভেদেঽপি, কুতঃ সুখদুঃখজ্ঞানানাং নিষ্পত্তেরুৎপত্তেরবিশেষাৎ সর্ব্বশরীরাবচ্ছেদেন সুখদুঃখজ্ঞানানামুৎপত্তিরবিশিষ্টৈব যতঃ। যদ্ধ্যাত্মভেদসাধকং লিঙ্গান্তরং অবেক্ষ্য সিধ্যেদাত্মভেদঃ, ন চ তদস্তি, যথা তত্তৎপ্রদেশাবচ্ছেদেন শব্দনিষ্পত্তাবপি শব্দলিঙ্গাবিশেষাদেকত্বমাকাশস্য যৌগপদ্যাদিপ্রত্যয়লিঙ্গাবিশেষাদেক এব কালঃ পূর্ব্বাপরাদিপ্রত্যয়লিঙ্গাবিশেষাদেকৈব দিক্ ॥ ১৯ ॥

পরিষ্কারঃ।

নিষ্পত্তেরুৎপত্তেরিতি সমবায়িকারণমন্তরেণ ভাবোৎপত্তেরযোগাদুৎপত্তেরিত্যুক্তিঃ

সমবায়সম্বন্ধেনাশ্রয়ত্বস্য লাভায়। তেনাত্মত্বমেকমাত্রবৃত্তি সুখাশ্রয়মাত্রবৃত্তিত্বা-দিত্যেব হেতুঃ, কারণতাগর্ভহেতোর্ব্ব্যর্থত্বেঽপি ন ক্ষতিঃ। নন্বু হেতুরয়মাত্মত্বস্য জীব-পরমাত্মসাধারণ্যে ব্যভিচারী, সুখস্য পরমাত্মগুণত্বানঙ্গীকারাৎ। তদসাধারণ্যে সুখস্য পরমাত্মবৃত্তিত্বাঙ্গীকারমতে জীবাত্ম-পরমাত্মগতদ্বিত্বসংখ্যায়াং ব্যভিচারীত্যত আহ দুঃখেতি। তথাচ আত্মত্বং ন পরমাত্মসাধারণমিতি ভাবঃ। হেতুশ্চ দুঃখাশ্রয়-মাত্রবৃত্তিত্বাদিতি। নন্বেবং জীবাত্মন ঐক্যসিদ্ধাবপি, জীবপরমাত্মনোরৈক্যাসিদ্ধ্যা সিদ্ধান্তক্ষতিরিত্যাশয়েনাহ জ্ঞানেতি। তথাচ জীব-পরমাত্মসাধারণমাত্মত্বং পক্ষঃ, জ্ঞানাশ্রয়মাত্রবৃত্তিত্বাদিতি হেতুঃ তথাচ ন ব্যভিচারঃ, ন বা জীবপরমাত্মনোরৈক্যা-সিদ্ধিরিতি ভাবঃ। সর্ব্বত্র তৎপুরুষীয়সুখাদিকং সুলভো দৃষ্টান্তঃ। একত্বসাধকং লিঙ্গাবিশেষাদিতি প্রাগুক্তহেতুং স্মারয়ন্নাহ যথেতি। ১৯।

ব্যবস্থাতো নানা॥ ২০ ॥

অনুবাদ।

ব্যবস্থার জন্য অনেক আত্মা (স্বীকার করিতে হয়)॥ ২০ ॥

ব্যাখ্যা।

আত্মা এক হইলে, জন্মমৃত্যু সুখদুঃখ স্বর্গনরক ভোগের নিয়ম থাকে না। এক আত্মাই এক শরীরের আশ্রয়ে পাপ করে, অন্য শরীরের আশ্রয়ে পুণ্য করে, এক শরীরের ধ্বংস হয়, অন্য শরীরের উৎপত্তি হয়, কিন্তু সর্ব্বশরীরস্থায়ী সেই আত্মা তখন পরলোকের স্বর্গভোগী না নরকভোগী? ইহলোকে সে জীবিত না মৃত? কিছুরই ব্যবস্থা করা যায় না। যদি বল ভিন্ন ভিন্ন মন, সেই মনের সাহায্যে এই ভেদব্যবস্থা হয়। তাহা হইলেও সেই এক আত্মার নানা মনঃ-সংযোগ—এক কর্ত্তার নানা উপায়, বেশ ত; সবগুলিই একেবারে ঘটুক! চাকরীর মাহিনালাভ এবং উগ্র মনিবের করতল দ্বারা কর্ণাপ্যায়ন যেমন যুগপৎ ঘটে, সেইরূপ স্বর্গ-নরকাদিও যুগপৎ ঘটিতে পারে কিন্তু তাহা ত হয় না। আমি যখন সুখী অন্যে তখন দুঃখী এই বৈষম্য আছেই, আর এ বৈষম্য প্রত্যক্ষসিদ্ধ। সুতরাং এই বৈষম্য-ব্যবস্থার জন্য আত্মার অনেকত্ব মানিতে হয়॥ ২০ ॥

উপস্কারঃ।

সিদ্ধান্তমাহ।

নানা আত্মানঃ কুতঃ ব্যবস্থাতঃ ব্যবস্থা প্রতিনিয়মঃ যথা কশ্চিদাঢ্যঃ, কশ্চিৎ দরিদ্রঃ, কশ্চিৎ সুখী

সুখী, কশ্চিদ্ দুঃখী, কশ্চিদুচ্চাভিজনঃ, কশ্চিন্নীচাভিজনঃ, কশ্চিদ্বিদ্বান্, কশ্চিৎ জাল্ম ইত্যীয়ং ব্যবস্থা আত্মভেদমন্তরেণানুপপদ্যমানা সাধয়ত্যাত্মনাং ভেদম্, ন চ জন্মভেদেন বাল্যকৌমার-বার্দ্ধকাভেদেন বা, একস্যাপ্যাত্মনো যথা ব্যবস্থা তথা চৈত্রমৈত্রাদিদেহভেদেঽপি স্যাদিতি বাচ্যম্ কালভেদেন বিরুদ্ধধর্ম্মাধ্যাসসম্ভবাৎ ॥ ২০ ॥

পরিষ্কারঃ।

অচ্যাতয়া প্রতীয়মানশরীরাধিষ্ঠিত আত্মা রঙ্কতয়া তাৎকালিকপ্রতীতিবিষয়-শরীরাধিষ্ঠিতাত্মনো ভিদ্যতে তৎকালীনরঙ্কতাজনকাদৃষ্টবত্ত্বিন্নত্বাদ্ ঘটবৎ, জীবঃ পরমাত্মনো ভিদ্যতে অসর্ব্বজ্ঞত্বাদ্ঘটবদিত্যাদিকানুমানমূহনীয়ম্। রঙ্কো দরিদ্রঃ। অত্র প্রাতিস্বিকপ্রতীতিমূলকানুকূলতর্কসত্ত্বান্বলবত্ত্বমিতি ভাবঃ। কালভেদেনেতি। দেশবৃত্তেঃ কালস্যাবচ্ছেদকত্বাদিতি ভাবঃ। ন চ সংযোগতদভাবয়োর্দ্দেশবৃত্তিতায়াং দেশস্যাবচ্ছেদকত্ববচ্চৈত্রমৈত্রাদিশরীরস্যাপি বিরুদ্ধধর্ম্মাবচ্ছেদকত্বং স্যাদিতি বাচ্যং তথা সতি শরীরাবচ্ছেদেন বর্ত্তমানস্যাবিরুদ্ধাদৃষ্টস্য শাখানাশে শাখাবচ্ছিন্নসংযোগ-নাশবৎ নাশপ্রসঙ্গেন কৃতহান্যকৃতাভ্যাগমদোষপ্রসঙ্গস্য দুর্ব্বারত্বাৎ। ন চ তত্তন্মনঃ এবাবচ্ছেদকমস্ত্বিতি বাচ্যম্ অসম্বন্ধস্যানবচ্ছেদকত্বাৎ; সম্বন্ধস্যৈবাবচ্ছেদ-কত্বমিতি চেৎ কস্তত্র সম্বন্ধঃ, সংযোগশ্চেদবিশেষ এব সম্বন্ধঃ সর্ব্বত্র, সংযোগ-নাশাদবচ্ছেদ্যস্যাপি নাশপ্রসঙ্গশ্চ, স্বনিষ্ঠাদৃষ্টাধীনসন্নিকর্ষশ্চেৎ সর্ব্বত্রৈবাবিশেষঃ, সুখাদেরণুদেশাবচ্ছিন্নত্বাপত্তিশ্চেত্যাদয়ো দোষা দ্রষ্টব্যাঃ। ২০।

শাস্ত্রসামর্থ্যাচ্চ ॥ ২১ ॥

অনুবাদ।

(আত্মা অনেক) কেননা যোগ্য শাস্ত্র আছে ॥ ২১ ॥

ব্যাখ্যা।

আত্মা এক, এ বিষয়ে শ্রুতি আছে; ইহা বেদান্তীরা বলেন। বৈশেষিক বলিতেছেন, সে সকল শ্রুতি অন্যভাবের; পরন্তু যাহা যোগ্য,—প্রকৃতপক্ষে যাহার মুখ্য অর্থ আছে, সেই শ্রুতি আত্মার অনেকত্বই বলিয়া থাকেন। ফলকথা এই, যাহা বাস্তবিক এক, তাহাকে ইহা দুই, বলিয়া নির্দ্দেশ করা যায় না; পরন্তু যাহা অনেক, তাহাকে এক বলা আছে। মনে কর একটী ব্রাহ্মণকে কেহ দুই জন বা চারি জন বলে না, পরন্তু ব্রাহ্মণ এক, ক্ষত্রিয় দুই, এইরূপে চার বর্ণ গণনা সকলেই করে, কিন্তু সেই ব্রাহ্মণ কি একজন? না শত শত সহস্র সহস্র ব্রাহ্মণ? তবে কিনা, সকলেই এক বর্ণ, এখানে জাতির একত্ব লইয়াই ব্রাহ্মণের

একত্ব। সেইরূপ আত্মারও একজাতীয়ত্ব লইয়াই একত্ব উক্তি শ্রুতিতে আছে। আর 'দ্বে ব্রহ্মণী' 'চেতনানাং' ইত্যাদিস্থলে শ্রুতিতে যে সংখ্যা নির্দ্দেশ আছে, তদ্দ্বারা আত্মার স্পষ্ট অনেকত্ব সিদ্ধ হয়। ২১।

তৃতীয়াধ্যায়ে—দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

প্রমাণান্তরমাহ।

শাস্ত্রং শ্রুতিঃ তয়াপ্যাত্মনো ভেদপ্রতিপাদনাৎ শ্রূয়তে হি "দ্বে ব্রহ্মণী বেদিতব্যে" ইত্যা তথা "দ্বা সুপর্ণা সযুজা সখায়া সমানং বৃক্ষং পরিষস্বজাতে" ইত্যাদি॥ ২১॥

ইতি শ্রীশাঙ্করে কণাদসূত্রোপস্কারে তৃতীয়াধ্যায়স্য দ্বিতীয়াহ্নিকম্।

সমাপ্তশ্চায়ং তৃতীয়াধ্যায়ঃ।

পরিষ্কারঃ

'একং বিজ্ঞানমানন্দং' 'তত্ত্বমসী'ত্যাদিশ্রুতিভিরাত্মৈক্যং প্রতিপাদিতম্। তথাচ নরশিরঃকপালং শুচি প্রাণ্যঙ্গত্বাদিত্যাদ্যনুমানবদাগমবিরোধাদাত্মভেদকমনুমানমপ্রমাণমিত্যতঃ শাস্ত্রপ্রামাণ্যপ্রদর্শকং সূত্রমবতারয়তি প্রমাণান্তরমিতি। সজাতীয়ে ঐক্যব্যবহারঃ প্রসিদ্ধঃ, একব্যক্তৌ দ্বিত্বব্যবহারস্তু উপাধিভেদমনন্তর্ভাব্য কচিদপি নাস্তি। দ্বে ব্রহ্মণী ইত্যাদি শ্রুতিরুপাধিভেদমসিদ্ধমনাসাদয়ন্তী স্বশব্দেনৈব জীবপরময়োর্দ্বৈবিধ্যমাহ। জীবস্য বহুত্বন্তু চেতনানামিত্যাদিকঠোপনিষদুক্ত্যা বিবিধস্থলীয়গুরুশিষ্যসংবাদেন কর্ম্মকাণ্ডে যজ্ঞাধিকারিপ্রতিপাদনেন চ শ্রুতৌ প্রসিদ্ধমিতি ভাবঃ। ২১।

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভব-শ্রীপঞ্চাননতর্করত্নভট্টাচার্য্যকৃতৌ বৈশেষিকসূত্রোপস্কারপরিষ্কারে তৃতীয়াধ্যায়ে দ্বিতীয়াহ্নিকম্।

সমাপ্তশ্চ তৃতীয়োঽধ্যায়ঃ।

পঞ্চমাধ্যায়ে—প্রথমাহ্নিকম্।

আত্মসংযোগপ্রযত্নাভ্যাং হস্তে কর্ম্ম ॥ ১ ॥

অনুবাদ।

আত্মার সংযোগ ও প্রযত্ন হইতে হস্তে কর্ম্ম (হইয়া থাকে)। ১।

ব্যাখ্যা।

পরমাণু ক্ষয়োপচয়শীল বৃহতের কারণ, পরমাণুর পরস্পর সংযোগ হইতে ক্রমে এই বৃহতের উৎপত্তি হয়। সেই যে সংযোগ তাহা পরমাণুর কর্ম্মমূলক। কর্ম্ম অর্থে স্পন্দন। কি কারণে কর্ম্ম হয় তাহা না জানিলে, পরমাণুতে কর্ম্ম হইতে পারে কিনা ইহাই বুঝা যায় না, যদিই বা পরমাণুতে কর্ম্ম হয় ও তাহা কোন্ কারণবশতঃ হয়—শিষ্যগণের এই আশঙ্কা ও অজ্ঞান দূর করিবার জন্য মহর্ষি কণাদ কর্ম্মের কারণ কি কি তাহা একে একে দেখাইতেছেন। শরীর বা অবয়বে যে চেষ্টারূপ কর্ম্ম হয় তাহার কারণ আত্মার প্রযত্ন এবং ঐ আত্মার সহিত সংযোগ। চেষ্টার সমবায়ি-কারণ শরীর বা অবয়ব, যত্নবিশিষ্ট আত্মার সহিত শরীরের যে সংযোগ তাহাই অসম-বায়ি কারণ এবং ঐ আত্মার যে যত্ন তাহাই নিমিত্ত-কারণ। মনে কর—শয়নের সময় হাতটী নাড়িতে ইচ্ছা হইল, তখন, হাত নাড়িবার প্রবৃত্তি হইল,—এই প্রবৃত্তিই যত্ন, তাহার পর হস্তে চেষ্টা হইল, এই চেষ্টাই হাত-নাড়া; এখন দেখ যদি হাত নাড়িতে তোমার যত্ন না হইত তাহা হইলে হাতটী নাড়ান হইত না, যত্ন হইলেও তোমার আত্মার সহিত যদি পরকীয় হস্তের ন্যায় তোমার স্বকীয় হস্তেও সম্বন্ধ না থাকিত, তাহা হইলেও হাতনাড়া হইত না, এইজন্য ঐ হস্তচালনরূপ হস্ত-কর্ম্মের—হস্ত ত সমবায়ী কারণ আছেই, তদ্ভিন্ন যত্নবিশিষ্ট আত্মসংযোগ ও প্রযত্নও কারণ।১।

উপস্কারঃ।

কর্ম্মপরীক্ষা পঞ্চমাধ্যায়ার্থঃ। প্রযত্ননিষ্পাদ্যকর্ম্মপরীক্ষা প্রথমাহ্নিকার্থঃ। তত্রাপ্যুৎক্ষেপণ-প্রকরণম্, অপ্রযত্নসিদ্ধোৎক্ষেপণপ্রকরণম্, পুণ্যহেতুকর্ম্মপ্রকরণম্, পুণ্যাপাপোদাসীনকর্ম্মপ্রকরণঞ্চ চেষ্টাবিশেষমধিকৃত্যাহ।

সংযোগশ্চ প্রযত্নশ্চ সংযোগপ্রযত্নৌ আত্মনঃ সংযোগপ্রযত্নৌ তাভ্যাং হস্তে সমবায়িকারণে কর্ম্ম তস্য চ কর্ম্মণঃ প্রযত্নবদাত্মসংযোগোঽসমবায়িকারণম্, প্রযত্নশ্চ নিমিত্তকারণম্, ইয়মেব চেষ্টা, প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণক্রিয়াত্বাচ্চেষ্টাত্বং স্বাত্মবেতস্মাতিরিক্তস্পর্শবদদ্রব্যপ্রযত্নজন্য-ক্রিয়া বা। ১।

পরিষ্কারঃ।

'প্রথমাহ্নিকার্থঃ' প্রথমঃ আহ্নিকার্থঃ, আহ্নিককোপস্থিতত্বাৎ প্রথমমেব। তথাচ প্রথমাহ্নিকস্য প্রথমাভিধেয়ং প্রযত্ননিষ্পাদ্যকর্ম্মপরীক্ষণমিতি ফলিতম্। তেনাযত্নজন্যকর্ম্মণ এতদাহ্নিকপ্রতিপাদ্যত্বেঽপি নাসঙ্গতিঃ। 'তত্রাপি' তদ্ঘটকঞ্চ। 'উৎক্ষেপণপ্রকরণং' প্রযত্নসিদ্ধোৎক্ষেপণপ্রকরণমিত্যর্থঃ। অপ্রযত্নসিদ্ধেতি বক্ষ্যমাণত্বাৎ। পুণ্যহেত্বিতি অদৃষ্টকারণকেত্যর্থঃ। তেন পুণ্যপ্রযোজকস্য পুণ্যকারণকস্য চ কর্ম্মণঃ ক্বচিদপ্যগৃহীতত্বেঽপি, অদৃষ্টকারণকতস্করাভিমুখমণিগমনস্য চ গৃহীতত্বেঽপি ন ক্ষতিঃ। অত্র প্রকরণমিতি কথনাৎ ষষ্ঠাধ্যায়ে দ্বিতীয়াহ্নিকে বক্ষ্যমাণমভিষেচনেত্যাদি সূত্রমপ্যুপক্ষিপ্তম্। তথাচ মণিগমনমিত্যাদ্যেকসূত্রস্য প্রকরণত্বাভাবেঽপি বুদ্ধিস্থং তৎসূত্রমাদায়ৈব কথঞ্চিৎ প্রকরণত্বসংস্থাপনম্। পুণ্যপাপেতি তচ্চ প্রকরণং হস্তকর্ম্মণেত্যাদিকসূত্রদ্বয়ম্। নবদৃষ্টকারণককর্ম্মপ্রকরণস্য পুণ্যাদ্যহেতুকর্ম্মপ্রকরণাদুত্তরত্বেঽপ্যত্র পূর্ব্বত্র তদ্গ্রহণং প্রকরণদ্বয়ঘটকসূত্রাণাং পৌর্ব্বাপর্য্যলঙ্ঘনেন প্রসঙ্গাদন্যত্রাপি কথনমিতি সূচনায়। চেষ্টাসামান্যমুক্ত্বা বিশেষমাহ স্বাসমবেতেতি। স্বং চেষ্টাশ্রয়ত্বেনাভিমতম্। তদসমবেতস্তদতিরিক্তশ্চ যঃ স্পর্শবান্ তদন্যস্য অবচ্ছেদকত্বাখ্যস্বরূপসম্বন্ধেন তদন্যসম্বন্ধী যঃ প্রযত্নঃ তেন জন্যা ক্রিয়া স্বনিষ্ঠক্রিয়েতি তদক্ষরার্থঃ। চেষ্টা নাম শরীর-তদবয়ব-সমবেতঃ ক্রিয়াবিশেষঃ, স চ শরীরাবচ্ছিন্নপ্রযত্নাদুৎপদ্যতে, কার্ম্মুকাকর্ষণক্ষিপ্তশরাদিস্পন্দনস্য শরীরাবচ্ছিন্নপ্রযত্নজন্যত্বেঽপি ন তত্র চেষ্টাত্বমিতি তদ্ব্যুদাসায় স্পর্শবদন্যেত্যুক্তম্। সামান্যতঃ স্পর্শবদন্যেতি কথনে, কস্যাপি প্রযত্নস্য স্পর্শবদন্যাবচ্ছিন্নত্বাভাবাদসম্ভব ইতি স্পর্শবতি স্বাসমবেতত্বং স্বাতিরিক্তত্বঞ্চ বিশেষণম্। স্বাসমবেতেত্যনুক্তৌ শরীরস্য অবয়বাতিরিক্তস্পর্শবদন্যত্বাভাবাৎ তৎপ্রযত্নজন্যাবয়বচেষ্টায়ামব্যাপ্তিঃ, স্বাতিরিক্তেত্যনুক্তৌ চ শরীরচেষ্টায়ামেব শরীরাসমবেতত্বে সতি স্পর্শবত্ত্বাত্তস্য। তৎসমবেতাবচ্ছিন্নপ্রযত্নজন্যা তৎক্রিয়া—তচ্চেষ্টা; তদবচ্ছিন্নপ্রযত্নজন্যা তৎক্রিয়া চ তচ্চেষ্টেতি ভাবঃ। এবঞ্চ স্পর্শবদন্যেত্যন্তং পরিচায়কমাত্রং অত্রান্যত্বপ্রতিযোগিনামনন্তত্বায় স্পর্শবদিতি প্রতিযোগিকুক্ষৌ নিবেশিতমিতি ধ্যেয়ম্। চেষ্টত ইতি প্রত্যক্ষসিদ্ধং চেষ্টাত্বং জাতিরিতি তু নব্যাঃ। ১। ২।

তথা হস্তসংযোগাচ্চ মুষলে কর্ম্ম ॥ ২ ॥

অনুবাদ।

চেষ্টাযুক্ত হস্তের সংযোগে মুষলে কর্ম্ম (হইয়া থাকে)। ২।

ব্যাখ্যা।

কতিপয় ছাত্র উদূখলে ধান্য লইয়া মুষল দ্বারা তাহা কাঁড়াইতেছে—ব্রাহ্মণের শূদ্র-প্রস্তুত তণ্ডুলও ত ব্যবহার করিতে নাই; বিশেষতঃ এই কণ্ডন ব্যাপার—কত জীববধের হেতু, ইহা যদি ধর্ম্ম্য সংস্কার না হয়, কেবল দগ্ধোদরের পূরণের জন্যই এই কণ্ডন কার্য্য করিতে হয় ত তাহা ব্রাহ্মণের অল্প অসাত্ত্বিকতার পরিচায়ক হয় না। ফলতঃ ধান্যের এই কণ্ডন সংস্কার ইহাও ধর্ম্মাঙ্গ, প্রথম জলের ছিটা দিয়া তাহার পর এই কণ্ডন বা অবহনন করিতে হয়; প্রোক্ষণ অবহনন সকলই ব্রাহ্মণের কর্ত্তব্য; তখন সেই তণ্ডুল ধর্ম্মকার্য্যের উপযুক্ত হইবে, তদ্দ্বারা যজ্ঞ সমাধা করিয়া অবশিষ্ট অন্ন গৃহস্থ ব্রাহ্মণ ভোজন করিবেন, ইহাই বিধি। এখনও সেই উদূখল-মুষলের বাল্যক্রীড়নক স্মৃতি বৈদিক হোমে আছে; এখনও পুরোহিত মহাশয় হোমস্থানে বসিয়া যজ্ঞোডুম্বরশাখার দ্বারা ক্ষুদ্রাকারে নির্ম্মিত একটী মধ্যক্ষীণ চারি অঙ্গুল ছয় অঙ্গুলের কাষ্ঠখণ্ড বামহস্তে ল'ন—তাহাই এখনকার উদূখলরূপে নির্ম্মিত হয়,—তাহার পর যজমান মহাশয়ের সদ্যঃ বাজারে ক্রীত আঝাড়া আবাছা তণ্ডুল হইতে দুই চারিটা তণ্ডুল সেই উদূখলে ফেলিয়া দক্ষিণ-হস্তে—যাহা মুষলরূপে নির্ম্মিত—আর একটী সরু কাষ্ঠ লইয়া দুই একবার সেই বামহস্তস্থ উদূখলের তণ্ডুলে তদ্দ্বারা আঘাত করেন, এই ক্রীড়াই মহর্ষি-সময়াগত পবিত্র উদূখল-মুষলের ধান্যকণ্ডনের অভিনয় মাত্র। তখন এ অভিনয়ে ধর্ম্মকার্য্য হইত না, প্রকৃত উদূখল-মুষল-হস্তে পাঠবিরত ছাত্রগণ ধান্যকণ্ড'ন নিযুক্ত; মহর্ষি কণাদ সেই দিকে চাহিয়া শিষ্যগণকে অঙ্গুলিনির্দ্দেশে বলিতেছেন, ঐ দেখ—ঐ তোমার সতীর্থ বৈশম্পায়নের হস্ত মুষলে দৃঢ় সংযুক্ত হইয়া উহার প্রযত্নে উৎক্ষিপ্ত হইতেছে, সেই উৎক্ষেপরূপ চেষ্টাযুক্ত হস্তের দৃঢ় সংযোগে মুষলও উৎক্ষিপ্ত হইতেছে; এই মুষলে যে উৎক্ষেপরূপ কর্ম্ম দেখিতেছ, উহাও ঐ উৎক্ষিপ্ত হস্ত-সংযোগ জন্য—ঐ হস্ত-সংযোগই মুষলকর্ম্মের অসমবায়ী কারণ, আত্মসংযোগ নহে। প্রযত্ন মুষলের ঐ কর্ম্মে নিমিত্ত কারণ। ঐ উৎক্ষেপণ এবং অবক্ষেপণে আর একটী নিমিত্ত কারণ আছে, তাহা গুরুত্ব; ঐ মুষলে ভার না থাকিলে এইরূপ প্রযত্নে মুষল কতদূর উৎক্ষিপ্ত হইত, ভার না থাকিলে অবক্ষেপের সময় আরও অধিক প্রযত্ন করিতে হইত; অতএব চেষ্টা ব্যতীত কর্ম্মে যত্নবিশিষ্ট আত্মসংযোগ ও প্রযত্ন দুইটী কারণ থাকে না। ২।

উপস্কারঃ।

হস্তোৎক্ষেপণমুক্ত্বা তদধীনং মুষলোৎক্ষেপণমাহ।

চকারেণ গুরুত্বং নিমিত্তকারণান্তরং সমুচ্চিনোতি। তথেতি তাদৃশমুৎক্ষেপণরূপমেবেত্যর্থঃ। যথা হস্তসংযোগাদুৎক্ষেপণবদ্ধস্তসংযোগাদিত্যর্থঃ। অত্র চ প্রযত্নবদাত্মসংযুক্তেন হস্তেন মুষলস্য সংযোগোঽসমবায়িকারণম্, মুষলং সমবায়িকারণম্, প্রযত্নগুরুত্বে নিমিত্তকারণে॥ ২॥

অভিঘাতজে মুষলাদৌ কর্ম্মণি ব্যতিরেকাদকারণং হস্ত-সংযোগঃ॥ ৩॥

অনুবাদ।

অভিঘাতোৎপন্ন মুষলাদি-কর্ম্মে ব্যভিচার হয় বলিয়া হস্ত-সংযোগ (তাহার-প্রতি) কারণ নহে। ৩।

ব্যাখ্যা।

মহর্ষি বলিতেছেন, বৎস! দেখ ঐ বৈশম্পায়ন শেষবার উদূখলে মুষল অভিঘাত করিল, আর মুষলপাতন অনাবশ্যক বিবেচনায় সে হস্তের চাপ মুষলে দেয় নাই, অভিহত মুষল একটু ঠিক্‌রাইয়া উঠিল, ঐ অবস্থায় মুষলের যে উৎপতন-কর্ম্ম তাহার কারণ হস্ত-সংযোগ নহে, উদূখলে অভিঘাতই তাহার কারণ। আমরা একালের অধ্যাপক, আমরা এইরূপ কর্ম্ম বুঝাইতে হইলে উদূখল মুষলের অবতারণা না করিয়া বলের উল্লেখ করিতাম, প্রথমবার হাত দিয়া 'বল' নিক্ষেপ করিলে, সেই বলের ক্রিয়া—নিক্ষিপ্ত অবস্থায় তির্য্যগ্‌গমন—তাহা হস্ত-সংযোগ-জন্য, তাহার পর আবার মাটীতে পড়িবার পর যে আবার উৎপতন তাহা হস্তসংযোগ-জন্য নহে, পরন্তু ভূতলে অভিঘাতজন্য। হস্ত-সংযোগ তাহার কারণ নহে কেন?—ইহার উত্তর, সূত্রে কথিত হইয়াছে 'ব্যভিচার হয় বলিয়া'—অর্থাৎ অভিঘাতকালে হস্তসংযোগ না থাকিলেও তৎপরক্ষণে উৎপতন-ক্রিয়া হয়, সুতরাং উহা কারণ নহে; কারণ অব্যবহিত পূর্ব্বক্ষণে না থাকিলে ত কার্য্য হইতে পারে না। ৩।

উপস্কারঃ।

উদূখলাভিহতস্য মুষলস্যাকস্মাদূর্দ্ধমুৎপতনং জায়তে তত্র কারণমাহ।

অত্র যদ্যপি মুষলেন উৎপততা হস্তস্য সংযোগোঽপ্যস্তি তথাপি স সংযোগোঽন্যথাসিদ্ধঃ কিন্তু উদূখলাভিঘাত এব অসমবায়িকারণম্, কুত এবমিত্যত আহ ব্যতিরেকাদিতি, প্রযত্নস্য ব্যভিচারাদিত্যর্থঃ। যদি তদা প্রযত্নঃ স্যাৎ মুষলস্যৈবাকস্মিকমুৎপতনং ন ভবেৎ বিধারকেণ প্রযত্নেন মুষলস্য ধারণমেব ভবেৎ চেষ্টাধীনং মুষলস্য পুনরুৎপতনং স্যু ভবেৎ ইতি ভাবঃ॥ ৩॥

পরিষ্কারঃ।

অকস্মাদিতি তদুৎপতনানুকূলপ্রযত্নং বিনেত্যর্থঃ। নিশ্চিতকারণসম্বন্ধং বিনেত্যর্থো বা। কস্যাপি কার্য্যস্য অকারণকত্বরূপাকস্মিকত্বাভাবাদিতি ভাবঃ। যত্র খলু প্রত্যক্ষগৃহীতঃ প্রযত্নঃ ভুজবলস্তম্ভিতস্য মুষলস্যানুৎপতনং, চেষ্টাধীনং পুনরুৎপতনং বা ভবতি, ন তু দুর্ব্বলভুজভরমবমন্যমানস্যেব মুষলস্য স্বেচ্ছয়েব সকৃদুল্লম্ফনং ; যত্র চ প্রযত্নো ন প্রত্যক্ষঃ, তদা কচিদুৎপতনমনুৎপতনঞ্চ তস্মাৎ প্রযত্নাকস্মিকোৎপতনয়োরন্বয়ব্যতিরেকব্যভিচার ইতি ভাবঃ। ৩।

তথাত্মসংযোগো হস্তকর্ম্মণি ॥ ৪ ॥

অনুবাদ।

(মুষলের সহিত উৎপতিত) হস্তের কর্ম্মে আত্মসংযোগ কারণ নহে। ৪।

ব্যাখ্যা।

মহর্ষি বলিতেছেন, বৎস! ঐ যে মুষল উদূখলে অভিহত হইয়া ঠিকরাইয়া উঠিল,—ঐ সঙ্গে বৈশম্পায়নের ক্লান্ত হস্তও মুষলের সঙ্গে কিঞ্চিৎ উৎক্ষিপ্ত হইল, ঐ যে হস্তের উৎক্ষেপ-কর্ম্ম, আত্ম-সংযোগ উহার হেতু নহে, এই উৎক্ষেপের হেতু যে কি তাহা বলিতেছি। ৪।

উপস্কারঃ।

মুষলেন সহোৎপততো হস্তস্য কর্ম্মণি কারণবিশেষমভিধাতুং প্রযত্নবদাত্মসংযোগস্যাসমবায়িকারণত্বং নিরাকর্ত্তুমাহ।

মুষলেন সহোৎপততো হস্তস্য কর্ম্মণি আত্মসংযোগঃ প্রযত্নবদাত্মসংযোগস্তথা অকারণমিত্যর্থঃ অকারণমিতি পূর্ব্বসূত্রস্থং তথেত্যতিদিশ্যতে ॥ ৪ ॥

পরিষ্কারঃ।

'মুষলেন' আকস্মিকোৎপতনবতা মুষলেন। ৪।

অভিঘাতান্মুষলসংযোগাদ্ধস্তে কর্ম্ম ॥ ৫ ॥

অনুবাদ।

অভিঘাতস্বরূপ যে (উদূখল) মুষল-সংযোগ তাহা হস্ত-কর্ম্মের প্রযোজক। ৫

ব্যাখ্যা।

উদূখলে মুষল যেমন দুম করিয়া পড়িল, তৎক্ষণাৎ মুষলে উৎপতন-কর্ম্ম হইল, সেই কর্ম্ম হইতে মুষলে বেগ হইল, সেই বেগ হস্ত-উৎপতনের প্রযোজক। ৫।

উপস্কারঃ।

কুতস্তর্হি হস্তে তদোৎপতনমত আহ।

যথা মুষলে উৎপততি মুষলমুখস্থং লোহমুৎপততি তথা হস্তোঽপি তদোৎপততি। অত্রাভিঘাত-শব্দেন অভিঘাতজনিতঃ সংস্কার উচ্যতে উপচারাৎ, উৎপততো মুষলস্য পটুতরেণ কর্ম্মণা অভিঘাত-সহকৃতেন স্বাশ্রয়ে মুষলে সংস্কারো জনিতস্তৎকৃতং সংস্কারমপেক্ষ্য হস্তমুষলসংযোগাদসমবায়ি-কারণাদ্ধস্তেঽপ্যুৎপতনং ন তু তদুৎপতনং প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণম্, অবশো হি হস্তো মুষলেন সহোৎপততীতি ভাবঃ॥ ৫॥

পরিষ্কারঃ।

'সংস্কারঃ' বেগঃ। ৫।

আত্মকর্ম্ম-হস্তসংযোগাচ্চ॥ ৬॥

অনুবাদ।

শরীর বা অঙ্গে অর্থাৎ হস্তে যে কর্ম্ম উৎপন্ন হয়, হস্ত-সংযোগ অর্থাৎ হস্ত-মুষল-সংযোগও তাহার কারণ। ৬।

ব্যাখ্যা।

অভিহত মুষল উৎপতিত হইলে, সেই উৎপতনবেগযুক্ত মুষলের সহিত যে হস্তসংযোগ, তাহাই সেই মুষল-সংযুক্ত হস্ত-উৎপতনের হেতু। সে উৎপতন প্রযত্ন-জন্য। ৬।

উপস্কারঃ।

ননু শরীরে শরীরাবয়বে বা যৎ কর্ম্মোৎপদ্যতে তত্র প্রযত্নবদাত্মসংযোগঃ কারণং, প্রকৃতে কথং ন ভবেত্যত আহ।

আত্মশব্দঃ শরীরাবয়বপর উপচারাৎ, অন্বয়ানুপপত্তিরেবোপচারবীজম্, তথাচাত্মনঃ শরীরাবয়ব-স্যাপি হস্তস্য যৎ কর্ম্ম তৎ হস্তমুষলসংযোগাৎ, চকারাচ্চ বেগসমুচ্চয়ঃ; হস্তকর্ম্মণি হস্তসংযোগস্যাব-সমবায়িকারণং তত্র ব্যভিচারো নাস্তি স চ কচিৎ প্রযত্নবদাত্মসংযোগঃ কচিদ্বেগবন্মুষলাদিহস্ত-সংযোগো যথা বাতুলস্য শরীরাবয়বকর্ম্মেতি ভাবঃ॥ ৬॥

পরিষ্কারঃ।

হস্তসংযোগশ্চ প্রযত্নবদাত্মসংযোগাদিরূপো দ্বিবিধ ইত্যাহ স চেতি। বাতব্যাধি-যুক্তস্যাবয়বকম্পস্তু ন প্রযত্নবদাত্মসংযোগজন্যঃ; কিন্তু বায়ুতদবয়বসংযোগজন্য ইত্যাহ বাতুলস্যেতি। ৬।

সংযোগাভাবে গুরুত্বাৎ পতনম্ ॥ ৭ ॥

অনুবাদ ।

সংযোগ—অর্থাৎ পতনের প্রতিবন্ধক না থাকিলেই গুরুত্ব হেতু পতন (পতন নামক কর্ম্ম) হইয়া থাকে । ৭ ।

ব্যাখ্যা ।

বৃক্ষের সহিত ফলের যতদিন সংযোগ থাকে, ফলে গুরুত্ব থাকিলেও ততদিন তাহা অধোদেশে নিপতিত হয় না, কিন্তু ঐরূপ সংযোগের অপগম হইলেই ফল অধোদেশে পতিত হয় । কেননা, তখন ফলপতনের প্রতিবন্ধক নাই, অথচ উহাতে গুরুত্ব আছে । উড্ডীয়মান পক্ষী আকাশ হইতে পড়িয়া যায় না, কেননা তখন উড্ডয়ন-প্রযত্ন তাহার আছে ; সেই প্রযত্নই পতনের প্রতিবন্ধক । যদি তাহার প্রযত্ন মৃত্যুমূর্চ্ছাদি দ্বারা অপনীত হয়, তাহা হইলে সে ভূতলে পতিত হয় । ফলতঃ গুরুত্ব পতনের অসমবায়িকারণ । ৭ ।

উপস্কারঃ :

প্রযত্নানধীনকর্ম্মপ্রকরণমারভতে ।

সংযোগপদেন প্রতিবন্ধকমাত্রমুপলক্ষয়তি, তেন প্রতিবন্ধকাভাবে গুরুত্বাদসমবায়িকারণাৎ পতনম্ অধঃসংযোগফলিকা ক্রিয়া জায়তে, তত্র গুরুত্ববতি ফলাদৌ প্রতিবন্ধকঃ সংযোগঃ, বিহঙ্গমাদৌ তু বিধারকঃ প্রযত্নঃ পতনপ্রতিবন্ধকঃ, কাণ্ডাদৌ ক্ষিপ্তে সংস্কার এব পতনপ্রতিবন্ধকঃ, এতেষামভাবে গুরুত্বাধীনং পতনমিত্যর্থঃ । অভিধানাদিনা বিষাদেরন্তরীক্ষস্থাপনে অদৃষ্টবদাত্মসংযোগো মন্ত্রাদিরেব বা প্রতিবন্ধকস্তেষামপি সংযোগপদেন সংগ্রহঃ ॥ ৭ ॥

পরিষ্কারঃ ।

প্রযত্নানধীনেতি । যদি চাকস্মিকমুষলকর্ম্মণোঽপি ন প্রযত্নজন্যত্বং তথাপ্যভিঘাতহেতুভূতমুষলকর্ম্মণঃ প্রযত্নজন্যতয়া তদভিঘাতসাপেক্ষমুষলকর্ম্মণঃ প্রযত্নাজন্যত্বেঽপি প্রযত্নাধীনত্বং কথমপি সম্ভবতি, গুরুত্বহেতুকপতনস্য তু জন্যপ্রযত্নসাপেক্ষত্বং কথমপি নাস্তীতি তদঘটিতপ্রকরণং প্রযত্নানধীনপ্রকরণমিত্যুক্তম্ । 'কাণ্ডাদৌ' শরাদৌ । ৭ ।

নোদনবিশেষাভাবান্নোর্দ্ধ্বং ন তির্য্যগগমনম্ ॥ ৮ ॥

অনুবাদ ।

নোদনবিশেষের অভাবে ঊর্দ্ধগমন বা তির্য্যগ্‌গমন হয় না । ৮ ।

ব্যাখ্যা।

বাণ বক্র ও উর্দ্ধ যেমন ভাবে নিক্ষিপ্ত হয়, তাহা সেইরূপ ভাবেই বক্র গমন করে বা উর্দ্ধ গমন করে, বৃক্ষচ্যুত ফল কিন্তু কখনই বক্র বা উর্দ্ধে গমন করে না পরন্তু এক একটী লৌহময় বাণ ফল অপেক্ষা গুরুভার। সেই গুরুভার-বিশিষ্ট বস্তুর যে বক্রগমনাদি হয়, তাহার কারণ নোদনবিশেষ। ফলে সেরূপ নোদন নাই, তাই বক্র উর্দ্ধ গমনও নাই। ৮।

উপস্কারঃ।

নম্ন গুরুত্বাদ্ যদি পতনং তদা লোষ্টাদেরুৎক্ষিপ্তস্য কচিদূর্দ্ধং কচিচ্চ তির্য্যগ্ গমনং কথমত্রেদিত্যত আহ।

গুরুত্ববতোঽপি লোষ্টকাণ্ডাদের্যদূর্দ্ধং তির্য্যক্ চ গমনং তন্নোদনবিশেষাৎ তীব্রতরান্নোদনাৎ তথাচ ফলনারিকেলাদৌ সংযোগপ্রযত্নসংস্কারাভাবে যৎ পতনং তত্র নোদনবিশেষো নাস্তি তেন ন তির্য্যঙ্ নবোর্দ্ধগমনমিতি ভাবঃ। ৮।

পরিষ্কারঃ।

গুরুত্বাদিতি। নোদনবিশেষাভাবাদিতি সূত্রম্ উর্দ্ধতির্য্যগ্গমনে প্রতি অন্বয়িতয়া প্রসিদ্ধস্য নোদনস্য কারণতাগ্রহো নিষ্প্রাবাধো ভবিষ্যতীতি ব্যতিরেকানুবিধানপ্রদর্শনার্থমিত্যাশয়ঃ। ৮।

প্রযত্নবিশেষান্নোদনবিশেষঃ ॥ ৯ ॥

অনুবাদ।

প্রযত্নবিশেষ হইতেই নোদনবিশেষ হইয়া থাকে ॥ ৯ ॥

ব্যাখ্যা।

'নোদনবিশেষ' শব্দটী, এই সূত্র ও পূর্ব্বাপর সূত্রে যে ভাবে ব্যবহৃত হইয়াছে, তাহাতে ইহার অর্থ বিষয়ে সন্দেহ হয়; এই সূত্রানুসারে নোদনবিশেষ অর্থে নিক্ষেপের অনুকূল হস্তাদির চেষ্টা বোধ হয়, কেননা সেইরূপ কর্ম্ম প্রযত্ন-জন্য। কিন্তু কর্ম্ম কর্ম্মের জনক নহে; ইহা ন্যায়-বৈশেষিকের মত, অতএব নোদনবিশেষ শব্দের অর্থ কায়িক চেষ্টা হইলে উহা নিক্ষেপের অনুকূল কর্ম্ম হইতে পারে না। এই জন্য বলিতে হয়, নোদনবিশেষ শব্দ এই সূত্রে চেষ্টাবিশেষ-অর্থে এবং অন্যান্য সূত্রে চেষ্টাবিশিষ্ট অঙ্গের সহিত নিক্ষেপণীয় বস্তুর সংযোগবিশেষ-অর্থে ব্যবহৃত হইয়াছে। অথবা সকল সূত্রেই শেষোক্ত অর্থ গ্রাহ্য; প্রযত্ন চেষ্টার হেতু বলিয়া পরম্পরা ক্রমে উহা চেষ্টাবিশিষ্ট অঙ্গের সহিত নিক্ষেপণীয় বস্তুর যে সংযোগ তাহারও

হেতু হয়; অর্থাৎ প্রযত্নবিশেষ সংযোগবিশেষের প্রযোজক হইয়া থাকে, ইহাই এই সূত্রের অর্থ ॥ ৯ ॥

নোদনবিশেষাদুদসনবিশেষঃ ॥ ১০ ।

অনুবাদ।

দূরে নিক্ষেপ নোদনবিশেষ হইতে (হয়) ॥ ১০ ॥

ব্যাখ্যা।

কোন একটী বস্তুকে ছুঁড়িয়া দূরে ফেলিতে হইলে কায়িক ব্যাপারের আবশ্যক; দূরে ঢিল ছুঁড়িতে হইলে, হাতখানি সোজা সটান করিয়া পশ্চাৎদিকে লইয়া যাইতে হয়, সেইরূপ ক্রিয়াবিশিষ্ট বা উদ্যমবিশিষ্ট হস্তের সংযোগ-বিশেষই নোদনবিশেষ। বস্তুগত দূরে নিক্ষেপের—অর্থাৎ যে বস্তু দূরে নিক্ষিপ্ত হইতেছে, তাহার সেই স্পন্দন বা কর্ম্মের প্রতি নোদনবিশেষ কারণ ॥ ১০ ॥

উপস্কারঃ।

ননু নোদনবিশেষ এব কুত উৎপদ্যতে তত্রাহ।

তির্য্যক্ ঊর্দ্ধং দূরম্ আসন্নং বা ক্ষিপামীতীচ্ছাকারণকঃ প্রযত্নবিশেষঃ তজ্জনিতো নোদনবিশেষস্ততো গুরুত্ববতো দ্রব্যস্য লোষ্টাদেরূর্দ্ধং তির্য্যক্ চ গমনমুপপাদ্যতে। উদসনং দূরোৎক্ষেপণম্ ॥৯।১০॥

পরিষ্কারঃ।

অত্র 'নোদনবিশেষঃ' হস্তাদিব্যাপারবিশেষঃ, স চ স্বাশ্রয়সংযোগদ্বারা লোষ্ট্র-কাণ্ডাদেস্তির্য্যগূর্দ্ধাদিগমনপ্রযোজকঃ। অথবা চেষ্টাবিশেষবদ্ধস্তাদিসংযোগবিশেষ এব নোদনবিশেষঃ। তস্য চ বিশিষ্টরূপস্য বিশেষণীভূতচেষ্টাজনকপ্রযত্নাপেক্ষিত্বমস্তীতি ভাবঃ। ৯। ১০।

হস্তকর্ম্মণা দারককর্ম্ম ব্যাখ্যাতম্ ॥১১॥

অনুবাদ।

হস্তকর্ম্ম দ্বারাই বালকের কর্ম্ম বিবৃত হইল ॥ ১১ ॥

ব্যাখ্যা।

ঐযে মুষলোৎপতন-নিবন্ধন মুষলসংযুক্ত হস্তের উৎপতন, ইহা যেমন কোন ব্যক্তিবিশেষের ইষ্টানিষ্ট উদ্দেশে উৎপন্ন হয় না, পুণ্যপাপের হেতুও হয় না, বালকের হস্তপদাদি সঞ্চালনও সেইরূপ জানিবে ॥ ১১ ॥

উপস্কারঃ।

উদূখলাভিঘাতাৎ মুসলেন সহ হস্তে যৎ কর্ম্ম উৎপন্নং তত্তাবৎ প্রযত্নপূর্ব্বকং ন ভবতি নাপি পুণ্যাপাপহেতুরত্নস্তুল্যতাং বালকস্য ক্রীড়াকরচরণাদিচালনং যত্তত্রাতিদিশতি।

বালকস্য যদ্যপি করচরণাদিচালনং প্রযত্নপূর্ব্বকমেব তথাপি হিতাহিতপ্রাপ্তিফলকং ন ভবতি ন বা পুণ পাপহেতুরিত্যাতিদেশার্থঃ॥ ১১॥

পরিষ্কারঃ।

তথাপীতি। নহ্যুপমানোপমেয়য়োঃ সর্ব্বথা সাধর্ম্ম্যং কচিদস্তীতি ভাবঃ।১১—১৫

তথা দগ্ধস্য বিস্ফোটনে॥ ১২॥

অনুবাদ।

দগ্ধ বস্তুর (দহ্যমান বস্তুর) বিস্ফোটনকালীন (যে কর্ম্ম) তাহাও তদ্রূপ। ১২।

ব্যাখ্যা।

কোন বস্তু অগ্নিদগ্ধ হইবার সময় ফাটিয়া যায়, এই ফাটিয়া যাওয়াই বিস্ফোটন। বিস্ফোটন হইবার পূর্ব্বে দহ্যমান বস্তুর ক্রিয়া হয়, ঐ ক্রিয়া অগ্নি-সংযোগ-জন্য, সেই যে ক্রিয়া উহাও মুসলোৎপতিত হস্তের ন্যায় প্রযত্ননিরপেক্ষ এবং উহা পাপপুণ্য উদ্দেশে অনুষ্ঠিত হয় না, বা তাহার হেতুও নহে॥ ১২॥

উপস্কারঃ।

ইদানীং প্রযত্নপূর্ব্বকেঽপি কর্ম্মণি যত্র ন পুণ্যাপাপহেতুত্বং তত্র দারককর্ম্মতুল্যতামতিদিশন্নাহ।

আততায়িনা কেনাপ্যগারে দাহ্যমানে তত্র দগ্ধস্য পুরুষস্য বিস্ফোটে বহ্নিকুণ্ডে জাতে সতি তস্যাততায়িনো বধানুকূলেন প্রযত্নেন হস্তাদৌ যৎ কর্ম্ম জনিতং তন্ন পুণ্যহেতুর্ন বা পাপহেতুঃ। যথাহুঃ,—"নাততায়িবধে দোষো হন্তুর্ভবতি কশ্চন। প্রকাশং বাঽপ্রকাশং বা মন্যুস্তন্মন্যুমৃচ্ছতি।" "অগ্নিদো গরদশ্চৈব শস্ত্রপাণির্ধনাপহঃ। ক্ষেত্রদারাপহারী চ ষড়েতে আততায়িনঃ॥" ১২॥

যত্নাভাবে প্রসুপ্তস্য চলনম্॥ ১৩॥

অনুবাদ।

সুষুপ্ত ব্যক্তির বিনা যত্নেও কর্ম্ম হয়॥ ১৩॥

ব্যাখ্যা।

মনুষ্যের সুষুপ্তি প্রভৃতি অচৈতন্য অবস্থায় যে দেহের আক্ষেপ সঞ্চালন ইত্যাদি হয়, তাহা যত্নসাপেক্ষ নহে; বায়ুসংযোগ ইত্যাদিই তাহার কারণ॥ ১৩॥

উপস্কারঃ।

ইদানীং যত্নং বিনা যানি কর্ম্মাণি ভবন্তি তান্যাহ।

প্রসুপ্তস্যেতি চৈতন্যাভাবদশামুপলক্ষয়তি, তেন মূর্চ্ছিতস্য জীবতোঽচৈতন্যেঽপি বায়ুকৃত-চলনং দ্রষ্টব্যমত্র ॥ ১৩ ॥

তৃণে কর্ম্ম বায়ুসংযোগাৎ ॥ ১৪ ॥

অনুবাদ ।

তৃণ অর্থাৎ বৃক্ষাদিতে যে কর্ম্ম হয় তাহার হেতু বায়ুসংযোগ ॥১৪॥

ব্যাখ্যা ।

বৃক্ষের শাখাপ্রশাখাদির স্পন্দন সমীরণ সংযোগেও হয় ॥ ১৫ ॥

উপস্কারঃ ।

শরীরকর্ম্মাণি ব্যাখ্যায় তদিতরাণ্যাহ ।

তৃণপদেন বৃক্ষগুল্মলতাবতানাদিকং সর্ব্বমুপলক্ষয়তি ॥ ১৪ ॥

মণিগমনং সূচ্যভিসর্পণমদৃষ্টকারণকম্ ॥ ১৫ ॥

অনুবাদ ।

(অয়স্কান্ত প্রভৃতি) মণির (অভিমুখে লৌহাদির) গমনের, এবং (মন্ত্রপূত) সূচীর (তস্করাভিমুখে) অভিগমনের অদৃষ্টই কারণ ॥১৫॥

ব্যাখ্যা ।

অয়স্কান্ত-অভিমুখে যে লৌহ ধাবিত হয়, সেই ধাবন বা লৌহের ঐ স্পন্দন-বিশেষের কারণ অদৃষ্ট ও আত্মসংযোগ। লৌহের অয়স্কান্ত-অভিমুখে যে গতি, তাহা যে ব্যক্তির ইষ্টানিষ্টহেতু হয়, তাহার অদৃষ্টই সেই গমনের কারণ। মন্ত্রপূত সূচী ত্যাগ করিলে তাহা গিয়া দূরস্থ তস্করের শরীরে বিদ্ধ হয়, এই যে সূচী-গতি তস্করের পাপ বা যাহার ধন অপহৃত হইয়াছে, তাহার পুণ্যেই হইয়া থাকে। এই সূত্রে যে মণিগমন শব্দ আছে, তাহার অর্থ—তস্কর-অভিমুখে যে মন্ত্রপূত মণি বা কাংস্য প্রভৃতির গমন, আর সূচ্যভিসর্পণ অর্থে সূচী বা যে কোন লৌহময় বস্তুর যে অয়স্কান্তমণি-অভিমুখে গমন অথবা তৃণাদির যে তৃণকান্তমণি-অভিমুখে গমন তাহার হেতু অদৃষ্ট, এইরূপ ব্যাখ্যা উপস্কারসম্মত। বস্তুতঃ আমার কৃত অনুবাদ ও ব্যাখ্যাই হউক এবং উপস্কারের ব্যাখ্যাই হউক, উভয় ব্যাখ্যাই সূত্রের প্রকৃতমর্ম্ম-প্রকাশক নহে, ইহা আমার বিশ্বাস। এইজন্য ব্যাখ্যান্তর প্রদান করিতেছি, কাহা-কেও যদি সর্পাঘাত হয়, তাহা হইলে মণি—অর্থাৎ কোন কোন প্রস্তর মন্ত্রপূত করিয়া ছাড়িয়া দিলে, মণি সেই সর্পাভিমুখে ধাবিত হয়, সর্প যেখানে থাকে

সেইখানে গিয়া মণি সর্পের মস্তকে জোরে বসিয়া যায় আর সর্প সেই মন্ত্রপূত মণির আকর্ষণে সর্পাহত ব্যক্তির নিকট আনীত হয়, এই যে মণিকর্ম্ম অথবা বিষপ্রস্তর নামক মণিবিশেষের বিষস্থানে দৃঢ়সংযোগ হেতু যে স্পন্দন ইহার কারণ অদৃষ্ট। মন্ত্রপূত সূচীর তস্করাভিমুখে গমনের হেতুও অদৃষ্ট ॥ ১৫ ॥

উপস্কারঃ।

অদৃষ্টাধীনং কর্ম্ম পরিগণয়ন্নাহ।

মণিপদেন কাংস্যাদিকমুপলক্ষয়তি তেনাভিমন্ত্রিতং মণিকাংস্যাদি তস্করাভিমুখং যদ্ গচ্ছতি তত্র গমনে মণ্যাদি সমবায়িকারণম্, অদৃষ্টবত্তস্করাত্মমণিসংযোগোঽসমবায়িকারণম্, তস্করস্য পাপং নিমিত্তকারণম্। সূচ্যভিসর্পণমিতি সূচীপদেন লৌহমাত্রং তৃণকোপলক্ষয়তি : তথা চায়স্কান্তাভি-মুখং যৎ সূচ্যাদের্গমনং তৃণকাণ্ডাভিমুখং যৎ তৃণস্য গমনং তত্র সূচ্যাদি সমবায়িকারণম্, যস্য হিতমহিতং বা তেন তৃণসূচ্যাদিগমনেন তদদৃষ্টবদাত্মসংযোগোঽসমবায়িকারণম্, তদদৃষ্টমেব নিমিত্তকারণম্, এবমন্যদপ্যূহ্যম্, তদ্ যথা বহ্নেরূর্দ্ধজ্বলনং বায়োস্তির্য্যগ্‌গমনং সর্গাদৌ পরমাণু-কর্ম্মাদি ॥ ১৫ ॥

ইষাবযুগপৎসংযোগবিশেষাঃ কর্ম্মান্যত্বে হেতুঃ ॥ ১৬ ॥

অনুবাদ।

সংযোগবিশেষের অযৌগপদ্যই শরে বিবিধ কর্ম্ম সত্তার জ্ঞাপক ॥ ১৬

ব্যাখ্যা।

শরক্ষেপ করিলে শর চলিয়া গেল, সেই গমনসময়ে শর কত স্থান অতিক্রম করিয়াছে, সেই বিভিন্ন-দেশে বিভিন্ন-সংযোগ বিভিন্ন-কর্ম্ম-জন্য। এক কর্ম্ম নানা সংযোগের হেতু হইলে, সকল সংযোগ এক সময় হইতে পারে; তাহা যখন হয় না, তখন সেই শরের কর্ম্মও এক নহে, নানা। কর্ম্মও নানা এবং সংযোগও নানা, এরূপ হইলে এক একটী কর্ম্ম এক একটী সংযোগের হেতু ॥ ১৬ ॥

উপস্কারঃ।

ননু শরবিহঙ্গমালাতচক্রাদীনামুপরমপর্য্যন্তমেকমেব কর্ম্ম নানা বেতি সংশয়ে নির্ণয়হেতুমাহ।

ইষাবিতি ষষ্ঠ্যর্থে সপ্তমী, ইদমত্রাকূতং বেগেন গচ্ছতাং শরাদীনাং কুড্যাদিসংযোগানন্তরং শরাদৌ সত্যেব গত্যুপরমো দৃশ্যতে অত্রাশ্রয়নাশস্তাবন্ন তন্নাশকঃ আশ্রয়স্য বিদ্যমানত্বাৎ বিরোধিগুণান্তরঞ্চ নোপলভ্যতে তেন স্বজন্যঃ সংযোগ এব কর্ম্মনাশক ইত্যুন্নীয়তে স চ সংযোগ-চতুর্থক্ষণে জাতঃ পঞ্চমক্ষণে কর্ম্ম নাশয়তি তথাহি কর্ম্মোৎপত্তিরথ বিভাগঃ অথ পূর্ব্বসংযোগনাশঃ উত্তরসংযোগঃ কর্ম্মনাশঃ তেনাযুগপৎসংযোগবিশেষাঃ কর্ম্মনানাত্বজ্ঞাপকা ইত্যর্থঃ। সংযোগবিশেষা ইতি সংযোগে বিশেষঃ স্বজন্যত্বমেব অন্যথা সংযোগমাত্রস্য কর্ম্মনাশকত্বে কর্ম্ম ক্বচিদপি ন তিষ্ঠেৎ ॥ ১৬ ॥

নোদনাদাদ্যমিষোঃ কর্ম্ম তৎকর্ম্মকারিতাচ্চ সংস্কারাদুত্তরং তথোত্তরঞ্চ ॥ ১৭ ॥

অনুবাদ।

শরের প্রথম কর্ম্ম নোদননামক সংযোগ হইতে (উৎপন্ন হয়) (ঐ প্রথম-) কর্ম্মজন্য বেগনামক সংস্কারে পরবর্ত্তী কর্ম্ম উৎপন্ন হয়; এইরূপ উত্তরোত্তর (জানিবে) ॥ ১৭ ॥

ব্যাখ্যা।

জোরে একটী বাণ ছুড়িলে, তাহাতে অনেক কর্ম্ম উৎপন্ন হয়, তন্মধ্যে বাণের প্রথম কর্ম্ম নোদন হইতে উৎপন্ন হয়, তারপর বেগনামক সংস্কার উৎপন্ন হইয়া পর পর ধারাবাহিক কর্ম্ম উৎপাদন করে, যতক্ষণ তাহার বেগ থাকে, ততক্ষণই এইরূপ চলিয়া থাকে ॥ ১৭ ॥

উপস্কারঃ।

নোদননিষ্পাদ্যকর্ম্মপ্রকরণানন্তরং সংস্কারনিষ্পাদ্যকর্ম্মপ্রকরণমারভতে।

পুরুষপ্রযত্নেনাকৃষ্টয়া পতঞ্চিকয়া নুন্নস্যেষোরাদ্যং কর্ম্ম জায়তে তত্র নোদনমসমবায়িকারণম্, ইষুঃ সমবায়িকারণম্, প্রযত্নগুরুত্বে নিমিত্তকারণে, তেন চাদ্যেন কর্ম্মণা সমানাধিকরণো বেগাখ্যঃ সংস্কারো জন্যতে, স চ বেগেন গচ্ছতীতি প্রত্যক্ষসিদ্ধ এব তেন সংস্কারেণ তত্রেষৌ কর্ম্ম জায়তে তত্রাসমবায়িকারণং সংস্কারঃ, সমবায়িকারণমিষুঃ, নিমিত্তকারণন্তু তীব্রো নোদনবিশেষঃ। এবঞ্চ যাবদিষুপতনমনুবর্ত্তমানেন সংস্কারেণ উত্তরোত্তরঃ কর্ম্মসন্তানো জায়তে স্বজন্যোত্তরসংযোগেন কর্ম্মণি নষ্টে সংস্কারেণ কর্ম্মান্তরজননাৎ এক এব সংস্কারঃ কর্ম্মসন্তানজনকঃ ন তু কর্ম্মসন্তানবৎ সংস্কারসন্তানোঽপ্যভ্যুপগন্তুমুচিতো গৌরবাদিতি দর্শয়িতুমাহ তথোত্তরমুত্তরঞ্চেতি; তৎকর্ম্মকারিতাচ্চ সংস্কারাদিত্যেকবচনঞ্চ, ন্যায়নয়ে তু কর্ম্মসন্তানবৎ সংস্কারসন্তানস্বীকারে গৌরবম্, যত্তু যুগপৎপ্রক্ষিপ্তশরয়োরেকস্য তীব্রো বেগোঽপরস্য তু মন্দস্তত্র নোদনতীব্রত্বমন্দত্বে নিমিত্তম্ ॥ ১৭ ॥

পরিষ্কারঃ।

পতঞ্চিকা ইষুক্ষেপণযন্ত্রভেদঃ। ন্যায়নয়ে ত্বিতি। একস্যৈব সংস্কারস্য কর্ম্মধারাজনকত্বে একৈককর্ম্মণঃ কর্ম্মান্তরপ্রতিবন্ধকত্বমঙ্গীকার্য্যমন্যথা পূর্ব্বোত্তরবর্ত্তিনাং সর্ব্বেষামেব কর্ম্মণাং যুগপদুৎপত্তিপ্রসঙ্গো দুর্ব্বার ইতি তত্তদ্ব্যক্তিত্বেন প্রতিবধ্যপ্রতিবন্ধকভাবকল্পনামপেক্ষ্য তত্তৎসংস্কারব্যক্তিত্বেন বিশেষকার্য্যকারণভাবাভ্যুপগম এব লাঘবমিতি ন্যায়নয় এব ন্যায্যমিতি তু তত্ত্বম্। ১৭।

সংস্কারাভাবে গুরুত্বাৎ পতনম্ ॥ ১৮ ॥

অনুবাদ।

বেগ নিবৃত্তি হইলে গুরুত্ব থাকাতে পতন (হয়) ॥ ১৮ ॥

ব্যাখ্যা।

বেগনামক সংস্কার কতক্ষণ? তাহার বিনাশ হইলেই ঐ বাণ মাটীতে পড়িয়া যায়, কেননা বাণে গুরুত্ব আছে; পূর্ব্বেই কথিত হইয়াছে, গুরুত্ব পতনের হেতু; তবে গুরুত্ব সত্ত্বেও প্রতিবন্ধক থাকিলে পতন হয় না, প্রতিবন্ধক না থাকিলেই পতন হয়। ঐ বেগ বাণের পতনে প্রতিবন্ধক ছিল, সেই বেগ নিবৃত্ত হইলেই পতন হয় ॥ ১৮ ॥

পঞ্চম অধ্যায়ে প্রথম আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

নন্থ সংস্কার এক এব চেৎ কর্ম্মসন্তানজনকস্তদা কদাচিদপি শরপাতো ন স্যাৎ কর্ম্মজনকস্য সংস্কারস্য সত্ত্বাদিত্যত আহ।

গুরুত্বন্তাবৎ পতনকারণমনুবর্ত্তমানমেব তচ্চ গুরুত্বং সংস্কারেণ প্রতিরুদ্ধং পতনং নাজীজন-দথ প্রতিবন্ধকাভাবে তদেব গুরুত্বং পতনং করোতীত্যর্থঃ ॥ ১৮ ॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে পঞ্চমাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

পরিষ্কারঃ।

'কর্ম্মজনকস্য' তির্য্যগূর্দ্ধগমনরূপকর্ম্মজনকস্য। সংস্কারসত্ত্বে পতনং ন ভবতীতি সত্যমপি তু সংস্কার এবাস্ত্যকর্ম্মণ। নশ্যতীতি ফলবলেন কল্পনীয়মিতি ভাবঃ। বয়ন্তু বৃদ্ধ সংস্কারসত্ত্বে পতনাভাব ইত্যাচক্ষ্মহে।

ইতি পঞ্চমাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

পঞ্চমাধ্যায়ে—দ্বিতীয়াহ্নিকম্।

নোদনাভিঘাতাৎ সংযুক্তসংযোগাচ্চ পৃথিব্যাং কর্ম্ম ॥ ১ ॥

অনুবাদ।

নোদন, অভিঘাত এবং সংযুক্ত-সংযোগ পৃথিবীতে কর্ম্ম হইবার কারণ ॥ ১ ॥

ব্যাখ্যা।

পৃথিবী অর্থে পার্থিব বস্তু। অণু ও মৃত্তিকাপিণ্ড হইতে বৃক্ষলতা তৃণ ইত্যাদি বস্তুতে যে স্পন্দন বা ক্রিয়া হয়, তাহার তিনটী অভিব্যক্ত কারণ—একটী নোদন, অর্থাৎ চালনা—যেরূপ সংযোগে শব্দ হয় না, অথচ নড়াচড়া হয়, সেইরূপ সংযোগ; আর একটী অভিঘাত—যাহাতে শব্দ হয় এমন সংঘর্ষ; ইহাও একপ্রকার সংযোগ; তৃতীয়টী সংযুক্ত-সংযোগ। মলয়-পবনের মৃদুমন্দ সংযোগে যে, কুসুমকুন্তলা নবমালিকার ঈষৎ নৃত্য, তাহা এই নোদন-সংযোগের কার্য্য। তালবৃক্ষ হইতে তাল পড়িলে, নীচের মৃত্তিকাও একটু বসিয়া যায়, এই যে সশব্দ তাল-ভূতল-সংযোগ ইহা অভিঘাত। এই অভিঘাত-ফলে মাটীর যে স্পন্দন, তাহারই ফল বসিয়া যাওয়া; ইহা মৃত্তিকার অংশসমূহের নিবিড়-সংযোগ-মাত্র। অশ্বের ক্রিয়া হইতে যে রথের স্পন্দন, তাহা এবং তালকম্পিত ভূতলের একাংশে অবস্থিত তৃণাদির যে স্পন্দন, তাহা সংযুক্তসংযোগের ফল। মহর্ষি এই যে 'সংযুক্তসংযোগাৎ' বলিয়াছেন, ইহার আরও একটী অর্থ আছে, তাহা আমরা টীকাকারের কথায় অবগত না হইলেও মহর্ষির মিত-উপদেশে বুঝিতে পারি। অয়স্কান্ত প্রভৃতির যে তৈজস অংশ তাহার অস্পষ্ট রশ্মি আছে, সেই রশ্মিই অয়স্কান্তের সংযুক্ত, তাহার সংযোগ সংযুক্ত-সংযোগ; ইহা লৌহে থাকিলে, বা তৃণকান্ত মণির রশ্মি-সংযোগ তৃণে থাকিলে, লৌহ বা তৃণ স্পন্দিত হয়, স্পন্দনের পর বেগ হয়, বেগ ও ক্রমাধিক সংযুক্তসংযোগের ফলে লৌহাদি অয়স্কান্ত অভিমুখে নীত হয়। যদি বল, সংযুক্ত-সংযোগ স্পন্দনের কারণ হইলে, অয়স্কান্ত লৌহের কেন বৃক্ষ-লতাদিরও স্পন্দন-হেতু হয় না কেন? তাহার উত্তর করিতে হইলে, অপর কথা তুলিতে হয়, তাহাই তুলিতেছি;—

সংস্কারের উল্লেখ উদ্দেশ সূত্রে নাই, কিন্তু এই পঞ্চমাধ্যায়ের প্রথমাহ্নিকে সপ্তদশ ও অষ্টাদশ সূত্রে সংস্কারের কথা আছে, সংস্কারের উল্লেখ পরেও আছে। যে কয়টী গুণ দৃষ্ট নহে—অ-দৃষ্ট, যথা গুরুত্ব, সংস্কার, ধর্ম্ম, এবং অধর্ম্ম, সেগুলি উদ্দেশসূত্রে নির্দ্দিষ্ট হয় নাই, কেননা তাহা কার্য্য দ্বারায় স্থিরীকরণীয়, শব্দ প্রত্যক্ষ-গোচর হইলেও তাহা দ্রব্য কি কর্ম্ম অথবা গুণ তাহা বিচার-সাপেক্ষ, এইজন্য শব্দের উল্লেখ উদ্দেশসূত্রে নাই; স্নেহ ও দ্রবত্ব স্পর্শবিশেষ কি স্বতন্ত্র গুণ, এ বিষয়ও বিচার করিতে হয়, এইজন্য উদ্দেশসূত্রে সেগুলি গৃহীত হয় নাই। কিন্তু অন্যান্য স্থানে তাহা গৃহীত হইয়াছে। তাহা দেখিয়াই বুঝা যায়, গুরুত্ব প্রভৃতি কয়টী ধর্ম্মও গুণ; ইহা মহর্ষির সম্মত। অ দৃষ্ট গুণের মধ্যে সংস্কার একটী। সংস্কার তিন প্রকার—বেগ, স্থিতি-স্থাপক ও ভাবনা। ইহাদিগের দ্বারা সংস্কৃত—অর্থাৎ আধিক্যযুক্ত হওয়া যায় বলিয়া ঐ গুলির নাম সংস্কার। আমি একটী পদার্থ ভাবিতেছি, যখন তাহা আমার মনে আসে নাই, তখন আমি ন্যূন—কিন্তু যখন মনে হইবে, তখনও আমি সে-ই, কিন্তু আমার একটু আধিক্য হইবে, একটা জ্ঞান বাড়িয়া যাইবে। নিস্পন্দ নিশ্চল অগুাল পড়িয়া আছে, তাহাতে যেমন একটু নোদন সম্বন্ধ হইল, অমনি তাহার পূর্ব্বাপেক্ষা আধিক্য হইল, নির্জ্জীব অগুাল গড়াইতে গড়াইতে কত-দূর গেল। শাখাকে আকর্ষণ করিয়া স্থানভ্রষ্ট করিলে, হতমান শাখা যেমন তোমার হস্তচ্যুত হইল, অমনি সে পূর্ব্ববৎ স্বস্থানস্থ, অচেতন শাখায় এই যে দৃঢ়তা, ইহা তাহার ঘটপটাদি অপেক্ষা আধিক্যের পরিচায়ক। এই যে সংস্কার ইহা ফুটাইতে হইলে তাহার সহায় চাই। এই সহায় সর্ব্বত্র সমান নহে, কোথাও বা একটা বা দুইটা নির্দ্দিষ্ট আছে, কোথাও বা নাই। মনে কর, তুমি একটী বিষয় শিক্ষা করিয়াছ, কোন বিষয় কেহ জিজ্ঞাসা করিলে, শিক্ষানুরূপ জ্ঞানানুসারে তৎক্ষণাৎ তুমি তাহার উত্তর করিতে পার, আবার কোন বিষয় বা একটু ভাবিয়া উত্তর করিতে পার; কোন বিষয় বা তোমার মনে হইল না, উত্তর দিতে পারিলে না। এ স্থলে তোমার শিক্ষালব্ধ সংস্কার ফুটাইবার বস্তু আছে কিন্তু তাহা পৃথক্ পৃথক্। কোন সংস্কার অপরের প্রশ্ন মাত্রেই স্ফুটিত বা উদ্বুদ্ধ; কোন সংস্কার মনোযোগে উদ্বুদ্ধ, কোন সংস্কার বা তখন উদ্বুদ্ধই হয় নাই। কিন্তু কোন্ সংস্কারের উদ্বোধক যে কোন্টী তাহা স্থির করা যায় না। বেগনামক সংস্কারের পক্ষেও ঐরূপ উদ্বোধক বা উদ্দীপক স্থির করা যায় না; একটী ভারী পদার্থ নোদন করিলে, একটু নড়িল কিন্তু তাহার বেগ হইল না; বলপূর্ব্বক নোদন করিলে, তাহার স্পন্দন হইল, বেগও

হইল। এই বেগনামক সংস্কার ফুটাইবার মত উপকরণ না হইলে—অর্থাৎ উদ্দীপক না হইলে, অল্পক্ষণের মধ্যে বহু সংযোগ-হেতু কর্ম্ম পরস্পর দ্বারা বেগও প্রকাশ পায় না। একজাতীয় উদ্দীপক সর্ব্বত্র বেগের উপযোগী নহে। কোন্ বস্তু কোন্ বস্তুর বেগে উদ্দীপক, তাহা ফল দেখিয়া স্থির করিতে হয়। আমরা বুঝি, অয়স্কান্ত মণি লৌহের বেগোদ্দীপক; এই উদ্দীপক সাহায্যে প্রথমে ঈষৎ স্পন্দন, তৎপরে সেই স্পন্দন হইতেই লৌহের বেগ ও ধারাবাহিক স্পন্দন হইয়া থাকে। যেমন একবিধ নোদন সর্ব্ববিধ বস্তুর স্পন্দন-হেতু হয় না, সেইরূপ একবিধ সংযুক্ত-সংযোগ লৌহের ন্যায় সর্ব্বত্র বেগোদ্দীপক না হওয়ায় স্পন্দনহেতু হয় না। তৃণকান্ত মণিতেও এই নিয়ম জানিবে। অয়স্কান্তের তৈজস রশ্মি যে লৌহে সংযুক্ত না হইবে, সে লৌহে বেগ ফুটিবে না। টীকাকারেরা বলেন, বেগ প্রত্যক্ষসিদ্ধ; আমি বলি স্পন্দন প্রত্যক্ষসিদ্ধ; ঐযে সত্বর বহুসংযোগ-হেতু স্পন্দন, উহা প্রত্যক্ষসিদ্ধ; উহার দ্বারা বেগ অনুমান করিতে হয়। সেই কার্য্যগম্য বেগের অস্তিত্ব আত্মার অনুদ্বুদ্ধ সংস্কারের ন্যায় সুষুপ্ত বিরহ-দুঃখভোগ বা সুষুপ্ত সুখসম্ভোগের ন্যায় অস্ফুট; যেন নাস্তিত্বে পর্য্যবসিত। কিন্তু যেই সংস্কারের উদ্বোধ, সেই বিরহ-দুঃখভোগের উদ্দীপনা; যেই সুখসম্ভোগের উন্মেষণ, অমনই তাহা স্মৃতি-মূর্ত্তিতে পরিস্ফুট হয়; সেইরূপ নিশ্চল জড়পিণ্ডে সুষুপ্ত বেগ যেমন উদ্দীপক-যোগে সমুন্মীলিত হয়, অমনই তাহা দ্রুত স্পন্দন রূপে পরিস্ফুট হয়। এই গুরুত্ব প্রভৃতির যে অদৃষ্ট একটী সাধারণ সংজ্ঞা দিয়াছি, তাহার হেতু এই যে তাহা হইলে 'মণিগমনং সূচ্যভিসর্পণমদৃষ্টকারণম্' (৫ম অঃ ১ আঃ ১৫শ) সূত্রের অয়স্কান্তমণি অভিমুখে গমন ও তস্করাভিমুখে মন্ত্রপূত কাংস্যাদির গমন, অদৃষ্ট কারণ;—অর্থাৎ বেগজন্য এরূপ অর্থও করা যাইবে। ফলতঃ গুরুত্ব প্রভৃতির অদৃষ্ট নাম হউক, বা না হউক, তাহাতে কোন ক্ষতি নাই, বেগ প্রত্যক্ষ হউক বা না হউক, তাহাতেও ক্ষতি নাই; কেবল তাহা যে বিশেষ বিশেষ উদ্দীপক-সাহায্যে অভিব্যক্ত বা উৎপন্ন হয়, এইটুকু মানিলেই হইল ॥ ১ ॥

উপস্কারঃ।

নোদনাদিনিষ্পাদ্যকর্ম্মপরীক্ষাপ্রকরণম্। তত্রাহ।

নোদনং সংযোগবিশেষঃ যেন সংযোগেন জনিতং কর্ম্ম সংযোগিনোঃ পরস্পরং বিভাগহেতুর্ভবতি যঃ সংযোগঃ শব্দনিমিত্তকারণং ন ভবতি বা। যঃ সংযোগঃ শব্দনিমিত্তকারণং ভবতি যজ্জনিতং কর্ম্ম সংযোগিনোঃ পরস্পরবিভাগহেতুশ্চ ভবতি স সংযোগবিশেষোঽভিঘাতঃ। তাভ্যামপি প্রত্যেকং কর্ম্ম জন্যতে, পঙ্কাখ্যায়াং পৃথিব্যাং চরণেন নোদনাৎ চরণাভিঘাতাচ্চ কর্ম্ম

জায়তে তত্র পঙ্কঃ সমবায়িকারণম্, নোদনাভিঘাতৌ যথাযথমসমবায়িকারণম্, গুরুত্ববেগ-প্রযত্না যথাসম্ভবং নিমিত্তকারণম্। সংযুক্তসংযোগাদিতি নোদনাদভিঘাতাদ্বা পঙ্কে কর্ম্ম তৎপঙ্ক-স্থিতে ঘটাদাবপি তৎসমকালমেব কর্ম্মদর্শনাৎ॥ ১॥

পরিষ্কারঃ।

নোদনবিশেষাদুদসনমিত্যুক্তম্, তথাচ তত্রত্যো নোদনবিশেষো যদাস্যৈব নোদনস্য বিশেষস্তদাস্য বিভাগহেতুত্বমিতি লক্ষণং ন সম্ভবতি, বিশেষস্য তস্য বিভাগহেতুত্বাদি-ত্যত আহ শব্দেতি। তথাচ উদসনহেতুসংযোগবিশেষে শব্দনিমিত্তকারণত্বাভাবো-হস্ত্যেবেতি ভাবঃ। গুরুত্বেতি গুরুত্বস্য নিমিত্তকারণতয়া পদদলিতস্য ক্রিয়াবিশেষো-পপত্তিঃ। অত্র তত্ত্বম্;—সংযুক্তসংযোগাদিত্যনেনায়স্কান্তস্য লৌহকর্ম্মজনকত্বমপ্যা-বেদিতম্। তথাহি বেগো নাম সংস্কারো ভাবনাবদুদ্বুদ্ধশ্চানুদ্বুদ্ধশ্চেতি দ্বেধা, অতএব সংস্কারান্তর্ভাবঃ। উদ্‌বুদ্ধবেগফলং স্পন্দঃ, স্পন্দান্তরং চোদ্বোধকমিতি প্রাচামমতি-বিরুদ্ধঃ পন্থাঃ। বেগস্তু ন প্রত্যক্ষঃ, তজ্জন্যস্পন্দবিশেষশ্চ প্রত্যক্ষ এব। উপস্কার-কৃদাদয়স্তু বেগমৈন্দ্রিয়কং মন্যন্তে। বেগোদ্বোধকঃ স্পন্দোঽপি বিজাতীয়ঃ। সোঽপ্যনুভবাদনেকবিধকারণকত্বেনানেকবিধঃ। কশ্চিদ্ধি নোদনজঃ, কশ্চিদভি-ঘাতজঃ, কশ্চিৎ সংযুক্ত-সংযোগজঃ, প্রযত্নাদিজশ্চেতি। তত্র সংযুক্ত-সংযোগজো যথা;—অয়স্কান্তসংযুক্তস্যানুদ্ভূতরূপতেজসঃ সংযোগাদক্ষিপক্ষ্মকম্পনমিব স্পন্দো জায়তে, স চ বেগোদ্বোধকঃ, নচৈবময়স্কান্তসংযুক্ত-সংযোগাদন্যত্রাপি তথাস্ত্বিতি বাচ্যম্ অন্যত্রাননুভবেন তথা কার্য্যকারণভাবানঙ্গীকারাৎ নোদনাভিঘাতৌ হি স্পন্দহেতু ভবন্তাবপ্যেকত্র ন স্পন্দায় প্রভবতঃ প্রভবতশ্চাপরত্রেতি, সর্ব্বেষাং বিশেষেণ কার্য্যকারণভাবো বিনিগম্যঃ। ১।

তদ্‌বিশেষেণাদৃষ্টকারিতম্॥ ২॥

অনুবাদ।

তাহা বিশেষ-সম্পৃক্ত বা বিশেষরূপে হইলে, অদৃষ্ট জন্য (হয়)॥২॥

ব্যাখ্যা।

এই নোদনাদিজন্য পৃথিবীর কর্ম্ম যদি ব্যক্তিবিশেষের ইষ্টানিষ্ট-হেতু হয়, তাহা হইলে অদৃষ্টও তাহার একটা কারণ হইবে। এবং যদি, ব্যক্তিবিশেষের ইষ্টানিষ্ট-হেতু পৃথিবীস্পন্দন হয়, অথচ তাহা নোদনাদিজন্য নহে ইহা স্থিরীকৃত হয়, তাহা হইলে তাহাকে অদৃষ্টজন্যই বলিবে। অথবা বিশেষরূপ যে পৃথিবীর স্পন্দন—অর্থাৎ ভূমিকম্প উহা অ-দৃষ্ট অপ্রত্যক্ষ নোদনাদি হইতে উৎপন্ন॥ ২॥

উপস্কারঃ।

নমু ভূকম্পাদৌ নোদনাভিঘাতাবন্তরেণ জায়মানে কিমসমবায়িকারণমত আহ।

তদিতি পৃথিবীকর্ম্ম পরামৃশতি পৃথিব্যামেব কর্ম্ম যদি বিশেষেণ আশয়েন ভবতি তদাদৃষ্ট-কারিতম্, তেন ভূকম্পেন যস্ত দুঃখং সুখং বা ভবতি অদৃষ্টবদাত্মসংযোগস্তত্রাসমবায়িকারণম্, ভূঃ সমবায়িকারণম্, অদৃষ্টং নিমিত্তকারণম্, যদ্বা তদা নোদনাভিঘাতৌ পরামৃশতি বিশেষো ব্যতিরেকঃ তথা চ নোদনাভিঘাতব্যতিরেকেণ যৎ পৃথিব্যাং কর্ম্ম তদদৃষ্টকারিতমিত্যর্থঃ ॥২॥

পরিষ্কারঃ।

বিশেষেণেতি বিবৃণোতি আশয়েনেতি, জাত্যায়ুর্ভোগানুগুণা বাসনা হ্যাশয়-শব্দার্থঃ, অত্র তু ভোগ এব। তথাচ যৎ পৃথিব্যাদিকর্ম্ম পুরুষবিশেষস্য দুঃখায় সুখায় বা ভবতি তদদৃষ্টকারিতম্; অদৃষ্টকারিতমিতি দৃষ্টকারণবিরহে সতীত্যাশয়ঃ। তচ্চ কর্ম্ম ভূকম্পাদি। যদ্যপি তত্রাপি নোদনাভিঘাতাবনুমীয়েতে তথাপি তৌ ন দৃষ্টাবিতি তৎকারণকং বা ধর্ম্মাধর্ম্মকারণকং বেত্যদৃষ্টকারণকমেবেতি বয়মাচক্ষ্মহে। ন খলু ভূয়সামদৃষ্টবিপাকায়ত্তমন্তরেণ তাদৃক্ সর্ব্বজনদুঃখহেতুভূতং ভূস্পন্দনাদিকং ভবতীতি যৎকারণকং তৎকারণকং ভবত্বদৃষ্টকারণকং ভবত্বেবেতি ত্ববিরোধী মার্গঃ। ২।

অপাং সংযোগাভাবে গুরুত্বাৎ পতনম ॥ ৩ ॥

অনুবাদ।

সংযোগের অভাব হইলে গুরুত্বপ্রযুক্ত জল পতন হয় ॥ ৩ ॥

ব্যাখ্যা।

জল গুরুত্বযুক্ত, মেঘের অথবা বায়ুর কিংবা তেজের সহিত দৃঢ় সংযোগ থাকায় তাহা পতিত হয় নাই, সেই সংযোগ তাপবলে শিথিল হইলেই সেই জল পতিত হয়,—অর্থাৎ বৃষ্টি হয়, সংযোগের অর্থাৎ বিধারক সংযোগের অভাব হইলে জল নিম্নে পতিত হয়, নিম্নপতনের হেতু গুরুত্ব। গুরুত্বসত্ত্বেও সংযোগবিশেষ পতনের প্রতিবন্ধক হয়, বৃক্ষের ফল প্রভৃতিতে ইহা দেখিতে পাওয়া যায়। ঐযে শাখার সহিত ফলের সংযোগ, উহা যতক্ষণ বিনষ্ট না হয়, ততক্ষণ ফলে গুরুত্বসত্ত্বেও উহা পতিত হয় না। সংযোগ বিনষ্ট হইলেই পতিত হয়। সেইরূপ উর্দ্ধগত জলসমষ্টি এমন সংযোগে সংযুক্ত যে, তাহা থাকিতে জল নিম্নে পতিত হয় না; সেই সংযোগ নষ্ট হইলেই জল পতিত হয়। কিন্তু সেই যে বিধারক-সংযোগ, তাহা জলসমষ্টির সহিত কোন্ দ্রব্যের সংযোগ? মহর্ষি ত কেবল সংযোগই বলিয়াছেন। টীকাকারেরা বলেন, মেঘের সহিত

সংযোগ—কিন্তু এ মেঘ কি? ইহা জলসমষ্টি ব্যতীত অপর কোন দ্রব্য কি? কালিদাস বলিয়াছেন, 'ধূমজ্যোতিঃসলিলমরুতাং সন্নিপাতঃ' 'মেঘঃ' তেজ, বায়ু, জল ও ধূমাংশ কিঞ্চিৎ পার্থিব পদার্থ সম্মিলিত হইয়া মেঘ হয়, ঠিক উহাই মেঘ কি না? আধুনিক বৈজ্ঞানিকগণ তাহা মিলাইয়া দেখুন। অথবা বায়ুর সহিত কিংবা তেজের সহিত জলের যে সংযোগ থাকে, তাহাই সূত্রস্থ সংযোগ শব্দের অর্থ; সেই সংযোগ কোনরূপ বিরুদ্ধ-সংযোগে বিদূরিত হইলেই বৃষ্টি হয়। আমি স্বয়ং এ বিষয়ে কোন সিদ্ধান্ত না করিয়া মহর্ষি-সূত্রের যেমন যেমন অর্থ হইতে পারে, তাহা প্রকাশ করিলাম, বৈজ্ঞানিকগণ মিলাইয়া তত্ত্ব স্থির করুন। অনেকস্থলেই বৈজ্ঞানিকগণের এবিষয়ে শ্রম করা উচিত, আমরা সংক্ষিপ্ত ঋষিবাক্য যথাশক্তি পরিস্ফুট করিতে চেষ্টা করিতেছি। ৩।

উপস্কারঃ।

ইদানীং দ্রবদ্রব্যসমবেতকর্ম্মপরীক্ষাপ্রকরণম্, তত্রাহ।

অপাং যৎ পতনং বর্ষরূপং তদ্গুরুত্বাসমবায়িকারণকম্, তৎসংযোগস্য মেঘসংযোগস্যাভাবে সতি ভবতি তেন সংযোগাভাবস্তন্নিমিত্তকারণমিত্যর্থঃ॥ ৩॥

পরিষ্কারঃ।

সংযোগাভাব ইতি সূত্রং তত্র তদ্ঘটকসংযোগপদং মেঘসংযোগপরমিত্যুপস্কারঃ, তত্তথৈব বা তেজঃসংযোগপরং বায়ুসংযোগপরং বেতি বিজ্ঞানিনো বিচারয়ন্তু। ৩।৪।

দ্রবত্বাৎ স্যন্দনম্॥ ৪॥

অনুবাদ।

দ্রবত্ববশতঃ স্যন্দন হয়। ৪।

ব্যাখ্যা।

বিন্দু বিন্দু নিপতিত জল পরস্পর সংযোগে একাকার হইলে, তাহার যে স্যন্দন—গড়াইয়া যাওয়া, তাহার কারণ দ্রবত্ব। ৪।

উপস্কারঃ।

তেষামেব বৃষ্টিবিন্দূনামন্যোন্যসংযোগজনকং কর্ম্ম কথং তত্রাহ।

ক্ষিতৌ পতিতানামপাং বিন্দূনাং পরস্পরং সংযোগেন মহজ্জলাবয়বিস্রোতোরূপং যজ্জায়তে তস্য যৎ স্যন্দনং দূরসংসরণং তৎ দ্রবত্বাসমবায়িকারণাদুৎপদ্যতে গুরুত্বান্নিমিত্তকারণাদস্য সমবায়িকারণেষু॥ ৪॥

নাড্যো বায়ুসংযোগাদারোহণম্ ॥ ৫ ॥

অনুবাদ।

সূর্য্যরশ্মিসমূহ বায়ু-সংযোগ সাহায্যে (সেই জলকে) ঊর্দ্ধে আরোহণ (করাইয়া থাকে)। ৫।

ব্যাখ্যা।

টীকাকার বলেন, সূর্য্যরশ্মি-সমূহ বায়ু-সংযুক্ত হইয়া জল ঊর্দ্ধে আকর্ষণ করিয়া লয়। সূত্রার্থে ইহাও বুঝা যায় যে, সূর্য্যকিরণ জলকে ঊর্দ্ধে আকর্ষণ করে, জলের ঊর্দ্ধগমনে, বায়ুসংযোগও একটী কারণ। জলকে ঊর্দ্ধে আকর্ষণ করিবার যোগ্য করিতে হইলে, জলকে যে অবস্থায় লইয়া যাইতে হয়, সূর্য্যকিরণ জলকে সেই অবস্থা প্রদান করে এবং বায়ুসংযোগ, তদবস্থাপ্রাপ্ত জলের ঊর্দ্ধগমনে সহায় হয়। জল সূর্য্যকিরণের তাপে বাষ্পাকার ধারণ করে এবং বায়ুমার্গে তাহা ঊর্দ্ধে উত্থিত হয়।

উপস্কার লিখিয়াছেন. নাড্যবায়ুসংযোগাৎ একরূপ পাঠও কোন কোন পুস্তকে আছে৷ তাহার তিনি এক অর্থও লিখিয়াছেন। ফলতঃ আমরা এই পাঠকে সমীচীন মনেকরি; পরবর্ত্তী টীকাকারেরা এই পাঠের গূঢ় অর্থ বুঝিতে না পারিয়া নাড্যো বায়ুসংযোগাৎ এইরূপ পাঠ কল্পনা করিয়াছেন। ইহাই অনুমান হয়। নাড্যবায়ুসংযোগাৎ ইহার অর্থ—রশ্মি বা তেজঃসংস্পর্শে জল ঊর্দ্ধারোহণযোগ্য অর্থাৎ বাষ্প হয় এবং অ-বায়ুসংযোগ অর্থাৎ বায়ুসংযোগের অভাবেও বাষ্প হয়।৫।

উপস্কারঃ।

নমু যদি ভূমিষ্ঠানামপাম্ ঊর্দ্ধং গমনং ভবতি তদা গুরুত্বাৎ পতনবর্ধনং সম্ভাব্যতে তদেব তৎ-কৃত ইত্যত আহ।

কারয়ন্তীতি শেষঃ। যদপামূর্দ্ধমারোহণং তৎ নাড্যঃ সূর্য্যরশ্ময়ো বায়ুসংযোগাৎ কারয়ন্তি গ্রীষ্মে বায়ুভিহতাঃ সূর্য্যরশ্ময় এব আরোহয়ন্ত্যাপ ইত্যর্থঃ। কচিৎ পাঠো নাড্যবায়ুসংযো-গাদিতি স চ নাড্যো নাড়ীসম্বন্ধী যো বায়ুসংযোগ ইত্যুপপাদনীয়ঃ ॥ ৫ ॥

পরিষ্কারঃ।

নাড্য ইতি নাড্যো হি সূর্য্যকিরণাঃ, তৎপ্রাধান্যাদুষ্ণস্পর্শবন্ত ইত্যর্থঃ। আরোহণং কারয়ন্তীতি সমুদিতস্য ঊর্দ্ধারোহণযোগ্যতাং সম্পাদয়ন্তীত্যর্থঃ। অত্রাবস্থাপরিণামহেতুত্বং নাড়ীনাং যানরূপত্বং চ বায়োরিত্যস্মৎসিদ্ধান্তঃ। নাড্যবায়ুসংযোগাদিতীতি। পাঠোঽয়মুপস্কারকৃতিঃ স্পষ্টং ব্যাখ্যাতোঽন্যাশয়া-

ত্বয়াবেদনার্থমস্মাভিঃ পুনর্ব্যাখ্যায়তে। নাড়ীসহিতোঽথবায়ুসংযোগঃ, তস্মাৎ, নাড়ী চ বায়ুসংযোগাভাবশ্চেতি দ্বাবেব হেতুরূপৌ। ঊর্দ্ধারোহণম্ ঊর্দ্ধারোহণ-যোগ্যতা, বাষ্পাবস্থেতি ফলিতার্থঃ। নাড়ী নাম উদ্ভূতরূপমনুদ্ভূতরূপং বা তেজঃ, সূর্য্যকিরণমুখ্যতয়া তথৈব ব্যপদেশঃ। স হ্যারম্ভকসংযোগবিঘটনদ্বারেণ জলং বাষ্পীকরোতি, বায়ুসংযোগাভাবেঽপি তথা করোতীতি। ৫।

নোদনাপীড়নাৎ সংযুক্তসংযোগাচ্চ ॥ ৬ ॥

অনুবাদ।

(জলের ঊর্দ্ধ আরোহণে) নোদন, আপীড়ন এবং সংযুক্ত-সংযোগ, হেতু। ৬।

ব্যাখ্যা।

সূর্য্যকিরণের বা তেজের নিঃশব্দ-সংযোগ নোদন, প্রবলভাবে আক্রমণ এবং সংযুক্তের সহিত সংযোগ, এই কয়টী কারণে জল বাষ্প হয়। সূর্য্যকিরণ বা তেজঃ বলিলে, কেহ যেন আলোক না বুঝেন, প্রকাশকত্ব এবং উষ্ণস্পর্শ অর্থাৎ তাপ তেজের ধর্ম্ম ; কোন তেজে প্রকাশকত্ব এবং তাপ দুইই আছে, কোন তেজে দুইই থাকিলেও একটী বুঝিতে পারা যায়, অপরটী বুঝা যায় না ; যাহা বুঝিতে পারা যায়, তাহার বিশেষ সংজ্ঞা 'উদ্ভূত'। প্রকাশকত্ব স্পষ্ট না থাকিলেও কেবল তাপযুক্ত বস্তুও তেজ। সেই তেজের ধীর-সংযোগেও জল বাষ্পরূপে পরিণত হয়, সচরাচর জলে সূর্য্যরশ্মি নিপতিত হইয়া যে বাষ্প সৃষ্টি করে, তাহা এই নোদনের ফল। কখন বা অগ্নির উত্তাপে জল 'টগ্‌বগ্‌' ফুটিতে থাকে—এই যে তেজঃ-সংযোগ ইহা আপীড়ন, এই আপীড়নেও জল বাষ্পাকার ধারণ করে। মাটীতে জল ফেলিলে, যে জল শুষিয়া যায়, তাহা হইতেও বাষ্প হয়, সেই বাষ্প সংযুক্ত-সংযোগের ফল, এখানে তেজঃসংযুক্ত মৃত্তিকা—তাহার সংযোগ জলে হইলে সেই জল বাষ্প হয়। ফলে এই হইল, যে সংযোগের ফলে জল দৃশ্য স্পৃশ্য হইয়াছে, সেই সংযোগ—অর্থাৎ স্থূল-জলের আরম্ভক সংযোগ, যদ্দ্বারা বিনষ্ট হয়—তাহাই বাষ্পাকার প্রাপ্তির হেতু। সুতরাং বায়ুর অভাব হইলেও এই তেজের আপীড়ন উপস্থিত হয়, তাহাতেও জল বাষ্প হইয়া যায়।

অথবা নোদন—ছুঁড়িয়া দেওয়া, আপীড়ন—আছাড়ান এবং সংযুক্ত-সংযোগ তেজঃসংযুক্ত ভূমিতে বা শিথিল-সংযোগ-যুক্ত' বালুকাময় ভূমিতে সংযোগ, এই কয়টীও জলের ঊর্দ্ধ আরোহণের অর্থাৎ বাষ্পভাব প্রাপ্তির হেতু। মুখে

জল লইয়া, মুখ-বায়ু-বেগে নিঃসারণ করিলে তাহা বিচ্ছিন্ন হইয়া যায় এবং কিয়দংশ বাষ্পাকার ধারণ করে, জলের উপর জোরে আঘাত করিলেও কিয়দংশ বাষ্প হয়, এবং তপ্ত বা বালুকাময় ভূমিতে জল ঢালিলেও তাহার কিয়দংশ বাষ্প হয়। কিন্তু পূর্ব্ব সূত্রে যে নাড়ী শব্দের ব্যবহার আছে, তাহা যদি রশ্মিরূপ মুখ্য অর্থে ব্যবহৃত হইয়া থাকে, তাহা হইলে এরূপ অর্থ হয়। আর সে সূত্রে নাড়ী অর্থে যদি তেজ এবং তেজঃ শব্দে উষ্ণস্পর্শবিশিষ্ট বস্তু, ইংরাজি-বাঙ্গালায় যাহা তাপ নামে ব্যবহৃত—উষ্ম হয়, তাহা হইলে, অবায়ু-সংযোগ, নোদন, আপীড়ন, তিন অবস্থাতেই তাপ-সম্পর্ক হয়, এইজন্য তাহাকে পৃথক্ কারণ বলিতে হয় না। ৬।

উপস্কারঃ।

ননু সূর্য্যরশ্মীনাং কথমযং মহিমা যং ভূমিষ্ঠা অপ উর্দ্ধং নয়ন্তীত্যত আহ।

নোদনেন বলবদ্বায়ুনোদনেন আপীড়নাদাস্কন্দনাৎ বায়ুসংযুক্তা রশ্ময়স্তৎসংযুক্তা আপ উর্দ্ধং ধাবন্তি যথা স্থালীস্থা অপঃ ক্বথ্যমানাঃ বায়ুনুন্নবহ্নিরশ্ময় উর্দ্ধং নয়ন্তি, চকার ইবার্থস্তত্র চ উপমানং স্থালীস্থা এবাপো দ্রষ্টব্যাঃ॥ ৬॥

পরিষ্কারঃ।

সূত্রব্যাখ্যানান্তরমত্র প্রদর্শ্যতে। 'নোদনাৎ' মুখমারুতাদিপ্রেরণাৎ 'আপীড়নাৎ' অভিঘাতাৎ 'সংযুক্ত-সংযোগাৎ' তেজঃসংযুক্তসংযোগাৎ, নিদাঘতপ্তভূসংযোগাদেঃ শিথিলসংযোগিসৈকতাদিসংযোগাচ্চ উর্দ্ধারোহণমিত্যনুষজ্যতে। উর্দ্ধারোহণং তদ্‌যোগ্যতা বাষ্পভাবপ্রাপ্তিরিতার্থঃ; ইদন্তু বোধ্যম্। যদি পূর্ব্বসূত্রং নাড্যা-বায়ুসংযোগাদিত্যাকারকং ভবেৎ, নাড়ী শব্দশ্চ রশ্মিমাত্রবচনস্তদৈবং বাষ্পভাব-প্রাপ্তৌ নানা হেতুকথনমুপপদ্যতে। নাড্যো বায়ুসংযোগাদিতি পাঠে তু নাড়ী-শব্দস্তেজঃসামান্যপরঃ। তেজস্তু ক্বচিৎ শব্দাহেতুসংযোগেন, ক্বচিৎ শব্দহেতুসংযোগেন ক্বচিৎ স্বসংযুক্তভূম্যাদিসংযোগেন জলং বাষ্পীকরোতীতি সূত্রাশয়ঃ। ৬।

বৃক্ষাভিসর্পণমিত্যদৃষ্টকারিতম্॥ ৭॥

অনুবাদ।

(জলের) বৃক্ষাভিসর্পণ—অর্থাৎ বৃক্ষদেহে অভিগমন—অদৃষ্টের কার্য্য। ৭।

ব্যাখ্যা।

যে অদৃষ্ট বলে, বৃক্ষ জীবিত থাকে, জীবন-যোনি যত্ন সেই অদৃষ্টেরই কার্য্য।

বৃক্ষমূল তিরিক্ত স্থানে জল সেচন করিলে, যতটা জল বাষ্প হয়, বৃক্ষমূলে জলসেচন করিলে, ততটা বাষ্প হয় না, কেন না বৃক্ষমূল দ্বারা জল বৃক্ষের সর্ব্ব শরীরে প্রবিষ্ট হইয়া বৃক্ষ পোষণ করে। বৃক্ষের এই যে জল আকর্ষণ, বা জলের এই যে বৃক্ষশরীরে প্রবেশ, ইহা বৃক্ষের জীবন-যোনি যত্নেরই কার্য্য। জীবন-যোনি যত্ন অদৃষ্টমূলক এই কারণে জলের এই বৃক্ষাভিসর্পণ 'অদৃষ্টকারিত' বলিয়া সূত্রে উল্লিখিত হইয়াছে। টীকাকারেরা জীবন-যোনি যত্নের উল্লেখ না করিয়া অদৃষ্টেরই কার্য্য এইরূপ অর্থ করিয়াছেন; ফলতঃ, সে কার্য্যও পরম্পরাকার্য্য, এইভাবে অনুবাদেও আমি 'কার্য্য' শব্দ ব্যবহার করিয়াছি। সূত্রে 'কৃত' নাই 'কারিত' আছে ইহা দেখিলেই বুঝা যায়, মহর্ষি বৃক্ষের প্রযত্নকেই সাক্ষাৎ কারণরূপে লক্ষ্য করিয়াছেন। বৃক্ষের যে জীবন আছে তাহারও যে জীবন-যোনি যত্ন আছে, তাহা আধুনিক বিজ্ঞানেও স্বীকৃত। ৭।

উপস্কারঃ।

নম্ন মূলে সিক্তানামপাং বৃক্ষাভ্যন্তরেণোর্দ্ধগমনম্ অভিতঃ, তত্র ন নোদনাভিঘাতৌ নবা-দিত্যরশ্ময়ঃ প্রভবন্তি তৎ কথং তদিত্যত্রাহ।

অভিতঃ সর্পণমভিসর্পণং তদভিসর্পণং মূলে নিষিক্তানামপাং বৃক্ষে তদদৃষ্টকারিতং পত্রকাণ্ড-ফলপুষ্পাদিবৃদ্ধিকৃতং সুখং দুঃখং বা যেষামাত্মনাম্, অদৃষ্টবদাত্মসংযোগাদসমবায়িকারণাৎ অদৃষ্টান্নিমিত্তাদপ্সু সমবায়িকারণেষু তৎ কর্ম্ম ভবতি যেন কর্ম্মণা আপ ঊর্দ্ধং গত্বা বৃক্ষং বর্দ্ধয়ন্তীত্যর্থঃ॥ ৭॥

পরিষ্কারঃ।

বৃক্ষমূলস্য উত্তপ্তস্যাপি সংযোগাত্তপ্তভূম্যন্তরসংযোগাদিব জলস্য ন বহুলবাষ্প-ভাবঃ, কিন্তু বৃক্ষাভিসর্পণং ভবতি, তচ্চ বৃক্ষস্য জীবনাদৃষ্টপ্রযোজ্যম্। জীবনাদৃষ্ট-মূলকো হি জীবনযোনিযত্নস্তেন চাকৃষ্যমাণং জলং বৃক্ষশরীরমভিব্যাপ্নোতীতি তস্য বাষ্পভাবপ্রাপ্তিবিরহেণ ভূম্যন্তরপতিতোদকবন্ন বাষ্পবাহুল্যমিত্যর্থান্তরম্। ৭।

অপাং সংঘাতো বিলয়নঞ্চ তেজঃসংযোগাৎ॥ ৮॥

অনুবাদ।

জলের সংঘাত—অর্থাৎ জমাট এবং বিলয়ন—অর্থাৎ দ্রবীভাব তেজঃ-সংযোগমূলক।

ব্যাখ্যা।

তেজঃ-সংযোগের ইতর বিশেষ আছে। একপ্রকার তেজঃ-সংযোগে জল জমাট হইয়া করকা বা বরফ হয়, অন্যপ্রকার তেজঃ-সংযোগে, তাহা গলিয়া যায়।

বাষ্পাকারে পরিণত জলসমূহ ঊর্দ্ধে আকৃষ্ট হইয়া বায়ু-সংযোগে ঊর্দ্ধে অবস্থিতি করে, ক্রমে তেজঃ-সংযোগবিশেষের ফলে পরস্পর মিলিত হইয়া জমাটও হয়, আবার অধিকতর-তাপযুক্ত তেজঃ-সংযোগের ফলে তাহা গলিয়া যায়। এই গলিত হওয়ার সময়ে বিধারক-সংযোগ বিনষ্ট হয়, তখন গুরুত্ব-প্রযুক্ত তাহা পতিত হয় —ইহাই বৃষ্টি। ৮।

উপস্কারঃ।

অপাং সাংসিদ্ধিকদ্রবত্বং লক্ষণমুক্তং তাদৃশানামেবাপামূর্দ্ধমধস্তির্য্যক্ চ গমনমুপপাদিতং হিমকরকাদীনাঞ্চ শৈত্যাদপ্ত্বমবিবাদসিদ্ধম্, তৎ কথং তেষাং সংঘাতঃ কাঠিন্যম্, কথঞ্চ বিলয়নমিত্যত আহ।

দিব্যেন তেজসা প্রতিবদ্ধাদাপ্যাঃ পরমাণবো দ্ব্যণুকমারভমাণা দ্ব্যণুকেষু দ্রবত্বং নারভন্তে ততো দ্রবত্বশূন্যৈর্দ্ব্যণুকাদিপ্রক্রমেণ দ্রবত্বশূন্যা হিমকরকাদয় আরভ্যন্তে তেন তেষাং কাঠিন্যমুপলভ্যতে। নম্বেবং হিমকরকাদীনামাপ্যত্বে কিং প্রমাণমত উক্তং বিলয়নঞ্চ তেজঃসংযোগাদিতি তেজঃসংযোগেন বলবতা হিমকরকারম্ভকপরমাণুনাং ক্রিয়া ক্রিয়াতো বিভাগস্তত আরম্ভকসংযোগনাশপরম্পরয়া হিমকরকাদিমহাবয়বিনাশস্তত্র দ্রবত্বপ্রতিবন্ধকতেজঃসংযোগবিগমাৎ ত এব পরমাণবঃ দ্ব্যণুকেষু দ্রবত্বমারভন্তে ততো দ্রবত্ববতাং হিমকরকাদীনাং বিলয়নং তত্র চ বলবত্তেজোঽনুপ্রবেশো নিমিত্তম্॥ ৮॥

পরিষ্কারঃ।

দিব্যতেজস্তড়িৎ। তদ্‌যোগাৎ তদ্‌যোগতারতম্যাৎ অপাং মেঘস্থাদি জলানাং সংঘাতো দ্রবত্বঞ্চেত্যর্থঃ। অথবা সূত্রস্যায়মর্থঃ,—তেজঃসংযোগাদুষ্ণবিশেষসংযোগাৎ জলসংযুক্তোষ্ণপরিমাণেনৈকবিধেন হিমকরকাদয়শ্চাপরবিধেন তদ্বিলয়নমিতি। ৮।

তত্র বিস্ফূর্জথুর্লিঙ্গম্॥ ৯॥

অনুবাদ।

বজ্রনির্ঘোষ সেই তেজঃসংযোগের অনুমাপক। ৯।

ব্যাখ্যা।

যাহাকে ভোজন করাইলে পাপ হয়—সেই নরঘাতী প্রভৃতি হিংস্রই পূর্ব্বসূত্রে-বর্ণিত দুষ্টপদবাচ্য। কাক কুক্কুর চণ্ডালাদিকেও অন্নদানের ব্যবস্থা আছে, তাহারা একপ্রকার দুষ্ট হইলেও সে দুষ্ট পূর্ব্বসূত্রোল্লিখিত দুষ্ট নহে। ৭।

উপস্কারঃ।

কে তে দুষ্টা ইতি দুষ্টলক্ষণমাহ।

হিংসায়ামিতি নিষিদ্ধকর্ম্মমাত্রোপলক্ষণম্, তেন নিষিদ্ধে কর্ম্মণি প্রবৃত্তং পুরুষং দুষ্টং বিজানীয়াদিত্যর্থঃ॥ ৭॥

পরিষ্কারঃ।

অর্থান্তরপক্ষে হিংসায়ামিতি হিংসাপদমন্নদানাদিপ্রতিষেধপ্রযোজকপাপপরম্। উপস্কারশ্চাহ্নিকসমাপ্তিপর্য্যন্তঃ স্পষ্টঃ। অস্মাভিস্তু অর্থান্তরপক্ষ এবোত্তরসূত্রাণ্যপি যোজ্যন্তে। ৭।

তস্য সমভিব্যাহারতো দোষঃ। ৮।

অনুবাদ।

তাহার সমভিব্যাহারে দোষ হয়। ৮।

ব্যাখ্যা।

হিংস্রপুরুষের সংসর্গবশতঃ দাতা দুষ্ট অর্থাৎ দানপ্রবৃত্তিহীন হইয়া থাকে; ভোজনার্থী হিংস্র পুরুষ সমীপস্থ হইলে, তাহার সঙ্গেই দাতা দুষ্ট হইয়া পড়ে, এই জন্য তাহার দুঃখে দাতার দানপ্রবৃত্তি হয় না। অন্যত্র পরকীয় দুঃখই দাতার দান-প্রবৃত্তির হেতু, বেদ-বিশ্বাস নহে ইহাই আপত্তি। ৮।

উপস্কারঃ।

ন কেবলং দুষ্টব্রাহ্মণস্য শ্রাদ্ধে নিমন্ত্রিতস্য ভোজনেন ফলাভাবঃ কিন্তু পাপমপি ভবতীত্যাহ।

তস্য নিষিদ্ধে কর্ম্মণি প্রবৃত্তস্য ব্রাহ্মণস্য সমভিব্যাহারাৎ একপঙ্‌ক্তিভোজনসহশয়নসহাধ্যয়নাদিরূপাৎ দোষঃ পাপমিত্যর্থঃ॥ ৮॥

পরিষ্কারঃ।

উপস্থিতদুষ্টসম্বন্ধাদ্দানপ্রবৃত্তিব্যাঘাতরূপো দোষো ভবতীতি পূর্ব্বপক্ষসূত্রমেতৎ॥ ৮॥

তদদুষ্টে ন বিদ্যতে। ৯।

অনুবাদ।

অদুষ্ট ব্যক্তিতে ত তাহা হয় না। ৯।

ব্যাখ্যা।

যদি হিংস্রের উপস্থিতিরূপ ক্ষণিক সঙ্গ দাতার দানপ্রবৃত্তির ব্যাঘাতক হইত, তাহা হইলে, তখন অদুষ্ট ভোজনার্থীও দাতার দানপাত্র হইত না। ৯।

উপস্কারঃ।

তৎ কিমদুষ্টসমভিব্যাহারাদপি দোষ এব, নেত্যাহ।

তৎ পাপমদুষ্টে যথাশাস্ত্রং ব্যবহরমাণে ব্রাহ্মণে শ্রাদ্ধে ভোজিতে ন বিদ্যতে ন ভবতীত্যর্থঃ। ৯॥

পরিষ্কারঃ।

উত্তরয়তি তদিতি। তথা সতি ভোজনার্থিনোর্দুষ্টাদুষ্টয়োরুপস্থিতয়োরদুষ্টভোজনমপি নিবর্ত্ততাং, দানপ্রবৃত্তিব্যাঘাতান্ন চ তদ্ভবতীতি ভাবঃ। ৯।

পুনর্বিশিষ্টে প্রবৃত্তিঃ। ১০।

অনুবাদ।

আবার বিশিষ্ট ব্যক্তির (গুণেই) প্রবৃত্তি (হয়)। ১০।

ব্যাখ্যা।

পুনর্ব্বার বিশিষ্ট অর্থাৎ উৎকৃষ্ট ধার্ম্মিক ব্যক্তির সঙ্গ হইলে দাতার দোষ নষ্ট হইয়া সেই পাত্রে দানপ্রবৃত্তি হয়। অন্য আত্মার গুণ যে অপর আত্মার কার্য্যে হেতু হয় না তাহা নহে। ইহা আপত্তিকারীর কথা। ১০।

উপস্কারঃ।

নন্মু সৎপাত্রাপ্রতিলম্ভে যত্র শ্রাদ্ধদানাদৌ প্রথমং দুষ্টা এব নিমন্ত্রিতাঃ ক্রমেণ তু সৎপাত্রপ্রতিলম্ভে কিং বিধেয়মিত্যত্রাহ।

শ্রাদ্ধে প্রতিগ্রহে বা বিশিষ্টা যথাশাস্ত্রমনুবর্ত্তমানা যদি লভ্যন্তে তদা নিমন্ত্রিতানপি নিন্দ্যান্ পরিহৃত্য তানেব ভোজয়েৎ "ন নিমন্ত্রিতান্ প্রত্যাচক্ষীত" ইতি তু সৎপাত্রপরম্, নিন্দ্যাংস্তু নিমন্ত্রিতান্ দক্ষিণাদানাদিনা সন্তোষয়েৎ॥ ১০॥

পরিষ্কারঃ।

আশঙ্কতে পুনরিতি বিশিষ্টসঙ্গাৎ প্রবৃত্তির্ভবতি। 'দর্শনাদেব সাধব' ইতি স্মৃতেঃ। ১০।

বেদে যাহার নিকট প্রতিগ্রহ নিষিদ্ধ, অথবা যাহার নিকট আপদে প্রতিগ্রহ কর্ত্তব্য এবং যাহার নিকট প্রতিগ্রহ করিলে শুভাদৃষ্ট হয়—তাহারাই যথাক্রমে হীন, সমান এবং বিশিষ্ট ধার্ম্মিক নামে কথিত। এই যে প্রতিগ্রহ-বিচার, ইহা ত বেদাদর-মূলক। নতুবা হীনের নিকট উপস্থিত হইলে যে প্রতিগ্রহপ্রবৃত্তি ব্যাহত হয়, এবং ধার্ম্মিকের নিকট উপস্থিত হইলে প্রতিগ্রহপ্রবৃত্তি উত্তেজিত হয়, তাহা নহে। তাহা হইলে হীন ও সমান ব্যক্তি উপস্থিত থাকিলে, সমানের নিকটেও প্রতিগ্রহ করিতে প্রবৃত্তি হইত না, হীন-সন্নিধান হেতু প্রতিগ্রহপ্রবৃত্তি তখন ত ব্যাহতই হইয়াছে। অতএব প্রতিগ্রহবিচারও বেদাদর-মূলক অর্থাৎ বেদশাসন-নিশ্চয়-মূলক। ১২।

উপস্কারঃ।

শ্রাদ্ধে দানাদৌ চ সম্প্রদানগাদৃগুণেন ধর্ম্মোৎপত্তিমভিধায় তাদৃশাদুপাদানাদপি ধর্ম্মোৎপত্তি-মতিদিশতি।

যথোত্তরং ধর্ম্মোৎকর্ষঃ, হীনাদপি ভূম্যাদিপ্রতিগ্রহে সমাদপি, স্বাপেক্ষয়া বিশিষ্টাদপি, ধার্ম্মিকাৎ ধর্ম্ম ইত্যর্থঃ পরস্বাদানং পরস্মাৎ স্বস্য ধনস্যাদানং প্রতিগ্রহঃ। বৃত্তিকারৈস্তু পরস্বাদানং চৌর্য্যাদিনা পরস্বগ্রহণং ব্যাখ্যাতং, তথাচ শ্রুতিঃ "শূদ্রাৎ সপ্তমে বৈশ্যাদ্দশমে ক্ষত্রিয়াৎ পঞ্চদশে ব্রাহ্মণাৎ প্রাণসংশয়ে" ইতি ক্ষুধাপীড়িতমাত্মানং কুটুম্বং বা রক্ষিতুং সপ্ত দিনান্যাহারমপ্রাপ্য শূদ্রভক্ষ্যাপহারঃ কার্য্যঃ, এবং দশ দিনান্যাহারমপ্রাপ্য বৈশ্যাৎ, পঞ্চদশ দিনান্যাহারমপ্রাপ্য ক্ষত্রিয়াৎ, প্রাণসংশয়ে ব্রাহ্মণাৎ ভক্ষ্যাপহরণং ন দোষায়েত্যাহুঃ॥ ১২॥

পরিষ্কারঃ।

প্রতিগ্রহস্যাবশ্যকত্বেঽপি প্রতিগ্রহে পরম্পরাপ্রচলিতো হীনাদিবর্জ্জনাবর্জ্জন-বিবেকো বেদপ্রামাণ্যানুমাপকঃ। পরস্বেতি হীনাদীন্ প্রাপ্য তেষু পরাভ্যাম্ অন্ত্যাভ্যাং সমবিশিষ্টধার্ম্মিকাভ্যাং স্বস্যাদানমিত্যর্থঃ। ১২।

তথা বিরুদ্ধানাং ত্যাগঃ। ১৩।

অনুবাদ।

বিরুদ্ধ-পরিত্যাগও তদ্রূপ অর্থাৎ বেদশাসনজ্ঞান-সাপেক্ষ। ১৩।

ব্যাখ্যা।

বিরুদ্ধের সংসর্গ ত্যাগ করিতে হয়। অতি আত্মীয় হইলেও বিরুদ্ধাচারীকে ত্যাগ করিতে হয়। এই যে ত্যাগ, তাহা বেদবাক্যে বিশ্বাসবশতই হয়। ১৩।

উপস্কারঃ।

ন কেবলং প্রাণসংশয়ে পরস্বাদানং ন নিষিদ্ধং কিন্তু তস্মাৎ দশারামপহর্ত্তুং যে ন প্রযচ্ছন্তি তেষাং বধোঽপি কার্য্যো ন তাবতা ধর্ম্মহানিরধর্ম্মপ্রাদুর্ভাবো বেত্যাহ।

তস্যাং দশায়াং বিরুদ্ধানাং বিপরীতমাচরতাং ত্যাগো বধঃ কার্য্য ইত্যর্থঃ। তদুক্তম্‌,—
"কর্ম্মণা যেন কেনাপি মৃদুনা দারুণেন বা।
উদ্ধরেদ্দীনমাত্মানং সমর্থো ধর্ম্মমাচরেৎ" ইতি ॥ ১৩ ॥

পরিষ্কারঃ।

বিরুদ্ধানাং বিরুদ্ধাচারাণাং ত্যাগোঽপি তথা বুদ্ধিপূর্ব্বক ইত্যর্থঃ। ১৩।

হীনে পরে ত্যাগঃ। ১৪।

অনুবাদ।

অপর ব্যক্তি হীন হইলে (তাহাকে) ত্যাগ (করিতে হয়)। ১৪।

ব্যাখ্যা।

একপরিবারস্থ ব্যক্তির মধ্যে যে ব্যক্তি হীন বিরুদ্ধ অর্থাৎ পতিত, তাহাকে ত্যাগ করিতে হয় অর্থাৎ বর্জ্জন করিয়া 'অপপাত্র' করিয়া দিতে হয়। ১৪।

উপস্কারঃ।

নম্ব চাবিশেষেণৈব পরস্য বধঃ, নেত্যাহ।
যদি স্বস্মাদ্ধীনঃ পরো ভবতি যোঽপহর্ত্তুং ন দদাতি তস্য শূদ্রাদেস্ত্যাগো বধঃ ॥ ১৪ ॥

পরিষ্কারঃ।

বিরুদ্ধাচারেষু যে পতিতাস্তেষামপপাত্রীকরণং ত্যাগ ইত্যর্থঃ। ১৪।

সমে আত্মত্যাগঃ পরত্যাগো বা। ১৫।

অনুবাদ।

সমান বিরুদ্ধাচারী হইলে, আত্মত্যাগ বা পরত্যাগ (যথাসম্ভব করিতে হয়)। ১৫।

ব্যাখ্যা।

একপরিবারস্থ সকলেই কোন না কোনরূপে শাস্ত্রবিরুদ্ধ আচার-সম্পন্ন পতিত হইলে, হয় আপনি সেই সংসর্গ হইতে সরিয়া পড়িতে হয়, অথবা অপর সকলকে আত্মসংসর্গ হইতে বিচ্যুত করিতে হয়; ইহা প্রসিদ্ধ ব্যবহার। এই যে আত্মবিচ্ছেদ ইহা বেদ- বিশ্বাসমূলক। ১৫।

উপস্কারঃ।

সমর্থা কৃত্যাহ।
যদি স্বসদৃশো ব্রাহ্মণ এব বিরোধী ভবতি তদাত্মন এবোপবাসাদিনা ত্যাগোঽবজ্ঞঃ কর্ত্তব্যঃ, যদি স্বস্য কুটুম্বস্য বা রক্ষাপ্রকারো ন দৃশ্যতে বিরোধী চ সমো ভবতি তদা তস্যৈব ত্যাগো বধ ইত্যর্থঃ ॥ ১৫ ॥

পরিষ্কারঃ।

বিভিন্নপাপদূষিতয়োঃ পতিতয়োরেকস্যাত্মত্যাগঃ স্বয়মপসরণেন প্রায়শ্চিত্তাচরণেন বা ভবতি, পরত্যাগঃ পতিতান্তরস্য অকৃতপ্রায়শ্চিত্তস্য দূরীকরণং ভবতি বা। ১৫।

বিশিষ্টে আত্মত্যাগ ইতি। ১৬।

অনুবাদ।

(অপর) বিশিষ্ট অর্থাৎ ধার্ম্মিক হইলে, আত্মত্যাগই করা হয় ইতি। ১৬।

ব্যাখ্যা।

পরিবারবর্গমধ্যে যে ব্যক্তি স্বয়ং শাস্ত্রবিরুদ্ধাচারী—পতিত, অপরে ধার্ম্মিক, সে স্থলে সেই ধার্ম্মিককে কলুষিত না করিয়া আত্মত্যাগ করা হয়, তাহাদিগকে আত্মসংসর্গচ্যুত করা হয়। অর্থাৎ পতিতপ্রায়শ্চিত্তের জন্য হয় চতুর্ব্বিংশতিবার্ষিক ব্রতাচরণ, না হয় মরণান্ত প্রায়শ্চিত্ত কর্ত্তব্য। এই তিন সূত্রের প্রতিপাদ্য এই যে, ধার্ম্মিক ও অধার্ম্মিক দুই শ্রেণীর জনসমবায়ে পরিবার গঠিত হইলে, একের পক্ষে তাহার ত্যাগ আবশ্যক ও অনুষ্ঠিত হয়। কেবল অধার্ম্মিকসমবায়ে কোন পরিবার গঠিত হইলেও—তাহার পরস্পর সংসর্গ অধর্ম্মের মাত্রাবৃদ্ধির হেতু, এক ব্রহ্মঘাতী অপর সুরাপায়ী এই দুই প্রকার লোকের সম্মিলনে যে কার্য্য হইবে তাহা পরস্পরের অধিকতর অনিষ্টের হেতু। এ সম্মিলন সমাজে ধর্ম্মতঃ বা নীয় নহে। এই জন্য ত্যাগের নিয়ম আছে। ত্যাগ অর্থে প্রায়শ্চিত্তপূর্ব্বক তৎপাপাচরণ-ত্যাগ, এবং পরস্পরের সম্বন্ধত্যাগ উভয় প্রকারেই হইয়া থাকে। এই আচার এক্ষণে লুপ্তপ্রায় হইলেও পূর্ব্বে অক্ষুণ্ণ ছিল। এইরূপে বিশুদ্ধ পরিবার প্রণালী দ্বারা সমাজশুদ্ধির পথ নির্দ্দিষ্ট হইয়াছে। এই যে ত্যাগ ইহা বেদবিশ্বাসমূলক তাহা পূর্ব্বেই বলিয়াছি। ইতি—এই খানেই আহ্নিকসমাপ্তি। তৃতীয় সূত্র হইতে এই আহ্নিকের শেষপর্য্যন্ত উপস্কারাদিগতে ব্যাখ্যান্তর আছে তাহার সংক্ষিপ্ত ভাব এই—

দান ও প্রতিগ্রহবিধায়ক শ্রুতি শ্রুতিবক্তার প্রকৃত বাক্যার্থ-জ্ঞানমূলক। সেই বাক্যার্থ অদৃষ্ট বা অপূর্ব্বঘটিত। সেই অদৃষ্ট অস্মদাদির অপ্রত্যক্ষ; যাঁহার প্রত্যক্ষ—তিনি ঈশ্বর। সেই যে অদৃষ্ট তাহা একের এবং অদৃষ্ট-জন্য সুখ-দুঃখ অপরের—এরূপ হয় না, কেননা কার্য্যকারণভাবের সামানাধিকরণ্য আবশ্যক।

অদৃষ্ট দ্বিবিধ, শুভাদৃষ্ট বা ধর্ম্ম, অশুভাদৃষ্ট বা অধর্ম্ম। সেই বিশেষ অদৃষ্টের উৎপত্তি কোথায় হয় এবং কোথাও হয় না। শ্রাদ্ধে দুষ্ট অর্থাৎ নিন্দিত ব্রাহ্মণ ভোজন করাইলে শুভাদৃষ্ট হয় না। হিংসাদিকার্য্যরত ব্যক্তিই দুষ্ট নামে অভিহিত। নিন্দিত ব্রাহ্মণ ভোজনে কেবল যে শুভাদৃষ্ট হয় না তাহা নহে, পরন্তু অশুভাদৃষ্টও হয়। অনিন্দিত ব্রাহ্মণ ভোজনে পাপ হয় না অগ্রে যদি নিন্দিত ব্রাহ্মণ নিমন্ত্রিতও হইয়া থাকে, অথচ পরে অনিন্দিত ব্রাহ্মণ পাওয়া যায়, তাহা হইলে, নিন্দিতকে কোনরূপে সন্তুষ্ট করিয়া ঋষি বা ঋষিতুল্য বিদ্বান্ অনিন্দিত ব্রাহ্মণ ভোজন করাইবে। ঋষি বা ঋষিতুল্য না হইলেও শ্রাদ্ধকর্ত্তার তুল্য বা তদপেক্ষায় হীন অথচ অনিন্দিত ব্রাহ্মণ হইলেও তাহাকে ভোজন করা বে; তাহা হইলেই শুভাদৃষ্ট লাভ করিবে। হীন সমান এবং উৎকৃষ্ট ব্যক্তির প্রতিগ্রহে পূর্ব্ব পূর্ব্ব অপেক্ষা উত্তর উত্তর শুভাদৃষ্টের উৎকর্ষ হয়; প্রাণসংশয়কালে হীনাদি ব্যক্তির দ্রব্যও কাল-বিশেষ অপেক্ষা করিয়া অপহরণ করিতে পারিবে। অপহরণের ব্যাঘাতকারী হীন প্রভৃতি হইলে নিঃসংশয়ে বধ্য, যদি সমজাতি হয় ত উপবাসাদি দ্বারা আত্মঘাত অথবা পরহত্যা করিবে, উৎকৃষ্ট ব্যক্তি বিঘ্নকারী হইলে আত্মবধই উচিত, ইহাতে অশুভাদৃষ্ট হয় না। পরন্তু প্রাণসংশয় সময়েও ব্রহ্মহত্যা কর্ত্তব্য নহে। ১৬।

ষষ্ঠ অধ্যায় প্রথম আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

তৎ কিং স্বাপেক্ষয়া যদি বিশিষ্টো ভবতি বিরোধী তদা তস্যাপি বধ এব কার্য্যঃ, নেত্যাহ। স্বাপেক্ষয়া বিশিষ্টে বেদাধ্যয়নাদিনা উৎকৃষ্টে বিরোধিনি আত্মন এব ত্যাগো বিধেয়ঃ, প্রাণ-সংশয়ে সত্যপ্যাত্মমরণমেবাভিপ্রেয়াং ন তু ব্রাহ্মণং হন্যাদিত্যর্থঃ। ইতিরাহ্নিকপরিসমাপ্তৌ॥ ১৬॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে ষষ্ঠাধ্যায়স্য প্রথমমাহ্নিকম্।

পরিষ্কারঃ।

স্বয়ং চেৎ পাপী সংসৃষ্টশ্চ বিশিষ্টস্তদাত্মানমেব পাপিস্বরূপমপসারয়েন্ন তু বিশিষ্টেন সংসৃজ্যেত, প্রায়শ্চিত্তেন বা জহ্যাৎ। প্রায়শ্চিত্তেন পাপনিবৃত্তির্ব্বা প্রাণপাপোভয়নিবৃত্তির্ব্বা ভবতি। সোঽয়ং চিরন্তনাচারঃ বেদপ্রামাণ্যমনুমাপয়তি। এতেন প্রবর্ত্তকেন ধর্ম্মস্য সংযমপ্রাধান্যমধর্ম্মস্য প্রায়শ্চিত্তমপি সূচিতমিতি ধ্যেয়ম্॥ ১৬।

ইতি ষষ্ঠাধ্যায়স্য প্রথমমাহ্নিকম্।

———

দৃষ্টাদৃষ্টপ্রয়োজনানাং দৃষ্টাভাবে প্রয়োজনমভ্যুদয়ায়। ১।

অনুবাদ।

দৃষ্ট-প্রয়োজন এবং অদৃষ্ট-প্রয়োজনের মধ্যে যাহার দৃষ্ট ফল নাই এতাদৃশ প্রয়োজন, (অতীন্দ্রিয়) অভ্যুদয়ের হেতু অর্থাৎ অদৃষ্ট-প্রয়োজন। ১।

ব্যাখ্যা।

যাহা স্বয়ং ইষ্ট বা ইষ্টসাধন তাহাই প্রয়োজন। তন্মধ্যে যাহা স্বয়ং ইষ্ট তাহাই মুখ্য প্রয়োজন, অপর গৌণ প্রয়োজন। মুখ্য গৌণ দ্বিবিধ প্রয়োজনই দৃষ্ট ও অদৃষ্টভেদে দ্বিবিধ। আমাদের অনুভূয়মান সুখ, সুখভোগ ও দুঃখাভাব—দৃষ্ট মুখ্য প্রয়োজন। সুখ ও দুঃখাভাবের হেতু বলিয়া অর্থাৎ ইষ্টসাধন বলিয়া কৃষিবাণিজ্যাদি গৌণপ্রয়োজন। তবে ইহা দৃষ্ট, কেননা ইহার স্বরূপ এবং ফল উভয়ই মানবের প্রত্যক্ষগোচর। এইজন্য ইহা দৃষ্ট গৌণ প্রয়োজন। স্বর্গ বা চরম-দুঃখনিবৃত্তি অস্মদাদির অপ্রত্যক্ষগোচর—অদৃষ্ট মুখ্য প্রয়োজন। আর তাহার সাধন যাগযজ্ঞাদি—অদৃষ্ট গৌণ প্রয়োজন। মুখ্য প্রয়োজন—স্বর্গ ও দুঃখনিবৃত্তি আছে বলিয়া এবং যাগযজ্ঞাদি তাহার সাধন বলিয়া যাগযজ্ঞাদি অদৃষ্টপ্রয়োজন নামে অভিহিত। যাগযজ্ঞাদি স্বরূপতঃ প্রত্যক্ষগোচর হইলেও তাহার ফল অপ্রত্যক্ষ বলিয়া তাহার নাম অদৃষ্ট প্রয়োজন। অপর যেটুকু বক্তব্য আছে, তাহা পর সূত্রের ব্যাখ্যায় বলিব। ১।

উপস্কারঃ।

এবং পূর্ব্বাহ্নিকে বৈদিকী প্রমা গুণজন্যেতি তদুপপত্ত্যৌ গুণাভিধানম্, "শাস্ত্রদেশিতং ফলমনুষ্ঠাতরি" ইতি বিবেচনম্, নিষিদ্ধাচরণেঽপি প্রত্যবায়মুৎপত্তিং কস্যাঞ্চিদ্দশায়ামিত্যন্ত বিবেচ্যৈব বৃত্তমধুনা "যতোঽভ্যুদয়নিঃশ্রেয়সসিদ্ধিঃ" ইতি দ্বিতীয়ং সূত্রং ব্যাচিখ্যাসুর্বিশেষতো ধর্ম্মাধর্ম্মোৎপত্তিপরীক্ষায়াং বর্ত্তিষ্যমাণায়ামাহ।

দৃষ্টপ্রয়োজনানি কৃষিবাণিজ্যরাজসেবাদীনি, অদৃষ্টপ্রয়োজনানি যাগদানব্রহ্মচর্য্যাদীনি, এতেষাং কর্ম্মণাং মধ্যে যত্র দৃষ্টং প্রয়োজনং নোপলভ্যতে তত্রাদৃষ্টং প্রয়োজনং কল্পনীয়ম্, তচ্চাভ্যুদয়ায় তদুত্পাদায়। যদ্বা অভ্যুদয়ায়েতি চতুর্থী প্রথমার্থে তেন ফলমভ্যুদয় ইত্যর্থঃ, অদৃষ্টং ফলমপূর্ব্বমেব তদ্ যদি যোগজং তদাভ্যুদয় আত্মসাক্ষাৎকারঃ, যদি যাগদানাদিজং তদাঽভ্যুদয়ঃ স্বর্গঃ। তত্রাপি যথা লৌকিকী পচতীত্যাদিক্রিয়া সব্যাপারিকা, যজতি দদাতীত্যাদিক্রিয়া চ বিলম্বফলিকা, তথা যজতি দদাতি [illegible] তথাপি অদৃষ্টং কল্পনমন্তু-

পদার্থঃ। ন চ ধার্ম্মিকতয়া গোনাস্নাভাদিকমেব ফলম্, প্রচ্ছন্নং ব্রহ্মচর্য্যাদি চরতাং তৎফলা-নুদ্দেশাৎ তস্মাচ্চিরতাবিস্বর্গাদিকমেব ফলং তচ্চাত্তত্রবিনাশিত্বাঃ ক্রিয়া ন সাক্ষাদিত্যান্ত-রালিকং ক্রিয়াফলয়োঃ সমানাধিকরণমপূর্ব্বং পর্য্যবস্ততি ॥ ১ ॥

পবিকারঃ।

'দৃষ্টাভাবে'দৃষ্টফলাসম্ভবে, 'অভ্যুদয়ায়' স্বর্গাপবর্গরূপায়, তদিচ্ছাধীনেচ্ছা-বিষয়তয়া প্রয়োজনং ভবতীতি বা সূত্রাবয়বার্থঃ। ১।

অভিষেচনোপবাসব্রহ্মচর্য্যগুরুকুলবাসবানপ্রস্থযজ্ঞদানপ্রোক্ষণ-দিঙ্ নক্ষত্রমন্ত্রকালনিয়মাশ্চাদৃষ্টায় ॥ ২ ॥

অনুবাদ।

স্নান, উপবাস, ব্রহ্মচর্য্য, গুরুকুলবাস, বানপ্রস্থ, যজ্ঞ, দান, প্রোক্ষণ, দিক্-নিয়ম, নক্ষত্র-নিয়ম, মন্ত্রনিয়ম, এবং কালনিয়ম—অদৃষ্ট হেতু (হইয়া থাকে)। ২।

ব্যাখ্যা।

গঙ্গাস্নানাদিও একাদশী-উপবাসাদি করিলে ধর্ম্ম হয়। পূর্ব্বমুখ বা উত্তরমুখ হইয়া পূজাদি কর্ত্তব্য—এই যে দিক্‌নিয়ম, শতভিষানক্ষত্রযুক্ত চৈত্রকৃষ্ণত্রয়োদশীর নাম বারুণী, ইহাতে গঙ্গাস্নান করিলে বহুশত সূর্য্যগ্রহণকালীন গঙ্গা-স্নানের তুল্য ফল হয়, এস্থলে এই যে নক্ষত্রনিয়ম, শিবপূজার এক মন্ত্র, বিষ্ণু-পূজার অপর মন্ত্র—এই যে মন্ত্রনিয়ম এবং শরৎকালে দুর্গোৎসব কর্ত্তব্য—এই যে কালনিয়ম—এ সকলই অদৃষ্টের অর্থাৎ অপ্রত্যক্ষ ধর্ম্মের হেতু। সুতরাং অদৃষ্টপ্রয়োজন। কথা এই যে মুখ্য ফল অস্মদাদির অপ্রত্যক্ষ হইলেই যে অদৃষ্টপ্রয়োজন হইবে, তাহা নয়, মুখ্য ফল দৃষ্ট হইলেও—অদৃষ্ট দ্বারা যদি সেই ফল লাভ করিতে হয়, তাহা হইলে সেই দৃষ্ট মুখ্য ফলসাধক কর্ম্মও অদৃষ্ট-প্রয়োজন হইবে। যথা যজ্ঞের মধ্যে পুত্রেষ্টি প্রভৃতি, ইহার ফল পুত্রলাভ, পুত্রলাভ দৃষ্ট ফল হইলেও তাহা অদৃষ্ট অর্থাৎ ধর্ম্ম দ্বারা সিদ্ধ হয়,—এজন্ত তাহাকেও অদৃষ্ট-প্রয়োজনের মধ্যেই সন্নিবেশিত করা হয়। ফলে ইহাই স্থির হইল যে, যাহা ধর্ম্মসাধন তাহা গৌণ অদৃষ্টপ্রয়োজন। আর স্বর্গ এবং মোক্ষই মুখ্য অদৃষ্ট প্রয়োজন। ২।

উপস্কারঃ।

অদৃষ্টফলানি কর্ম্মাণি পরিগণয়তি।

অদৃষ্টায়েত্যদৃষ্টলক্ষণায় ফলায় অদৃষ্টদ্বারা স্বর্গাপবর্গলক্ষণায় ফলায় বা, এতেনাদৃষ্টফলকত্বোক্ত-

শার্ঙ্গলকলকপোপসংগ্রহঃ, তত্রাভিষেচনং স্নানং "গঙ্গায়াংস্নায়াৎ" ইত্যাদিবিধিবিধেয়ম্, উপবাসঃ "একাদশীমুপবসেৎ" ইত্যাদিবিধিবিধেয়ঃ, ব্রহ্মচর্য্যং সামান্তত এব ধর্ম্মসাধনম্, গুরুকুলবাসো ব্রহ্মচারিণাং বেদাধ্যয়নমহানাম্ন্যাদিব্রতার্থঃ, বানপ্রস্থং বয়ঃপরিণামে বনং প্রস্থিতানাং যৎ কর্ম, যজ্ঞো "রাজসূয়বাজপেয়াদিঃ", দানং "গাং দদ্যাৎ" ইত্যাদিবিধিবিধেয়ম্, প্রোক্ষণং "ব্রীহীন্ প্রোক্ষতি" ইত্যাদিবিধিবিধেয়ম্, দিক্ "প্রাচীনপ্রবনে যজেত" "প্রাঙ্মুখোঽন্নাদি ভুঞ্জীত" ইত্যাদি-বিধিবিধেয়া, নক্ষত্রং শ্রাদ্ধাদৌ মঘাদি, মন্ত্রঃ আপোহিষ্ঠেত্যাদিঃ, কালঃ "মাসি মাসি ষোড়শকম্" "অমাবাস্যায়ামপরাহ্নে দদ্যাৎ" "গ্রীষ্মে পঞ্চতপাঃ" "বসন্তেঽগ্নীনাদধীত" ইত্যাদিবিধিবিধেয়ঃ, নিয়মো বর্ণাশ্রমিণাং যথাশাস্ত্রমনুষ্ঠানম্, তদেবং ধর্ম্মস্য আত্মা সমবায়িকারণম্ আত্মমনঃসংযোগো-ঽসমবায়িকারণম্, শ্রদ্ধা স্বর্গাদিলক্ষণপ্রয়োজনজ্ঞানঞ্চ নিমিত্তকারণমনুসন্ধেয়ম্ ॥ ২ ॥

পরিষ্কারঃ।

যদ্বি কর্ম্মাদৃষ্টরূপব্যাপারদ্বারা দৃষ্টমপি পুত্রাদিফলং জনয়তি তদপ্যদৃষ্টপ্রয়োজন-মিতি সূচয়িতুমাহ অভিষেচনেত্যবতরণিকান্তরম্। উপস্কারঃ সুগমঃ। ২।

চাতুরাশ্রম্যমুপধা অনুপধাশ্চ ॥ ৩ ॥

অনুবাদ।

চতুরাশ্রমেই উপধা ও অনুপধা আছে। ৩।

ব্যাখ্যা।

ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য বানপ্রস্থ এবং সন্ন্যাস,—চার আশ্রমই ধর্ম্মের সাধন। কিন্তু এই চার আশ্রমেই উপধা—অশুদ্ধি ও অনুপধা—শুদ্ধি আছে। ৩।

উপস্কারঃ।

এবং ধর্ম্মসাধনমভিধায় অধর্ম্মসাধনমপি সমুচ্চিন্বন্নাহ।

চতুর্ণামাশ্রমাণাং সমানং যদ্ধর্ম্মসাধনং তত্তাবৎ পূর্ব্বসূত্রেণৈবোক্তমিতি শেষঃ। উপধাঃ ভাবস্য শ্রদ্ধায়া দোষা অনুপধাঃ শ্রদ্ধায়া ভাবস্যাদোষাঃ তেঽপি ধর্ম্মাধর্ম্ময়োঃ সাধনানি যথাস্বমূহনীয়ানি উপধাপদেনাধর্ম্মসাধনানি সর্ব্বাণ্যুপসংগৃহীতানি ॥ ৩ ॥

পরিষ্কারঃ।

উত্তরসূত্রস্থ-ভাবদোষা ইত্যস্য ভাবস্য দোষাঃ ভাবভূতা দোষা বা ইত্যর্থ-বিকল্পং স্থলতঃ স্ফুটয়িতুমত্র ভাবস্য দোষা ইত্যুক্তম্, উত্তরত্রচ ভাব ইচ্ছাদ্যর্থক ইতি বক্ষ্যতে। যথা তথা ভবতু শ্রদ্ধাবিরোধী ভাবো ভাবদোষ ইত্যুপধেতি চোচ্যতে। শ্রদ্ধাতদনুকূলভাবশ্চাদোষ ইত্যনুপধেতি চোচ্যত ইতি পরমার্থঃ। ৩।৪।

ভাবদোষ উপধাদোষোঽনুপধা ॥ ৪ ॥

অনুবাদ।

উপধা ভাবদোষ অর্থাৎ অবস্থাদোষ এবং অনুপধা দোষ নহে। ৪।

ব্যাখ্যা ।

যে আশ্রমধর্ম্ম যখন পালন করিবে, সেই আশ্রমোচিত বাহ্যশুদ্ধি এবং অন্তঃকরণশুদ্ধি আবশ্যক। সেই শুদ্ধ আশ্রমধর্ম্ম স্বর্গাদির হেতু, বাহ্য বা অন্তরের অশুদ্ধি থাকিলে তাহা অশুদ্ধ বা দুষ্ট আশ্রমধর্ম্ম । ৪ ।

উপস্কারঃ ।

উপধানুপধে লক্ষণতো বিবেচয়ন্নাহ ।

ভাবঃ ইচ্ছা রাগঃ প্রমাদোঽশ্রদ্ধামদমানাহঙ্কারপ্রভৃতয়ো ভাবদোষা উপধাপদেনোচ্যন্তে, শ্রদ্ধা মনঃপ্রসাদো দেশিতকর্ম্মানুষ্ঠানাধ্যবসায ইতিকর্ত্তব্যতাপরিচ্ছেদশ্চানুপধা, অনয়োরধর্ম্মাধর্ম্মনিমিত্তকারণত্বমুক্তম্ ॥ ৪ ॥

যদিষ্টরূপরসগন্ধস্পর্শং প্রোক্ষিতমভ্যুক্ষিতঞ্চ তচ্ছুচি ॥ ৫ ॥

অনুবাদ ।

শাস্ত্রোক্ত রূপ রস গন্ধ স্পর্শ বিশিষ্ট যে বস্তু প্রোক্ষিত, অভ্যুক্ষিত এবং ন্যায়ার্জ্জিত তাহা শুদ্ধ । ৫ ।

ব্যাখ্যা ।

শাস্ত্রে হবিষ্যগণনায় শুক্লবর্ণ হৈমন্তিক ধান্যের উল্লেখ আছে ;—এখানে শুক্লবর্ণই শাস্ত্রোক্ত বর্ণ। স্বাদনি মধুরাণি চ—এই শাস্ত্রে স্বাভাবিক মধুররসসম্পন্ন নারিকেলাদি শাস্ত্রোক্ত সুতরাং যে বস্তু স্বভাবতঃ মধুর, তাহার বিকৃতিপ্রযুক্ত রসান্তর হইলে তাহা শুচি হয় না। মৃদুল গন্ধযুক্ত পুষ্প বিষ্ণুপূজায় শাস্ত্রবিহিত। সেই গন্ধযুক্ত পুষ্প শুচি। কোমলস্পর্শ শয্যা দান শাস্ত্রে বিহিত আছে। সেইরূপ স্পর্শই শুচি। উত্তান হস্ত দ্বারা জলবিন্দুক্ষেপ প্রোক্ষণ ও অনুত্তান হস্তে জলবিন্দুক্ষেপ অভ্যুক্ষণ। এইরূপে জলবিন্দুসিক্ত বস্তু শুচি। সূত্রস্থ চকারের অর্থ—ন্যায়ার্জ্জিত। এই অর্থ টীকাসম্মত। কেবল প্রোক্ষণ অভ্যুক্ষণের টীকাসম্মত অর্থ গ্রহণ করি নাই। অথবা যে বস্তুর যে প্রকার রূপ, রস, গন্ধ, স্পর্শ মনঃপ্রীতিপ্রদ—সেই প্রকার রূপরসাদিযুক্ত (ধর্ম্মশাস্ত্রে অনিষিদ্ধ) সেই বস্তু যদি প্রোক্ষিত এবং অভ্যুক্ষিত হয়, তবে তাহা শুচি। যে সকল বস্তু ধর্ম্মশাস্ত্রে বিহিত বা অপ্রতিষিদ্ধ, সে সকল বস্তুও যদি রূপরসাদির বিকার প্রাপ্ত বা প্রোক্ষণাদিপূত না হয়, তাহা হইলে শুচি হইবে না। আর যে সকল বস্তু শাস্ত্রনিষিদ্ধ, যথা ম্লেচ্ছান্ন প্রভৃতি তাহা ত অশুচি আছেই—তাহা

কোনরূপেই শুচি হয় না। ধর্ম্মশাস্ত্রোক্ত শুচি বস্তুরই শৌচাশৌচ নির্দ্দেশক কতিপয় সূত্র এইস্থানে কথিত হইয়াছে। এই অর্থ এবং পরিষ্কার লিখিত অর্থ দুই আমার অভিপ্রেত। ৫।

উপস্কারঃ।

শুচ্যশুচিনী চোপধানুপধে তত্র শুচ্যশুচিনী বিবেচয়তি।

ইতি। শ্রুত্যা স্মৃত্যা চ যন্ত্রপাদিকং বিহিতং যস্য দ্রব্যস্য তত্তথা তত্র রূপম্ "অরুণয়া একহায়ন্যা পিঙ্গাক্ষ্যা গবা সোমং ক্রীণাতি" "শ্বেতং ছাগলমালভেত' ইত্যাদৌ, প্রোক্ষিতং মন্ত্রেণোদকসিক্তম্, অভ্যুক্ষিতং বিনা মন্ত্রমুদকসিক্তং চকারান্নায়তো লব্ধং তচ্চ "যাজনাধ্যাপনপ্রতিগ্রহৈর্ব্রাহ্মণো ধনমর্জ্জয়েৎ" ইত্যাদিনিয়মবিধিবোধিতম্ ॥ ৫ ॥

পরিষ্কারঃ।

ইত্যাদাবিত্যাদিপদাৎ স্বাদূনি মধুরাণি চেত্যাদিস্মৃতিগ্রহণম্। প্রোক্ষিতমিতি। অয়মর্থঃ কাল্পনিকঃ। প্রোক্ষণাভ্যুক্ষণপদয়োঃ "উত্তানেনৈব হস্তেন প্রোক্ষণং পরিকীর্ত্তিতম্। ন্যঞ্চতাভ্যুক্ষণং প্রোক্তং তিরশ্চাবোক্ষণং স্মৃতম্॥" ইতি স্মৃত্যুক্ত এবার্থো গ্রাহ্যঃ। অন্যথা "তেনৈব প্রোক্ষণং প্রোক্তং বর্ম্মণাভ্যুক্ষণং মতম্" ইতি বচনেন মন্ত্রপূর্ব্বকত্বেন ক্রমভ্যুক্ষণং বিরুধ্যেত। অন্যার্থান্তরন্তু ইষ্টৈত্যস্য প্রিয়তার্থঃ। ইদঞ্চ শৌচাশৌচবিবেচনং শাস্ত্রাপ্রতিষিদ্ধস্বরূপভোজ্যবস্তুবিষয়কং; তথাচ যদ্ধি স্বরূপেণ ভোজ্যং তদিষ্টরূপাদিকং প্রোক্ষিতমভ্যুক্ষিতঞ্চ শুচি ভবতি নান্যথা। যৎপুনরভোজ্যতয়া ধর্ম্মশাস্ত্রেণ পরিগণিতং নিত্যাশুচিনস্তস্য তু কথৈব নাস্তীতি ভাবঃ। অথবা ইষ্টেত্যনেনৈব শাস্ত্রাপ্রতিষিদ্ধস্বরূপাণামবিকৃতানাঞ্চ ভোজ্যানাং গ্রহণম্। দোষবশাৎ কস্যচিৎ পুরুষস্য শাস্ত্রপ্রতিষিদ্ধবস্তুবিকৃতরূপরসাদেরিষ্টত্বেঽপি সংস্কারাদ্বা স্বকীয়সত্ত্বভাবাদ্বা বস্তুবিশেষো জাতিবিশেষস্তেষ্টরূপাদির্ভবতীত্যভিসন্ধায়োক্তমিষ্টেত্যাদি। ৪—৬।

অশুচীতি শুচিপ্রতিষেধঃ ॥ ৬ ॥

অনুবাদ।

অশুচি ইহা দ্বারা শুচি ভিন্ন (ই বুঝায়)। ৬।

ব্যাখ্যা।

যাহা পূর্ব্বোক্ত রূপ শুচি—তদ্ভিন্ন হইলেই অশুচি হইবে। ৬।

উপস্কারঃ।

অশুচিলক্ষণমাহ।

যদ্দ্রব্যং শুচি তদ্বিপরীতমশুচীত্যর্থঃ, অপ্রশস্তরূপরসগন্ধস্পর্শমমন্ত্রপ্রোক্ষিতমনভ্যুক্ষিতং নিষিদ্ধজাত্যুপহিতং বা অন্যায়াগতম্, কৃমিবানিত্যাগতং ব্রাহ্মণস্য দ্রব্যমশুচীত্যর্থঃ। ৬।

অর্থান্তরঞ্চ ॥ ৭ ॥

অনুবাদ।

যাহা অর্থান্তর—তাহাও (অশুচি)। ৭।

ব্যাখ্যা।

প্রকৃতপক্ষে যাহা যে বস্তু—তাহা তদ্ভিন্ন বস্তুরূপে ব্যবহৃত হইবার যোগ্য হইলে অশুচি হয়। অথবা অর্থান্তর শব্দে অন্য বস্তু মিশ্রিত। যে অর্থই হউক উভয় পক্ষেই চলিত কথায় বলিতে হইলে, 'ভেজাল' বলিতে হয়। তৈলাদি মিশ্রিত ঘৃত ভেজাল ঘৃত, ভেজাল ঘৃত, প্রকৃতপক্ষে যাহা,—বাহিরে তদ্ভিন্ন বস্তু বলিয়াই ব্যবহৃত হয়। টীকাকার বলেন, অর্থান্তর-অর্থে বাগ্‌দুষ্ট, ভাবদুষ্ট ইত্যাদি। ৭।

উপস্কারঃ।

অশুচ্যন্তরমাহ।

প্রশস্তরূপরসগন্ধস্পর্শমপি প্রোক্ষিতমভুক্ষিতং ন্যায়ার্জিতঞ্চ যত্তত্রাপি বাগ্‌দুষ্টং ভাবদুষ্টঞ্চ যত্তদপ্যশুচীত্যর্থঃ ॥ ৭ ॥

পারস্কারঃ।

সূত্রার্থান্তরন্তু। একোহর্থোহর্থান্তরত্বেন প্রতীয়মানোহর্থান্তরমিত্যুচ্যতে। বস্তন্তরমেলনকূটাস্পদং বা; 'ভেজাল' ইতি যস্য ভাষা। ৭।

অয়তস্য শুচিভোজনাদভ্যুদয়ো ন বিদ্যতে নিয়মাভাবাৎ বিদ্যতে বার্থান্তরত্বাদ্‌যমস্য ॥ ৮ ॥

অনুবাদ।

অসংযত ব্যক্তি, শুচি ভোজন করিলেও (তাহার) অভ্যুদয় হয় না, কেননা তাহার নিয়ম নাই। কিম্বা (শুচিভোজন জনিত) অভ্যুদয় হয়ই, যেহেতু সংযম অভ্যুদয়ান্তরের সাধক। ৮।

ব্যাখ্যা।

অসংযত অর্থে যমনিয়মশূন্য; অহিংসা, সত্য, অস্তেয়, ব্রহ্মচর্য্য এবং অপ্রতিগ্রহ—যম নামে অভিহিত। শৌচ, সন্তোষ, তপস্যা, শাস্ত্রাধ্যয়ন এবং ঈশ্বরে সর্ব্বকর্ম্মার্পণ নিয়ম নামে অভিহিত। শৌচ অর্থে বাহ্যমলশুদ্ধি এবং অন্তর্ম্মলশুদ্ধি। এই যম-নিয়ম যাহার নাই, সে যদি কোন শুচি বস্তু ভোজন করে, সে কি কেবল শুচিভোজনপ্রভাবে অভ্যুদয় লাভ করিবে? মহর্ষি, অভ্যুদয়

শব্দের অর্থ 'মোক্ষ বা সর্ব্বতোভাবে পারত্রিক মঙ্গল' এই ভাবে গ্রহণ করিয়া বলিতেছেন, 'না'—অসংযমই তাহার উন্নতির প্রতিবন্ধক। অভ্যুদয় শব্দে 'পারত্রিক মঙ্গল' এইমাত্র অর্থ হইলে মহর্ষি বলিতেছেন, অথবা সংযম একপ্রকার উন্নতির হেতু এবং শুচিভোজন অন্যবিধ উন্নতির হেতু; এক ব্যক্তিই যদি সংযত ও শুচিভোজী হয় ত তাহার সর্ব্বতোভাবে উন্নতি হইয়া থাকে। নতুবা, অসংযত শুচিভোজীর শুচিভোজনমাত্র জনিত অভ্যুদয় বা উন্নতি হয়, অসংযম জনিত অনিষ্টও হইয়া থাকে। ঐ স্থানে 'হয় না' এবং 'হয়ই' এই দুইটী বাক্য দ্বারা সর্ব্বতোভাবে অভ্যুদয়ের অভাব ও আংশিক অভ্যুদয়ের সম্ভাবই জ্ঞাপিত হইয়াছে। ৮

উপস্কারঃ।

ইদানীং ধর্ম্মাধর্ম্মৌ প্রতি সহকার্য্যন্তরমাহ।

অযতস্য যমরহিতস্যাসংযতস্যেতি যাবৎ "হস্তৌ পাদৌ প্রক্ষাল্যাচম্য বাগ্‌যতো ভুঞ্জীত ভোজ্যমানঃ প্রয়তোঽপি দ্বিরাচামেৎ" ইত্যাদিবোধিতযমরহিতস্য ভোজনং নাভ্যুদয়ায় কিন্তু পাপায়, কুত এবমিত্যত আহ নিয়মাভাবাৎ নিয়মস্য সহকারিণোঽভাবাৎ, নিয়মে সতি যত্তদাহ বিদ্যতে বা যথোক্তযমসাহিত্যেন ভোজনে ভবত্যেবাভ্যুদয়ঃ, কুত ইত্যত আহ অর্থান্তরত্বাদ্যমস্য ভোজনাদর্থান্তরং যতো যমঃ, তথাচ সহকারিকারণং বিনা ন ফলসিদ্ধিস্তস্মিন্ সতি ফলসিদ্ধিরিত্যর্থঃ॥ ৮॥

পরিষ্কারঃ।

যদ্যভ্যুদয়পদং যৎকিঞ্চিদভ্যুদয়পরমিত্যভিপ্রেয়তে, তদা অযতস্যাপি কেবলশুচিভোজনাদভ্যুদয়মাত্রং ভবতি, যমশ্চাভ্যুদয়ান্তরসাধকঃ। যমপদঞ্চ যমনিয়মোভয়গ্রাহকম্। তৎসূচনায় নিয়মাভাবাদিত্যুক্তম্। ইদঞ্চ নোপস্কারব্যাখ্যানং কিন্তু সূত্রাংশান্তরস্পষ্টীকরণমিতি ধ্যেয়ম্ ৮—১৩।

অসতি চাভাবাৎ॥ ৯॥

অনুবাদ।

(শুচিভোজন) না থাকিলে (অভ্যুদয়ের) অভাব ঘটে বলিয়া (শুচি ভোজনকেও অভ্যুদয়-হেতু বলিতে হয়)। ৯।

ব্যাখ্যা।

শুচি ভোজন ব্যতীত কেবল সংযমেও সর্ব্বতোভাবে অভ্যুদয় হয় না, সংযমজনিত আংশিক অভ্যুদয় হয় মাত্র। এই দুইটী সূত্র দ্বারা মহর্ষি বলিয়াছেন, শিষ্যগণ! সাবধান; অন্নবিষয়ে সতত দৃষ্টি রাখিবে, যম-নিয়মের প্রতিও তেমনই দৃষ্টি রাখিবে। নতুবা প্রকৃত শ্রেয়োলাভ ঘটিবে না। অশুচিভোজনফলে মনো-

বিকৃতি ঘটিবে, দেহবিকৃতি ঘটিবে, আলস্য প্রমাদ আসিবে—সমাধি-পথে অগ্রসর হইতে পারিবে না। এজন্য শুচিভোজনে তৎপর হইবে। পরন্তু যম নিয়ম না থাকিলে, কেবল শুচিভোজনে আংশিক উপকার হইলেও—অর্থাৎ আংশিক চিত্তশুদ্ধি হওয়ায় কিঞ্চিৎ কাল স্বর্গভোগ বা কোন না কোন জন্মে যমনিয়মের সাহায্য লাভ ঘটিলেও—সে জন্মে মুক্তি বা নরকভোগ-সম্পর্কশূন্য স্বর্গ-ভোগ হয় না। ৯।

উপস্কারঃ।

ননু যমমাত্রমেব তন্ত্রং তর্হি ভোজনমতন্ত্রমেবেত্যত আহ।

যমে সত্যপি শুচিভোজনেঽসতি অভাবাদভ্যুদয়স্যেতি শেষঃ তথাচ যমো ভোজনঞ্চ দ্বয়মেব পুণ্যকারণমিত্যর্থঃ। ভোজনমিত্যুপলক্ষণং যাগদানস্নানহোমাদীনামপি শ্রৌতস্মার্তকর্ম্মণাং যমনিয়মৌ সহকারিণৌ ॥ ৯॥

সুখাদ্রাগঃ ॥ ১০ ॥

অনুবাদ।

সুখহেতু রাগ অর্থাৎ ইচ্ছা (হইয়া থাকে)। ১০।

ব্যাখ্যা।

শুচিভোজন, যম ও নিয়ম—যদি সুখ বা সুখসাধনে ইচ্ছাসত্ত্বে ঘটে, তবে তাহা ধর্ম্মের হেতু হয়। বিষয়ভোগজনিত সুখজ্ঞান সুখেচ্ছার হেতু, এবং সুখ-সাধন স্নান-ভোজনে যে ইচ্ছা হয়, তাহার হেতু সুখেচ্ছা। সুতরাং সুখের বিরোধী পদার্থে দ্বেষ জন্মে। সুখের বিরোধী দুঃখ। দুঃখে দ্বেষ হইয়া থাকে, দুঃখ-সাধনেও দ্বেষ হয়। ১০।

উপস্কারঃ।

এবং ধর্ম্মাধর্ম্মপ্রাদুর্ভাবং প্রতি যমং সহকারিণমভিধায় দোষং সহকারিণমভিধাতুং দোষনিদানমাহ

স্রক্‌চন্দনবনিতাদিবিষয়সেবনজন্মনঃ সুখাদনুভূয়মানাত্ তজ্জাতীয়ে সুখে তৎসাধনে বা রাগ ইচ্ছা, এবমারভ্যে অহিকণ্টকাদিজন্মনো দুঃখাৎ তত্র তৎসাধনে বা দ্বেষ ইত্যপি দ্রষ্টব্যম্, রাগদ্বেষমোহাঃ প্রবর্তকত্বেন দোষা ইত্যভিধীয়ন্তে তথাচ গৌতমীয় সূত্রম্ "প্রবর্তনালক্ষণা দোষাঃ" (১ম অঃ ১ম আঃ ১৮ শ সূ) ইতি ॥ ১০॥

তন্ময়ত্বাচ্চ ॥ ১১ ॥

অনুবাদ।

তন্ময় ভাবও (ঐ ইচ্ছা ও দ্বেষের) হেতু। ১১।

ব্যাখ্যা।

চিরন্তন বিষয়াভ্যাসে দৃঢ়তর সংস্কার উৎপন্ন হয়। সেই সংস্কারবশতঃ সুখ-স্মরণ হয়, তাহাতেই সুখাদির প্রতি ইচ্ছা জন্মে। দুঃখস্মরণহেতু দুঃখাদিতে বিদ্বেষ হইয়া থাকে। সুখের মনোহর স্বরূপ স্মরণ করিয়া সুখের জন্য মানব লালায়িত হয়, দুঃখের ঘোররূপ স্মরণ করিয়া তাহার প্রতি দ্বেষযুক্ত হয়। মনে হয় আমার সুখ হউক, দুঃখ যেন না হয়। যে কার্য্য দ্বারা সুখ হয়, তাহার প্রতি অনুরাগ বা ইচ্ছা এবং যদ্দ্বারা দুঃখ হয় তাহার প্রতি দ্বেষ হইয়া থাকে। ১১।

উপস্কারঃ।

অত্র সুখদুঃখে এব যদি রাগদ্বেষৌ জনয়তঃ তদা তযোর্নাশে কথং তৌ স্যাতামত আহ।

রাগদ্বেষৌ ভবত ইতি শেষঃ। বিষয়াভ্যাসজনিতো দৃঢ়তরঃ সংস্কারবিশেষস্তন্ময়ত্বং যদ্বশাৎ কামাতুরস্য কামিনীমলভমানস্য সর্ব্বত্র কামিনীদর্শনম্, একদা ভুজঙ্গদষ্টস্য তত্র দৃঢ়তরসংস্কারতঃ সর্ব্বত্র ভুজঙ্গদর্শনম্, তদুক্তং "তন্ময়ত্বং তৎপ্রকাশো বাহ্যাভাবস্তবতস্তথা" ইতি ॥ ১১ ॥

অদৃষ্টাচ্চ ॥ ১২ ॥

অনুবাদ।

[অদৃষ্ট বশতও (হইয়া থাকে)। ১২।

ব্যাখ্যা।

অদৃষ্টফলে জন্ম গ্রহণ হয়—সেই জন্মের দেহাদি অনুসারে ইচ্ছা দ্বেষ হয়। বলিষ্ঠ ও দুর্ব্বলের, দীর্ঘকায় ও বামনের, সাহসী ও ভীরুর, ইচ্ছা দ্বেষ বিভিন্ন বিষয়ে হইয়া থাকে। অর্থান্তর যথা।—যে জন্মদরিদ্র সে ধন-জনিত সুখ ইহজন্মে ভোগ না করিলেও ধনাকাঙ্ক্ষা হইয়া থাকে, অকৃতদার সচ্চরিত্র যুবাপুরুষের বিবাহ-সঙ্কল্প না থাকিলেও সময়বিশেষে বিবাহেচ্ছা হয়, ব্যক্তিবিশেষের প্রতি ব্যক্তিবিশেষের অকারণ প্রীতি বা বিদ্বেষ বলিয়া যাহা বিবেচিত হয়—তাহা অদৃষ্টমূলক ও এই অর্থ টীকা-সম্মত। পরন্তু এই রাগদ্বেষ অদৃষ্ট অর্থাৎ পূর্ব্ব জন্মের সংস্কারমূলক অর্থও হয়। ১২।

উপস্কারঃ।

হেত্বন্তরং সমুচ্চিনোতি।

রাগদ্বেষাবিতি শেষঃ। যদ্যপাদৃষ্টং সাধারণকারণং তথাপি কচিদ্ভৌ প্রতি অসাধারণতামপ্যনু-ভবতি যথা তজ্জন্মানুভূতকামিনীস্বস্যাপি যৌবনোদ্ভেদে কামিনীরাগঃ অননুভূতভুজঙ্গদংশ-দুঃখানামপি ভুজঙ্গেষু দ্বেষ ইত্যাদ্যূহনীয়ম্। ন চ প্রাগ্ভবীয়ঃ সংস্কার এবাত্র নিবন্ধনম্, তৎকল্পনে তদুদ্বোধকল্পনে চ প্রমাণাভাবাৎ অদৃষ্টস্যাবশ্যকল্পনীয়ত্বাৎ ॥ ১২ ॥

জাতিবিশেষাচ্চ ॥ ১৩ ॥

অনুবাদ।

জাতিবিশেষ বশতও (হয়)। ১৩।

ব্যাখ্যা।

জাতি-অনুসারেও ইচ্ছা ও দ্বেষ হইয়া থাকে। যথা,—মনুষ্যের অন্নাদি আহারের ইচ্ছা এবং ঘাস-বিচালি আহারে দ্বেষ হইয়া থাকে। ব্রাহ্মণের ঘৃত দুগ্ধ ভোজনে ইচ্ছা এবং পলাণ্ডু প্রভৃতি ভোজনে বিদ্বেষ হয়। ১৩।

উপস্কারঃ।

সহকার্য্যন্তরমাহ।

তথাহি মনুষ্যজাতীয়ানামন্নাদৌ রাগঃ, মৃগজাতীয়ানাং তৃণাদৌ, করভজাতীয়ানাং কণ্টকাদৌ তত্রাপি তত্তজ্জাতিনিষ্পাদকমদৃষ্টমেব তন্ত্রং দ্বারমাত্রন্তু জাতির্জন্মবিশেষঃ এবং পারাবতাদীনামুৎকরে রাগঃ। তথা মহিষজাতীয়ানাং তুরঙ্গমে দ্বেষঃ, সারমেয়াণাং শৃগালে, নকুলানাং ভুজঙ্গমে ইত্যাদ্যূহ্যম্ ॥ ১৩ ॥

ইচ্ছাদ্বেষপূর্ব্বিকা ধর্ম্মাধর্ম্মপ্রবৃত্তিঃ ॥ ১৪ ॥

অনুবাদ।

ধর্ম্মকার্য্য ও অধর্ম্মকার্য্যে প্রবৃত্তি ইচ্ছা ও বিদ্বেষমূলক। ১৪।

ব্যাখ্যা।

প্রবৃত্তি শব্দে প্রযত্ন অর্থাৎ প্রবৃত্তি নিবৃত্তি দুইই। স্বর্গাদি সুখের ইচ্ছায় যাগযজ্ঞাদি ধর্ম্মকার্য্যে প্রবৃত্তি হয়, ক্ষণিক সুখের ইচ্ছায় পাপকার্য্যে প্রবৃত্তি হয়। নরকদুঃখে বিদ্বেষবশতঃ অধর্ম্মকার্য্য হইতে নিবৃত্তি হয় এবং সুখব্যাঘাতমূলক ঐহিক দুঃখে বিদ্বেষবশতঃ ধর্ম্মকার্য্য নিত্য ব্রতোপবাস হইতে নিবৃত্তি হয়। টীকাকারেরা বলেন, প্রবৃত্তি শব্দের প্রবৃত্তিই অর্থ। "সুখের ইচ্ছায় ধর্ম্মকার্য্যে প্রবৃত্তি এবং বিদ্বেষবশতঃ হিংসাদি কার্য্যে প্রবৃত্তি হয়।" ফলতঃ বিদ্বেষ প্রবৃত্তির কারণ নহে। তবে বিদ্বেষ থাকিলে বিদ্বেষপাত্রের হিংসা ইষ্টসিদ্ধির উপায়, এই জ্ঞান হয়, তাহা হইতেই হিংসাদি কার্য্যে প্রবৃত্তি হইয়া থাকে। ১৪।

উপস্কারঃ।

এবং ধর্ম্মাধর্ম্মনিমিত্ততয়া রাগদ্বেষৌনিমিত্তানি পরিসংখ্যায় সম্প্রতি দোষাণাং ধর্ম্মাধর্ম্মকারণত্বং প্রবৃত্তিদ্বারেণাহ।

বিহিতে কর্ম্মণি রাগনিবন্ধনা নিষিদ্ধে কর্ম্মণি হিংসাদৌ দ্বেষনিবন্ধনা প্রবৃত্তিঃ, রাগনিবন্ধনা যাগাদৌ প্রবৃত্তির্ধর্ম্মং প্রসূতে, দ্বেষনিবন্ধনা হিংসাদৌ প্রবৃত্তিরধর্ম্মম্। তাবেতৌ বীজরূপৌ

সংসারমনুবর্ত্তয়তঃ তথাচ গৌতমীয়ং সূত্রম্ "প্রবৃত্তির্বাগ্ বুদ্ধিশরীরারম্ভঃ" (১ম অঃ ১ম আঃ ১৭ শ সূ) ইতি বাগারম্ভো বাচিকী প্রবৃত্তিঃ সত্যং প্রিয়ং হিতমিতি পুণ্যা, অনৃতম-প্রিয়মহিতমিতি পাপা, বুদ্ধিঃ বুধ্যতে জ্ঞায়তেঽনেনেতি মন উচ্যতে তেন মানসী প্রবৃত্তিস্তু দয়াদিঃ, শারীরী প্রবৃত্তির্দানং পরিচরণমিত্যাদিকা দশবিধা পাপা দশবিধা পুণ্যা চেতি ॥ ১৪ ॥

পরিষ্কারঃ।

প্রিয়মিতি স্বাধ্যায়স্যাপ্যুপলক্ষকম্। অহিতমিতি অসম্বদ্ধস্যাপ্যুপলক্ষকম্। মানসী পুণ্যা প্রবৃত্তিঃ দয়া চাস্পৃহা চ শ্রদ্ধা চেতি। পাপা তু পরদ্রোহশ্চ পরদ্রব্যাভীপ্সা চ নাস্তিক্যঞ্চেতি। ইত্যাদিকেত্যাদিপদাৎ পরিত্রাণমিত্যস্য পুণ্যপ্রবৃত্তিগণে পাপপ্রবৃত্তীনাং চ সর্ব্বাসাং গ্রহণম্। তাশ্চ হিংসাস্তেয়াগম্যাগমনরূপা ইতি পুণ্যপাপানাং প্রবৃত্তীনাং প্রত্যেকং দশবিধত্বমিতি ধ্যেয়ম্। ক্বচিৎ প্রবৃত্তিরিতি হেতুহেতুমতোরভেদোপচারাদদৃষ্টমিত্যর্থকং ভবতি ॥ ১৪ ॥

তৎসংযোগো বিভাগঃ ॥ ১৫ ॥

অনুবাদ।

সেই ধর্ম্ম ও অধর্ম্ম হইতেই সংযোগ অর্থাৎ শরীরধারণ—জন্ম এবং বিভাগ অর্থাৎ মৃত্যু হইয়া থাকে। ১৫।

ব্যাখ্যা।

ধর্ম্ম ও অধর্ম্ম হইতেই জন্ম, জীবন এবং ভোগ হইয়া থাকে; ফলারম্ভপ্রবৃত্ত অদৃষ্টের নাম প্রারব্ধ, ভোগাধীন প্রারব্ধ ক্ষয় হয়। এই প্রারব্ধক্ষয় মৃত্যুর হেতু হইলেও যে প্রাণস্পন্দন বা মনঃস্পন্দন হওয়ায় শরীরের সহিত বিভাগ উৎপন্ন হইলে চিরতরে সংযোগধ্বংস হয়, সেই স্পন্দনের হেতু অদৃষ্টও অদৃষ্ট-বিশিষ্টাত্মসংযোগ। সুতরাং মৃত্যুর প্রতিও ধর্ম্মাধর্ম্ম অর্থাৎ অদৃষ্টও কারণ। ১৫।

উপস্কারঃ।

ইদানীং ধর্ম্মাধর্ম্ময়োঃ প্রয়োজনং প্রেত্যভাবমাহ।

তাভ্যাং ধর্ম্মাধর্ম্মাভ্যাং সংযোগো জন্ম অপূর্ব্বাভিঃ শরীরেন্দ্রিয়বেদনাভিঃ সম্বন্ধঃ সংযোগ ইহোচ্যতে। বিভাগস্তু শরীরমনোবিভাগো মরণলক্ষণঃ তথাচায়ং জন্মমরণপ্রবন্ধঃ সংসারঃ প্রেত্যভাবাপরনামা ধর্ম্মাধর্ম্মাভ্যামিত্যর্থঃ। অয়মেব চ প্রেত্যভাবস্তাজবঞ্জবীভাব ইতি বৈদিকী সংজ্ঞা ॥ ১৫ ॥

পরিষ্কারঃ।

তাভ্যামিতি তদুভয়জনিত ইত্যর্থঃ। তজ্জনিতঃ সংযোগস্তৎসংযোগ ইতি মধ্যপদলোপী সমাসঃ। স্থিতিসাম্রাজ্যে জন্মলক্ষণাতিব্যাপ্তিবারণায় অপূর্ব্বাভিরিতি

পূর্ব্বাসম্বন্ধাভিরিতি মূলার্থঃ। 'বেদনা' প্রাণসংহতিঃ, বিদ্যতে অনয়েতি ব্যুৎপত্ত্যা। তথাচাপূর্ব্বশরীরপ্রাণসম্বন্ধো জন্মেতি ফলিতম্। ন চৈবমিন্দ্রিয়পদং ব্যর্থমিতি বাচ্যং দ্বিত্রিচ্ছিন্নগোধাভুজঙ্গাদীনাং খণ্ডশরীরোৎপত্তৌ জন্মলক্ষণাতিব্যাপ্তেঃ। তত্রাপি কিয়ৎকালং প্রাণসত্ত্বাঙ্গীকারাৎ। ন হি তত্রাপূর্ব্বেন্দ্রিয়সম্বন্ধ ইতি নাতিব্যাপ্তিঃ। অপূর্ব্বশরীরপ্রাণসম্বন্ধোঽপূর্ব্বেন্দ্রিয়প্রাণসম্বন্ধো বা জন্মেতি লক্ষণদ্বয়ে বা পর্য্যবসানং, ন চ চক্ষুরাদ্যনুৎপত্তিদশায়াং গর্ভশরীরসংযোগোৎপত্তিরূপজন্মন্যব্যাপ্তিরিতি বাচ্যং তদানীং চক্ষুরাদ্যনুৎপাদেঽপি অপূর্ব্বস্য মনসঃ সত্ত্বাদব্যাপ্তিবিরহাৎ। নম্বেবমপূর্ব্বেন্দ্রিয়প্রাণসম্বন্ধ এব জন্মাস্ত্বিতি চেন্ন মনোরূপেন্দ্রিয়স্য যাবৎসংসারমনুবর্ত্তমানস্যাপূর্ব্বতায়াঃ শরীরান্তর্ভাবং বিনা দুর্ব্বচত্বাৎ। শরীরগর্ভাপূর্ব্বত্বলাভায়ৈব শরীরপদোপাদানাৎ যচ্ছরীরাবচ্ছেদেনেন্দ্রিয়প্রাণয়োঃ সংযোগঃ তচ্ছরীরবৃত্তি যৎ সকলপরভিন্নসামান্যং তদাশ্রয়বৃত্তি প্রাগভাবাপ্রতিযোগিসংযোগবত্ত্বমেবাপূর্ব্বত্বং তাদৃশাপূর্ব্বত্ববিশিষ্টমনঃপ্রাণসংযোগস্য জন্মোত্তীর্ণতাদশায়ামভাবাৎ। গোধাদিচ্ছেদসম্ভূতখণ্ডশরীরে সর্ব্বত্র ন গোধাত্বব্যাপ্যজাতিরেকত্র মুখাদিসহিতে ভাগে তৎসত্ত্বমপরত্র বা তদভাবস্তত্র মুখাদিসহিতে ভাগে মনোরূপেন্দ্রিয়প্রাণয়োঃ সংযোগসত্ত্বেঽপি নাপূর্ব্বত্বং, ভাগান্তরে প্রাণসংযোগসত্ত্বেঽপি মনঃসংযোগসত্ত্বেঽপি চ মনঃপ্রাণয়োঃ সংযোগস্বীকারস্যানাবশ্যকত্বাৎ। শ্বাসপ্রশ্বাসহেতুপ্রযত্নার্থং মনঃপ্রাণসংযোগস্যাপেক্ষণীয়ত্বাৎ। লক্ষণদ্বয়রূপত্বে শরীরগতমপূর্ব্বত্বং তচ্ছরীরবৃত্ত্যপরজাতিমদ্‌বৃত্তিপ্রাগভাবপ্রতিযোগিপ্রাণসংযোগশূন্যত্বম্। খণ্ডিতগোধাবয়বাদৌ চ ন প্রাণসংযোগস্তৎকর্ম্মণশ্চেষ্টারূপত্বাঙ্গীকারেঽপি প্রাণসংযোগস্বীকারস্যানাবশ্যকত্বাদিত্যভ্যুপগমাৎ। অথবা বেদনাশব্দো জ্ঞানপরঃ। অপূর্ব্বাভিঃ শরীরেন্দ্রিয়বেদনাভিঃ সম্বন্ধঃ পরস্পরসম্বন্ধঃ, যস্যা অপূর্ব্ববেদনায়া অপূর্ব্বশরীরসংযুক্তাপূর্ব্বেন্দ্রিয়েণ যঃ সম্বন্ধঃ তৎ তস্য বেদনাশ্রয়স্য জন্মেতি ফলিতম্। শরীরস্যাপূর্ব্বত্বং প্রাগুক্তম্। ইন্দ্রিয়স্যাপূর্ব্বত্বঞ্চ শরীরারম্ভকাদৃষ্টজন্যসংযোগাশ্রয়ত্বম্। শরীরারম্ভাৎ পূর্ব্বং তৎসংযোগাভাবাদপূর্ব্বত্বেন ব্যপদেশঃ। বেদনাগতাপূর্ব্বত্বঞ্চ স্বসমানাধিকরণজ্ঞানাবচ্ছেদকশরীরবৃত্ত্যপরজাতিমদবচ্ছিন্নবেদনাবৃত্তিপ্রাগভাবাপ্রতিযোগিত্বম্। সামানাধিকরণ্যঞ্চ একক্ষণাবচ্ছেদেনৈকাত্মবৃত্তিত্বরূপম্। বিশেষণস্তত্রানুসন্ধেয়ঃ। বেদনাসম্বন্ধশ্চ বেদনাজননযোগ্যত্বম্। অপূর্ব্বশরীরেত্যনুপাদানে শরীরেঽপূর্ব্বত্বানির্বেশে চ স্থিতৌ জন্মাতিব্যাপ্তিঃ, অপূর্ব্বশরীরসম্বন্ধমাত্রোপাদানে খণ্ডিতাবয়বোৎপত্তাবতিব্যাপ্তিঃ। ইন্দ্রিয়ে অপূর্ব্বত্বানিবেশে পুত্রোৎপত্তিদশায়াং মাতুর্জন্মব্যবহারাপত্তিঃ মাতুরিন্দ্রিয়স্য

'স্বচঃ পুত্রাপূর্ব্বশরীরসংযুক্তত্বাৎ। কায়ব্যূহোৎপত্তৌ কায়ব্যূহকর্তৃজন্যব্যবহারা-ব্যাপ্তিবারণায় বেদনায়ামপূর্ব্বত্বনিবেশঃ। ১৫॥

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভবশ্রীপঞ্চাননতর্করত্নভট্টাচার্য্যকৃতবৈশেষিকসূত্রোপস্কার-পরিষ্কারে ষষ্ঠাধ্যায়ে দ্বিতীয়াহ্নিকম্ সমাপ্তশ্চ ষষ্ঠাধ্যায়ঃ।

আত্মকর্ম্মসু মোক্ষো ব্যাখ্যাতঃ॥ ১৬॥

অনুবাদ।

আত্মকর্ম্ম হইলে মোক্ষ হয় ইহা কথিত হইয়াছে। ১৬।

ব্যাখ্যা।

আত্মকর্ম্ম-অর্থে শ্রবণ, মনন, নিদিধ্যাসন প্রভৃতি। শাস্ত্রসম্মত আত্মা কি তাহা শাস্ত্র হইতে অবগত হওয়ার নাম শ্রবণ। বিচার দ্বারা শ্রুতবিষয়ের দৃঢ়তা সম্পাদন করিতে হয়; এই বিচারই অনুমানের উদ্ভাবক, এই অনুমান হইতে অনুমিতি হয়; দৃঢ়প্রমাণ জন্য অনুমিতি শ্রুতবিষয়ের দৃঢ়তাসম্পাদনে সক্ষম; এই দৃঢ়তাসম্পাদন হেতু অনুমিতিই মনন। তৎপরে নিদিধ্যাসন অর্থাৎ সমাধি। এই পথে অগ্রসর হইলে, আত্মসাক্ষাৎকার হয়; তখন, দেহাদির প্রতি অহং জ্ঞান থাকে না। তখন দেহে অহংজ্ঞানমূলক যে সুখাদির প্রতি ইচ্ছা ও দুঃখাদির প্রতি বিদ্বেষ তাহা আর হয় না। সুতরাং ধর্ম্মাধর্ম্ম আর উৎপন্ন হয় না, পূর্ব্বসঞ্চিত ধর্ম্মাধর্ম্মও দেহের অহংজ্ঞানের অভাবের সঙ্গে ভৃষ্টবীজের ন্যায় বিফল হইয়া পড়ে, সুতরাং নূতন ধর্ম্মাধর্ম্মের অনুৎপত্তি এবং পূর্ব্বতন ধর্ম্মাধর্ম্মের অকর্ম্মণ্যতা হেতু জন্ম হয় না; জন্ম না হওয়ায় মনও শরীরসম্বন্ধের অভাবে, দুঃখও হয় না। এই চরম দুঃখনিবৃত্তিই মুক্তি বা মোক্ষ। মননের উপযোগী বলিয়া দ্রব্যাদিপদার্থজ্ঞান প্রথম প্রয়োজনীয়। টীকাকার বলেন, আত্মসাক্ষাৎকার হইলে, যোগপ্রভাবে কায়ব্যূহ করিয়া—এককালে সহস্র সহস্র দেহ নির্ম্মাণ করিয়া পূর্ব্বসঞ্চিত যাবতীয় অদৃষ্টফল অল্পক্ষণমধ্যেই ভোগ করিয়া লওয়া হয়, এইরূপে সঞ্চিত অদৃষ্টের ক্ষয় এবং নব অদৃষ্টের অনুৎপত্তি হওয়াতেই আর জন্ম হয় না। ১৬।

ষষ্ঠ অধ্যায় দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ:

তদেতস্য প্রেত্যভাবস্য জন্মমরণপ্রবন্ধস্য যত্র চ পর্য্যবসানং তং মোক্ষং নিরূপয়িতুমাহ।

অয়মেব শরীরমনোবিভাগঃ আত্মকর্ম্মসু সৎসু মোক্ষো ভবতীত্যর্থঃ। তত্রাত্মকর্ম্মাণি তাবৎ

সপ্তমাধ্যায়ে প্রথমাহ্নিকম্ ।

উক্তা গুণাঃ ॥ ১ ॥

অনুবাদ ।

গুণ কথিত হইয়াছে ॥ ১ ॥

ব্যাখ্যা ।

গুণের নির্দ্দেশ এবং লক্ষণ করা হইয়াছে। অদৃষ্টের বিচারও করা হইয়াছে ॥ ১ ॥

উপস্কারঃ ।

সংসারমূলকারণতয়া সর্ব্বোৎপত্তিমন্নিমিত্তকারণতয়া ভোগসাধনতয়া চোৎপত্তিতঃ প্রত্যাত্ম-নিয়তত্বেন পরাদৃষ্টস্যাপি পরভোগসাধকত্বেন চ ধর্ম্মাধর্ম্মৌ পরীক্ষণীয়ৌ গুণান্ পরীক্ষিষু-স্তেষামুদ্দেশং লক্ষণঞ্চ স্মারয়তি ।

উদ্দিষ্টা লক্ষিতাঃ গুণাস্তেত্যর্থঃ। তত্র রূপাদয়ঃ সপ্তদশ কণ্ঠরবেণোক্তাঃ চশব্দসমুচ্চিতাঃ সপ্ত, তেন চতুর্ব্বিংশতিরপি গুণা উক্তাঃ, তত্র নিত্যবৃত্তিনিত্যাবৃত্তিসত্তাসাক্ষাদ্ব্যাপ্যজাতিমত্ত্বং গুণত্বং সমবায়িকারণাবৃত্তিনিত্যাবৃত্তিসত্তাসাক্ষাদ্ব্যাপ্যজাতিমত্ত্বং বা অসমবায়িকারণবৃত্তিনিত্যাবৃত্তিসত্তা-সাক্ষাদ্ব্যাপ্যজাতিমত্ত্বং বা কার্য্যাসমানাধিকরণকর্ম্মাবৃত্তিজাতিমত্ত্বং বা ॥ ১ ॥

পরিষ্কারঃ ।

যদ্যপ্যদৃষ্টমুৎপত্ত্যা একৈকাত্মবৃত্তিত্বেন পরকীয়মিদমেতদীয়মিদমিতি তেন প্রত্যাত্ম-নিয়তত্বাপি সামান্যেনাদৃষ্টস্য সংসারকারণত্বাদিনা পরকীয়াদৃষ্টস্যাপি পুরুষান্তরীয়-সংসারকারণত্বাদিকমস্তি, ন চৈবং কিঞ্চিদপি গুণান্তরং সর্ব্বোপযোগি ভবতি। তথা গুণান্তরপ্রকর্ষাৎ প্রথমমদৃষ্টপরীক্ষণমনন্তরং গুণান্তরপরীক্ষণমত্রাধ্যায় আরভ্যত ইত্যাশয়েনাহ সংসারেতি ॥ ১ ॥

পৃথিব্যাদিরূপরসগন্ধস্পর্শা দ্রব্যানিত্যত্বাদনিত্যাশ্চ ॥ ২ ॥

অনুবাদ।

পৃথিবী প্রভৃতির রূপ, রস, গন্ধ ও স্পর্শ, দ্রব্যের অর্থাৎ আশ্রয়ের অনিত্যত্ব প্রযুক্ত অনিত্য (হইয়া থাকে) ॥ ২ ॥

ব্যাখ্যা।

পূর্ব্বেই বলা হইয়াছে, পৃথিবী প্রভৃতি নিত্য এবং অনিত্য দুই প্রকার; তন্মধ্যে অনিত্য পৃথিবী প্রভৃতিতে যে রূপাদি থাকে তাহা অনিত্য। রূপাদির মধ্যে যে দ্রব্যে যাহা থাকা সম্ভবপর, তাহাই গ্রহণ করিবে; যথা বায়ুতে রূপাদি নাই কেবল স্পর্শ ॥ ২ ॥

উপস্কারঃ।

তত্র গুণত্বেন গুণপরীক্ষা সপ্তমাধ্যায়ার্থঃ। তত্র প্রথমাহ্নিকে নিত্যতয়া গুণপরীক্ষা অনিত্যতয়া গুণপরীক্ষা, পাকজগুণপরীক্ষা, সঙ্খ্যাদানেকবৃত্তিগুণপরীক্ষা, পরিমাণপরীক্ষা চেতি পঞ্চ প্রকরণানি, তত্র রূপাদীনাঞ্চতুর্ণামনিত্যত্বমাহ।

পৃথিব্যাদীনাং বায়ন্তানামবয়বিনাং রূপাদয়শ্চত্বারো গুণা অনিত্যাঃ। যদ্যপ্যন্তেঽপি গুণা অবয়বিষু বর্ত্তমানা অনিত্যা এব, তথাপি তেষামন্যতোঽপি বিনাশঃ, রূপাদয়শ্চত্বারো গুণা আশ্রয়-নাশাদেব নশ্যন্তি ন তু বিরোধিগুণান্তরাৎ, দ্রব্যানিত্যত্বাদিতি দ্রব্যস্যাশ্রয়ভূতস্যানিত্যত্বাদাশ্রিতানা-মনিত্যত্বমিত্যর্থঃ ॥ ২ ॥

পরিস্কার।

রূপাদয় ইতি পৃথিব্যাং চত্বারোঽপ্সু গন্ধহীনাস্ত্রয়স্তেজসি গন্ধরসহীনৌ দ্বৌ বায়ৌ চ স্পর্শ এবৈকো গ্রাহ্যঃ। পৃথিব্যাদীত্যুক্তাপি অপ্সু তেজসি বায়ৌ চেত্যু-ত্তরসূত্রং যদ্ বক্ষ্যতে তদেতদ্‌যথাসম্ভবান্বয়বোধনায়। সর্ব্বেষাং পৃথিবীগুণানা-মাপ্যাদিষবৃত্তিত্বাদ্যভিপ্রায়েণোপস্কারেঽপি বক্ষ্যতি পৃথিবীমন্তর্ভাব্যানিত্যেষনিত্যা ইত্যুক্তমিদানীমাপ্যাদিষেবাহেতি ॥ ২—৫ ॥

এতেন নিত্যেষু নিত্যত্বমুক্তম্ ॥ ৩॥

অনুবাদ।

ইহার দ্বারা নিত্যে (নিত্য-আশ্রয়ে যে রূপাদি থাকে তাহার) নিত্যত্ব কথিত হইল ॥ ৩ ॥

ব্যাখ্যা।

যে রূপাদি নিত্য বস্তুতে থাকে তাহা নিত্য, তবে নিত্য পৃথিবীতে যে রূপাদি থাকে তৎসম্বন্ধে বিশেষ কথা কথিত হইতেছে ॥ ৩ ॥

উপস্কারঃ।

রূপাদীনামনিত্যত্বে যদাশ্রয়ানিত্যত্বং তন্ত্রং তদা নিত্যাশ্রয়বৃত্তীনাং নিত্যত্বমিত্যাক্ষেপবললভ্য-মিত্যাহ।

রূপাদীনামেব চতুর্ণাং নিত্যেষ্বাশ্রয়েষু বর্তমানানাং নিত্যত্বমুক্তম্‌। এতেনেতি আশ্রয়ানিত্যত্বেনা-নিত্যত্বাভিধানেনেত্যর্থঃ। বৃত্তিকৃতস্তু নিত্যেষ্বনিত্যত্বমুক্তমিত্যকারপ্রশ্লেষস্তথা চ পার্থিবপর-মাণুষ্বগ্নিসংযোগান্নাশ ইতি ব্যাচক্ষুঃ॥ ৩॥

অপ্সু তেজসি বায়ৌ চ নিত্যা দ্রব্যনিত্যত্বাৎ॥ ৪॥

অনুবাদ।

(নিত্য) জল, তেজ এবং বায়ুতে (যে রূপাদি আছে তাহা) নিত্য; কেননা (ঐ রূপাদির) দ্রব্য (আশ্রয়) নিত্য॥ ৪॥

ব্যাখ্যা

নিত্য জল—জলীয় পরমাণু, নিত্য তেজ—তৈজস পরমাণু, এবং নিত্য বায়ু—বায়বীয় পরমাণু। ইহাতে যে রূপাদি আছে—জলে রূপ, রস ও স্পর্শ, তেজে রূপ ও স্পর্শ, এবং বায়ুতে স্পর্শ আছে—এই সকল গুণের আশ্রয় নিত্য—অবি-নাশী হইলে এই সকল গুণও অবিনাশী হয়॥ ৪॥

উপস্কারঃ।

তৎ কিং পার্থিবেঽপি নিত্যবৃত্তিরূপাদীনাং নিত্যত্বমেবেত্যতো বিশিনষ্টি।

আপ্যপরমাণৌ রূপরসস্পর্শা নিত্যাঃ, তৈজসপরমাণৌ রূপস্পর্শৌ, বায়ুপরমাণৌ স্পর্শো নিত্যঃ, নন্থ নিত্যেঽপি বর্তমানানাং রূপাদীনামনিত্যত্বে কো বিরোধঃ শব্দবুদ্ধ্যাদীনামিবেত্যত-স্তকারেণ গুণান্তরাপ্রাদুর্ভাবো হেতুস্তবং সূচিতম্‌, শব্দে হি তীব্রমন্দাদিভাবেন গুণান্তরপ্রাদুর্ভাবো-হনুভূয়তে, জ্ঞানাদৌ চ জ্ঞানাদিবিরোধী সংস্কারাদিঃ, আপ্যতৈজসবায়বীয়পরমাণুষু রূপাদি-বিরোধিগুণান্তরং ন প্রাদুর্ভবতি, যদি প্রাদুর্ভবেত্তদা তদারব্ধেঽপি দ্ব্যণুকাদিপ্রক্রমেণাপ্যাদাবয়-বিষ্বপি পূর্ববিজাতীয়ং রূপাদ্যনুভূয়েত, নহি শুক্লরূপবিজাতীয়ং রূপং তোয়তেজসোর্বা শীতোষ্ণ-স্পর্শবিজাতীয়ো স্পর্শো, উষ্ণং জলং শীতো বায়ুরিত্যাদিপ্রতীতিস্তু পার্থিবনিবন্ধনেতি ভাবঃ॥ ৪॥

অনিত্যেষ্বনিত্যা দ্রব্যানিত্যত্বাৎ॥ ৫॥

অনুবাদ।

অনিত্যে—অনিত্য, যেহেতু আশ্রয়-দ্রব্য অনিত্য॥ ৫॥

ব্যাখ্যা।

জল, তেজ এবং বায়ু—অনিত্য হইলে, তদীয় রূপ, রস ও স্পর্শ অনিত্য। তাৎপর্য এই যে—গুণ দ্রব্যকে আশ্রয় করিয়া থাকে, যদি দ্রব্যই না থাকিল তবে গুণ

কোথায় থাকিবে—সুতরাং দ্রব্য নাশে গুণের নাশও অবশ্যম্ভাবী। যদি দ্রব্য বিনষ্ট না হয়—নিত্য হয়, তাহা হইলে তদীয় গুণ বিনষ্ট হইবার অপর কারণ না থাকিলে, নিত্য হইবেই ॥ ৫ ॥

উপস্কারঃ।

পূর্ব্বং পৃথিবীমন্তর্ভাব্যানিত্যেষনিত্যা ইত্যুক্তমিদানীমাপ্যাদিষেবাহ।
অবাদ্যবয়বিরূপাদয় আশ্রয়নাশাদেব নশ্যন্তি ন তু বিরোধিগুণান্তরাদপীত্যর্থঃ ॥ ৫ ॥

কারণগুণপূর্ব্বকাঃ পৃথিব্যাং পাকজাঃ ॥ ৬ ॥

অনুবাদ।

পৃথিবীতে (যে রূপাদি আছে তাহা) কারণগুণপূর্ব্বক ও পাকজ ॥ ৬ ॥

ব্যাখ্যা।

অনিত্য পৃথিবীতে যে রূপাদি হয়, তাহা কারণ-গুণানুসারে হইয়া থাকে—অর্থাৎ অবয়ব রূপাদি অবয়বীর রূপাদির প্রতি কারণ হইয়া থাকে। আর মূল কারণের অর্থাৎ পার্থিব পরমাণুর রূপাদি, পাকজ অর্থাৎ অগ্নিসংযোগাদি জন্য হইয়া থাকে। মৃত্তিকা লইয়া কপাল প্রস্তুত করিলে, কপালদ্বয় সংযুক্ত করিয়া ঘট প্রস্তুত করিলে, মূল মৃত্তিকার যে শ্যাম রূপ বা বর্ণ কপালে সেই শ্যাম রূপ বা বর্ণ হয় —কপালের বর্ণ মত ঘটেরও শ্যাম বর্ণ হয়—অপক্ক ঘটের বর্ণের এই ব্যবস্থা। বুঝিবে মৃত্তিকার ক্ষুদ্র অবয়ব পরমাণুতেও ঐ প্রকার রূপই আছে, নতুবা মৃত্তিকা ও তৎ-পিণ্ডাদিতেও ঐ শ্যামরূপ হইত না। তাহার পর ঘট পোড়াইলে লাল হয়। কেননা অগ্নিপক্ক হওয়ায় ঐ ঘটের মূল কারণ পরমাণুর বর্ণ, বদলাইয়া যায়, সেই লালবর্ণের পরমাণু হইতে দ্ব্যণুক-উৎপত্তিক্রমে লালবর্ণ ঘটের উৎপত্তি হয়। আপাক অর্থাৎ পোয়ানের প্রবল অনলে ঘট পোড়াইতে দিলে, অগ্নির উত্তাপে ঘট গলিয়া যায়—তখন তাহার অবয়বসমূহের দৃঢ়সংযোগ শিথিল হইয়া দ্ব্যণুক—পুঞ্জরূপে পরিণত হয়, পরে দ্ব্যণুকেরও ভঙ্গ সময় উপস্থিত হইলে, দ্ব্যণুকাবয়ব পরমাণু স্পন্দিত হইতে থাকে, সেই স্পন্দন হইতে বিভাগ হয়—তৎপরক্ষণেই যে দুইটী পরমাণু পরস্পর সংযুক্ত থাকিয়া দ্ব্যণুক হইয়াছিল—সেই দুটী পরমাণুর একটী পরমাণু স্পন্দন বশতঃ বিভক্ত হয়—সে সংযোগও বিনষ্ট হয়—পরক্ষণেই দ্ব্যণুকও নষ্ট হয়। পরমাণুতে অগ্নিসংযোগ হেতু পূর্ব্বতন শ্যামরূপ বিনষ্ট হয়; অধিকতর অগ্নিসংযোগে তৎপরক্ষণেই রক্তরূপ বা লাল রং উৎপন্ন হয়; পরেই

পরমাণু পুনরায় স্পন্দিত হইয়া পূর্ব্বতন সংযুক্ত পরমাণু অভিমুখে নীত হয়, সে সময় বিচ্ছিন্ন অবস্থায় পরমাণু যে দেশে সংযুক্ত ছিল—সে দেশের সহিত বিভাগ ও সংযোগ নাশ হয় অপর পরমাণুর সহিত পুনঃ সংযোগ হয়, তৎপরক্ষণেই দ্ব্যণুকের উৎপত্তি, পরক্ষণেই লাল রং দ্ব্যণুকেরও হয়—এই রীতিক্রমে দ্ব্যণুক হইতে ত্র্যসরেণু—তাহা হইতে ক্রমে মৃৎপিণ্ড—কপাল ঘট সবই উৎপন্ন হয় এবং লাল হয়। জ্বলন্ত বহ্নিকুণ্ডের মধ্যে এই যে ঘটের নাশ ও উৎপত্তি, ইহা অদ্ভুত ব্যাপার হইলেও সত্য। পরমাণুতে পাক হইয়া রূপের পরিবর্ত্তন হওয়ায় সেই পরমাণু হইতে দ্ব্যণুক-ক্রমে উৎপন্ন ঘটেরও রক্তবর্ণ হয়—ন্যায় দর্শনের ইহা সম্মত নহে। ন্যায়ের মত, এই—ঘট পোয়ানে পোড়াইতে দিলে, ঘটের অভ্যন্তরস্থ সূক্ষ্ম ছিদ্র দ্বারা অগ্নির সূক্ষ্ম শিখাসমূহ ঘটের সর্ব্বাবয়ব দাহ করে, তাহাতেই বর্ণ পরিবর্ত্তিত হয়, ঘট যে নষ্ট হইয়া নূতন বর্ণের উপাদানে পুনর্গঠিত হয় তাহা নহে। রসাদির পক্ষেও এই নিয়ম। যাহা হউক উভয় মতেই পৃথিবীর অর্থাৎ নিত্য অনিত্য দ্বিবিধ পৃথিবীরই বর্ণ, রস, গন্ধ ও স্পর্শ অগ্নিসংযোগে পরিবর্ত্তনশীল, জলাদির তাহা নহে। জলাদিনাশেই কেবল বর্ণাদির নাশ হয়—নাশ না হইলে বর্ণাদিও নষ্ট হয় না ॥ ৬ ॥

উপস্কারঃ ।

ননু পৃথিব্যামবয়বিরূপায়ামপি রূপাদয়োঽগ্নিসংযোগাদেবোৎপদ্যন্তে নশ্যন্তি চ, তৎ কথমাশ্রয়-নাশমাত্রনাশ্যা ইত্যত আহ।

পাকজা ইতি রূপরসগন্ধস্পর্শা ইত্যর্থঃ। কারণগুণপূর্ব্বকা ইতি রূপাশ্রয়স্য ঘটাদের্যৎ সমবায়ি-কারণং কপালাদি তদ্‌গুণপূর্ব্বকাঃ, তথাচ কপালরূপং কারণৈকার্থসমবায়প্রত্যাসত্ত্যা ঘটরূপাদ্যসম-বায়িকারণম্, এবং রসাদাবপি, রূপরসগন্ধস্পর্শাঃ রূপত্বাদিগুণত্বসাক্ষাদ্ব্যাপ্যজাতিমন্তঃ। ননু চক্ষুর্গ্রাহ্যত্বমেব রূপত্বমুপাধিরিতি চেৎ ইন্দ্রিয়পাতমাত্রেণ রূপমিতি-প্রত্যয়ানুদয়প্রসঙ্গাৎ অননু-সংহিতোপাধেরুপহিতপ্রত্যয়াযোগাদিতি উপাধিশ্চাত্র চক্ষুস্তচ্চাতীন্দ্রিয়ং গ্রাহ্যত্বঞ্চ গ্রহণবিষয়ত্বং তদপ্যচাক্ষুষং রূপত্ববিশিষ্টপ্রতীতেশ্চ চাক্ষুষত্বাৎ, চক্ষুর্মাত্রবহিরিন্দ্রিয়গ্রাহ্যগুণত্বং রূপত্বম্, অতী-ন্দ্রিয়রূপাব্যাপ্তিরিতি চেন্ন চক্ষুর্মাত্রবহিরিন্দ্রিয়গ্রাহ্যজাতিমত্ত্বস্য বিবক্ষিতত্বাৎ তাদৃশী চ জাতা রূপত্বং নীলত্বাদিকা চেতি। নন্বেকৈকা এব নীলপীতাদিব্যক্তয়ো নিত্যা ন তু তত্র নীলত্বাদিজাতয় একব্যক্তিকত্বাদিতি চেন্ন নীলতরনীলতমাদিপ্রত্যয়ানুদয়প্রসঙ্গাৎ, ধাবল্যাদিসত্ত্বেঽপ্যভাবকৃতস্তত্র তারতম্যব্যবহার ইতি চেন্ন প্রমাণাভাবাৎ, শ্যামং রূপং নষ্টং রক্তমুৎপন্নমিতি প্রতীতেশ্চ, ন চ সা সমবায়োৎপত্তিবিনাশকৃতেতি বাচ্যং সমবায়স্য তত্রানুল্লেখাৎ তস্য নিত্যত্বাচ্চ ঘটাদেরপ্যনিত্য-তায়ামেবং সন্তানাবসানাপত্তেঃ সমবায়ানিত্যত্বেনৈব তত্রাপ্যন্যথাসিদ্ধেঃ সুবচত্বাৎ, ননু নীল-পীতাদয়ো গুণা দ্রব্যাভিন্না এব ধর্ম্মধর্ম্মিণোরভেদাদিতি চেন্ন রূপং ঘটঃ স্পর্শো ঘট ইত্যাদিব-

ত্বপ্রসঙ্গাৎ, নন্বিদং নেদমনিষ্টং যতো ভবত্যেব শুক্লঃ পটো নীলঃ পট ইত্যাদিপ্রতীতিরিতি চেন্ন মতুব্লোপাদভেদোপচারাদ্বা প্রতীত্যুপপত্তেঃ, ভেদে প্রমাণে সতি কল্পনেয়ং যথাকথঞ্চিদুপপাদ্যতে ইতি চেন্ন চন্দনস্য রূপং চন্দনস্য গন্ধ ইত্যাদিব্যপদেশবলাদ্ভেদসিদ্ধেঃ পটস্য রূপাভেদে পটবদ্রূপমপি ত্বগিন্দ্রিয়েণ গৃহ্যেত ঘটমানয়েত্যুক্তে যৎকিঞ্চিদ্দ্রব্যমানয়েৎ রূপমানয়েত্যুক্তে যৎকিঞ্চিদ্দ্রব্যমানয়েৎ, অস্তু তর্হি ভেদাভেদঃ অত্যন্তভেদেঽত্যন্তাভেদে চ সামানাধিকরণ্যানুপপত্তেরিতি চেন্ন অবচ্ছেদভেদং বিনা বিরুদ্ধয়োর্ভেদাভেদয়োরেকত্রাসম্ভবাৎ, অন্যোন্যাভাবস্যাব্যাপ্যবৃত্তিবৃত্তিনিত্যাভাবাব্যাপ্যবৃত্তিত্বাভাবত্বাত্যন্তাভাবত্ববদিতি চেন্ন একত্র সংযোগতদত্যন্তাভাবয়োঃ প্রতীতিবলাদত্যন্তাভাবস্যাব্যাপ্যবৃত্তিত্বাভ্যুপগমাৎ অন্যোন্যাভাবে তু তথাপ্রতীতেরভাবাৎ। তদেতদ্রূপং পৃথিব্যাং নানাপ্রকারকম্, পাথসি তেজসি চ শুক্লমেব, ক্বচিৎ পটাদৌ চ চিত্রমপি রূপমধিকম্ অন্যথা তদচাক্ষুষত্বাপাতাৎ। রূপবত এব চাক্ষুষদ্রব্যত্বাৎ। ন চ বিজাতীয়রূপৈ রূপান্তরারম্ভঃ, নীলপীতাদীনামারম্ভে রূপত্বেনৈব সাজাত্যস্যাপেক্ষিতত্বাৎ অন্যথা তদচাক্ষুষত্বাপত্তেরুক্তত্বাৎ ন চাবয়বরূপোপগ্রহেণৈবাবয়বিগ্রহঃ অবয়বানামপি চিত্রতয়া নীরূপত্বপ্রসঙ্গাৎ, যত্র বা পাকাৎ পরমাণুষু চিত্রং রূপং তত্রৈব তৎপরম্পরারব্ধপটাদৌ চিত্ররূপোপপত্তেঃ, ন চ হরীতক্যাং রসোঽপি চিত্র ইতি বাচ্যং হরীতক্যা নীরসত্বেঽপি দোষাভাবাৎ, ষড্রসত্বব্যবহারস্তু তত্তদ্রসগুণকারিতয়া। এবং গন্ধোঽপি ন চিত্রঃ সৌরভাসৌরভবদবয়বৈর্দ্রব্যস্যানারম্ভকত্বাৎ, কর্কট্যাদৌ ক্বচিদবয়বে তৈক্ত্যং ক্বচিন্মাধুর্য্যং তথাচ কতমো রসঃ কর্কট্যামিতি চেন্মাধুর্য্যমেব, গুণবিরোধেন কথং তথা স্যাদিতি চেৎ তদবয়বে তৈক্ত্যাভাবাৎ, তথানুভবঃ কথমিতি চেৎ কর্কটীভক্ষণক্ষুভিতরসনাগ্রবর্ত্তিপিত্তদ্রব্যস্য তিক্ততোপলম্ভাৎ অত এব কদাচিদ্গুড়মপি তিক্তায়তে, হরীতক্যামপি কথমিয়ং ন গতিরিতি চেন্ন তদবয়বেষু কষায়মাধুর্য্যলবণাদিনানারসানুভবাদিত্যলং পল্লবেন। তচ্চ রূপং নয়নসহকারি, নন্বেবং বায়ৌ রূপাভাবস্য তমসশ্চ কথং চাক্ষুষত্বমিতি চেন্ন, ভাবগ্রহ এব রূপস্য নয়নসহকারিত্বাৎ বিষয়ালোকচক্ষুষাং ত্রয়াণামপি রূপাণি চাক্ষুষপ্রতীতিপ্রয়োজকানি। রসোঽপি রসত্বজাতিমান্ রসত্বং রসনেন্দ্রিয়মাত্রজন্যসাক্ষাৎকারবিষয়জাতিঃ তাদৃশজাতিমত্ত্বং রসত্বং সোঽয়ং জীবনপুষ্টিবলারোগ্যহেতুঃ রসনসহকারী, রসনেন্দ্রিয়গ্রাহ্যগুণত্বব্যাপ্যজাতিমত্ত্বং রসত্বং তথা সতি নাতীন্দ্রিয়রসাব্যাপ্তিঃ। ঘ্রাণমাত্রগ্রাহ্যো গুণো গন্ধঃ ঘ্রাণমাত্রগ্রাহ্যগুণত্বব্যাপ্যজাতিমত্ত্বং গন্ধত্বং স চ সুরভিরসুরভিশ্চেতি দ্বিবিধঃ, যদ্বা পৃথিবীবৃত্তিমাত্রবৃত্তিগুণত্বসাক্ষাদ্ব্যাপ্যজাতিমত্ত্বং গন্ধত্বম্। এবং স্পর্শোঽপি স্পর্শত্বজাতিমান্ গুণঃ ত্বগিন্দ্রিয়মাত্রগ্রাহ্যগুণত্বসাক্ষাদ্ব্যাপ্যজাতিমত্ত্বং স্পর্শত্বং দ্রব্যচতুষ্টয়বৃত্তিশ্চায়ম্ অনুষ্ণাশীতশীতোষ্ণভেদাৎ ত্রিবিধঃ। ইদানীং প্রসঙ্গাৎ পাকজপ্রক্রিয়া চিন্ত্যতে। তত্র কার্য্যকারণসমুদায় এব পচ্যতে ইতি পিঠরপাকবাদিনঃ, পীলবঃ পরমাণব এব স্বতন্ত্রাঃ পচ্যন্তে তত্রৈব পূর্ব্বরূপনাশাগ্রিমরূপাদ্যুৎপত্তিঃ কারণগুণপ্রক্রমেণ চাবয়বিনি রূপাদ্যুৎপদ্যতে ইতি পীলুপাকবাদিনঃ, অত্রেদং তত্ত্বম্,—আপাকে নিঃক্ষিপ্তস্য ঘটাদেরামদ্রব্যস্য বহ্নিনা নোদনাদভিঘাতাদ্বা তদারম্ভকেষু পরমাণুষু দ্রব্যারম্ভকসংযোগবিরোধিবিভাগেনারম্ভকসংযোগনাশে দ্রব্যনাশাবশ্যম্ভাবাৎ, দৃশ্যতে হি স্থাল্যামাহিতানাং তণ্ডুলাদীনামগ্নিসন্তাপনমাত্রেণ ভর্জ্জনাত্তদানীমেব নাশঃ, ক্ষীরনীরাদীনাঞ্চ তাদৃশমূর্ণতা, তথাচাপাকে বহ্নিজ্বালাজালাভিহতানাং দ্রব্যাণামবস্থানমিতি মহতী প্রতারণা, কিঞ্চ যদি দ্রব্যনাশস্তদা মধ্যভাগে পাকানুপপত্তিঃ ন হি দৃঢ়তরাবয়বান্তরাবরুদ্ধে মধ্যভাগে

তেজঃসংযোগসম্ভাবনা যেন তত্র শ্যামাদিনিবৃত্তিঃ স্যাৎ, তথাচ শ্যামা অবয়বাঃ অবয়বী চ রক্ত ইতি মহদ্বৈশসম্‌। ননু সচ্ছিদ্রাণ্যেবাবয়বিদ্রব্যাণি কথমন্যথা কুম্ভাদাবন্তর্নিহিতানাং তৈলঘৃতাদীনাং স্যন্দনং স্রপণঞ্চ, তথাচ মধ্যভাগেঽপি তেজঃসংযোগঃ স্যাদেবেতি চেন্ন মূর্ত্তানাং সমানদেশতা-বিরোধাৎ অবয়বান্তরসংযুক্তে মধ্যভাগে তেজঃসংযোগাসম্ভবাৎ। ননু যদি দ্রব্যনাশঃ, কথং তর্হি স এবায়ং ঘট ইতি প্রত্যভিজ্ঞা, কথং বা সর্ব্বাস্ববস্থাসু আপাকাদৌ ঘটাদেস্তাদৃশস্যৈব দর্শনং, ঘটাদেরুপরি নিহিতানাং শরাবোদঞ্চনাদীনাং তথৈব দর্শনং ঘটাদিস্ফুটনে হি তেষাং পাতঃ স্যাৎ, কথং বা যাবন্ত এবাপাকে নিহিতাস্তাবন্ত এব পুনঃ প্রাপ্যন্তে, পরমাণুভির্দ্ব্যণুকাদিপ্রক্রমেণ ন্যূনানামধিকানাং বা তদানীমারম্ভসম্ভবাৎ, কথং বা তাবৎপরিমাণস্যৈব ঘটাদীস্যাপাকোত্তীর্ণস্যো-পলভ্যন্তে, রেখোপরেখাদিচিহ্নবিলোপো বা কথং ন ভবেৎ তথাচ বয়বিন্যেব পাক ইতি চেৎ মৈবং সূচ্যগ্রেণ ঘটাদৌ ত্রিচতুরত্রসরেণুবিভাগে সতি দ্রব্যারম্ভকসংযোগনাশে দ্রব্যনাশে সর্ব্বাসা-মনুপপত্তীনামুভয়সমাধেয়ত্বাৎ ন হি তত্র দ্রব্যং ন নশ্যতীতি পিঠরপাকবাদিনোঽপি বক্তুমুৎ-সহন্তে। তত্রাপি ঘটাদয়ো ন নশ্যন্তি কতিপয়াবয়বনাশেঽপ্যবশিষ্টাবয়বমাশ্রিত্য কার্য্যাবস্থানসম্ভ-বাদন্যথা প্রত্যভিজ্ঞানাদ্যনুপপত্তিরেবেতি মীমাংসকাঃ, তে তু তাবদবয়বাবস্থানযোগাস্তু ঘটাদেঃ স্বল্পেষবয়বেষু কথং বৃত্তিঃ স্যাদিতি প্রষ্টব্যাঃ. অবিনষ্ট এব পটে পরিমাণসঙ্কোচবদেতদুপপৎস্যতে ইতি তেষামুত্তরমিতি চেন্ন কঠিনতরাবয়বানাং কাষ্ঠপাষাণস্তম্ভকুম্ভাদীনাং সঙ্কোচবিকাশয়ো-রদর্শনাৎ, ঘটাদিনাশকাভিমতেন তৎপরিমাণমেব নশ্যতীতি চেন্ন পরিমাণস্যাশ্রয়নাশৈক-নাশ্যত্বাৎ ঘটাদিপ্রত্যভিজ্ঞানবৎ সূচীদলনস্থলে পরিমাণস্যাপি প্রত্যভিজ্ঞায়মানত্বাৎ ত্বন্মতে তন্নাশ-স্যাপ্যনুপপত্তেরিতি দিক্‌। যেষাং মতে দ্রব্যারম্ভকসংযোগপ্রতিদ্বন্দ্বী তদপ্রতিদ্বন্দ্বী চ বিভাগ একস্যৈবাবয়বক্রিয়য়া জন্যতে তেষাং দ্ব্যণুকনাশমারভ্য নবমক্ষণে দ্ব্যণুকান্তরে রক্তাদ্যুৎপত্তি-রেকস্মিন্নেব পরমাণৌ ক্রিয়াচিন্তনাৎ তথাহি বহ্নিনা নোদনাৎ দ্ব্যণুকারম্ভকে পরমাণৌ কর্ম্ম ততো বিভাগস্ততো দ্রব্যারম্ভকসংযোগনাশস্ততো দ্ব্যণুকনাশঃ নষ্টে দ্ব্যণুকে কেবলে পরমা-ণাবগ্নিসংযোগাচ্ছ্যামাদিনিবৃত্তিঃ শ্যামাদৌ নিবৃত্তে অন্যস্মাদগ্নিসংযোগাদ্রক্তাদ্যুৎপত্তিঃ রক্তা-দাবুৎপন্নে পরমাণুক্রিয়ানিবৃত্তিস্তদনন্তরমদৃষ্টবদাত্মসংযোগাৎ, পরমাণৌ কর্ম্ম ততো বিভাগস্ততঃ পূর্ব্বসংযোগনিবৃত্তিস্ততঃ পরমাণ্বন্তরেণ দ্রব্যারম্ভকঃ সংযোগস্ততো দ্ব্যণুকোৎপত্তিরুৎপন্নে দ্ব্যণুকে কারণগুণপ্রক্রমেণ রক্তাদ্যুৎপত্তিরিতি নব ক্ষণাঃ। যদি পূর্ব্বক্রিয়ানিবৃত্তিক্ষণ এব ক্রিয়ান্তরমুৎপদ্যতে তদা, যদি তু পূর্ব্বক্রিয়ানিবৃত্ত্যনন্তরকালে ক্রিয়ান্তরমুৎপদ্যতে তদা দশ ক্ষণাঃ, বিভাগজবিভাগা-ভ্যুপগমেঽপি যদি দ্রব্যারম্ভকসংযোগনাশবিশিষ্টং কালমপেক্ষ্য বিভাগজো বিভাগস্তদা দশক্ষণা যদি তু দ্রব্যনাশবিশিষ্টং কালমপেক্ষ্য বিভাগেন বিভাগান্তরং জন্যতে তদৈকাদশক্ষণা প্রক্রিয়া। তথাহি দ্ব্যণুকনাশবিভাগজবিভাগাবিত্যেকঃ কালঃ, ততঃ পূর্ব্বসংযোগনাশশ্যামাদিনিবৃত্তী, উত্তরসংযোগরক্তাদ্যুৎপত্তী, উত্তরসংযোগেন বিভাগজবিভাগক্রিয়ানিবৃত্তী, ততো দ্রব্যারম্ভানুগুণা পরমাণুক্রিয়া, ক্রিয়াতো বিভাগো বিভাগাৎ পূর্ব্বসংযোগনিবৃত্তিস্ততো দ্রব্যারম্ভকঃ সংযোগস্ততো দ্রব্যোৎপত্তিঃ, উৎপন্নে দ্রব্যে রক্তাদ্যুৎপত্তিরিতি দশ ক্ষণাঃ, যদা তু দ্রব্যবিনাশবিশিষ্টং কালমপেক্ষ্য বিভাগেন বিভাগো জন্যতে তদৈকক্ষণবৃদ্ধ্যা একাদশ ক্ষণাঃ। তথাহি দ্রব্যবিনাশস্ততো বিভাগজ-বিভাগশ্যামাদিনিবৃত্তী তত উত্তরসংযোগরক্তাদ্যুৎপত্তী ততো বিভাগজবিভাগকর্ম্মণোর্নিবৃত্তিস্ততঃ

পরমাণৌ দ্রব্যারম্ভানুগুণা ক্রিয়া ততো বিভাগঃ পূর্ব্বসংযোগনিবৃত্তিঃ দ্রব্যারম্ভকসংযোগোৎপত্তিঃ দ্ব্যণুকোৎপত্তিঃ রক্তাদ্যুৎপত্তিশ্চেত্যেকাদশ ক্ষণা একস্মিন্নেব পরমাণৌ ক্রিয়াক্রিয়োপরমচিন্তনাদেবম্. পরমাণ্বন্তরে যদি দ্রব্যারম্ভানুগুণা ক্রিয়া চিন্ত্যতে তদা দ্ব্যণুকবিনাশমারভ্য পঞ্চমে ষষ্ঠে সপ্তমেঽষ্টমে বা রক্তাদ্যুৎপত্তিরূহনীয়া বিবৃতঞ্চৈতৎ কণাদরহস্যে ॥ ৬ ॥

পরিষ্কারঃ ।

তৃতীয়াধ্যায়ে সামান্যতঃ জ্ঞানের উৎপত্তি যে কারণে হয় তাহা কথিত হইয়াছে বটে, কিন্তু রূপাদিপ্রত্যক্ষ, জাতিপ্রত্যক্ষ, শব্দপ্রত্যক্ষ ইত্যাদি বিশেষ বিশেষ প্রত্যক্ষের কারণ নির্দ্দেশ করা হইতেছে। ৩।

উপস্কারঃ।

যত্র যথা জ্ঞানং যৎকারণকঞ্চ তদ্বিবদয়িতুমাহ।

জ্ঞানান্তরান্নির্দ্দেষ্টব্যং যৎপ্রকারকং যদ্বিষয়কং যদ্ধর্ম্মকং তত্র জ্ঞাননির্দ্দেশে কর্ত্তব্যে জ্ঞানস্য নিষ্পত্তিবিধিরুৎপত্তিপ্রকার উক্তঃ উচ্যতে ইত্যর্থঃ। আদিকর্ম্মণি ক্তবিধানাৎ ॥ ৩ ॥

পরিষ্কারঃ।

নির্দ্দেষ্টব্যং কারণস্বরূপাভ্যাং বিবিচ্য দর্শয়িতব্যম্। 'যদ্ধর্ম্মকং' চাক্ষুষত্বাদি-যদ্ধর্ম্মবদিত্যর্থঃ ॥ ৩ ॥

গুণকর্ম্মসু সন্নিকৃষ্টেষু জ্ঞাননিষ্পত্তের্দ্রব্যং কারণম্ ॥ ৪ ॥

অনুবাদ।

গুণ কর্ম্ম সন্নিকৃষ্ট হইলে, (তদ্বিষয়ক) জ্ঞান হয়—এই হেতু, দ্রব্য (তাহার) মূল। ৪।

ব্যাখ্যা।

সন্নিকৃষ্ট শব্দের অর্থ ইন্দ্রিয়-সম্বন্ধ-যুক্ত। গুণকর্ম্মবিষয়ক যে প্রত্যক্ষ হয় তাহার হেতু গুণ ও কর্ম্মের সহিত ইন্দ্রিয়সম্বন্ধ,—এই যে ইন্দ্রিয়সম্বন্ধ, তাহার হেতু দ্রব্য; কেননা ঘট-পটাদি দ্রব্যে ইন্দ্রিয়-সংযোগ হয়—সেই দ্রব্যে সমবায়সম্বন্ধে যে রূপাদি থাকে তাহাতে ইন্দ্রিয়সংযুক্তের সমবায় অর্থাৎ ইন্দ্রিয়-সংযুক্ত দ্রব্যে সমবায়সম্বন্ধে থাকা আছে—এইটী এখানে ইন্দ্রিয়সন্নিকর্ষ। তবেই দেখ, এই সন্নিকর্ষের মূল দ্রব্য, দ্রব্যে সংযোগ না থাকিলে এ সন্নিকর্ষ হইতে পারে না। ৪।

উপস্কারঃ।

কীদৃশো নিষ্পত্তিবিধিস্তমাহ।

গুণেষু রূপাদিষু কর্ম্মসু চোৎক্ষেপণাদিষু যজ্জ্ঞানং নিষ্পদ্যতে তত্র দ্রব্যং কারণং যোগ্যদ্রব্যনিষ্ঠমেব তদ্ভজ্ঞং গৃহ্যত ইতি দ্রব্যযোগ্যতৈব তত্র তন্ত্রম্, সন্নিকর্ষশ্চ তেষাং দ্রব্যঘটিত এব, সংযুক্তসমবায়েন তেষাং গ্রহণাৎ, যদ্যপি বিযুক্তচম্পকাবয়বকর্পূরভাগানামযোগ্যানাং গন্ধো গৃহ্যতে তত্রাপি সন্নিকর্ষঘটকং তন্নাযোগ্যমপি দ্রব্যমেব, যদ্যপি শব্দগ্রহে দ্রব্যযোগ্যতা ন তন্ত্রং তত্রাপি তত্রৈব সমবেতঃ শব্দো গৃহ্যত ইতি তদেব তন্ত্রম্, নবদৃষ্টসন্নিকর্ষকল্পনা কুতঃ ক্রিয়তে ইতি চেন্ন জ্ঞাননিষ্পত্তেঃ কার্য্যেণ হি কারণমবশ্যং কল্পনীয়মিতি ভাবঃ॥ ৪॥

সামান্যবিশেষেষু সামান্যবিশেষাভাবাত্তত এব জ্ঞানম্॥৫

অনুবাদ।

সামান্য বিশেষ অর্থাৎ পরজাতি ও অপরজাতিতে সামান্য-বিশেষের অভাব প্রযুক্ত (তদ্বিষয়ক) জ্ঞান তন্মাত্রমূলক। ৫।

ব্যাখ্যা।

তন্মাত্রমূলক অর্থাৎ দ্রব্যগুণকর্ম্মমাত্র-ঘটিত, সন্নিকর্ষজন্য। দ্রব্যস্থিত দ্রব্যত্ব প্রভৃতি জাতিপ্রত্যক্ষে ইন্দ্রিয়সংযুক্ত সমবায়ই সন্নিকর্ষ, সুতরাং এই সন্নিকর্ষে ইন্দ্রিয়সংযুক্ত দ্রব্যকে ত্যাগ করিলে চলে না বলিয়া ইহা ইন্দ্রিয়সংযুক্ত-দ্রব্যঘটিত। রূপাদি গুণস্থিত রূপত্ব প্রভৃতি জাতি প্রত্যক্ষে ইন্দ্রিয়-সংযুক্ত সমবেত সমবায়ই সন্নিকর্ষ। এই সন্নিকর্ষ দ্রব্য ও গুণ ঘটিত, দ্রব্য ইন্দ্রিয়সংযুক্ত, গুণ তৎসমবেত, এই দুইটীকে ত্যাগ করিলে ইন্দ্রিয়-সংযুক্ত সমবেত-সমবায় নামক সন্নিকর্ষ ঘটে না। কর্ম্মস্থিত কর্ম্মত্ব প্রভৃতি জাতিরও ইন্দ্রিয়সংযুক্ত সমবেত সমবায় নামক সন্নিকর্ষজনিত প্রত্যক্ষ হইয়া থাকে। এখানেও ইন্দ্রিয়-সংযুক্ত দ্রব্য বৃক্ষপত্র,—স্পন্দনরূপ কর্ম্ম তাহাতে সমবায় সম্বন্ধে আছে, সুতরাং সমবেত। তৎসমবায় কর্ম্মত্ব জাতির সহিত ইন্দ্রিয়সন্নিকর্ষ। এ সন্নিকর্ষও দ্রব্য, এবং কর্ম্ম ঘটিত। সামান্য বিশেষে সামান্য বিশেষ থাকিলে—তাহার প্রত্যক্ষ সামান্য-বিশেষ ঘটিত সন্নিকর্ষজন্যও হইত, 'তন্মাত্রমূলক' হইত না। ৫।

উপস্কারঃ।

অপরং জ্ঞাননিষ্পত্তিবিধিমাহ।

সামান্যং সত্তা তস্য বিশেষা দ্রব্যত্বগুণত্বকর্ম্মত্বানি এবমেতেষামপি সামান্যানাং বিশেষাঃ পৃথিবীত্বাদিরূপত্বাদ্যুৎক্ষেপণত্বাদীনি, তত্র দ্রব্যগতানাং সামান্যানাং তত এব যোগ্যাশ্রয়বিশেষাদেব তদ্ভিন্নজ্ঞানাচ্চ, সংযুক্তসমবায়াৎ সংযুক্তসমবেতসমবায়াৎ সমবেতসমবায়াচ্চ সার্ব্বেন্দ্রিয়কং জ্ঞানং গুণেষু চ সংযুক্তসমবেতসমবায়াৎ শব্দত্বৈকত্বাদৌ সমবেতসমবায়াৎ সত্তায়াঃ সংযুক্তসমবায়াচ্চ

সংযুক্তসমবেতসমবায়াৎ সমবেতসমবায়াচ্চ সার্ব্বেন্দ্রিয়ং জ্ঞানং গুণত্বে চ সংযুক্তসমবায়াৎ সমবায়াচ্চ ন প্রত্যাসত্তিরিতি, নমু তত এব স্বাশ্রয়সন্নিকর্ষাদ্দ্রব্যেষ্বেতব্যবধারণানুপপত্তিঃ যতঃ সামান্যবিশেষেষু চ পৃথিবীত্বাদিষু সামান্যবিশেষান্তরমস্ত্যেব তৎসন্নিকর্ষোঽপি কারণমেবাত আহ সামান্যবিশেষাভাবাদিতি ন হি সামান্যবিশেষেষু সামান্যবিশেষা বর্ত্তন্তে, অনবস্থাপ্রসঙ্গাৎ তেষাং পরস্পরং ভেদপ্রতীতিঃ স্বরূপত এব, সমবেতত্বাবৃত্তিত্বে সতি সকলগোবৃত্তিত্বলক্ষণোপাধিনিবন্ধনা, এবং ঘটত্বাদাবপীতি॥ ৫॥

সামান্যবিশেষাপেক্ষং দ্রব্যগুণকর্ম্মসু ॥ ৬॥

অনুবাদ।

দ্রব্য গুণ কর্ম্ম বৃত্তির—অর্থাৎ দ্রব্যবৃত্তি জাতি, গুণবৃত্তি জাতি এবং কর্ম্মবৃত্তি জাতির (প্রত্যক্ষে) সামান্য বিশেষের অপেক্ষা আছে। ৬।

ব্যাখ্যা।

সামান্যবিশেষপ্রত্যক্ষে সন্নিকর্ষ, সামান্য-বিশেষ-ঘটিত না হইলেও—সে প্রত্যক্ষের প্রতি সামান্য-বিশেষও কারণ। কেননা সামান্য-বিশেষ ঐ প্রত্যক্ষের বিষয়। ৬।

উপস্কারঃ।

নমু সামান্যবিশেষেষু সামান্যবিশেষাভাবাদ্‌যথা তন্নিরপেক্ষমেব জ্ঞানং তথা দ্রব্যগুণকর্ম্মস্বপি কিং তন্নিরপেক্ষমেব, নেত্যাহ।

জ্ঞানমুৎপদ্যতে ইতি প্রকৃতম্, দ্রব্যগুণকর্ম্মসু দ্রব্যত্বগুণত্বকর্ম্মত্ববিশিষ্টবুদ্ধিস্তাবদস্তি বিশিষ্টজ্ঞানঞ্চ বিশেষ্যবিশেষণেন্দ্রিয়সন্নিকর্ষাদুৎপদ্যতে ইতি সামান্যবিশেষাপেক্ষা তত্রাবশ্যকী, ভবতি হি দ্রব্যমিদং গুণোঽয়ং কর্ম্মেদমিতি বিশিষ্টজ্ঞানমিতি ভাবঃ॥ ৬॥

পরিষ্কারঃ।

দ্রব্যগুণকর্ম্মসমবেতপ্রত্যক্ষে জাতিনিষ্ঠসন্নিকর্ষঃ দ্রব্যসমবেতান্তরপ্রত্যক্ষে দ্রব্যগুণকর্ম্মনিষ্ঠসন্নিকর্ষশ্চ হেতুঃ। গুণকর্ম্মসমবেতপ্রত্যক্ষে তু পূর্ব্ববদ্-গুণকর্ম্মনিষ্ঠঃ সন্নিকর্ষো ন হেতুঃ গুণকর্ম্মঘটিতস্তু হেতুরেব। গুণকর্ম্মণোর্গুণকর্ম্মসমবেতত্ববিরহাৎ। নমু শ্বেতঃ শঙ্খঃ, শ্বৈতো বর্ণ ইত্যাদিপ্রত্যয়েন গুণস্বরূপস্য শ্বৈত্যস্য গুণসাধারণ্যাদিযুক্তিরনুপপন্নেতি সমবায়িন ইত্যাদিসূত্রং বক্ষ্যতি। তথাচ শ্বৈত্যং সমবায়িবৃত্ত্যপি ন দ্রব্যমাত্রবৃত্তি ন বা গুণমাত্রবৃত্তীত্যতো ভিন্নমেব, শ্বেতবস্তুবিষয়কবিশিষ্টবুদ্ধিহেতুভূতা শ্বৈত্যবুদ্ধিরপি ভিন্না, অত্র দ্রব্যবিশেষ্যিকা হি শ্বৈত্যাখ্যগুণপ্রকারিকা ; গুণবিশেষ্যিকা চ শ্বৈত্যাখ্যরূপত্বব্যাপ্যজাতিপ্রকারিকেতি ভেদঃ। সংযুক্তসমবায়াদিবৎ সংযুক্তসংযোগাদিন সন্নিকর্ষ ইত্যুক্তিপ্রায়েণ বক্ষ্যতি দ্রব্যেষ্বিতি দশমসূত্রম্। সংযুক্তসংযোগস্তু সন্নিকর্ষত্বে চক্ষুঃসংযুক্তপটসংযোগো ঘটপ্রত্যক্ষ ইব চক্ষুঃসংযুক্তঘট-

সংযোগোঽপি পটপ্রত্যক্ষে কারণং ভবতি নু চ ভবেতি ভাবঃ। নবেবং সংযুক্ত-সংযোগাদেঃ সন্নিকর্ষত্বে প্রাথমিকসংযুক্তস্য প্রথমং প্রত্যক্ষমিতি ক্রম উপপদ্যতে, সংযোগস্য তথাত্বে তু সংযুক্তসংযোগস্যাপি সংযোগতয়া ক্রমানুপপত্তিরিত্যাশঙ্কামাহ্নিকান্ত্যসূত্রেণ নিরাকরিষ্যতীত্যস্মৎসম্মতঃ ষষ্ঠসূত্রাদাহ্নিকসমাপ্তিপর্য্যন্তং সূত্রার্থঃ। অধিকন্তানুবাদব্যাখ্যাভ্যামবগন্তব্যম্। উপস্কারসম্মতার্থস্তু তত এব সুগমঃ॥ ৬॥

দ্রব্যে দ্রব্যগুণকর্ম্মাপেক্ষম্॥ ৭॥

অনুবাদ।

(তদ্ভিন্ন) দ্রব্যবৃত্তি প্রত্যক্ষে দ্রব্যগুণ ও কর্ম্মের (এই তিনেরই) অপেক্ষা আছে। ৭।

ব্যাখ্যা।

দ্রব্যবৃত্তি বলিলে—দ্রব্য-সমবেত বুঝায়, অবয়বী দ্রব্য, গুণ, কর্ম্ম এবং জাতি দ্রব্য-সমবেত। জাতির কথা পূর্ব্বে কথিত হইয়াছে, অতএব এখানে দ্রব্যসমবেত বলিলে, জাতি ভিন্ন দ্রব্য সমবেত বুঝিতে হইবে। সেই সকল দ্রব্যসমবেত প্রত্যক্ষে, সন্নিকর্ষ দ্রব্যঘটিত হইলেও অবয়বী দ্রব্য প্রভৃতিও বিষয়রূপে কারণ—এই জন্যই তাহার অপেক্ষা থাকে॥ ৭॥

উপস্কারঃ।

তৎ কিং দ্রব্যেঽপি সামান্যবিশেষমাত্রাপেক্ষমেব জ্ঞানমত আহ।

জ্ঞানমুৎপদ্যতে ইতি প্রকৃতং ঘণ্টাবান্ শুক্লো গৌর্গচ্ছতীতি জ্ঞানম্, তত্র দ্রব্যং ঘণ্টা, বিশেষণম্ শুক্ল ইতি গুণঃ, গচ্ছতীতি কর্ম্ম, তথাচ নাগৃহীতবিশেষণা বিশিষ্টপ্রতীতিঃ বা বিশেষণসম্বন্ধমন্তরেণেতি ভবতি দ্রব্যজ্ঞানে দ্রব্যগুণকর্ম্মাপেক্ষেতি ভাবঃ॥ ৭॥

গুণকর্ম্মসু গুণকর্ম্মাভাবাদ্গুণকর্ম্মাপেক্ষং ন বিদ্যতে॥ ৮॥

অনুবাদ।

গুণ ও কর্ম্মে গুণ কর্ম্ম নাই বলিয়া তৎপ্রত্যক্ষে গুণ. কর্ম্মের অপেক্ষা—অর্থাৎ গুণকর্ম্মঘটিত সন্নিকর্ষের অপেক্ষা নাই॥ ৮॥

ব্যাখ্যা।

অনুবাদ স্পষ্ট। অভিপ্রায় এই—গুণ ও কর্ম্মে গুণ ও কর্ম্ম নাই বলিয়া তৎ-সমবেত প্রত্যক্ষে গুণকর্ম্মনিষ্ঠ সন্নিকর্ষ,—দ্রব্যসমবেত প্রত্যক্ষে, গুণ কর্ম্মনিষ্ঠ

সন্নিকর্ষের ন্যায় অপেক্ষিত নহে, তবে গুণত্ব প্রত্যক্ষে গুণঘটিত সন্নিকর্ষ প্রকারান্তরে অপেক্ষিত তাহা পূর্ব্বেই কথিত হইয়াছে॥ ৮॥

উপস্কারঃ।

তৎ কিং গুণকর্ম্মণোরপি গুণকর্ম্মাপেক্ষা নেত্যাহ।

জ্ঞানমিতি শেষঃ। গুণে গুণবিশিষ্টবুদ্ধেঃ কর্ম্মসু কর্ম্মবিশিষ্টবুদ্ধেরভাবাৎ গুণকর্ম্মাপেক্ষা ন তজ্জাতবুদ্ধিঃ, ন হি গুণে গুণঃ, ন বা কর্ম্মসু কর্ম্ম, যেন তত্র বিশেষণত্বেন ভাসেতেতি ভাবঃ॥ ৮॥

সমবায়িনঃ শ্বৈত্যাচ্ছ্বৈত্যবুদ্ধেশ্চ শ্বেতে বুদ্ধিস্তে এতে কার্য্যকারণভূতে॥ ৯॥

অনুবাদ।

সমবায়ীর শ্বেতত্ব এবং শ্বেতত্বজ্ঞান হইতে শ্বেতবস্তুবিষয়ক প্রত্যক্ষ হয়—সেই দুই (জ্ঞান) কার্য্য ও কারণ॥ ৯॥

ব্যাখ্যা।

যেমন শ্বেত শঙ্খ জ্ঞান হয়—সেইরূপ শ্বেতবর্ণ এ জ্ঞানও ত হইয়া থাকে, সুতরাং শ্বেতত্ব দ্রব্যনিষ্ঠও হয়, গুণনিষ্ঠও হয়,—অতএব শ্বেতত্বপ্রত্যক্ষ, ইন্দ্রিয়সংযুক্ত সমবায় নামক সন্নিকর্ষ হইতেও হয় এবং ইন্দ্রিয়সংযুক্ত সমবেত সমবায় নামক সন্নিকর্ষ হইতেও হইয়া থাকে, অথচ শ্বেতত্ব গুণভিন্ন অপর কিছু নহে। তবেই দেখ, পূর্ব্ব সূত্রের সিদ্ধান্ত অসঙ্গত হইল; কেননা শ্বেতত্ব নামক গুণ প্রত্যক্ষে গুণঘটিত সন্নিকর্ষ কারণ হইতেছে। এই আপত্তি উদ্ধারার্থ বর্ত্তমান সূত্রের অবতারণা। ভাবার্থ এই—শ্বেতত্ব জ্ঞান কারণ এবং শ্বেতবস্তুবিষয়ক প্রত্যক্ষ কার্য্য, ইহা নিশ্চয়—এবং শ্বেতত্ব যে সমবায়িদেশস্থিত ইহাও স্থির; এইরূপ সমত্ব আছে বটে, পরন্তু শ্বেতত্ব নাম শুনিয়া ও সমত্ব নিশ্চয় করিয়া সকল শ্বেতত্বকে এক মনে করিও না;—দ্রব্যও সমবায়ী, গুণও সমবায়ী, দ্রব্যে যে শ্বেতত্ব আছে, তাহা গুণ, গুণেতে অর্থাৎ বর্ণ বা রংএ যে শ্বেতত্ব আছে তাহা জাতি,—শ্বেত শব্দ যে গুণ ও গুণিবাচক হয় তাহার প্রমাণ অমরকোষ প্রভৃতি অভিধান গ্রন্থে আছে। শ্বেত বস্তু যদি দ্রব্য হয়—তাহা হইলে, তদ্বিষয়ক শ্বেতত্ব প্রত্যক্ষের কারণ ইন্দ্রিয়সংযুক্ত সমবায় নামক সন্নিকর্ষ; কেননা তৎপ্রত্যক্ষবিষয়ীভূত শ্বেতত্ব গুণ। আর শ্বেতবস্তু যদি বর্ণ হয় তাহা হইলে তদ্বিষয়ক শ্বেতত্ব প্রত্যক্ষের কারণ—ইন্দ্রিয়সংযুক্ত সমবেত সমবায়; কেননা এই প্রত্যক্ষের বিষয়ীভূত শ্বেতত্ব, জাতি। ইন্দ্রিয়সংযুক্ত দ্রব্য, তৎসমবেত বর্ণ, তদীয় সমবায় শ্বেতত্ব জাতির সম্বন্ধ

তাহাই এস্থলে সন্নিকর্ষ। দ্রব্য ইন্দ্রিয়সংযুক্ত কেন? না—চক্ষুঃ বা ত্বক্ - ইন্দ্রিয়ের সংযোগ দ্রব্যে থাকে। বর্ণ তৎসমবেত কেন? না—বর্ণ সেই দ্রব্যে সমবায় সম্বন্ধে থাকে। শ্বেতত্ব জাতি সেই বর্ণে সমবায় সম্বন্ধে থাকে বলিয়া ঐরূপ সমবায়ই ইন্দ্রিয়ের সহিত জাতিকে সম্বন্ধযুক্ত করে, এইজন্য উহার নাম সন্নিকর্ষ। সন্নিকর্ষের প্রচলিত প্রতিবাক্য—নৈকট্য। তবেই দেখ, এই যে শেষোক্ত সন্নিকর্ষ—ইহা ইন্দ্রিয়সংযুক্ত সমবেত দ্বারা গঠিত বলিয়া গুণঘটিত হইলেও—ইহা গুণ-প্রত্যক্ষের কারণ নহে, গুণগত জাতিপ্রত্যক্ষেরই কারণ ॥ ৯ ॥

উপস্কারঃ।

নমু গুণকর্ম্মণোঃ স্ফুরণাদ্‌গুণবুদ্ধৌ কর্ম্মবুদ্ধৌ চ কথং ন গুণকর্ম্মাপেক্ষেত্যাশঙ্ক্য প্রকরণান্তর-মারভতে।

সমবায়িন ইত্যভিধানাৎ সম্বন্ধস্য কারণতামাহ, তথাচ গুণে গুণসমবায়াভাবাৎ কর্ম্মণি কর্ম্ম-সমবায়াভাবাচ্চ ন তত্তজ্জ্ঞানে গুণকর্ম্মাপেক্ষা বিশেষণত্বেন, বিশেষ্যত্বেন ত্বস্ত্যেব, এবঞ্চ শ্বেতঃ শঙ্খ ইত্যাদিপ্রতীতৌ শ্বৈত্যসমবায়স্য শ্বৈত্যগুণস্য শ্বৈত্যবিশেষণজ্ঞানস্য চ কারণত্বমিত্যুক্তং তথাচ বিশেষণসম্বন্ধবিশেষণতজ্জ্ঞানানাং বিশিষ্টপ্রত্যক্ষপ্রমাং প্রতি কারণত্বমিতি তেন পূর্ব্বোক্তং সর্ব্বং সিধ্যতি ॥ ৯ ॥

পরিষ্কারঃ।

'গুণকর্ম্মণোঃ স্ফুরণাৎ' গুণকর্ম্মবিশেষ্যকজ্ঞানাৎ। 'গুণবুদ্ধৌ' গুণপ্রকারকবুদ্ধা-বেবমুত্তরত্র। শ্বৈত্যসমবায়স্য শ্বৈত্যগুণস্যেত্যনেন সমবায়েন শ্বৈত্যগুণস্যেত্যর্থ-লাভ ইতি নব্যাঃ ॥ ৯ ॥

ইত্যষ্টমাধ্যায়ে প্রথমাহ্নিকম্।

দ্রব্যেষ্বনিতরেতরকারণাঃ ॥ ১০ ॥

অনুবাদ।

দ্রব্য বিষয়ে (যে প্রত্যক্ষ হয় তাহা) পরস্পর সন্নিকর্ষ জন্য নহে ॥ ১০ ॥

ব্যাখ্যা।

ইন্দ্রিয়সংযুক্ত-সমবায়-প্রভৃতি সন্নিকর্ষের ন্যায় ইন্দ্রিয়সংযুক্ত সংযোগ প্রভৃতি সন্নিকর্ষ নাই। কোন দ্রব্যে ইন্দ্রিয়সংযোগ হইল, অপর দ্রব্য তৎসংযুক্ত—এই বলিয়া সে দ্রব্য ইন্দ্রিয়সংযুক্ত না হইলেও যে ইন্দ্রিয়সন্নিকৃষ্ট হইবে তাহা নহে।

সন্নিকর্ষ অনুভবমূলক; কোন একটা সম্বন্ধ থাকিলেই যে তাহা সন্নিকর্ষ হইবে এমন নহে। তাহা হইলে ভূতলে চক্ষুঃসংযোগ থাকিলে, তৎসংযুক্ত ঘটে যেমন সন্নিকর্ষ থাকিত, তদ্রূপ ঘটে চক্ষুঃসংযোগ থাকিলে ভূতলেও সন্নিকর্ষ থাকিত। এইরূপ পরম্পরের সাক্ষাৎ সংযোগ স্বরূপ সন্নিকর্ষমূলক পরস্পরের প্রত্যক্ষ হইত। পরন্তু তাহা অনুভবসিদ্ধ নহে, সাক্ষাৎসম্বন্ধে ইন্দ্রিয়সংযোগ যে দ্রব্যে থাকিবে—তাহারই প্রত্যক্ষ হইবে,—সংযুক্তসংযোগ থাকিলে হইবে না॥ ১০॥

উপস্কারঃ।

নম্ন যথা ঘটাদৌ নিভাত্র দ্রব্যাপেক্ষং দ্রব্যজ্ঞানম্, তথাঽয়ং স্তম্ভঃ, অয়ং কুম্ভ ইত্যাদাবপি দ্রব্যাবিশেষণকবুদ্ধৌ দ্রব্যবুদ্ধিঃ কারণং তথাচ কাপি প্রথমতো দ্রব্যবুদ্ধির্ন স্যাদিতাত আহ। বুদ্ধয় ইতি শেষঃ। স্তম্ভজ্ঞানানন্তরকালীনমপি কুম্ভজ্ঞানং ন স্তম্ভজ্ঞানকার্য্যং স্তম্ভস্য কুম্ভং প্রতি বিশেষণত্বাযোগাৎ॥ ১০॥

কারণাযৌগপদ্যাৎ কারণক্রমাচ্চ ঘটপটাদিবুদ্ধীনাং ক্রমো ন হেতুফলভাবাৎ॥ ১১॥

অনুবাদ।

(স্বীয়) কারণের অযৌগপদ্য প্রযুক্ত (প্রত্যক্ষ-) কারণ, ক্রমে সংঘটিত হওয়ায় ঘটপটাদি প্রত্যক্ষ ক্রমে (হইয়া থাকে) হেতুভাব এবং ফলভাব প্রযুক্ত (যে ঘটপটাদিপ্রত্যক্ষ ক্রমে হয় তাহা) নহে॥ ১১॥

ব্যাখ্যা।

ইন্দ্রিয়সংযুক্ত সংযোগাদি সন্নিকর্ষ না হইলে, ঘটপটাদি প্রত্যক্ষ ক্রমে হইতে পারিত না,—ইন্দ্রিয় সংযোগরূপ সন্নিকর্ষ দ্বারা প্রথমতঃ প্রত্যক্ষ হয়, ইন্দ্রিয়-সংযুক্ত-সংযোগ দ্বারা তৎপরে প্রত্যক্ষ, এইরূপ হইলেই ক্রমিক ঘটপটাদি প্রত্যক্ষ হইতে পারে। সুতরাং ইন্দ্রিয়-সংযুক্ত-সংযোগাদিও অনুভবমূলক সন্নিকর্ষ। এই আপত্তির উত্তরে বর্ত্তমান সূত্র অবতারিত হইয়াছে। ভাবার্থ এই যে,—ঘটপটাদি প্রত্যক্ষের যে কারণ ইন্দ্রিয়সংযোগ প্রভৃতি, তাহাও কারণসাপেক্ষ; ইন্দ্রিয়সংযুক্ত সংযোগসন্নিকর্ষ না হইলেও ইন্দ্রিয়সংযোগ নামক সন্নিকর্ষ এবং আলোক সংযোগ ইত্যাদি নানা কারণ আছে;—সে সকল কারণের একত্র সমাবেশেও স্ব স্ব কারণাধীন। সেই সকল কারণ এক সময়ে সংঘটিত হয় না, সুতরাং বিবিধ বস্তুর প্রত্যক্ষকারণও এক সময়ে জুটে না,—এই জন্যই এক সময়ে প্রত্যক্ষ না হইয়া

ক্রমে প্রত্যক্ষ হয়। ঘটে প্রথমতঃ ইন্দ্রিয়সংযোগ হওয়ায় প্রথমে ঘট প্রত্যক্ষ, তৎপরে পটে ইন্দ্রিয়সংযোগ হওয়ায় পট প্রত্যক্ষ ইত্যাদি হয়, যদি বিবিধ বস্তু-প্রত্যক্ষের কারণ এককালে সংঘটিত হয় তাহা হইলে, এক কালেই বিবিধ বস্তু প্রত্যক্ষও হইয়া থাকে। অতএব 'সংযুক্তসংযোগাদিকে 'সন্নিকর্ষ' বলিবার কোন হেতু নাই ॥ ১১ ॥

অষ্টম অধ্যায়ের প্রথম আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

নমু ঘটপটাদিবুদ্ধীনাং ক্রমো দৃশ্যতে, ক্রমশ্চ কার্য্যকারণভাবঘটিত এবেত্যত আহ।

কারণক্রমাধীনো ঘটপটাদিবুদ্ধীনাং ক্রমো, ন হেতুফলভাবাধীনঃ, কারণক্রম এব কস্মাত আহ কারণাযৌগপদ্যাদিতি বুদ্ধীনাং যৌগপদ্যং প্রতিবিদ্ধমতো নানাবুদ্ধিকারণানামপি ন যৌগপদ্যম্। যদি তু কারণযৌগপদ্যং ভবেত্তদা কার্য্যযৌগপদ্যমপ্যাপদ্যেত, তথাচ যুগপজ্জ্ঞানানুৎপত্তির্মনসো লিঙ্গমিতি বহু ভজ্যেতেতি ভাবঃ ॥ ১১ ॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারেঽষ্টমাধ্যায়স্যাদ্যমাহ্নিকম্।

অষ্টমাধ্যায়ে—দ্বিতীয়াহ্নিকম্।

অয়মেষ ত্বয়া কৃতং ভোজয়ৈনমিতি বুদ্ধ্যপেক্ষম্ ॥ ১ ॥

অনুবাদ।

'এ এইত,' 'তোমার কৃত' 'ইহাকে ভোজন করাও' এই সব (জ্ঞান) জ্ঞানসাপেক্ষ। ১।

ব্যাখ্যা।

বিশেষ জ্ঞান না থাকিলে বিশিষ্ট বুদ্ধি হয় না; যে কখন লাল রং জানে না, এখানি লাল কাপড় এমন জ্ঞানও তাহার হয় না। লাল কাপড়—এই জ্ঞান বিশিষ্টবুদ্ধি; লালবিশেষণ। মনে কর ঘট—এই জ্ঞান—ইহা বিশিষ্টবুদ্ধি, এই জ্ঞানে ঘটত্ব বিশেষণ; পূর্ব্বে এই ঘটত্ব জ্ঞান আবশ্যক; অতএব 'ঘট' এই প্রত্যক্ষের জন্য ঘটত্ব জ্ঞান আবশ্যক, এই কারণে ইন্দ্রিয়সন্নিকর্ষের পর অতীন্দ্রিয় নির্ব্বিকল্পক জ্ঞান স্বীকার করিতে হয়, তাহা ঘটত্ব জ্ঞান স্বরূপ হইয়া থাকে। তৎপরে যে 'ঘট' প্রত্যক্ষ হয়, তাহার নাম সবিকল্পক,

বিশিষ্টের বিশিষ্ট বুদ্ধি হইলে, অর্থাৎ জ্ঞানের বিশেষ্যাংশে বিশেষণ থাকিলে, তাহাকে বিশিষ্টবৈশিষ্ট্যাবগাহী জ্ঞান বলে ;—যথা, রক্তদণ্ডবান্ পুরুষ এই জ্ঞান, ইহাতে রক্তদণ্ড বিশেষণ ; এই বিশেষণ দণ্ডাংশে রক্তত্ব ও দণ্ডত্ব বিশেষণ হয়, এই জন্য ইহা বিশিষ্ট-বৈশিষ্ট্যাবগাহী জ্ঞান নামে অভিহিত। এই জ্ঞানের প্রতি বিশিষ্টজ্ঞান—অর্থাৎ রক্তদণ্ড জ্ঞান কারণ। 'এ এই ত' ইত্যাদি জ্ঞান বিশিষ্ট-জ্ঞান, 'তোমার কৃত' ইত্যাদি জ্ঞান বিশিষ্টবৈশিষ্ট্যাবগাহী জ্ঞান। ১।

উপস্কারঃ।

প্রাত্যক্ষিকস্য সবিকল্পকস্য নির্বিকল্পকস্য চ জ্ঞানস্য নিষ্পত্তিবিধিমভিধায়েদানীং বিশিষ্ট-বৈশিষ্ট্যপ্রত্যক্ষমভিধাতুমেকদেশমাহ।

সন্নিকৃষ্টে বস্তুনি ভাবদয়মিতি বুদ্ধিরুৎপদ্যতে, বিপ্রকৃষ্টে চ বস্তুন্যেষ ইতি, ক্রিয়ায়াং স্বতন্ত্রোঽহমিতি বুদ্ধিমপেক্ষ্য ত্বয়েতি কর্ত্তৃগোচরা বুদ্ধিঃ, করণব্যাপারবিষয়ত্ববুদ্ধিমপেক্ষ্য কৃতমিতি কর্ম্ম-বুদ্ধিঃ, অয়ং ভুজিক্রিয়ায়াং কর্ত্তা প্রযোজকশ্চায়মিতি বুদ্ধিমপেক্ষ্য ভোজয়েতি নিয়োজ্যনিয়োক্তৃ-ব্যাপারস্য বিষয়োঽহমিতি বুদ্ধ্যপেক্ষমেনমিতি এবমন্যদপি বুদ্ধ্যপেক্ষমূহনীয়ম্॥ ১॥

পরিষ্কারঃ।

'বিপ্রকৃষ্টে' ইতি এতচ্ছব্দস্য তচ্ছব্দসমানার্থকত্বাভিপ্রায়েণ। বস্তুতঃ, সমীপতর-বর্ত্তি চৈতদোরূপমিত্যুক্তে সমীপতরবর্ত্তিনি বস্তুন্যেষ ইতি জ্যায়ঃ। ক্রিয়ায়াং স্বতন্ত্রোঽহমিতি। ক্রিয়ায়াং সাধ্যায়াং কারকে প্রধানভূতো যোঽর্থঃ স স্বতন্ত্রঃ। তজ্জ্ঞানং চ কর্ত্তৃত্বজ্ঞানহেতুঃ। 'স্বতন্ত্রঃ কর্ত্তে'ত্যনুশাসনাৎ। তদ্বিশিষ্টবৈশিষ্ট্যাবগাহিপ্রত্যক্ষে বিশেষণজ্ঞানস্য বিশিষ্টজ্ঞানস্য চ কারণত্বমিতি তত্তদ্বুদ্ধ্যুপপাদনমিতি ভাবঃ॥ ১॥

দৃষ্টেষু ভাবাদদৃষ্টেষ্বভাবাৎ॥ ২॥

অনুবাদ।

যেহেতু (ঐ জ্ঞান) দৃষ্ট বিষয়ে হয় এবং অদৃষ্ট বিষয়ে হয় না। ২।

ব্যাখ্যা।

'ঐ এই ত' ইত্যাদি জ্ঞান, বিশেষণ—এ—ইদত্ব প্রভৃতি দৃষ্ট হইলে অর্থাৎ জ্ঞাত হইলে হইয়া থাকে, জ্ঞাত না হইলে হয় না। ২।

উপস্কারঃ।

অন্বয়ব্যতিরেকপরিচ্ছেদ্যমেবৈতদিত্যাহ।

যদাঽয়মিতিবুদ্ধেঃ সন্নিকৃষ্টো বিষয়ঃ, এষ ইতিবুদ্ধের্বিপ্রকৃষ্টোঽপি বুদ্ধ্যারূঢ়ো বিষয়ঃ, ত্বয়েতি-বুদ্ধেঃ সন্নিকৃষ্টঃ কর্ত্তা বিষয়ঃ, কৃতমিতিবুদ্ধেঃ কর্ম্ম বিষয়ঃ, ভোজয়েতিবুদ্ধের্নিয়োজ্যনিয়োক্তারৌ

বিষয়ৌ, এবমিতিবুদ্ধেস্তদুভয়ব্যাপারো বিষয়ঃ, সন্নিকৃষ্টে ভবতি তদেতাদৃশী বুদ্ধিরুৎপদ্যতে, অদৃষ্টেষু তু বিষয়েষু নৈতা বুদ্ধয়ঃ প্রাদুর্ভবন্তীত্যন্বয়ব্যতিরেকগম্যমেবৈতদিত্যর্থঃ ॥ ২ ॥

পরিষ্কারঃ।

দৃষ্টেষ্বিতি বহূনাং প্রত্যক্ষসত্ত্বাদধিকেন ব্যপদেশা ভবন্তীতি ন্যায়েনোক্তম্। জ্ঞাতেষ্বিত্যেব ফলিতার্থঃ। তদুভয়ব্যাপারো নিযোক্তৃনিযোজ্যব্যাপারঃ। এতাদৃশী বুদ্ধিরিতি, এক অয়মেব ইত্যাদিবিষয়া বিশিষ্টবৈশিষ্ট্যাবগাহিনী বুদ্ধিরিত্যর্থঃ। 'অদৃষ্টেষু' অজ্ঞাতেষু 'বিষয়েষু' বিশেষণেষু। এতা বুদ্ধয় ইতি প্রত্যেকজ্ঞানমপি ন সম্ভবতি কুতস্তাবদেকং বিশিষ্টবৈশিষ্ট্যজ্ঞানমিতি ভাবঃ ॥ ২—৫ ॥

অর্থ ইতি দ্রব্যগুণকর্ম্মসু ॥ ৩ ॥

অনুবাদ।

দ্রব্য, গুণ এবং কর্ম্ম (এই তিনের) অর্থ সংজ্ঞা। ৩ ।

ব্যাখ্যা।

দ্বিতীয় সূত্র পর্য্যন্ত জ্ঞান-প্রকরণ, তৎপরে জ্ঞানমূলক প্রয়োগের কথা এই সূত্রে কথিত হইতেছে ;—অর্থ পদ প্রয়োগ করিলে দ্রব্য, গুণ এবং কর্ম্ম তিন পদার্থই পাওয়া যাইবে। ৩।

উপস্কারঃ।

ইদানীং প্রকরণান্তরমারভতে।

এতেষ্বিতি দ্রব্যগুণকর্ম্মণামর্থ্যমানত্বং তেন তেন বিধিনোক্তং তেন তেষু ত্রিষু বৈশেষিকাণামর্থ ইতি পরিভাষা, অর্থপদেন ত্রয়াণামুপস্থিতেঃ, তদুক্তং প্রশস্তদেবাচার্য্যৈঃ "ত্রয়াণামর্থশব্দাভিধেয়ত্বঞ্চ" ইতি। ৩ ॥

দ্রব্যেষু পঞ্চাত্মকত্বং প্রতিষিদ্ধম্ ॥ ৪ ॥

অনুবাদ।

দ্রব্যে পঞ্চভূতাত্মকত্ব নিষিদ্ধ (হইয়াছে)। ৪।

ব্যাখ্যা।

পঞ্চভূত শরীরের সমবায়িকারণ নহে, যদি সমবায়িকারণ হইত, তাহা হইলে বিরুদ্ধগুণসম্পন্ন অবয়বনিচয়ে নির্ম্মিত ঘট—রূপাদিশূন্য হইত,—সেই যুক্তি অনুসারে কোন দ্রব্যেই পাঞ্চভৌতিকত্ব নাই। তবে একটী ভূত সমবায়িকারণ এবং অপর ভূত নিমিত্তকারণ; ইহা বল ত, তাহাতে সকল স্থলে আপত্তি নাই। কেবল মূলদ্রব্য তাদৃশ হইতে পারে না। ৪।

উপস্কারঃ।

প্রকরণান্তরমবতারয়তি।

দ্রব্যেষিতি দ্রব্যপদার্থনিরূপণপ্রকরণমুপলক্ষয়তি প্রত্যক্ষাপ্রত্যক্ষাণামিত্যাদিসূত্রেণ শরীরাদীনাং পঞ্চাত্মকত্বং পঞ্চভূতাত্মকত্বং প্রতিষিদ্ধং নিরাকৃতম্। যথা শরীরস্য ন নানাপ্রকৃতিকত্বং তথা বক্ষ্যমাণানাং ঘ্রাণাদীনামিন্দ্রিয়াণামপি, তেন তেষাং প্রতিনিয়তগুণগ্রাহকত্বং সিধ্যতীতি ভাবঃ॥৪॥

ভূয়স্ত্বাদ্ গন্ধবত্ত্বাচ্চ পৃথিবী গন্ধজ্ঞানে প্রকৃতিঃ॥ ৫ ॥

অনুবাদ।

গন্ধজ্ঞান অর্থাৎ ঘ্রাণেন্দ্রিয়ের সমবায়িকারণ পৃথিবী, যেহেতু পার্থিবাংশের বাহুল্য এবং গন্ধ (ঘ্রাণেন্দ্রিয়ে) আছে। ৫।

ব্যাখ্যা।

ঘ্রাণেন্দ্রিয় পৃথিবী হইতে উদ্ভূত। কেননা গন্ধাদি ঐ ইন্দ্রিয়েই আছে। ইহার মর্ম্ম এই যে, ঘ্রাণেন্দ্রিয় গন্ধপ্রত্যক্ষেরই হেতু; যে দ্রব্য পরকীয় রূপাদি প্রত্যক্ষের হেতু না হইয়া গন্ধপ্রত্যক্ষের হেতু হয়, তাহা পার্থিব বস্তু; যথা,—কুঙ্কুম গন্ধব্যঞ্জক ঘৃত, সুতরাং ঘ্রাণেন্দ্রিয় পার্থিব। ৫।

উপস্কারঃ।

যদর্থমিদমারব্ধং তদাহ।

গন্ধো জ্ঞায়তেঽনেনেতি গন্ধজ্ঞানং ঘ্রাণং তত্র পৃথিবী পৃথিবীমাত্রং প্রকৃতিঃ উপাদানকারণম্, কুত এতদিত্যত আহ গন্ধবত্ত্বাৎ ন হি গন্ধবৎ নির্গন্ধেনারভ্যতে ইত্যুক্তম্, গন্ধবত্ত্বঞ্চ বহিরিন্দ্রিয়াণাং স্বগ্রাহ্যজাতীয়গুণবত্ত্বনিয়মাৎ সিদ্ধম্, তর্হি পার্থিবত্বাবিশেষেঽপি শরীরাবয়বান্তরাণাং ন গন্ধব্যঞ্জকত্বং কিন্তু ঘ্রাণস্যৈবেতি কুতো নিয়ম ইত্যত আহ ভূয়স্ত্বাদিতি ইতরদ্রব্যানভিভূতৈঃ পার্থিবাবয়বৈরারব্ধত্বমেব ভূয়স্ত্বং পারিভাষিকঞ্চৈতদ্ভূয়স্ত্বং সমানতন্ত্রেঽপি॥ ৫ ॥

তথাপস্তেজোবায়ুশ্চ রসরূপস্পর্শাবিশেষাৎ॥ ৬ ॥

অনুবাদ।

জল, তেজ এবং বায়ু (রসনাপ্রকৃতি ইন্দ্রিয়ের সমবায়ি-কারণ) কেননা রস, রূপ ও স্পর্শ (ঐ সকল ইন্দ্রিয়ে) তুল্য রূপে আছে;— অর্থাৎ অপর জলে যেমন রস আছে, রসনাতেও সেইরূপ আছে। ইত্যাদি। ৬।

ব্যাখ্যা।

জল রসনার, তেজ চক্ষুর এবং বায়ু ত্বকের সমবায়িকারণ; অন্য অন্য দ্রব্য যথাসম্ভব নিমিত্তকারণমাত্র। ‘অপর জলে যেমন রস আছে, রসনাতেও সেইরূপ

রস আছে, ইত্যাদি'—এ কথার অর্থ এই যে, রসনাও রসপ্রত্যক্ষেরই হেতু, যে দ্রব্য পরকীয় রূপাদিপ্রত্যক্ষের হেতু না হইয়া রসপ্রত্যক্ষের হেতু হয়, তাহা জলীয় দ্রব্য; শক্তুরসের অভিব্যঞ্জক বা অনুভবহেতু জল ইহার দৃষ্টান্ত। যে দ্রব্য পরকীয় স্পর্শাদিব্যঞ্জক না হইয়া পরকীয় রূপব্যঞ্জক হয়, তাহা তৈজস; অতএব চক্ষুঃ তৈজস। যে দ্রব্য রূপাদিব্যঞ্জক না হইয়া স্পর্শেরই ব্যঞ্জক হয়, তাহা বায়বীয় দ্রব্য এইরূপ অনুমান করিতে হয়। ৬।

অষ্টম অধ্যায় দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

ইন্দ্রিয়ান্তরেঽপ্যেতদতিদিশতি।

রসনচক্ষুস্ত্বগিন্দ্রিয়াণাং প্রকৃতিরিতি শেষঃ, তেন যথাসংখ্যং রসনাদীনামবাদয়ঃ প্রকৃতয়ঃ, তত্র-প্রতিনিয়তার্থগ্রাহকত্বাৎ, অত্রাপি নিয়মে সূত্রত্রয়মেব তত্ত্বম্, রসাদিষ্বপি চ রসনাদীনাং গ্রাহকত্বাভিব্যঞ্জক-বিশেষগুণবত্ত্বনিয়ম এব প্রমাণমিত্যুক্তম্, এবঞ্চ বিশিষ্টাদৃষ্টোপগৃহীতকর্ণশষ্কুল্যবচ্ছিন্নো নভোদেশ এব শ্রোত্রম্ ॥ ৬ ॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারেঽষ্টমাধ্যায়স্য দ্বিতীয়মাহ্নিকম্।

সমাপ্তশ্চায়মষ্টমোঽধ্যায়ঃ।

পরিষ্কারঃ।

শ্রোত্রেন্দ্রিয়রূপত্বেঽপি নিত্যত্বাদপ্রকৃতিকত্বমিতি সূত্রে তৎপরিত্যাগ ইত্যা-শয়েনাহ এবঞ্চেতি। ৬।

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভব-শ্রীপঞ্চানন-তর্করত্নভট্টাচার্য্যকৃতৌ বৈশেষিকসূত্রোপস্কার-পরিষ্কারেঽষ্টমাধ্যায়স্য দ্বিতীয়মাহ্নিকম্। সমাপ্তশ্চায়মষ্টমোঽধ্যায়ঃ। ৮।

নবমাধ্যায়ে—প্রথমাহ্নিকম্।

ক্রিয়াগুণব্যপদেশাভাবাৎ প্রাগসৎ ॥ ১ ॥

অনুবাদ।

(উৎপত্তির) পূর্ব্বে (কার্য্য) অসৎ—(থাকে না) যেহেতু ক্রিয়া ও গুণের ব্যপদেশ (তখন) হয় না। ১।

ব্যাখ্যা।

অভাবপ্রকরণ কথিত হইতেছে। কার্য্যের উৎপত্তির পূর্ব্বে যে অভাব থাকে, তাহা প্রাগভাব। এই প্রাগভাব অপ্রামাণিক নহে—কেননা কার্য্যের উৎপত্তির পূর্ব্বে কার্য্যের ত অভাব আছেই, সেই যে প্রত্যক্ষসিদ্ধ অভাব, তাহার নাম প্রাগভাব। কার্য্যের উৎপত্তির পূর্ব্বে, কার্য্য থাকিলে তখন সেই কার্য্যের ক্রিয়া ও গুণেরও ব্যবহার হইত। ঘট উৎপন্ন হইবার পূর্ব্বেও জলানয়ন কার্য্য চলিত, এবং ঘটের পরিমাণাদি অনুভূত হইত। তাহা যখন হয় না, তখন উৎপত্তির পূর্ব্বে ঘট নাই ইহা নিশ্চয় এবং সেই না-থাকাই প্রাগভাব ॥ ১ ॥

উপস্কারঃ।

সংযোগসমবায়াস্ততরসন্নিকর্ষজলৌকিকপ্রত্যক্ষনিরূপণানন্তরং তদিতরপ্রত্যাসত্তিজন্যলৌকিকালৌকিকপ্রত্যক্ষব্যুৎপাদনফলকং নবমাধ্যায়মাহ।

কার্য্যমিতি শেষঃ, প্রাগিতি কার্য্যোৎপত্তেঃ প্রাক্, কার্য্যং ঘটপটাদি, অসৎ তৎকালীনস্বজনকাভাবপ্রতিযোগীত্যর্থঃ অত্র হেতুঃ ক্রিয়াগুণব্যপদেশাভাবাৎ, যদি তদানীমপি কার্য্যং ঘটাদি সদেব স্যাৎ তদা ক্রিয়াবত্ত্বেন গুণবত্ত্বেন চ ব পদিশ্যেত, যথোৎপন্নে ঘটে ঘটস্তিষ্ঠতি ঘটশ্চলতি রূপবানয়ং সৃশ্যতে ঘট ইত্যাদিপ্রকারেণ ব্যপদিশ্যতে ন তথোৎপত্তেঃ প্রাগপি ব্যপদেশোঽস্তি তেন গম্যতে তদানীমসন্নিতি, স চ ব্যূহমানেষু বীরণেষু যোজ্যমানেষু তন্তুষু চক্রারূঢ়ায়াং মৃদি কুলালাদিব্যাপারেষু অনুবর্ত্তমানেষু ভবিষ্যত্যত্র কটঃ পটো ঘটো বেতি সার্ব্বলৌকিকী প্রত্যক্ষপ্রতীতিঃ, চক্ষুর্বিস্ফারণানন্তরং জায়মানত্বাৎ, ন চ সংযোগসমবায়ান্যতরঘটিতা প্রত্যাসত্তিরত্র প্রভবতি, তস্মাদিন্দ্রিয়সম্বন্ধবিশেষণতা প্রত্যাসত্তিরত্র তন্ত্রম্, নন্বন্যোন্যাশ্রয়ঃ সত্যাং বিশেষণতায়াং তৎপ্রতীতিঃ প্রতীতৌ চ বিশেষণতেতি চেন্ন, বিশেষণতা হি তদুভয়স্বরূপমেব উপলব্ধিপ্রত্যয়জননযোগ্যং তচ্চ প্রতীতেঃ পূর্ব্বমপি সদেব ; তদুক্তং ন্যায়বার্ত্তিকে "সমবায়েঽভাবে চ বিশেষণবিশেষ্যভাবঃ" ইতি, স চায়ং প্রাগভাবঃ প্রতিযোগিজনকঃ, ন হি ঘটে জাতে স এব ঘটস্তদানীমেবোৎপদ্যতে তত্র কারণান্তরসত্ত্বেঽপি কারণবৈকল্যমনুপ্রিয়মাণং স্বপ্রাগভাববৈকল্যমেবানুসর্ত্তুমর্হতি, তদ্ঘটোৎপত্তৌ স এব ঘটঃ প্রতিবন্ধক ইতি চেত্তর্হি প্রতিবন্ধকাভাবত্বেন তস্য কারণত্বমবর্জ্জনীয়ম্, নন্বদি ঘট এব তস্যাভাবস্তদা ঘটে নষ্টে তদুন্মজ্জনাপত্তিরিতি চেন্ন ঘটনাশস্যাপি তদ্বিরোধিত্বাৎ ন হি বিরোধিসত্ত্বকালেঽপি বিরোধ্যন্তরপ্রাদুর্ভাব ইতি, নন্বনয়োর্দেশকৃতো বিরোধো যেন গোত্বাশ্বত্ববৎ সমানকালীনত্বং স্যাৎ কিং তর্হি কালকৃতস্তথাচ কথমেককালাবস্থায়িত্বম্ভবেৎ ॥ ১ ॥

পরিষ্কারঃ।

এতৎপ্রত্যক্ষস্যাভাবান্তরপ্রত্যক্ষানুপযোগিত্বাদেতেনেত্যাদ্যুত্তরসূত্রাপ্রকৃতিরিত্যত আহ যদেতি। ব্যূহমানবীরণাদেরিতি, অনাদেঃ প্রাগভাবস্য সর্ব্বদাপ্রত্যক্ষাপত্তিবারণায় ঘটপ্রাগভাবপ্রত্যক্ষে সজ্জ্যমানবীরণাদিপ্রত্যক্ষস্যানুভববলেন কল্পনাদিতি ভাবঃ। ক্রিয়াবত্ত্বেনেতি অর্থক্রিয়াকারিত্বেনেত্যর্থোঽপি প্রাহুঃ। উপ-

শিষ্টেতি একবিশেষণকাপরবিশেষ্যকেত্যর্থঃ। ঘটে নাতে ইতি ঘটোৎপত্ত্যুত্তরকালে ইত্যর্থঃ। তদুন্মজ্জনাপত্তিঃ প্রাগভাবস্য পুনঃসত্ত্বাপত্তিঃ॥ ১॥

সদসৎ॥ ২॥

অনুবাদ।

সৎ কার্য্যও অসৎ হইয়া যায়। ২।

ব্যাখ্যা।

ঘটাদিস্বরূপ কার্য্যও মুদ্গরাদির আঘাতে চূর্ণ হয়,—সেই চূর্ণীভাবই ধ্বংস। ধ্বংসপ্রাপ্ত ঘট পূর্ব্বে সৎ হইলেও অর্থাৎ থাকিলেও তখন 'অসৎ'। এই যে অভাব তাহাই ধ্বংস॥ ২॥

উপস্কারঃ।

অভাবান্তরং প্রতীতিবলসিদ্ধমাহ।

যথা কারণব্যাপারাৎ পূর্ব্বং প্রত্যক্ষানুমানাভ্যাং কার্য্যস্যাসত্ত্বং প্রমীয়তে, তথা বিনাশকসী মুদ্গরাদের্ব্যাপারানন্তরং সদেব কার্য্যং ঘটাদি ইদানীমসদিতি প্রত্যক্ষানুমানাভ্যামেব প্রমীয়তে, স চায়মভাবো ধ্বংস ইতি গীয়তে, ভবতি হি ঘটো নষ্টো ধ্বস্ত ইদানীং শ্রুতপূর্ব্বো গকারো নাস্তীত্যাদিধীরিতি ভাবঃ॥ ২॥

অসতঃ ক্রিয়াগুণব্যপদেশাভাবাদর্থান্তরম্॥ ৩॥

অনুবাদ।

ক্রিয়া এবং গুণ ব্যবহারের অভাব হেতু (সৎ) অসৎ হইতে ভিন্ন পদার্থ॥ ৩॥

ব্যাখ্যা।

ধ্বংস ও প্রাগভাব কার্য্যেরই একটা অবস্থাবিশেষ, ইহাই সাংখ্যমত, এই মত নিরাকৃত হইতেছে। অবস্থা কার্য্যেরই ধর্ম্ম। কার্য্য না থাকিলে তাহার অবস্থা কোথায় থাকিবে। জলানয়নাদি ক্রিয়া নির্ব্বাহের অভাব এবং পরিমাণাদি প্রত্যক্ষের অভাবেই কার্য্যের অসত্তা নির্ণীত হওয়ায় ধ্বংস ও প্রাগভাবকে তাহার অবস্থা বলিতে পার না। ধ্বংস ও প্রাগভাব অসৎ অসত্তাবিশেষ, তাহা সত্তা হইতে সম্পূর্ণ বিভিন্ন। তাহা সত্ত্বের অবস্থাবিশেষ বা অবস্থাবিশেষযুক্ত ঘট নহে—সুতরাং ঘটের অবস্থা বা ঘট হইতেও সম্পূর্ণ বিভিন্ন। সেই যে সাময়িক অসত্তা, তাহাই ধ্বংস ও প্রাগভাব নামে অভিহিত॥ ৩॥

উপস্কারঃ ।

ননু ঘট এবাবস্থাবিশেষে ধ্বংসব্যবহারং করোতি ন তু ঘটাদর্থান্তরং ধ্বংস ইত্যত আহ। সদিতি সূত্রশেষঃ, অসতঃ সৎ অর্থান্তরম্, কুত ইত্যত আহ ক্রিয়াগুণব্যপদেশাভাবাদিতি ন হি প্রধ্বংসকালেঽপি বর্ত্ততে ঘটঃ, অস্তি ঘটঃ, ইদানীং রূপবান্ ঘটঃ, ঘটমানয়েত্যাদিব্যপদেশস্তদিতো বৈধর্ম্ম্যাদসতঃ সদর্থান্তরমিতি ॥ ৩ ॥

সচ্চাসৎ ॥ ৪ ॥

অনুবাদ ।

সৎও অসৎ (হয়) ॥ ৪ ॥

ব্যাখ্যা ।

যাহা একরূপে সৎ তাহা অন্যরূপে অসৎ ; গো স্বরূপে সৎ কিন্তু অশ্বরূপে অসৎ, অশ্বরূপে ত গোর সত্তা নাই। গোর এই রূপান্তরে অসত্তা, তাহাই গোবৃত্তি অন্যোন্যাভাব বা ভেদ। এই জন্য এই গো—অশ্ব নহে, এইরূপ ব্যবহার হয় ॥ ৪ ॥

উপস্কারঃ ।

প্রাগভাবপ্রধ্বংসৌ সাধয়িত্বাঽন্যোন্যাভাবং সাধয়িতুমাহ।

যত্র সদেব ঘটাদি অসদিতি ব্যবহ্রিয়তে তত্র তাদাত্ম্যাভাবঃ প্রতীয়তে, ভবতি হি অসন্নশ্বো গবাত্মনা, অসন্ গৌরশ্বাত্মনা, অসন্ পটো ঘটাত্মনা, অঘটঃ পটঃ, অনশ্বো গৌঃ, অগৌরশ্ব ইত্যাদিপ্রতীতিঃ, তদশ্বান্যোন্যাভাববান্ গৌঃ পটান্যোন্যাভাববান্ ঘট ইত্যন্যোন্যাভাব এব তাদাত্ম্যাভাবাপরনামা ভাসতে, তদত্র তাদাত্ম্যং প্রতিযোগিতাবচ্ছেদকম্, প্রতিযোগিসমানাধিকরণশ্চায়মভাবঃ, ভবতি হি ঘটো ন ভূতলমিতি প্রতীতিঃ, নিত্যশ্চ, কদাচিদপি ঘটপটয়োস্তাদাত্ম্যাসম্ভবাৎ ॥ ৪ ॥

পরিষ্কারঃ ।

তাদাত্ম্যাভাবেতি তাদাত্ম্যসম্বন্ধাবচ্ছিন্নপ্রতিযোগিতাকাভাবেত্যর্থঃ। প্রতিযোগিতাবচ্ছেদকমিতি প্রতিযোগিতাবচ্ছেদকসম্বন্ধ ইত্যর্থঃ ॥ ৪ ॥

যচ্চান্যদসদতস্তদসৎ ॥ ৫ ॥

অনুবাদ ।

যাহা এই সকল অসৎ হইতে ভিন্ন অসৎ, তাহা (একেবারেই) অসৎ ॥ ৫ ॥

ব্যাখ্যা ।

ধ্বংস, প্রাগভাব এবং অন্যোন্যাভাব হইতে ভিন্ন যে অসত্তা অর্থাৎ অভাব, তাহাই অত্যন্ত অসত্তা বা অত্যন্তাভাব। ধ্বংস এবং প্রাগভাব সাময়িক, অন্যো-

স্থলান্তরে অভাব, প্রতিযোগিসত্ত্বেও সে অভাব থাকে। এতৎসমুদায় হইতে বিভিন্ন যে অভাব তাহা ত্রৈকালিক অভাব; কিন্তু প্রতিযোগীর আশ্রয়ে তাহা থাকে না,—সেই অভাবই অত্যন্তাভাব। যেমন আমাদের ধনাভাব। এই কালে অনেক ভারতবাসীই নিঃস্ব। এই ধনাভাব আমরা পূর্ব্বেও অনুভব করিয়াছি, আজও করিতেছি, বোধ হয় যতদিন বাঁচিব ততদিন করিব। যেখানে ধন থাকে, সেখানে ধনাভাব নাই ॥ ৫ ॥

উপস্কারঃ।

ইদানীং চতুর্থমভাবমত্যন্তাভাবাখ্যমাহ।

অতঃ পূর্ব্বোক্তাদভাবত্রয়াৎ, যদন্যদসৎ তদসৎ, তদত্যন্তাসত্ত্বম্, অসদিত্যভাবত্র ভাবপ্রধানো নির্দ্দেশঃ, তত্রৈকমসচ্ছব্দেশ্চমপরমসদ্বিধেয়ম্, তথাচোক্তাভাবত্রয়ভিন্নো যোঽভাবঃ সোঽত্যন্তাভাব ইতি পর্য্যবসন্নোঽর্থঃ, তত্র প্রাগভাবস্য উত্তরাবধিকত্বম্, প্রধ্বংসস্য পূর্ব্বাবধিকত্বম্, অন্যোন্যাভাবস্য প্রতিযোগিসমানাধিকরণত্বমত্যন্তাভাবস্য তু ত্রিতয়বৈধর্ম্যমতশ্চতুর্থোঽয়মভাবঃ ॥৫॥

পরিষ্কারঃ।

প্রতিযোগিসমানাধিকরণত্বমিতি যেন সম্বন্ধেন স্বীয়যৎপ্রতিযোগিনোঽধিকরণে যেন সম্বন্ধেনাত্যন্তাভাবো ন বর্ত্ততে তেন সম্বন্ধেন স্বীয়তৎপ্রতিযোগিনোঽধিকরণে তেন সম্বন্ধেন অন্যোন্যাভাবস্য বর্ত্তত ইতি বৈলক্ষণ্যাৎ তদভাবয়োরভেদো তু ন সম্ভবতীত্যাশয়েনাহ অন্যোন্যাভাবস্য প্রতিযোগিসমানাধিকরণত্বমিতি ॥ ৫ ॥

অসদিতি ভূতপ্রত্যক্ষাভাবাৎ ভূতস্মৃতের্বিরোধিপ্রত্যক্ষবৎ॥ ৬

অনুবাদ।

অসৎ—অর্থাৎ ঘট বিধ্বস্ত হইয়াছে এই যে (জ্ঞান,—ইহা) বিরোধী অর্থাৎ প্রতিযোগীর প্রত্যক্ষেরই তুল্য; অতীত (প্রতিযোগীর) প্রত্যক্ষাভাব এবং অতীত (প্রতিযোগীর) স্মরণ—ইহার হেতু ॥৬॥

ব্যাখ্যা।

ধ্বংসজ্ঞানও প্রত্যক্ষাত্মক হইতে পারে। যাহার ধ্বংস তদ্বিষয়ক জ্ঞান যেমন ইন্দ্রিয়সন্নিকর্ষ বশতঃ প্রত্যক্ষ হয়, ধ্বংসজ্ঞানও ইন্দ্রিয়সন্নিকর্ষ বশতঃ সেইরূপ প্রত্যক্ষ হইতে পারে; অভাব অসৎ, তাহার সহিত ইন্দ্রিয়ের সন্নিকর্ষ নাই, এমন আপত্তি চলে না; কেননা সন্নিকর্ষ একরূপ নহে, দ্রব্যের স্থলে সংযোগ, গুণ-স্থলে সংযুক্ত সমবায়—আবার গুণের মধ্যে শব্দে কেবল সমবায়,-কেননা শ্রোত্র-ইন্দ্রিয়ের সহিত শব্দের সম্বন্ধ হয়, এই শ্রোত্র-ইন্দ্রিয় আকাশ—আকাশের সহিত শব্দের সমবায় সম্বন্ধ; এইরূপ সৎপ্রত্যক্ষেও সন্নিকর্ষ বা সম্বন্ধ বিভিন্ন। বিশেষ-

বশূত্তা বা স্বরূপ নামক সম্বন্ধই অভাবের সন্নিকর্ষ, অভাবের চাক্ষুষ স্থলে চক্ষুঃসংযুক্ত-বিশেষণতাই সন্নিকর্ষ। সেই সন্নিকর্ষ আছে বলিয়াই অভাব প্রত্যক্ষ এবং তাহা অনুভূত হইয়া থাকে। পরন্ত ধ্বংস-প্রত্যক্ষের বিশেষ কারণ অতীত প্রতিযোগীর অনুপলব্ধি এবং অতীত প্রতিযোগীর স্মরণ। প্রতিযোগিজ্ঞান না থাকিলে বিশিষ্ট প্রত্যক্ষ হয় না, কেননা, বিশিষ্টবুদ্ধির প্রতি বিশেষণজ্ঞান কারণ। ধ্বংসপ্রত্যক্ষের পূর্ব্বে প্রতিযোগীর স্মরণাত্মক জ্ঞান অধিক সম্ভবপর হয়,—এইজন্য অপর জ্ঞানের কথা না বলিয়া স্মরণই কথিত হইয়াছে। প্রতিযোগীর যোগ্য অর্থাৎ সেই ঘট যদি বর্ত্তমান থাকিত তাহা হইলে, অদ্য তাহা দেখিতাম, এইরূপ তর্কিত অনুপলব্ধিই এখানে অতীত প্রতিযোগীর অনুপলব্ধি ॥ ৬ ॥

উপস্কারঃ।

ইদানীং প্রকরণান্তরমারভতে তত্র প্রধ্বংসে তাবৎ প্রত্যক্ষসামগ্রীমাহ।

অসদিতীতিকারেণ প্রত্যক্ষাকারং জ্ঞানমাহ, তেনাসন্ ঘটঃ, নষ্টো ঘটঃ, ধ্বস্ত ইদানীং ঘট ইতি প্রত্যক্ষপ্রতীতিরস্তি, তত্র দৃষ্টান্তো বিরোধিপ্রত্যক্ষবদিতি বিরোধিনো ঘটাদের্যথা স্পষ্টং প্রত্যক্ষং তথা তৎপ্রধ্বংসস্যাপি; তত্র কারণমাহ ভূতপ্রত্যক্ষাভাবাদিতি ভূতস্য উৎপদ্য বিনষ্টস্য ঘটাদেঃ প্রত্যক্ষাভাবাৎ এতেন যোগ্যানুপলব্ধিমাহ, তত্র চায়ং তর্কঃ সহকারী, যদ্যত্র ঘটোঽভবিষ্যৎ ভূতলমিবাদ্রক্ষ্যত ন চ দৃশ্যতে তস্মান্নাস্তীতি, সহকার্য্যন্তরমাহ ভূতস্মৃতেরিতি ভূতস্য প্রতিযোগিনো ঘটাদেঃ স্মৃতেরিতি প্রতিযোগিস্মরণমুক্তম্ ॥ ৬ ॥

পরিষ্কারঃ।

যোগ্যানুপলব্ধিমিতি অত্র যোগ্যত্বমনুপলব্ধিবিশেষণং তচ্চ প্রতিযোগিতদ্ব্যাপ্যেতরযাবদুপলম্ভসামগ্রীসমবহিতত্বং প্রতিযোগিসত্ত্বপ্রসঞ্জনপ্রসঞ্জিতপ্রতিযোগিকত্বং বা। স্মরণমুক্তং সম্ভবাভিপ্রায়েণেতি ভাবঃ। জ্ঞানমাত্রং তু বিবক্ষিতমিতি ধ্যেয়ম্ ॥ ৬ ॥

তথাঽভাবে ভাবপ্রত্যক্ষত্বাচ্চ ॥ ৭ ॥

অনুবাদ।

অভাব অর্থাৎ প্রাগভাব বিষয়েও সেইরূপ, ভাবপ্রত্যক্ষ (প্রাগভাব প্রত্যক্ষের) কারণ ॥ ৭ ॥

ব্যাখ্যা।

ভাবপ্রত্যক্ষ—ফলজননোন্মুখ আশ্রয়াদিপ্রত্যক্ষ তবেই হইল, প্রাগভাবের প্রত্যক্ষের কারণ ইন্দ্রিয়সন্নিকর্ষ, যোগ্য প্রতিযোগীর অনুপলব্ধি, আশ্রয়প্রত্যক্ষ প্রভৃতি সর্ব্বত্রই যে, আশ্রয়প্রত্যক্ষ আবশ্যক তাহা নহে, এইজন্যও প্রভৃতিশব্দ

প্রয়োগ করিলাম। তন্ত তাঁতে চড়াইয়া টানাপোড়েন আরম্ভ করিলে তথায় পট-প্রাগভাবের প্রত্যক্ষ হয়,—এখানে আশ্রয়প্রত্যক্ষ কারণ। ঢাকে অভিঘাত করিবার চেষ্টাদর্শনে যে শব্দপ্রাগভাবপ্রত্যক্ষ হয়, তাহা আশ্রয়প্রত্যক্ষজন্য নহে, এরূপ স্থলে —বিশেষ কার্য্যকারণভাব কল্পনীয় ॥ ৭ ॥

উপস্কারঃ।

প্রাগভাবে প্রধ্বংসপ্রত্যক্ষতাপ্রকারমতিদিশন্নাহ।

সামান্যবাচীপ্যয়মভাবশব্দঃ প্রকরণাৎ প্রাগভাবপরঃ, যথা প্রধ্বংসে প্রত্যক্ষজ্ঞানং তথা প্রাগভাবেঽপি, কুতঃ ভাবপ্রত্যক্ষত্বাৎ ভাবস্য বুহ্যমানবীরণাদেঃ প্রত্যক্ষত্বাৎ প্রত্যক্ষেণ বিষয়ীক্রিয়মাণত্বাৎ, যদ্বা ভাবস্যাধিকরণস্য প্রতিযোগিনশ্চ প্রত্যক্ষত্বাৎ যোগ্যত্বাদিত্যর্থঃ; সংসর্গাভাবগ্রহেঽধিকরণযোগ্যতায়াঃ প্রতিযোগিযোগ্যতায়াশ্চ তন্ত্রত্বাৎ, চকারাৎ প্রতিযোগিস্মরণযুক্তং তর্কং সমুচ্চিনোতি, অনাদেরপি প্রাগভাবস্যানন্তস্যাপি প্রধ্বংসস্যাবস্থাবিশেষমাত্রে প্রত্যক্ষত্বম্ ॥ ৭ ॥

পরিষ্কারঃ।

অধিকরণযোগ্যতায়া আশ্রয়মহত্ত্বাদেরিত্যর্থঃ, প্রতিযোগিযোগ্যতায়া ইতি প্রতিযোগিমহত্ত্বাদেরিত্যর্থঃ। অত্র চকারো বাকারার্থঃ। তথাচায়মর্থঃ—কস্যচিৎ সংসর্গাভাবস্য প্রত্যক্ষে অধিকরণযোগ্যতা হেতুঃ কস্যচিচ্চ প্রতিযোগিযোগ্যতা। তেন স্তম্ভাদৌ পিশাচত্বাত্যন্তাভাবস্য বস্বাদাবুদ্ভূতরূপাত্যন্তাভাবস্য চ প্রত্যক্ষেঽপি নাসঙ্গতিঃ। এবঞ্চ সংসর্গাভাববিশেষপ্রত্যক্ষে যোগ্যানুপলব্ধিবিশেষো হেতুঃ। তথাচ তদধিকরণীয়ত্বপ্রসঞ্জনপ্রসঞ্জিতপ্রতিযোগিকত্বরূপমনুপলব্ধিবৃত্তিযোগ্যত্বং যোগ্যাবৃত্তিধর্ম্মপ্রতিযোগিকসংসর্গাভাবগ্রহে তন্ত্রং তৎপ্রতিযোগিসত্ত্বপ্রসঞ্জনপ্রসঞ্জিতপ্রতিযোগিকত্বরূপমনুপলব্ধিবৃত্তিযোগ্যত্বঞ্চ তদন্যসংসর্গাভাবগ্রহ ইতি বিশেষলাভঃ। অত্র ভাবপদস্যাধিকরণার্থকত্বকথনমুত্তরসূত্রার্থম্। অন্যোন্যাভাবগ্রহে চাত্যন্তাভাববিশেষগ্রহে চ তদ্ধেতুকত্বাদিতি ধ্যেয়ম্। যস্য প্রতিযোগিনঃ প্রত্যক্ষকারণান্তরসত্ত্বেঽপি যোগ্যবৃত্তিত্বাভাবমাত্রেণ ন প্রত্যক্ষমুপধীয়তে, তস্য সোঽয়ং প্রত্যক্ষাভাবোঽনুপলব্ধ্যাপরনামা প্রাথমিকো যোগ্যঃ। যত্র তদীয়প্রত্যক্ষকারণস্যেমসত্ত্বে কেবলং তস্য তন্নিয়তস্য চ সত্ত্বং স এব প্রত্যক্ষাভাবো দ্বিতীয়ো যোগ্যঃ। সেয়মনুপলব্ধিগতযোগ্যতাদ্বয়ী সুধীভির্নিপুণতরমালোচনীয়া। যদ্বা প্রতিযোগিযোগ্যতাপ্রযোজ্যতাবচ্ছেদকং সংসর্গাভাবপ্রত্যক্ষত্বমধিকরণযোগ্যতাপ্রযোজ্যবৃত্ত্যপি ভবতীত্যর্থো বা অধিকরণযোগ্যতায়া ইত্যাদিগ্রন্থস্য পর্য্যবসানং তেন চকারঃ সমুচ্চয়ার্থ এব। ঘ্যণুকাদৌ ত্রসরেণুপ্রাগভাবাদেঃ পার্থিবাণুকে জলত্বাদ্যভাবস্য প্রত্যক্ষত্বে নাধিকরণযোগ্যত্বং কিন্তুত্বং প্রতিযোগিযোগ্যত্বস্য সর্ব্বত্র। অন্যোন্যাভাবপ্রত্যক্ষে তু অধি-

কারণযোগ্যত্বমেব ন তু প্রতিযোগিযোগ্যত্বমপি তন্ত্রম্। স্তম্ভে পিশাচত্বাভাবপ্রত্যক্ষ পিশাচত্বাভাবস্য সমনিয়তপিশাচান্যোন্যাভাবরূপত্বেনোপপাদনীয়ম্। বিস্তরস্তত্র দ্রষ্টব্যঃ॥ ৭॥

এতেনাঘটোঽগৌরধর্ম্মশ্চ ব্যাখ্যাতঃ॥ ৮॥

অনুবাদ।

এতদ্দ্বারা অঘট—অগো এবং অধর্ম্ম অর্থাৎ ভেদপ্রত্যক্ষও বিবৃত হইল॥ ৮॥

ব্যাখ্যা।

আশ্রয়াদিপ্রত্যক্ষ প্রাগভাবপ্রত্যক্ষের কারণ, ইহা কথিত হইয়াছে, তদ্দ্বারা ভেদপ্রত্যক্ষের কথাও বলা হইয়াছে—অর্থাৎ ভেদপ্রত্যক্ষে আশ্রয়প্রত্যক্ষ কারণ এবং প্রতিযোগিস্মরণ প্রভৃতি পূর্ব্বোক্ত কারণনিচয় ত আছেই॥ ৮॥

উপস্কারঃ।

অন্যোন্যাভাবস্য প্রত্যক্ষতামাহ।

এতেনেতি প্রতিযোগিস্মরণাধিকরণগ্রহণপ্রাগুক্ততর্কানতিদিশতি, যোগ্যানুপলম্ভঃ সর্ব্বত্র সমানঃ,চকার উক্তসমুচ্চয়ার্থঃ, অধর্ম্ম ইত্যতীন্দ্রিয়স্যাপি ধর্ম্মস্য সুখজ্ঞানাদাবধিকরণেঽন্যোন্যাভাবস্য প্রত্যক্ষতাং বদন্ অন্যোন্যাভাবগ্রহে প্রতিযোগিযোগ্যতা ন তন্ত্রং কিন্ত্বধিকরণযোগ্যতামাত্রং তন্ত্রমিত্যুপদর্শয়তি, কথমন্যথা স্তম্ভঃ পিশাচো ন ভবতীতি পিশাচান্যোন্যাভাবঃ স্তম্ভে গৃহ্যেত; তত্তাদাত্ম্যতয়া পিশাচানুপলম্ভস্য তদন্যোন্যাভাবগ্রাহকত্বাৎ তস্যাপ্যনুপলম্ভস্য প্রতিযোগিসত্ত্ববিরোধিত্বাৎ স্তম্ভে, পিশাচতাদাত্ম্যে সত্যনুপলম্ভানুপপত্তেঃ। নন্বু পিশাচতাদাত্ম্যমিহ ন প্রতিযোগি, কিন্তুর্হি পিশাচঃ, স চ স্তম্ভে বর্ত্তমানোঽপি গুরুত্ববন্নোপলভ্যতে ইতি তদনুপলম্ভঃ প্রতিযোগিসত্ত্ববিরোধী ন ভবতীতি চেন্ন প্রতিযোগ্যনুপলম্ভবৎ প্রতিযোগিতাবচ্ছেদকানুপলম্ভস্যাপ্যভাবগ্রহকারণত্বাৎ, নন্বু প্রতিযোগিত্বগ্রহাধীনোঽন্যোন্যাভাবগ্রহঃ প্রতিযোগিত্বঞ্চান্যোন্যাভাববিরহাত্মকং ততশ্চান্যোন্যাভাবগ্রহাধীন এবান্যোন্যাভাবগ্রহ ইতি চেন্নাধিকরণাবৃত্তিত্বেন জ্ঞায়মানো ধর্ম্ম এব 'প্রতিযোগিতাবচ্ছেদকো ন তু প্রতিযোগিতাবচ্ছেদকত্বেনাপি তদ্গ্রহস্তন্ত্রমিত্যুক্তত্বাৎ॥ ৮॥

পরিষ্কারঃ।

'তত্তাদাত্ম্যতয়া পিশাচানুপলম্ভঃ' স্তম্ভে পিশাচতাদাত্ম্যানুপলম্ভঃ। পিশাচতাদাত্ম্যস্য তত্তবৃত্তিত্বে যোগ্যবৃত্তিনস্তস্যানুপলম্ভাসম্ভব ইত্যাহ 'স্তম্ভে পিশাচতাদাত্ম্যে সতীতি। সম্বন্ধান্তরপ্রত্যক্ষস্য সম্বন্ধিদ্বয়প্রত্যক্ষাধীনত্বেঽপি তাদাত্ম্যপ্রত্যক্ষে তদকারণকত্বাৎ। সম্বন্ধিদ্বয়স্য বাস্তবৈক্যাদিত্যাশয়ঃ। পিশাচতাদাত্ম্যানুপলম্ভঃ প্রতিযোগ্যনুপলব্ধিরূপঃ, পিশাচানুপলব্ধিস্তু ন পিশাচসত্ত্বং বিরুণদ্ধি। প্রতিযোগ্যবিরো-

ল্লেখিনী চানুপলব্ধিরভাবং গ্রাহয়েদিতি তু বাস্তঃ পন্থাঃ, ইত্যাশয়ং বিবৃণোতি নহীতি।
"প্রতিযোগিতাবচ্ছেদকানুপলম্ভঃ প্রতিযোগিতাবচ্ছেদকসম্বন্ধানুপলম্ভঃ ॥ ৮ ॥

অভূতং নাস্তীত্যনর্থান্তরম্ ॥ ৯ ॥

অনুবাদ।

'অভূত' এবং 'নাস্তি' ইত্যাকারক প্রত্যক্ষদ্বয়ের কারণ একই প্রকার ॥ ৯ ॥

ব্যাখ্যা

অভূত—ভূতের, উৎপন্নের অভাব অর্থাৎ ধ্বংস, নাস্তি—অত্যন্তাভাব। ধ্বংস-প্রতীতিতে যে যে কারণ, অত্যন্তাভাবপ্রত্যক্ষেও সেই সব কারণ, যোগ্যপ্রতি-যোগ্যনুপলব্ধি,—প্রতিযোগিস্মরণ ইত্যাদি ॥ ৯ ॥

উপস্কারঃ।

অথেদানীমত্যন্তাভাবপ্রত্যক্ষতামাহ।

ভূতমিদানীং নাস্তীতিপ্রতীতির্ধ্বংসমালম্বতে ভূতত্বং নোল্লিখতি কিন্তিদং নাস্তীতিমাত্রো-ল্লেখিনী প্রত্যক্ষপ্রতীতিরত্যন্তাভাবমালম্বতে, অভূতমিত্যুৎপাদবিনাশানালম্বনত্বং দ্যোতয়তি, অনর্থান্তরত্বমপি তদভিপ্রায়কমেব, যথা জলে পৃথিবীত্বং নাস্তি পৃথিব্যাং ন জলত্বমিতি, যদি হি জলাবয়বিনি পৃথিবীত্বং স্যাৎ উপলভ্যেত ন চোপলভ্যতে তস্মান্নাস্তীতিতর্কপুরস্কারোঽত্রাপি দ্রষ্টব্যঃ। এবঞ্চ যদ্বস্তু যত্র ন কদাঽপি ভবিষ্যতি ন চ কদাচিদ্ভূতং তস্য তত্রাত্যন্তাভাবো দ্রষ্টব্যঃ। ভূতভবিষ্যতোশ্চ তত্র প্রধ্বংসপ্রাগভাবালম্বন এব তত্রাধিকরণে নাস্তীতিপ্রত্যয়ঃ। অতএবায়মত্যন্তাভাবস্ত্রৈকালিক ইত্যভিধীয়তে ॥ ৯ ॥

পরিষ্কারঃ।

অভূতমিতি ভূতত্বানুল্লেখিনীত্যর্থঃ। ধ্বংসত্বপ্রাগভাবত্বাদ্যবিষয়িকেতি যাবৎ। অতএব নাস্তীতি তথাবিধপ্রতীতিসিদ্ধোঽভাবো ন প্রাগুক্ত-ধ্বংসাদিরূপার্থান্তরমিতি সূত্রার্থং বিবৃণোতি ভূতমিতি। সূত্রার্থান্তরন্তু—ধ্বংসাত্যন্তাভাবয়োঃ প্রত্যক্ষং প্রতি বিষয়াতিরিক্তকারণস্তোমঃ সমানো নার্থান্তরমিতি। যদ্বা, অভূতমিতি নাস্তীতি-প্রতীতিসিদ্ধ এক এবাত্যন্তাভাবঃ, তথাহি যথা নাস্তীতি প্রতীত্যা বর্ত্তমানপ্রত্যয়ান্ত-পদার্থবিষয়িকয়াপি বর্ত্তমানসম্বন্ধমাত্রপ্রতিষেধো ন বিষয়ীক্রিয়তে তথা অভূতমিতি প্রতীত্যাপি অতীতসম্বন্ধমাত্রপ্রতিষেধো বিষয়ীক্রিয়তে, পরন্তু ত্রৈকালিকসম্বন্ধ-প্রতিষেধঃ, বাক্যবৈলক্ষণ্যেঽপি প্রত্যয়ার্থবিবক্ষণাৎ সমানবিষয়িকৈব প্রতীতির্ন বিসদৃশবিষয়িকেতি বয়ং ক্রমঃ ॥ ৯ ॥

নাস্তি ঘটো গেহে ইতি সতো ঘটস্য গেহসংসর্গপ্রতিষেধঃ ॥১০॥

অনুবাদ।

গৃহে ঘট নাই—ইহা বিদ্যমান ঘটেরই গৃহে সম্বন্ধ নিষেধ মাত্র) ॥ ১০ ॥

ব্যাখ্যা।

ধ্বংসপ্রত্যক্ষ ও অত্যন্তাভাবপ্রত্যক্ষের এক কারণ হইলে, একেবারে দুই অভাববিষয়ক প্রত্যক্ষ না হয় কেন? ইহার উত্তরেই বর্ত্তমান সূত্র। ধ্বংস এবং অত্যন্তাভাবে স্বরূপতঃ ভেদ আছে, সুতরাং উভয়প্রত্যক্ষের কতিপয় কারণ এক হইলেও কারণকূট এক নহে, দুই একটী কারণ বিভিন্ন। স্বরূপতঃ ভেদ সেই কারণভেদের হেতু। অতীত বস্তুরই অভাব ধ্বংস, পরন্তু অত্যন্তাভাব বর্ত্তমান বস্তুর অভাবও হইতে পারে। মনে কর, এখন ঘট বর্ত্তমান, কিন্তু যে গৃহে ঘট নাই সে গৃহে ঘটের অত্যন্তাভাব আছে; তাহাতে বুঝা গিয়াছে, বর্ত্তমান ঘটেরই সংযোগ সে গৃহে নাই, ইহা অত্যন্তাভাব। ধ্বংস স্থলে তাহা হয় না, এক্ষণে যে বস্তু বর্ত্তমান, এক্ষণে তাহার ধ্বংস কোথাও থাকে না। ধ্বংস ও অত্যন্তাভাবের এই ভেদপ্রত্যক্ষের প্রতি বিষয়ও একটী কারণ,—অত্যন্তাভাব যে প্রত্যক্ষের বিষয় তাহার একটী কারণ অত্যন্তাভাব, তাহার অভাবে অথবা ধ্বংসের অভাবে একত্র দুই অভাবের প্রত্যক্ষ হয় না। যেখানে ধ্বংস বা প্রাগভাব থাকে সেখানে অত্যন্তাভাব থাকে না, কেননা ধ্বংস যেখানে, সেখানে ত কোন সময় প্রতিযোগী ছিল, প্রাগভাব যেখানে সেখানে ত কখন হইবে,—সুতরাং ত্রৈকালিক অভাব সেখানে থাকিবে কেন? ইহা প্রাচীন মত। ১০।

উপস্কারঃ।

ননু গেহে ঘটাভাবো নাত্যন্তাভাবঃ কদাচিত্তত্র ঘটসত্ত্বাৎ, নাপি প্রাগভাবপ্রধ্বংসৌ, তয়োঃ সমবায়িকারণমাত্রবৃত্তিত্বাৎ, নাপ্যুৎপাদবিনাশশীলোঽত্যন্তাভাব এব, আত্যন্তিকস্যোৎপাদবিনাশশীলত্বেতি বিরোধাৎ, নাপি চতুর্থ এবায়ং সংসর্গাভাবঃ, তস্য ত্রৈবিধ্যবিভাগব্যাঘাতাপত্তেরিত্যত আহ।

গেহে ঘটস্য যঃ সংসর্গঃ সংযোগস্তস্য প্রতিষেধঃ, স চ যদি কদাচিদপি ন ঘটস্তদাত্যন্তাভাব এব, ভবিষ্যতঃ প্রাগভাবো ভূতস্য প্রধ্বংসাভাবঃ। তর্হি ঘটসংসর্গো গেহে নাস্তীতি প্রত্যায্যা ভবিতব্যমপি কেং প্রতীত্যা ভবিতব্যমিতি কোঽর্থঃ, যদি তদ্বিষয়য়া প্রতীত্যা ভবিতব্যমিত্যাপাদনার্থস্তদেষ্টাপত্তিঃ, অথ তদুল্লেখিন্যেতি, তদা গেহে ইত্যধিকরণোল্লেখস্যৈব সংসর্গোল্লেখপর্য্যবসানসাধারণ্যৈব প্রপঞ্চযাকারত্বাৎ, তৎ কিং ঘটস্তত্রাস্ত্যেব, অন্যোঽপীতি কোঽর্থস্তত্র সমবেতঃ সংযুক্তো বা। নাদ্যঃ সমবেতঘটস্য তত্রাভাবাৎ, ন দ্বিতীয়ঃ সংযোগস্য নিষেধাৎ, এবমেব ঘটাদীনাং কেবলান্বয়ি-

প্রসঙ্গঃ, তৎসংযোগসমবায়াস্তুতরস্যৈব সর্ব্বত্র নিষেধাদিতি চেন্ন তদুভয়নিষেধস্যৈব ঘটনিষেধাত্মকত্বাৎ, তৎ কিং ঘটস্তৎসংযোগশ্চৈতোকং তত্ত্বং, যেন ঘটসংযোগনিষেধো ঘটনিষেধঃ স্যাৎ, তৎ কিং ঘটস্তৎসংযোগসমবায়াবেকং তত্ত্বং, যেন তদ্বিধিরেব ঘটবিধিঃ স্যাৎ, ন হি তৌ যত্র নিষেধ্যেতে তত্র ঘট যয়োঃ যেন কেবলাব্বয়িত্বং তস্য স্যাৎ, তথাচ যস্য সো বিধিস্তন্নিষেধ এব তন্নিষেধ ইতি যথা ঘটস্য সমবায়িতয়া গেহেহিত স্যাভাব এব, স এব গেহে ঘটো নাস্তীতি প্রতীতিবিষয়ঃ, কপালে সংযোগিতয়েব, এবং সতি কেবলাব্বয্যত্যন্তাভাবপ্রতিযোগিতয়া ঘটোহসন্ স্যাদিতি চেৎ ভবেদেবং যদি সংযোগিত্বসমবায়িত্বাভ্যাং সর্ব্বত্রাসন্ স্যাদিতি ॥ ১০॥

পরিষ্কারঃ।

ঘটো গেহে নাস্তীত্যয়মভাবঃ গেহবৃত্তের্ঘটসংযোগস্যাভাবরূপঃ ইতি সূত্রার্থমুপদর্শয়তি গেহ ইতি। অসংখ্যাত্যভ্যুপগন্তৃমতে খপুষ্পাভাববদত্যন্তাসতোহভাব এবাত্যন্তাভাব ইতি ভ্রমো মা ভূদিত্যর্থং সত ইতি ঘটস্য বিশেষণমিতি ভাবঃ। গেহং হি ঘটসংযোগস্য যদি কদাচিৎসমবায়ি তদা ঘটো নাস্তীত্যভাবো ধ্বংসো বা প্রাগভাবো বা; ন চেৎ সমবায়ি, স্থিতমত্যন্তাভাবেন। তস্মাদ্‌ঘটো নাস্তীত্যভাবো ন দুর্ব্বচ ইত্যভিপ্রায়ঃ। নন্বেবং গেহে ঘটো নাস্তীত্যত্র ঘটসংসর্গো গেহে নাস্তীতি প্রতীতির্ভবত্বিত্যাশঙ্কতে তর্হীতি। তদ্বিষয়য়েতি প্রাত্যক্ষিকাদিরূপয়েত্যর্থঃ। তদুল্লেখিন্যেতি শাব্দরূপয়েত্যর্থঃ। অথবা তদ্বিষয়য়েতি তদ্‌ব্যবসায়রূপয়েত্যর্থঃ। তদুল্লেখিন্যা তদ্রূপেণানুব্যবসীয়মানয়েত্যর্থঃ। একত্রেষ্টাপত্তিমুক্ত্বান্যত্র দোষমাহ অধিকরণোল্লেখস্যেতি গেহে ঘটো নাস্তীতি প্রতীত্যা সপ্তম্যর্থাধিকরণত্বস্য সংসর্গরূপতয়া গেহে ঘটো নাস্তীত্যনেনৈব সংসর্গপ্রতিষেধঃ ক্রিয়তে, গেহে ঘটসংসর্গো নাস্তীত্যনেন তু ঘটসংসর্গনিষ্ঠগেহসংসর্গাভাব ইতি ন তদাপত্তিসম্ভব ইত্যাহ আহেতি। কিং তত্র ঘটোহস্তি কথমন্যথা স তস্য প্রতিষেধঃ কিন্তু তৎসংসর্গস্যেতি শঙ্কতে তৎ কিমিতি। ঘটস্যাত্যন্তাভাবাপ্রতিযোগিত্বেন কেবলাব্বয়িত্বং স্যাৎ সংযোগসমবায়য়োরেব প্রতিষেধাদিত্যাহ নন্বেবমিতি ঘটনিষেধাত্মকত্বাদিতি সুমনিয়তাভাবৈক্যাদিতি ভাবঃ। পটসংযোগনিষেধস্য পটনিষেধাত্মকতায়াঃ গূঢ়াশয়মনাবিষ্কুর্ব্বন্ প্রতিবন্দিমাহ ঘটবিধিঃ স্যাদিত্যন্তম্। সম্বন্ধসত্তা নিয়তসম্বন্ধিকত্বং সম্বন্ধিন ইতি নিয়মেন ঘটতৎসম্বন্ধয়োরেকতত্ত্বত্ববিরহেহপি ন ক্ষতিরিতি চেৎ প্রকৃতেহপি তুল্যমিত্যাশয়ঃ। নবসংখ্যাত্যনভ্যুপগমে গেহবৃত্তিঘটসংযোগস্যাভাবঃ প্রতিযোগিনঃ সিদ্ধ্যসিদ্ধিভ্যাং ব্যাহতঃ কিঞ্চ গেহ ইত্যস্যাভাবেনান্বয়ো ন তু প্রতিযোগিনা তথৈবানুভবাদিত্যত আহ যদ্বেতি। তথাচ সূত্রে সংসর্গেণ সমবায়েন প্রতিষেধঃ সংসর্গপ্রতিষেধঃ, গেহে সংসর্গপ্রতিষেধঃ, গেহসংসর্গপ্রতিষেধ ইতি সমাসত্রিভি-

প্রেত্যাহ ঘটস্যেতি। সত ইত্যস্য ব্যাবৃত্তিমভিধাতুং ভ্রান্তাশঙ্কামবতারয়তি এবং সতীতি। কেবলান্বয্যত্যন্তাভাবেতি, ব্যাপ্যবৃত্তিকেবলান্বয্যত্যন্তাভাবেত্যর্থঃ। 'অসন্' অবৃত্তিঃ, গগনবদিতি ভাবঃ। সমাধত্তে ভবেদিতি। 'এবং' কেবলান্বয্যত্যন্তাভাব-প্রতিযোগিহেতুকাসত্বম্। কেবলান্বয্যত্যন্তাভাবপ্রতিযোগিত্বমসত্বব্যভিচারীতি ভাবঃ, একেন সম্বন্ধেন বৃত্তিমত্যপি গুণাদৌ সংযোগাদিরূপসম্বন্ধান্তরাবচ্ছিন্নপ্রতিযোগিতাক-কেবলান্বয্যত্যন্তাভাবপ্রতিযোগিত্বাদিত্যাশয়ঃ, ঘটস্য সংযোগেন বৃত্তিমত্বমুপপাদয়তা স্ফুটীকৃতঃ। ননু কেবলান্বয্যত্যন্তাভাবপ্রতিযোগিত্বমাত্রং নাসত্বে সাধ্যে হেতুঃ, কিন্তু যৎ, যৎসম্বন্ধাবচ্ছিন্নপ্রতিযোগিতাককেবলান্বয্যত্যন্তাভাবপ্রতিযোগি, তৎ, তৎ-সম্বন্ধেনাসদিত্যেবং হেতুসাধ্যভাব ইত্যত আহ সমবায়িত্বেতি। সমবায়সম্বন্ধাব-চ্ছিন্নপ্রতিযোগিতাকঘটাভাবস্য কেবলান্বয়িত্ববিরহান্ন তথাবিধাসত্বসিদ্ধিরিতি ভাবঃ। এতদর্থমেব সূত্রে সত ইত্যুক্তমিত্যভিসন্ধিঃ। অর্থান্তরপক্ষে ভাষ্যে, ধ্বংসা-ত্যন্তাভাবস্য স্বরূপতো ভেদমুপদিশতি যেন সত্যপি প্রত্যক্ষকারণান্তরৈক্যে ধ্বংসাত্যন্তাভাবয়োর্ন যুগপৎপ্রত্যক্ষমিতি সূত্রাশয়ো বোধ্যঃ। ১০।

আত্মন্যাত্মমনসোঃ সংযোগবিশেষাদাত্মপ্রত্যক্ষম্ ॥ ১১ ॥

অনুবাদ।

আত্মা এবং মনের সংযোগবিশেষ (যে) আত্মস্থ হয় বলিয়া আত্ম-সাক্ষাৎকার (হইয়া থাকে) ॥ ১১ ॥

ব্যাখ্যা।

যে আত্ম-মনঃসংযোগ যোগ নামে অভিহিত, তাহাই আত্মা ও মনের সংযোগ-বিশেষ। সেই সংযোগ অর্থাৎ সেই যোগযুক্তমনঃসংযোগ সকল আত্মার এবং ঈশ্বরেরও থাকে, এইজন্য সকল আত্মা ও ঈশ্বরের সাক্ষাৎকার পাওয়া যায়। ১১।

উপস্কারঃ।

তদেবং ভাবাভাববিষয়কং লৌকিকপ্রত্যক্ষং নিরূপ্য যোগিপ্রত্যক্ষং নিরূপয়িতুং প্রকরণান্তর-মারভতে।

জ্ঞানমুৎপদ্যতে ইতি শেষঃ, দ্বিবিধাস্তাবদ্ যোগিনঃ সমাহিতান্তঃকরণা যে যুক্তা ইত্যভিধীয়ন্তে, অসমাহিতান্তঃকরণাশ্চ যে বিযুক্তা ইত্যভিধীয়ন্তে, তত্র যুক্তাঃ সাক্ষাৎকর্তব্যে বস্তুন্যাদরেণ মনো নিধায় নিদিধ্যাসনবন্তঃ, তেষামাত্মনি স্বাত্মনি পরাত্মনি চ জ্ঞানমুৎপদ্যতে। আত্মপ্রত্যক্ষমিতি আত্মা প্রত্যক্ষসাক্ষাৎকারবিষয়ো যত্র জ্ঞানে তত্তথা, যদ্যপ্যস্মদাদীনামপি কদাচিদাত্মজ্ঞানমস্তি তথাপ্য-বিদ্যাতিরস্কৃতত্বাৎ তদসৎকল্পমিত্যুক্তমাত্মমনসোঃ সন্নিকর্ষবিশেষাদিতি যোগজধর্মানুগ্রহ আত্মমনসোঃ সন্নিকর্ষে বিশেষণমাদিত্যাং। ১১।

পরিষ্কারঃ।

সূত্রান্তরমর্থান্তরমুপক্রমতে। তথাহি আত্মনীতি সপ্তম্যর্থ আশ্রয়ত্বং তচ্চ স্বাশ্রয়সংযোগসম্বন্ধাবচ্ছিন্নসম্বন্ধিত্বরূপম্। তত্র চাত্মমনসোঃ সংযোগবিশেষস্তাবৎ। তথাচ স্বপরাত্মনাং যোগজপ্রত্যক্ষে আত্মমনঃসংযোগবিশেষাত্মকযোগাশ্রয়মনসঃ স্বপরাত্মসংযোগঃ সন্নিকর্ষ ইতি ভাবঃ। দ্রব্যান্তরেষ্বপি তথৈব সন্নিকর্ষ ইত্যুত্তর-সূত্রে বক্ষ্যতি। তথাবিধদ্রব্যসমবায়শ্চ গুণকর্মপ্রত্যক্ষে সন্নিকর্ষ ইত্যগ্রে ব্যক্তী-ভবিষ্যতি। অতীতানাগতানাং দ্রব্যাণাং সন্নিকর্ষশ্চ সমাধিযুক্তমনঃসংযোগযোগ্যত্বং, যোগ্যত্বঞ্চাতীতানাগতসাধারণং সম্ভবতি। এবংবিধানাং সর্ব্বজ্ঞানাং পুনর্দ্বৈবিধ্যম্। তত্রৈকে তাবদসমাহিতান্তঃকরণাঃ অলব্ধসমাধিকমনঃসদৃশাঃ অতএব যুঞ্জানা ইত্যু-চ্যন্তে, তেষাং ধ্যানেন বস্তুস্ফূর্ত্তিঃ, অপরে চোপসংহৃতসমাধয়ঃ সমাধিসিদ্ধা অতএব যুক্তা ইত্যুচ্যন্তে, তেষাং সর্ব্বদা বিষয়প্রত্যক্ষমিতি ত্রয়োদশসূত্রে বক্ষ্যতি। অধিক-মন্যত্র মৃগ্যম্। স্পষ্ট উপস্কারঃ ॥ ১১ ॥

ইতি নবমাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

তথা দ্রব্যান্তরেষু প্রত্যক্ষম্ ॥ ১২ ॥

অনুবাদ।

সেই সংযোগবিশেষ দ্রব্যান্তরে হয় বলিয়া দ্রব্যান্তরেরও প্রত্যক্ষ (হইয়া থাকে) ॥ ১২ ॥

ব্যাখ্যা।

কেবল আত্মা প্রত্যক্ষ নহে, অতীন্দ্রিয় দ্রব্য যত আছে, সর্ব্বত্রই সেই যোগ-যুক্ত মনের সংযোগ থাকে, সুতরাং তৎসমস্তবিষয়ক প্রত্যক্ষও সেই যোগস্বরূপ আত্ম-মনঃসংযোগাভাবেই হয়। যোগী যোগবলে সর্ব্বজ্ঞ হইয়া থাকেন। ১২।

উপস্কারঃ।

তৎ কিমাত্মন্যেব যুক্তানাং জ্ঞানং তৎ কুতঃ সার্ব্বজ্ঞ্যমিত্যত আহ।

জ্ঞানমুৎপদ্যত ইতি প্রকরণায়াতম্, তথেতি যোগজধর্মানুগৃহীতেনৈব মনসা, দ্রব্যান্তরেষু চতু-র্ষণুষু মনসি বায়ুদিক্কালাকাশেষু, দ্রব্যপদেন তৎসমবেতগুণকর্মসামান্যানাং বিশেষপদার্থস্য সমবায়স্য প্রত্যক্ষগতস্যাপি উপলক্ষিতেহপি কালদেশব্যবগতস্যাপি জীবনযোনিযত্ননির্ব্বিকল্পকভাবনাধর্ম্মাধর্ম্মাদেঃ সংগ্রহঃ, পীঠস্থা যোগজধর্ম্মোপগ্রহস্য তুল্যত্বাৎ অন্যথা সার্ব্বজ্ঞ্যানুপপত্তিঃ ন ভবেৎ ॥ ১২ ॥

অসমাহিতান্তঃকরণা উপসংহৃতসমাধয়স্তেষাঞ্চ ॥ ১৩ ॥

অনুবাদ।

তাহাদিগের মধ্যে অসমাহিতচিত্ত এবং উপসংহৃতসমাধি (আছে)। ১৩।

ব্যাখ্যা।

সেই সর্ব্বজ্ঞ যোগী দ্বিবিধ ;—অসমাহিতচিত্ত এবং উপসংহৃত-সমাধি। যাঁহারা অসমাহিতচিত্ত—তাঁহাদের সর্ব্বদা সর্ব্বজ্ঞতা নাই, ধ্যান করিলে, তাঁহারা সকল বস্তু জানিতে পারেন,—তাঁহাদের চিত্তে সমাধির ফল সর্ব্বদা থাকে না, এইজন্যই তাঁহারা অসমাহিত-চিত্ত নামে অভিহিত। আর যাঁহারা উপসংহৃত-সমাধি তাঁহারা সমাধি-সিদ্ধ, সমাধির ফল তাঁহাদের হৃদয়ে সতত জাগরূক ; এইজন্য তাঁহাদের সর্ব্বজ্ঞতা সর্ব্বদাই থাকে, ধ্যানের অপেক্ষা তাঁহারা করেন না। অসমাহিত-চিত্তের অপর নাম 'যুঞ্জান'। উপসংহৃতসমাধির অপর নাম 'যুক্ত'। ১৩।

উপস্কারঃ।

যুক্তানাং প্রত্যক্ষং জ্ঞানমভিধায়েদানীং বিযুক্তানামাহ।

অসমাহিতান্তঃকরণা ইত্যস্যৈব ব্যাখ্যানমুপসংহৃতসমাধয়ঃ ইতি, যদ্বা কথমসমাহিতান্তঃকরণা ইত্যত আহ উপসংহৃতসমাধয় ইতি, উপসংহৃতো দূরীকৃতঃ সমাধির্নিদিধ্যাসনাত্মকো যৈস্তে তথা, তে হি সমাধিপ্রভাবাদ্বিকরণধর্ম্মাঃ অণিমাদ্যাঃ শরীরসিদ্ধীর্দূরশ্রবণাদ্যাশ্চেন্দ্রিয়সিদ্ধিরাপ্তবন্তঃ সমাধাবপালং প্রত্যয়মাসাদয়ন্তঃ "তাবদেবাস্য চিরং যাবন্ন বিমোক্ষ্যে অথ সম্পৎস্যে" ইত্যাদিশ্রুতিসমধিগতকৃত্যান্তরাভাবাঃ ভোগমাত্রস্য কর্ত্তব্যতামাকলয্য তেষু তেষু প্রদেশেষু দ্বীপোপদ্বীপাদিষু তেন তেন জন্মনা তুরঙ্গমাতঙ্গবিহঙ্গভুজঙ্গাদিনা যাবদেব চিরং যাবদ্দেবর্ষিমানুষভাবেন চ পূর্ব্বোপার্জ্জিতান্ কর্ম্মাশয়ানুপভুঞ্জ্মহে তাবৎ প্রাপ্তৈব নিরপায়া ভূমিরিত্যাকলয়ন্তঃ সকলমর্থজাতং যোগজধর্ম্মবলোপবৃংহিতেন্দ্রিয়শক্তয়ো ব্যবহিতং বিপ্রকৃষ্টঞ্চ প্রত্যক্ষীকুর্ব্বন্তি ॥ ১৩ ॥

তৎসমবায়াৎ কর্ম্মগুণেষু ॥ ১৪ ॥

অনুবাদ।

সেই মনঃসংযুক্ত দ্রব্য-সমবায় হেতু কর্ম্ম ও গুণ বিষয়ক প্রত্যক্ষ হয়। ১৪।

ব্যাখ্যা।

যোগীর চিত্তের সহিত প্রত্যক্ষবিষয়ের সম্বন্ধই যোগজসন্নিকর্ষ। দ্রব্য, গুণ ও কর্ম্মে সেই সম্বন্ধ প্রদর্শিত হইল,—পরন্তু ঐ সম্বন্ধ ভূত-ভবিষ্যতের সহিত থাকে না, তাহার জন্য বলিতে হয়, মনঃসংযোগ-যোগ্যতা এবং মনঃসংযোগ-যোগ্য

সমবায়ই মহর্ষির অভিপ্রেত যোগজসন্নিকর্ষ। যে দ্রব্য ভূত বা ভবিষ্যৎ, তাহা মনঃসংযুক্ত না হইলেও মনঃসংযোগযোগ্য বটে, কেননা তাহা দ্রব্য,— দ্রব্য হইলেই যোগি-মনঃসংযোগের যোগ্য হইয়া থাকে। ১৪।

উপস্কারঃ।

ননু ন তাবত্তেষু মানসং জ্ঞানং মনসো বহিরস্বাতন্ত্র্যাৎ, নাপি বহিরিন্দ্রিয়জন্যম্, তেষাং সম্বদ্ধবর্তমানার্থগ্রাহিত্বাৎ যথাযোগং রূপোদ্ভবাদিসাপেক্ষত্বাৎ আলোকাদিসব্যপেক্ষত্বাচ্চেত্যাশঙ্ক্য কেষুচিৎ পদার্থেষু প্রত্যাসত্তিমুপপাদয়ন্নাহ।

প্রত্যক্ষজ্ঞানং জায়তে ইতি শেষঃ। ভৌতিকানীন্দ্রিয়াণি যদি সন্নিকর্ষমপেক্ষন্তে তদা পরমাণ্বাকাশদিক্কালমনস্তেষু গুণসামান্যেষু স্বগমনঃসংযোগিসমবায়াৎ ইতরদ্রব্যেষু চ কায়ব্যূহ-ভোগার্থোপগৃহীতনানাপগুমনঃসংযোগাৎ তৎসংযুক্তসমবায়াৎ তত্তদ্দ্রব্যগুণাদিষু জ্ঞানমুৎপদ্যতে, এতচ্চোপপত্তিসৌকর্যামনুরুধ্যোক্তম্, বস্তুতো বাহ্যেন্দ্রিয়েষু মনসি চ যোগজ এব ধর্ম্মঃ প্রত্যাসত্তিস্তত এব সর্ব্বানুপপত্তিশান্তেঃ, অগস্ত্যসমুদ্রপানং দণ্ডকারণ্যনির্ম্মাণমাত্র দৃষ্টান্তঃ॥ ১৪॥

আত্মসমবায়াদাত্মগুণেষু॥ ১৫॥

অনুবাদ।

আত্মগুণপ্রত্যক্ষ আত্ম-সমবায় হেতু (হইয়া থাকে)। ১৫।

ব্যাখ্যা।

নিজ আত্মগুণ প্রত্যক্ষের জন্য অপর সন্নিকর্ষ কল্পনার আবশ্যক নাই; মনঃ-সংযুক্ত আত্মসমবায়ই সেই সন্নিকর্ষ। যোগিমনঃসংযুক্ত যোগীর আত্মা; তৎ-সমবায় অর্থাৎ সমবায় সম্বন্ধে সেই আত্মায় থাকা আত্ম-গুণ সুখদুঃখাদির আছেই, সুতরাং উক্তরূপ সন্নিকর্ষ আত্মগুণে আছে। ১৫।

নবম অধ্যায় প্রথমাহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

তৎ কিং স্বকীয়বুদ্ধ্যাদিষ্বপি মনসো দ্রব্যান্তরসংযুক্তসমবায় এব প্রত্যাসত্তিঃ, নেত্যাহ।

যোগিনাং প্রত্যক্ষং জ্ঞানমুৎপদ্যতে ইতি প্রকৃতম্, আত্মসমবেতানাস্তু বুদ্ধ্যাদীনাং সংযুক্তসমবায়াদেব প্রত্যক্ষং জ্ঞানমুৎপদ্যতেঽস্মদাদীনামিবেতি ন তত্র সন্নিকর্ষান্তরাপেক্ষেত্যর্থঃ, অত্রেন্দ্রিয়ার্থ-সন্নিকর্ষোৎপন্নমব্যভিচারিজ্ঞানং লৌকিকপ্রত্যক্ষম্, অর্থজং বা, সাক্ষাত্ত্বযোগিজ্ঞানং প্রত্যক্ষমিতি লৌকিকালৌকিকসাধারণম্। ১৫।

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে নবমাধ্যায়স্যাদ্যমাহ্নিকম্।

নবমাধ্যায়ে দ্বিতীয়াহ্নিকম্।

অস্যেদং কার্য্যং কারণং সংযোগি বিরোধি সমবায়ি চেতি লৈঙ্গিকম্ ॥ ১ ॥

অনুবাদ।

ইহা ইহার কার্য্য, কারণ, সংযোগী, বিরোধী বা সমবায়ী এইরূপ লৈঙ্গিক (জ্ঞান হইয়া থাকে)। ১।

ব্যাখ্যা।

লিঙ্গ—ব্যাপ্তি পক্ষধর্ম্মতা-বিশিষ্ট হেতু; তন্মূলক যে জ্ঞান তাহা অনুমিতি। লিঙ্গ কে হইতে পারে—যে কার্য্য, যে কারণ, যে সংযোগী, যে বিরোধী এবং যে সমবায়ী ইহারা সকলে লিঙ্গ হইতে পারে। ধূম বহ্নির লিঙ্গ, কেননা ধূম বহ্নির কার্য্য, ধূম দেখিয়া বহ্নির অনুমিতি করিতে হয়। এক প্রকার মেঘ বৃষ্টির কারণ, সেই মেঘ বৃষ্টির লিঙ্গ, সেই মেঘ দেখিয়া বৃষ্টির অনুমান করা হয়। এইরূপ কোথাও সংযোগী লিঙ্গ, কোথাও বিরোধী লিঙ্গ এবং কোথাও বা সমবায়ী লিঙ্গ হইয়া থাকে,—সেই সকল লিঙ্গের কথা পূর্ব্বে কথিত হইয়াছে। সাধ্য অনুমেয়, হেতু অনুমিতি-সাধন এবং পক্ষ সাধ্যসংশয়ের স্থান বা অনুমিতির ক্ষেত্র; যাহার অনুমান করিতে হয়, তাহা অনুমেয় বা সাধ্য, যদ্দ্বারা অনুমিতি করিতে হয়, তাহা হেতু বা অনুমিতিসাধন, যে আশ্রয়ে অনুমিতি করিতে হয় অর্থাৎ যেখানে সাধ্য আছে কিনা এইরূপ সংশয়, তাহা পক্ষ বা অনুমিতিক্ষেত্র;—যথা, বহ্নি সাধ্য, ধূম হেতু, পর্ব্বত পক্ষ। ধূম বহ্নি অপেক্ষা অধিক দেশে থাকে না, সেই ধূম ঐ-যে পর্ব্বতে রহিয়াছে, এই যে জ্ঞান, ইহাই ব্যাপ্তিপক্ষধর্ম্মতাবিশিষ্টহেতু জ্ঞান অর্থাৎ লিঙ্গ জ্ঞান নামে অভিহিত, এই জ্ঞান হইলে, ধূমকে পর্ব্বতে দেখিতে না পাইলেও বহ্নি পর্ব্বতে আছে, এইরূপ যে জ্ঞান হয়, সেই জ্ঞানই অনুমিতি, তাহা বহ্নির ব্যাপ্তি এবং পক্ষে অর্থাৎ পর্ব্বতে স্থিতি এই দুইটী ধর্ম্মবিশিষ্ট ধূম নামক যে হেতু বা লিঙ্গ তন্মূলক বলিয়া ঐরূপ লিঙ্গজ্ঞান জন্য বলিয়া, তাহার নাম লৈঙ্গিক। পক্ষ সম্বন্ধে নানামত আছে, সাধ্যসংশয় যাঁহাদিগের মতে পক্ষতা, তাঁহারা সাধ্যসংশয়ক্ষেত্রকেই পক্ষ বলিয়া থাকেন, পরন্তু অনুমিতির ইচ্ছা, সাধ্যনিশ্চয়ের অভাব ইত্যাদি পক্ষতাও শাস্ত্রে কথিত আছে, পক্ষতা অনুমিতির কারণ। যে কোন উপায়ে যদি সাধ্যের নিশ্চয় হইয়া যায়, তাহা হইলে সে ক্ষেত্রে আর অনুমিতি

অভাব কারণ নহে। অভাবের স্বরূপগত ইতরবিশেষ থাকিতে পারে না; কপালধ্বংসের পর ঘট উৎপন্ন হইল, আর বীজধ্বংস করিয়া অঙ্কুর উৎপন্ন হইল—এই ধ্বংস—অভাব, দ্রব্যের অসত্তা মাত্র, এ অসত্তার আবার ইতর বিশেষ কি? শূন্য ঘরে যদি রাম গিয়া বাহির হইয়া আসে, তাহাতে যে অসত্তা, আর শূন্য ঘরে শ্যাম গিয়া বাহির হইয়া আসিলেও সেই অসত্তা। এইরূপ অসত্তার ইতর বিশেষ না থাকায় কার্য্যের বৈলক্ষণ্য ঘটিতে পারে না, আমাদের মতে কার্য্যের বৈলক্ষণ্য—কারণবৈলক্ষণ্যে হয়, এই কারণ পরমাণু।—পৃথিবীর যে পরমাণু তাহাতে গন্ধ, রস, রূপ, স্পর্শ, সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, গুরুত্ব, নৈমিত্তিক দ্রবত্ব এবং বেগ ও স্থিতিস্থাপক নামক সংস্কারদ্বয় আছে—এই জন্য বৃহৎ পৃথিবীতেও সেই গুণের অস্তিত্ব অনুভব করি। জলীয় পরমাণুতে গন্ধ নাই, স্নেহ আছে, বেগ নামক সংস্কার আছে, স্থিতিস্থাপক নাই; নৈমিত্তিক দ্রবত্ব নাই, স্বাভাবিক দ্রবত্ব আছে, স্পর্শ পৃথিবীতে কাঠিনত্ব কোমলত্ব, জলে শীতলতা এই মাত্র প্রভেদ। অপর গুণ পৃথিবীর ন্যায় জানিবে। তেজে গন্ধ, রস, স্নেহ, ও গুরুত্ব নাই। তাহাতে স্পর্শ উষ্ণ, দ্রবত্ব নৈমিত্তিক। অপর পূর্ব্ববৎ। ভাষ্য ও টীকাকার মতে বলিতেছি, বায়ুতে গন্ধ, রস, রূপ, গুরুত্ব ও দ্রবত্ব নাই, স্পর্শ—সুড়সুড়ি দেওয়ার ন্যায় স্পর্শ আছে। তাহা শীতত্ব, উষ্ণত্ব, বা কঠিনত্ব, কোমলত্ব নহে। আধুনিক বৈজ্ঞানিকেরা বায়ুর গুরুত্ব স্থির করিয়াছেন। এ বিষয়ে মহর্ষির কি মত তাহা বলিবার ইচ্ছা থাকিল। আকাশে শব্দ, সংখ্যা, পরিমাণ, সংযোগ, বিভাগ, এবং পৃথক্ত্ব আছে। মনে পরত্ব অপরত্ব এবং বেগ আছে, কিন্তু শব্দ নাই। অবশিষ্ট আকাশের গুণ মনে আছে। কাল এবং দিকে সংখ্যাদি পাঁচটী গুণ এবং জ্ঞান, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, প্রযত্ন, ভাবনা নামক সংস্কার, ধর্ম্ম এবং অধর্ম্ম—এই কয়টী গুণ আছে। ঈশ্বরে, এতন্মধ্যে সুখ, দুঃখ, দ্বেষ, এবং সংস্কার নাই, অবশিষ্ট কয়টী গুণই আছে।

পৃথিবী প্রভৃতি চারিটী দ্রব্য ও মনে কর্ম্ম আছে। এক্ষণে দেখ, কারণের গুণ হইতে যখন কার্য্যগুণের উৎপত্তি হয়, অবয়বের বৈচিত্র্যেও—অবয়বীর বৈচিত্র্য হয়, তখন আমাদের পক্ষে ঐ দোষ নাই, পরমাণু প্রভৃতির গুণভেদ থাকাতেই পৃথিবী জল ইত্যাদি বিভিন্ন দ্রব্য উৎপন্ন হয়। অভাব বা শূন্যতা কারণ হইলে, কার্য্যের আকস্মিক-ভাব হয়, সেই আকস্মিকতা সর্ব্বত্রই সমান, তাহা হইলে মৃৎপিণ্ড হইতেও সুবর্ণকুণ্ডল, সুবর্ণ হইতেও মৃন্ময় ঘট হইতে পারে। অতএব অভাব কারণ নহে। এই কারণ অর্থে—উপাদান কারণ। কার্য্য অর্থে—উপাদেয় কার্য্য। ৩।

উপস্কারঃ।

ইদানীং পরমাণৌ রূপাদিসিদ্ধয়ে প্রমাণমাহ।

রূপাদীনাং কারণে সদ্ভাবাৎ কার্য্যে সদ্ভাবঃ কারণগুণপূর্ব্বকা হি কার্য্যগুণা ভবন্তি ঘটপটাদৌ তথা দর্শনাদিত্যর্থঃ ॥ ৩ ॥

অনিত্য ইতি বিশেষতঃ প্রতিষেধভাবঃ ॥ ৪ ॥

অনুবাদ।

নিত্যের নিষেধ লইয়াই ত অনিত্য। ৪।

ব্যাখ্যা।

যদি নিত্য পরমাণু থাকে, তাহা হইলে, বৈশেষিক মত গ্রাহ্য হইতে পারে, পরন্তু সংপদার্থ—পরমাণু নিত্য হয় না। এমন অবস্থায় পরমাণুকে কারণ বলিতে যাওয়া বিড়ম্বনা মাত্র; কেন না, সেই পরমাণু যখন অনিত্য, তখন তাহারও ত কারণ আছে। এইরূপ যতই দূরে যাইবে ততই কারণপরম্পরা। সুতরাং সেই অনিবৃত্ত কারণ-পরম্পরায় হাবুডুবু না খাইয়া শূন্যতাকেই কারণ বলা উচিত। বিশেষতঃ অঙ্কশাস্ত্রের নিয়মানুসারে দেখিতে গেলে অবিভাজ্য অংশ হয় না, যেখানে অবিভাগ সেইখানেই শূন্য, সুতরাং শূন্যতা হইতেই জগতের উৎপত্তি ইহা মানিতেই হইবে—ইহা বৌদ্ধমত, এই মতের খণ্ডনের জন্য এই সূত্রের অবতারণা। তুমি যে পরমাণুকে নিত্য নহে বলিতেছ, নিত্য বস্তু না থাকিলে নিষেধ করাই ঘটে না। যে বস্তু অপ্রসিদ্ধ তাহার কি নিষেধ সম্ভবে? যদি বল শূন্যতাই নিত্য, তাহার নিষেধ পরমাণুতে করিতেছি; তাহার উত্তর—পঞ্চম সূত্রে প্রদত্ত হইতেছে। ৪।

উপস্কারঃ।

ইদানীং সর্ব্বানিত্যতাবাদিনিরাকরণায়াহ।

বিশেষত ইতি ষষ্ঠ্যন্তাত্তসিঃ বিশেষস্য নিত্যস্য প্রতিষেধস্তদা স্যাৎ যদ্যনিত্যে ইতি প্রত্যয়ঃ শব্দপ্রয়োগশ্চ ন স্যাৎ নঞ উত্তরপদার্থনিষেধার্থত্বাৎ নঞঃ কথং নিত্যাভাবেঽনিত্য ইতি স্যাৎ ভবতি

চ ততো নিত্যমস্তীতি সিদ্ধম্, যদ্বা অনিত্য ইতি ন নিত্যঃ পরমাণুরিত্যনেন প্রকারেণ নিত্যস্য ত্বয়া প্রতিষেধঃ কর্ত্তব্যঃ অনেন চ প্রকারেণ প্রতিষেধো ন সিধ্যতি সিদ্ধ্যসিদ্ধিপ্রতিহতত্বাৎ সূত্রঞ্চৈবং যোজনীয়ম্ অকারঃ স্বতন্ত্র এব প্রতিষেধবচনঃ 'অমানমাঃ প্রতিষেধবচনাঃ'' ইতি তথাচানিত্য ইতি ন নিত্য ইত্যর্থঃ প্রতিষেধভাবঃ প্রতিষেধস্বরূপং তেন ন নিত্য ইতি বিশেষস্য নিত্যস্য প্রতিষেধ-স্বরূপম্, তচ্চ ন সম্ভবতীতি শেষঃ ॥ ৪ ॥

পরিষ্কারঃ।

যদা স্যাত্তদা স্যাদিত্যনয়োরধ্যাহারসাপেক্ষমর্থমপেক্ষ্য সুগ্রহমর্থং সূত্রস্য প্রতি-পাদয়তি যদ্বেতি ॥ ৪ ॥

অবিদ্যা ॥ ৫ ॥

অনুবাদ।

ভ্রম! । ৫ ।

ব্যাখ্যা।

ভ্রম আর কি! যাহা শূন্যতা তাহা নিত্য! যাহা একেবারেই অসৎ, তাহাকে নিত্য বলিতে যাওয়া ভ্রম নহে ত কি? আমি যে নিত্যের কথা প্রথমেই তুলিয়াছি, তাহা নিত্য সৎপদার্থ। অসৎকে সেই নিত্য সৎপদার্থ বলিয়া পরমাণুতে তাহার নিষেধ করিতে যাওয়া ভ্রমের আড়ম্বর মাত্র। বিশেষতঃ অঙ্কের কথা এখানে যে তুলিয়াছ তাহাও ভ্রম, দ্রব্যের উপাদানোপাদেয় ভাব এক কথা এবং অঙ্কের অবিভাগ অপর কথা। অঙ্কের অবিভাজ্য না থাকে না থাক্, কিন্তু সেই অঙ্ক হইতে কি কোন আকৃতিবিশিষ্ট পদার্থ উৎপন্ন হইতে পারে, যে সেই দৃষ্টান্তে পরমাণুর অপলাপ করিবে? পৃথিবী প্রভৃতির যদি অবিভাজ্য অংশ না থাকে তাহা হইলে সুমেরু ও সর্ষপেরও তুল্য পরিমাণ হইত, কেন না সুমেরুরও অনন্ত অবয়ব এবং সর্ষপেরও অনন্ত অবয়ব। আর শূন্যতা হইতে জগৎ উৎপন্ন হইলে, উৎপন্ন বস্তুর যে বৈচিত্র্য থাকে না এবং সকল স্থান হইতেই সকল কার্য্য উৎপন্ন হইতে পারে এ দোষ ত আছেই। তাই বলি শূন্যতাকে নিত্য বলিয়া পরমাণুর অনিত্যত্ব সাধন ইহা ভ্রম মাত্র। ৫।

উপস্কারঃ।

ননু পরমাণুর্ন নিত্যঃ মূর্ত্তত্বাৎ ঘটবৎ 'এবং রূপবত্ত্বরসবত্ত্বাদয়ঃ প্রত্যেকং হেতব উন্নেয়াঃ এবং ষট্কেন যুগপদ্যোগাৎ পরমাণোঃ ষড়ংশতা' তথাচ সাবয়বত্বাৎ অব্যাপ্যবৃত্তিসংযোগাশ্রয়ত্বাৎ। কিঞ্চ পরমাণোর্মধ্যে যদ্যাকাশমস্তি তদা সচ্ছিদ্রত্বেনৈব সাবয়বত্বম্, অথ নাস্তি, তদাকাশস্যাসর্ব্বগতত্ব-প্রসঙ্গঃ। কিঞ্চ ছায়াবত্ত্বাৎ আবৃতিমত্ত্বাৎ। অপিচ যৎ সৎ তৎ ক্ষণিকমিত্যাদিক্ষণিকত্বসাধকানু-

মানাদপি পরমাণোরনিত্যতা, তথা চৈতাবতী চেদনুমিতিপরম্পরা স্বদা কথমুচ্যতে পরমাণুর্নিত্য ইত্যত আহ।

পরমাণোরনিত্যত্ববিষয়া সর্ব্বাপানুমিতিঃ অবিদ্যা ভ্রমরূপা আভাসপ্রভবত্বাৎ আপাততো ধর্ম্মিগ্রাহকমানবাধঃ সর্ব্বত্র বিপক্ষবাধকপ্রমাণশূন্যত্বাদ্ব্যাপ্যত্বাসিদ্ধিঃ কচিৎ স্বরূপাসিদ্ধিরিত্যাদি সমানতন্ত্রেঽন্বেষ্টব্যম্॥ ৫॥

পরিষ্কারঃ।

পরমাণুর্ন নিত্যঃ মূর্ত্তত্বাদিত্যয়ং হেতুর্মূর্ত্তিমতাং চ সংস্থানোপপত্তেরবয়বসদ্ভাব ইত্যাদিপারমর্ষপূর্ব্বপক্ষ-(ন্যায়দর্শনম্ ৪ অঃ ২ আঃ ২৩) সূত্রতদ্ভাষ্যবার্ত্তিকা-দিকমনুসৃত্য। পূর্ব্বপক্ষপরন্যায়বার্ত্তিকসন্দর্ভোত্তরাংশত তাৎপর্য্যটীকায়াং ব্যাখ্যাতা মধ্যস্থ "হি পরমাণোরূপর্য্যধঃপা র্বভিঃ পরমাণুভির্যে সংযোগাস্তত্র মধ্যস্থ পূর্ব্বেণ পরমাণুনা যঃ সংযোগো নাসৌ মধ্যপশ্চিমপরমাণ্বাশ্রিতঃ এবং মধ্যপশ্চিমপরমাণুসংযোগো নৈব মধ্যমপূর্ব্বপরমাণ্বাশ্রয় এবমন্যত্রাপি দ্রষ্টব্যম্ ইতি। সাবয়বত্বাদিত্যাদিকো হেতুশ্চ, সংযোগোপপত্তেশ্চেতি সূত্রানুরোধী। পরমাণোরিতি আকাশব্যতিভেদাদিত্যাদিসূত্রাদ্যনুসারেণ। ছায়াবত্বাদিত্যাদিকশ্চ বার্ত্তিকোক্ত্যনুবন্ধী আবৃত্তিঃ স্পন্দনভেদঃ। দ্বিতীয়সূত্রোপস্কারে অবয়বাবয়ব-প্রসঙ্গস্তাবদনুভূয়তে ইত্যাদিনা তস্য নিরবয়বং দ্রব্যমবধিরিত্যন্তেন ধর্ম্মিগ্রাহক-মানমাবেদিতম্, তেন বাধঃ, নিরবয়বত্বেন ব্যাপকনিবৃত্তিরূপেণ অনিত্যত্বরূপস্য ব্যাপ্যস্য বাধ ইত্যর্থঃ। বিপক্ষবাধকপ্রমাণমনুকূলতর্কাদিরূপম্। প্রমিত্যুপযোগি-ত্বাৎ তস্য প্রমাণত্বম্। 'ক্বচিৎ' সাবয়বত্বাদিহেতুকস্থলে। অদিপদান্মূর্ত্তত্বাদিহেতো-র্ব্যভিচারাদিকং গ্রাহ্যম্। 'সমানতন্ত্রে' গৌতমীয়দর্শনে। অন্বেষ্টব্যমিতি, বিভাগস্য পরমাণুত্বং প্রলয়ান্তত্বমনন্তত্বং বা তত্রাদ্যে তত্রৈব মূর্ত্তিমত্ত্বস্য ব্যভিচারঃ। নিরবয়-বত্বেনাভ্যুপগতে তস্মিন্ মূর্ত্তিমত্ত্বস্য সাবয়বত্বাভ্যুপগমে ব্যাঘাতশ্চ। অন্ত্যয়োঃ পক্ষয়ো-র্ব্যাঘাতঃ, ত্রুটেরমেয়ত্বপ্রসঙ্গো বিভাগস্য চানাধারত্বপ্রসঙ্গঃ। পরমাণুত্বেন স্বীকৃতে সাবয়বত্বোক্তেনিরবয়বদ্রব্যানভ্যুপগমাচ্চেতি তাৎপর্য্যটীকাদ্যুক্তে হ্যন্বেষণমার্গঃ॥ ৫॥

মহত্যনেকদ্রব্যবত্ত্বাৎ রূপাচ্চোপলব্ধিঃ॥ ৬॥

অনুবাদ।

মহৎ (বস্তু) অনেকাবয়বযুক্ত দ্রব্যে গঠিত হইলে, এবং তাহাতে রূপ থাকিলে তবে প্রত্যক্ষ হয়। ৬।

ব্যাখ্যা।

কারণে যাহা থাকে, কার্য্যে তাহাই বর্ত্তিবে এই নিয়ম, তুমি অবশ্যই স্বীকার করিবে, তোমার পরমাণু প্রত্যক্ষগোচর নহে, তবে সেই পরমাণুর কার্য্য বৃহৎ পৃথিবী প্রত্যক্ষগোচর হয় কেন? বিশেষতঃ যাহা অপ্রত্যক্ষ, তাহা অসৎ, সেই অপ্রত্যক্ষ পরমাণু কারণ আর শূন্যতা কারণ ইহা ত সমান কথা এই দুইটী আপত্তির উত্তর এই যে (১) কারণের গুণ কার্য্যে বর্ত্তিয়া থাকে ইহাই আমার ৩য় সূত্রের ভাব; ভাব গ্রহণ করিয়া মত খণ্ডন কর, বাক্যের ছলে খণ্ডন করিলে কি হইবে? প্রত্যক্ষগোচরত্ব গুণ নহে, তাহা একটী ধর্ম্ম মাত্র। কারণে যত ধর্ম্ম থাকে কার্য্যে সেই সকল ধর্ম্ম থাকিবে একথা আমি বলি না, তাহা হইলে, কার্য্য-কারণের ভেদ থাকিত না। (২) কেবল বস্তুই যদি প্রত্যক্ষের কারণ হইত, অর্থাৎ বস্তু থাকিলেই প্রত্যক্ষ হইবে, আর না থাকিলেই প্রত্যক্ষ হইবে না, তাহা হইলে অপ্রত্যক্ষ পরমাণু এবং শূন্যতা একই হইত, পরন্তু তাহা নহে, যে দ্রব্যের অবয়ব একাধিক অবয়ব দ্বারা গঠিত, সেই অণুভাবোত্তীর্ণ দ্রব্যে যদি চক্ষুর্গ্রহণযোগ্য রূপ থাকে তবেই তাহা প্রত্যক্ষ হইবে নতুবা নহে; পরমাণুর অবয়ব নাই, সুতরাং তাহা প্রত্যক্ষ হয় না। মনে কর অন্ধকার গৃহে বস্তুর প্রত্যক্ষ হয় না, তাই বলিয়া কি সেই বস্তু নাই বলিতে হইবে? ফলতঃ মহৎ পরিমাণ এবং রূপ এই দুইটী প্রত্যক্ষের সামান্য কারণ। কেহ বলেন, মহৎ পরিমাণ উদ্ভূতরূপ এবং উদ্ভূত স্পর্শ দ্রব্য-প্রত্যক্ষের কারণ। আর পরবর্ত্তী গ্রন্থকারগণ বলেন, মহৎ পরিমাণ প্রত্যক্ষ সামান্যের কারণ, উদ্ভূতরূপ চাক্ষুষ প্রত্যক্ষের কারণ, এবং উদ্ভূতস্পর্শ স্পার্শেন বা ত্বাচ প্রত্যক্ষের কারণ। তবে এই সূত্রে দ্রব্যপ্রত্যক্ষেরই কারণ নির্দ্দেশ করা আছে। আমার মত এই যে, পৃথিবীপ্রত্যক্ষে উদ্ভূতরূপ ও উদ্ভূত স্পর্শ কারণ। তদিতর প্রত্যক্ষে চাক্ষুষস্থলে উদ্ভূত রূপ এবং স্পার্শেন স্থলে উদ্ভূত স্পর্শ কারণ। এইরূপে পূর্ব্বতন মতদ্বৈধের সামঞ্জস্য কর্ত্তব্য। ৬।

উপস্কারঃ।

নমু যদি পরমাণুরস্তি কথমিন্দ্রিয়েণ ন গৃহ্যতে রূপবত্ত্বস্পর্শবত্ত্বাদয়স্তৈন্দ্রিয়কত্বপ্রয়োজকাস্তয়োবোপপাদিতা ইত্যত আহ।

মহতি মহত্ত্ববতি দ্রব্যে মহচ্ছব্দাৎ পরিমাণবাচকাৎ গুণবাচকানাং মতুপো লোপাৎ, অনেকদ্রব্যবত্ত্বাদিতি অনেকং দ্রব্যমাশ্রয়ো যস্য তদনেকদ্রব্যম্, তদ্ যস্যাস্তি তদনেকদ্রব্যবৎ তস্য ভাবস্তস্মাৎ অনেকদ্রব্যবত্ত্বাৎ, এবং সত্তি বায়ুরপি প্রত্যক্ষঃ স্যাদত উক্তং রূপাচ্চেতি উদ্ভূতানভিভূতাদিতি বক্ষ্যতে, উপলব্ধিরিতি বহিরিন্দ্রিয়েণেতি শেষঃ তথাচ পরমাণোর্মহত্ত্বাভাবান্-

স্যুপলব্ধিরিত্যুক্তং ভবতি, অনেকদ্রব্যবত্ত্বঞ্চ অনেকদ্রব্যাশ্রিতাশ্রিতত্বম্ অবয়ববহুত্বাধীনমহত্ত্বাশ্রয়ত্বং বা। ন চ মহত্ত্বেনৈবানেকদ্রব্যবত্ত্বমন্যথাসিদ্ধমিতি বাচ্যং বৈপরীত্যস্যাপি সম্ভবাৎ, জন্যেন জনকস্যান্যথাসিদ্ধিন তু জনকেন জন্যস্যেতি চেন্ন জন্যজনকয়োর্যুগপদন্বয়ব্যতিরেকগ্রহেহন্যথাসিদ্ধ্যভাবাৎ অন্যথা ভ্রামণাদিনা দণ্ডাদীনামন্যথাসিদ্ধিপ্রসঙ্গাৎ, মহত্ত্বোৎকর্ষাৎ প্রত্যক্ষত্বোৎকর্ষো দূরাদাবিতি চেন্ন অনেকদ্রব্যবত্ত্বোৎকর্ষস্যাপি তত্র সম্ভবাদ্বিনিগমনাবিরহাৎ কিঞ্চ মর্কটকীটসূত্রজালে হস্তচতুষ্টয়াদিমিতে দূরাদপ্রত্যক্ষে মর্কটমাত্রপ্রত্যক্ষতাহনেকদ্রব্যবত্ত্বোৎকর্ষাধীনৈব মহত্ত্বোৎকর্ষস্য জালে বর্ত্তমানত্বাৎ এবং সূক্ষ্মতন্তুঘটিতপটাদৌ দূরত্বে মহত্ত্বোৎকর্ষেহপি স্বল্পপরিমাণমুক্তারাধি প্রত্যক্ষে দ্রষ্টব্যম্ ॥ ৬ ॥

পরিষ্কারঃ।

মহত্ত্বং পরিমাণভেদঃ, মহচ্ছব্দোহপি পরিমাণবাচী। গুণবাচকানামিতি শুক্লাদিশব্দানামিবেতি ভাবঃ। নন্দ্ভূতরূপসহচরিতয়োর্মহত্ত্বানেকদ্রব্যবত্ত্বয়োর্যুগনদ্ধবাহিতয়া অন্বয়ব্যতিরেকয়োস্তুল্যত্বেহপি দ্রব্যচাক্ষুষত্বেনানেকদ্রব্যবত্ত্বমুভয়ং বা তন্ত্রম্, কিন্তু মহত্ত্বমেব লাঘবাদিত্যাশয়েনাহ অবয়বেতি। অবয়ববহুত্বং প্রত্যক্ষে প্রযোজকং ন তু কারণমিতি ভাবঃ। প্রথমকল্পোক্তমনেকদ্রব্যবত্ত্বস্য কারণত্বমপি প্রকারান্তরেণ ন বিঘটয়িতুং শক্যতইতি প্রতিপাদয়তি ন চেত্যাদিনা। বৈপরীত্যসম্ভবং বিঘটয়তি জন্যেনেতি। জনকজনকস্যৈবান্যথাসিদ্ধত্বাদিতি ভাবঃ। জনকজনকতয়ৈব যস্য নিয়তপূর্ব্ববর্ত্তিত্বং তদেবান্যথাসিদ্ধং ন তু স্বাতন্ত্র্যেণ, ভবতি হি কুলালজনকত্বেনান্যথাসিদ্ধস্যাপি কুলালত্বেন কারণত্বমিত্যাশয়েনাহ জন্যেতি। সূক্ষ্মতন্ত্বিতি। সূক্ষ্মতন্তুঘটিতপটাদৌ মহত্ত্বোৎকর্ষে সত্যপি দূরত্বে সতি যৎ স্বল্পপরিমাণানাঞ্চ মুক্তারাদীনা তৎপটাদিদেশবৃত্তীনাং প্রত্যক্ষম্ অর্থাৎ তৎপটাদীনাঞ্চাপ্রত্যক্ষং তস্মিন্ অনেকদ্রব্যবত্ত্বাধীনত্বং দ্রষ্টব্যমিত্যর্থঃ ॥ ৬ ॥

সত্যপি দ্রব্যত্বে মহত্ত্বে রূপসংস্কারাভাবাদ্বায়োরনুপলব্ধিঃ ॥ ৭

অনুবাদ।

(অনেকাবয়বযুক্ত) দ্রব্যে গঠিত হওয়ায় মহৎ পরিমাণ থাকিলেও রূপসংস্কারের অভাববশতঃ (ই) বায়ুর প্রত্যক্ষ হয় না ।৭।

ব্যাখ্যা।

সমবায় এক, ইহা পরে কথিত হইবে; বায়ুতে স্পর্শসমবায় আছে, সুতরাং রূপের সমবায়ও আছে, কেন না, সমবায় ত ভিন্ন নহে। যদি রূপের সমবায় থাকিল, তাহা হইলে, রূপও সমবায় সম্বন্ধে আছে, ইহা তোমাকে মানিতে হইবে

তবে বায়ুর প্রত্যক্ষ না হয় কেন? এই আপত্তির উত্তরে এই সূত্র কথিত হইতেছে। রূপের ঐ প্রকার সম্বন্ধ থাকিলে প্রত্যক্ষ হয় না, উহাকে সমবায় সম্বন্ধে রূপের সত্তা বলা যায় না। রূপসংস্কার থাকা চাই। রূপসংস্কার অর্থে— রূপসমবায় অর্থ উদ্ভূত ও অনভিভূতরূপসম্বন্ধ; ইহা থাকিলে প্রত্যক্ষ হয় নতুবা নহে। রূপ এবং তদীয় সমবায় যেখানে থাকে, সেইখানে রূপসমবায় থাকে, নতুবা স্পর্শসমবায় থাকিলে, রূপসমবায় আছে ইহা বলা যায় না। ৭।

উপস্কারঃ।

নন্বেবমপি মধ্যন্দিনোল্কাপ্রকাশস্য চাক্ষুষস্য রশ্মের্বায়োর্বা স্পর্শসমবায়েন রূপসমবায়িনো মহতশ্চোপলম্ভঃ স্যাৎ অত আহ।

রূপসংস্কারপদেন রূপসমবায়ো রূপোদ্ভবো রূপানভিভবশ্চ বিবক্ষিতঃ। তেন যদ্যপি বায়ৌ য এব স্পর্শসমবায়ঃ স এব রূপসমবায়ঃ তথাপি রূপনিরূপিতো নাস্তি তত্র রূপাত্যন্তাভাববত্ত্বাৎ চাক্ষুষে চ রশ্মৌ রূপসংস্কারঃ রূপোদ্ভবো নাস্তি মধ্যন্দিনোল্কাপ্রকাশে চ রূপসংস্কারো রূপানভিভবো নাস্তি ইতি ন তেষাং প্রত্যক্ষতা, এবং গ্রীষ্মোষ্মভর্জনকপালানলকনকাদিষু রূপসংস্কার উন্নেয়ঃ। বৃত্তিকৃতস্তু রূপঞ্চ রূপসংস্কারশ্চেত্যেকরূপপদলোপঃ তেন রূপাভাবাদ্বায়োরনুপলব্ধিঃ, রূপসংস্কারাভাবাচ্চক্ষুরাদীনামনুপলব্ধিরিত্যাহুঃ ॥ ৭ ॥

পরিষ্কারঃ।

স্পর্শসমবায়েনেতি স্পর্শসমবায়ভিন্নরূপসমবায়বতো মহতো বায়োরুপলম্ভঃ স্যাদিত্যর্থঃ। রূপনিরূপিত ইতি বিশেষণীভূতরূপাভাবাদিত্যর্থঃ। বায়োঃ স্পর্শেনি প্রত্যক্ষমভ্যুপগচ্ছন্তো নবীনাস্তু পূর্ব্বসূত্রস্থচকারাৎ স্পর্শসমুচ্চয়েন যথাসম্ভবং তেষামুপলব্ধিবিশেষে হেতুত্বেনান্বয়ঃ তথাচ আলোকোদ্ভূতরূপবিষয়চক্ষুঃসংযোগমহত্ত্বাদানি দ্রব্যচাক্ষুষে কারণানি উদ্ভূতস্পর্শবিষয়ত্বক্সংযোগমহত্ত্বাদীনি দ্রব্যস্পর্শনে কারণানীতি তদর্থ ইতি অত্রানুপলব্ধিরিত্যস্য চাক্ষুষপ্রত্যক্ষাভাব ইত্যর্থ ইতি চ বদন্তি ॥ ৭ ॥

অনেকদ্রব্যসমবায়াৎ রূপবিশেষাচ্চ রূপোপলব্ধিঃ ॥ ৮ ॥

অনুবাদ।

অনেক দ্রব্যের সমবায় সম্বন্ধে বৃত্তিত্ব, এবং উদ্ভূতত্ব রূপ প্রত্যক্ষের কারণ। ৮।

ব্যাখ্যা।

বিবাদী বলিতেছেন, মহৎ পরিমাণের অভাবে পরমাণুর প্রত্যক্ষ না হয়, না হউক, পরমাণুতে যখন রূপ আছে বলিতেছ, তখন সেই রূপেরই প্রত্যক্ষ

হয় না কেন? যদি বল, আশ্রয়ের প্রত্যক্ষ না হইলে, তাহার গুণেরও প্রত্যক্ষ হয় না, তাহার উত্তর এই—তোমার মতে বায়ুর প্রত্যক্ষ না হইলেও বায়ুস্পর্শের প্রত্যক্ষ হয়, আরও দেখ লবণের প্রত্যক্ষ না হইলেও লবণাক্ত জলে রসপ্রত্যক্ষ হয়, আলতা-গোলা জলে, কোথাও জলভিন্ন বস্তু দেখিবে না অথচ লাল রং দেখিবে। সুতরাং আশ্রয়প্রত্যক্ষ না হইলেও গুণের প্রত্যক্ষ হয়, এখানে কিন্তু তাহা না হয় কেন? বিবাদীর এই পূর্ব্বপক্ষের উত্তরার্থ বর্ত্তমান সূত্র। রূপের আশ্রয় যদি সাক্ষাৎই হউক আর পরম্পরাতেই হউক বহু অবয়বের মিলনে উৎপন্ন হয় অর্থাৎ রূপের আশ্রয় যদি মহৎ পরিমাণবিশিষ্ট হয় এবং রূপ যদি উদ্ভূত হয় তাহা হইলেই রূপের প্রত্যক্ষ হয়, নতুবা নহে। উদ্ভূতত্ব রূপাদিগত বিশেষধর্ম্ম, সকল রূপে তাহা থাকে না; বায়ু, পুষ্পের ক্ষুদ্রকণিকা আহরণ করিয়া সৌরভ বিতরণ করে, সেই কণিকায় অবশ্যই রূপ আছে, নীরূপ বস্তু পৃথিবীর অংশ হয় না; কিন্তু সেই রূপ উদ্ভূত নহে। যদি বল সেই কণিকা অতিক্ষুদ্র তাই রূপ প্রত্যক্ষ হয় না, তদুত্তরে বলা যায় তাহা হইলে গন্ধেরও ঘ্রাণজ প্রত্যক্ষ হইত না, আলতাগোলা জলে যে আলতার ক্ষুদ্রাংশেরও প্রত্যক্ষ হয় না অথচ তদীয়রূপের প্রত্যক্ষ হয়, তাহার কারণ ঐ আলতায় ক্ষুদ্রাংশরূপ যে পৃথিবী বা পার্থিব বস্তু তাহাতে উদ্ভূত স্পর্শ নাই, পূর্ব্বেই বলিয়াছি পৃথিবীর চাক্ষুষ প্রত্যক্ষে উদ্ভূত স্পর্শও কারণ। যাঁহারা উদ্ভূত স্পর্শকে চাক্ষুষ প্রত্যক্ষের কারণ বলেন না, তাঁহাদের মত এই—ঐ পার্থিবাংশ, জলের সহিত মিশিয়া অভিভূত হইয়াছে। যাহা অভিভূত হয় তাহারও প্রত্যক্ষ হয় না, যেমন দুগ্ধে জল মিশাইলে জল ও দুগ্ধ পৃথগ্‌ভাবে প্রত্যক্ষ হয় না, তদ্রূপ। পরমাণু মহৎ পরিমাণ-বিশিষ্ট নহে, অতএব তদীয় রূপ চাক্ষুষ প্রত্যক্ষের অযোগ্য, তাহাতে রূপ নাই বলিয়া যে প্রত্যক্ষ হয় না তাহা নয়। ৮।

উপস্কারঃ।

এবং পরমাণুনিত্যতাপ্রকরণানন্তরং পরমাণুলিঙ্গতয়োপোদ্ঘাতসঙ্গত্যা বহির্দ্রব্যপ্রত্যক্ষতা-প্রকরণং সমাপ্য উপোদ্ঘাতেন গুণপ্রত্যক্ষতাপ্রকরণং বর্ত্তয়িষ্যন্নাহ।

রূপসংস্কারাভাবাচ্চানুপলব্ধিঃ। রূপবিশেষো রূপগতো বিশেষঃ তচ্চোদ্ভূতত্বমনভিভূতত্বং রূপত্বঞ্চ তস্মাদ্রূপস্যোপলব্ধিঃ। দ্ব্যণুকং পরমাণোর্দ্ব্যণুকস্য চ রূপং গৃহ্যেতেত্যত উক্তমনেকদ্রব্যসমবায়াদিতি অনেকপদং ভূয়স্ত্বপরং তেনানেকানি ভূয়াংসি দ্রব্যাণি আশ্রয়তয়া যস্য তদনেকদ্রব্যং ত্রসরেণুপ্রভৃতি তৎসমবায়াৎ, ঘটাদয়োঽপ্যবয়ববয়বারব্ধাঃ পরম্পরয়াঽনেকদ্রব্যাশ্রয়া এব, রসস্পর্শাদৌ রূপত্ববিরহাৎ চাক্ষুষ-ত্বাভাবঃ চাক্ষুষে তেজসি চ উদ্ভূতত্ববিরহাৎ, উদ্ভবঃ রূপাদিবিশেষগুণগতো জাতিবিশেষ এব

রূপত্বাদিব্যাপ্যাঃ। নম্বেবং শুক্লত্বমধুরত্বতিক্তকটুত্বাদিভিরপি পরাপরভাবানুপপত্তিরেব তদ্ব্যাপ্যা তত্তজ্জাতিকল্পনে তু কল্পনাগৌরবম্ উদ্ভবপদস্য নানার্থত্বঞ্চেতি চেন্ন বাহ্যৈকৈকেন্দ্রিয়গ্রহণযোগ্যগুণত্বস্যৈবোদ্ভবত্বাৎ, তদুপাধিবিরহস্যৈবানুদ্ভবত্বাৎ, অনুদ্ভবাভাব এব উদ্ভব ইতি কেচিৎ তচ্চিন্ত্যম্ অনুদ্ভবস্যাপ্যেবং ব্যবস্থাপয়িতুমশক্যত্বাৎ অতীন্দ্রিয়বিশেষগুণত্বমনুদ্ভূতত্বমিতি চেৎ এবং তর্হি ঐন্দ্রিয়কবিশেষগুণত্বস্যৈবোদ্ভবত্বাপত্তেঃ। ঐন্দ্রিয়কত্বাবচ্ছেদকং কিমিতি চেৎ তুল্যম্, বিশেষগুণেষ্বেকৈকোদ্ভূতত্বং জাতিঃ গুণগতজাতৌ পরাপরভাবানুপপত্তির্ন দোষায়েত্যপি বদন্তি ॥ ৮ ॥

পরিষ্কারঃ।

অনভিভূতমিত্যস্যার্থো বক্ষ্যতে। অভিভূতত্বস্য পুরুষকালাদিভেদভিন্নস্য প্রত্যক্ষবিশেষপ্রতিবন্ধকতয়া তত্তদভাবস্য তত্তৎপ্রত্যক্ষকারণত্বমঙ্গীকার্য্যমিতি তত্ত্বম্। নিয়তাভিভূতস্য সুবর্ণরূপাদেরপ্রত্যক্ষত্বমনভিভূতত্বরূপকারণাভাবাদিত্যাবেদয়িতুমুদ্ভূতত্বর্বদনভিভূতত্বমপি সামান্যতো গৃহীতমিতি কথঞ্চিৎ সমর্থনম্। রূপত্বমিতি উদ্ভূতত্বস্য রূপাদ্যনুগতত্বাভিপ্রায়েণ। কল্পনাগৌরবঞ্চ কার্য্যকারণভাবে ব্যভিচারবারণায় চাক্ষুষগতবৈজাত্যং বা অব্যবহিতোত্তরত্বগর্ভং বা কার্য্যতাবচ্ছেদকমপি কল্পনীয়মিতি ভাবঃ। বাহ্যৈকৈকেন্দ্রিয়েতি, চক্ষুরিতরবাহ্যেন্দ্রিয়গ্রহণাযোগ্যত্ববিশিষ্টচক্ষুর্গ্রহণযোগ্য-বিশেষগুণ-রসনেতর-বাহ্যেন্দ্রিয়-গ্রহণাযোগ্যত্ববিশিষ্টরসনেন্দ্রিয়গ্রাহ্যবিশেষগুণাদ্যন্যতমত্বং স্বাবৃত্তিবাহ্যেন্দ্রিয়বিভাজকরূপবৎকরণকগ্রহণাযোগ্যত্ববিশিষ্টস্ববৃত্তীন্দ্রিয়বিভাজকধর্ম্মবৎকরণকগ্রহণযোগ্যত্বসম্বন্ধেন বাহ্যেন্দ্রিয়বিশিষ্টবিশেষগুণত্বং বা বাহ্যৈকৈকেন্দ্রিয়গ্রাহ্যবিশেষগুণত্বম্। তথাচোদ্ভূতত্বং ন জাতিঃ কিন্তু বিশিষ্টধর্ম্মভেদঃ। মণিকৃদুক্তয়োরাদ্যকল্পমাহ অনুদ্ভবাভাব ইতি। তং দূষয়তি চিন্ত্যমিত্যাদিনা। যদ্যপি উদ্ভবস্য শুক্লত্বাদিব্যাপ্যনানাজাতিত্বস্বীকারে ব্যভিচারবারণায় নানাকার্য্যকারণভাবকল্পনমাবশ্যকম্ অনুদ্ভূতত্বস্য জাতিত্বে তু তদভাবকূটমাদায় চাক্ষুষকার্য্যকারণভাবস্ত্বেক এবেতি লাঘবং তথাপি অভাবকূটস্য কারণতাবচ্ছেদকত্বে বিশেষ্যবিশেষণভাবে বিনিগমনাবিরহাদ্গুরুতরকার্য্যকারণভাববাহুল্যমেব ভবতি ন চ কূটস্য যুগপদ্বিশেষণত্বং গুণানাঞ্চ পরার্থত্বাদসম্বন্ধঃ সমত্বাৎ স্যাদিতি জৈমিনীয়সিদ্ধান্তাৎ। যদি তু তৎসিদ্ধান্তানাদরস্তদা মণিকৃদুক্তৌ দোষো নাস্তীতি বিভাবনীয়ম্। ঐন্দ্রিয়কবিশেষগুণেতি তথাচ স্নেহাদীনামপ্যুদ্ভূতত্বাপত্তিরিত্যর্থঃ। অত্রেষ্টাপত্তিরিতি তু মণিকৃত্তদনুযায়িনঃ নন্বহিরিন্দ্রিয়গ্রহণযোগ্যত্বং বহিরিন্দ্রিয়জপ্রত্যক্ষবিষয়তাবচ্ছেদকরূপং তচ্চ নাদ্যাপিসিদ্ধমিতি কথং কার্য্যকারণভাবানুগম ইত্যাশঙ্কতে ঐন্দ্রিয়কত্বেতি। পরিহরতি তুল্যমিতি। অতীন্দ্রিয়ত্বস্য

ইন্দ্রিয়গ্রাহ্যতানবচ্ছেদকরূপস্য তথাপি নির্ব্বক্তুমশক্যত্বাদভস্তথাপ্যতীন্দ্রিয়ত্বং সন্নি- কর্ষাদিরূপকারণকলাপসত্ত্বে অভিভবাদ্যসত্ত্বে চ প্রত্যক্ষাবিষয়ত্বং, মমাপি যোগ্যত্বং তদনাশ্রয়ত্বমিতি সমানম্। সঙ্করো ন জাতিবাধক ইতি মন্যমানানাং মতমাহ বিশেষেতি॥ ৮॥

তেন রসগন্ধস্পর্শেষু জ্ঞানং ব্যাখ্যাতম॥ ৯॥

অনুবাদ।

তদ্দ্বারাই রস গন্ধ এবং স্পর্শ বিষয়ে জ্ঞান বিবৃত হইল।

ব্যাখ্যা।

বিবাদীর আপত্তি এই যে, পরমাণুর রূপের প্রত্যক্ষ না হয়, না হউক; রস প্রভৃতির প্রত্যক্ষ হয় না কেন? তাহার উত্তর এই,—যেমন রূপ প্রত্যক্ষের নিয়ম, রসাদি প্রত্যক্ষেরও সেই নিয়ম। অর্থাৎ রসাদির আশ্রয়ে মহৎ পরিমাণ এবং রসাদি উদ্ভূত হইলে, তবে তাহার প্রত্যক্ষ হয়, নতুবা প্রত্যক্ষ হয় না। পরমাণুতে মহৎ পরিমাণ নাই, তাহার রসাদিরও প্রত্যক্ষ হয় না। ৯।

উপস্কারঃ।

স্পর্শাতিরিক্তানাং রূপসামানাধিকরণ্যমেব বহিরিন্দ্রিয়গ্রাহ্যতাপ্রযোজকমিতি রূপপ্রত্যক্ষ- সামগ্রীমভিধায় তামন্যত্রাতিদিশন্নাহ।

তেনেতি রূপপ্রত্যক্ষত্রানেনেত্যর্থঃ যথা রূপবিশেষাৎ রূপত্বানভিভূতত্বোদ্ভূতত্বাদ্রূপোপলব্ধি- স্তথা রসবিশেষাৎ রসত্বানভিভূতত্বোদ্ভূতত্বলক্ষণাৎ রসোপলব্ধিঃ এবমিতরত্রাপি যোজ্যম্ অনেক- দ্রব্যসমবায়শ্চাতিদেশ্যঃ, ঘ্রাণরসনত্বগিন্দ্রিয়াণামনুদ্ভূতবাহ্যগন্ধরসস্পর্শানামগ্রহণম্, পাষাণাদাব- নুদ্ভূতবাহ্যগন্ধরসয়োঃ, তদ্ভস্মনি তয়োরুপলম্ভাৎ, তয়োঃ পাষাণাদাবুপলম্ভ এব ন তু স্পষ্ট ইত্যেকে। বিভক্তাবয়বাপাদ্যবায়ুপানুদ্ভূতত্বাদগ্রহণম্ এবং রসস্যাপি, উষ্ণজলে তেজোরূপস্যানুদ্ভূতত্বাৎ স্পর্শস্য চাভিভবাৎ বিতত্তপূরচম্পকাদৌ রূপরসস্পর্শানামনুদ্ভূতত্বাদনুপলম্ভঃ। কনকাদৌ রূপমুদ্ভূতমেব শুক্লত্বভাস্বরত্বে পরমভিভূতে, রূপমপ্যভিভূতমিত্যেকে কনকগ্রহণন্তু রূপান্তরসাহচর্য্যাৎ, অভি- ভবশ্চ বলবৎসজাতীয়গ্রহণকৃতমগ্রহণং ন তু বলবৎসজাতীয়সম্বন্ধমাত্রম্, বলবৎসজাতীয়সম্বন্ধ- স্যাপ্যগ্রহণনিরূপ্যতয়া অগ্রহণস্যৈবোপজীব্যত্বাৎ নচাগ্রহণপ্রযোজকত্বেন বলবৎসজাতীয় এবোপজীব্যঃ, অগ্রহণস্য গ্রহণপ্রাগভাবস্য তদত্যন্তাভাবস্য বা তদপ্রযোজ্যত্বাৎ ধ্বংসস্য চ তত্রাভাবাৎ, তথাপি তর্হি বলবৎসজাতীয়গ্রহণকৃতমগ্রহণমনুপপন্নমেবেতি চেৎ অস্ত্বেবং তথাপি সজাতীয়স্য বলবত্ত্বে দুর্ব্বলত্বে বা তাদৃশসম্বন্ধসত্ত্বে বা গ্রহণাগ্রহণে এব প্রযোজকে ইতি স এবাভিভবপদার্থঃ॥ ৯॥

পরিষ্কারঃ।

স্পর্শাতিরিক্তানামিতি ইদমাদিসূত্রত্রয়বর্ণিতানাং রসাদিকর্ম্মান্তানামিতি শেষঃ। সংখ্যাদিষু তৎপ্রযোজকত্বস্যাভ্যুপগন্তব্যতয়া তৎসমানাধিকরণয়োর্বিনিগমনাবিরহেণ

পর্য্যবসন্নমিতি ভাবঃ। 'ন তু স্পষ্টঃ', নানুব্যবসায়গৃহীতঃ। 'একে' মণিকরাদয়ঃ। মণিকৃন্মতং নিরস্যতি নত্বিতি। তথাপীতি অয়মাশয়ঃ, গ্রহণপ্রাগভাবাদেরপি প্রতিযোগিসামগ্র্যাদিবিঘটনদ্বারা প্রযোজকমেব বলবৎসজাতীয়গ্রহণং ভবতি, সজাতীয়স্য তৎপ্রযোজকত্বমপি গ্রহদ্বারৈব ন তু স্বতঃ, তেন পিত্তদূষিতনয়নস্য রজতাদৌ যৎ শ্বৈতিমগ্রহণং তৎসজাতীয়গ্রহণপ্রযোজ্যং নতু সজাতীয়মাত্র-প্রযোজ্যং তৎসম্বন্ধপ্রযোজ্যং বা ভবতি তথাত্বে পুরুষান্তরস্যাপি তদ্‌গ্রহণং কেনচিৎসজাতীয়েন সর্ব্বদৈব সম্বন্ধসম্ভবাৎ কস্যাপি তাগ্রহণং ন স্যাদিত্যাশয়ঃ। 'প্রযোজকে' জ্ঞাপকে। জ্ঞাপকতয়ান্যেবোপজীব্যত্বাদিতি ভাবঃ। তথাচ বলবৎ-সজাতীয়গ্রহণং তৎপ্রযোজ্যাগ্রহণঞ্চ সজাতীয়বলবত্ত্বাদিজ্ঞাপকতয়া বলবৎ-সজাতীয়তৎসম্বন্ধয়োরুপজীব্যে ভবতঃ, তদ্বিনির্ম্মোকেণ বলবৎসজাতীয়-তৎসম্বন্ধয়ো-র্দুর্ব্বচতয়া তদ্বিশিষ্ট এবাভিভবপদার্থোযুক্তঃ। কস্তে পূর্ব্বপক্ষাবসর ইতি ধ্যেয়ম্। ইদন্ত্ববধেয়ম্। বলবৎসজাতীয়সম্বন্ধ এবাভিভবপদার্থঃ, স চ বিষয়তয়া কনকাদিরূপপ্রত্যক্ষং প্রতি পৃথিবীসংযুক্তসমবায়ত্বেন, উল্কাদিপ্রত্যক্ষং প্রতি সূর্য্যকিরণসংযোগত্বেনেতি সামান্যতঃ, তৎপুরুষীয়রজতাদিরূপপ্রত্যক্ষে, তৎপুরুষীয়-নয়নপিত্তসংযোগত্বেনেতি বিশেষতশ্চ প্রতিবন্ধকঃ। সমবায়েন তদ্বিষয়ক-প্রত্যক্ষে তৎসমবায়িসংযুক্তপিত্তাদিমদিন্দ্রিয়সংযুক্তমনঃসংযোগাশ্রয়ত্বেন বা সামান্যত এব বক্তব্যঃ। তত্তদভাবশ্চ তত্তৎপ্রত্যক্ষে কারণং তদেবচানভিভূতত্ব-মিত্যুচ্যতে। ন তু প্রত্যক্ষসামান্যে রূপপ্রত্যক্ষসামান্যে বানুগতং কিঞ্চি-দভিভূতত্বং প্রতিবন্ধকমনভিভূতত্বং বা কারণমস্তি। তথাচ বলবত্ত্বাদীনাং গ্রহণা-গ্রহণনিরূপ্যত্বেঽপি ন তদ্গর্ভঃ কার্য্যকারণভাবঃ স্বোৎপত্তৌ স্বস্য কারণতানবচ্ছেদ-কত্বাৎ। গ্রহণস্য পুরুষকালভেদেন ভিন্নস্য কারণতাঘটকত্বে, কার্য্যকারণভাবো নিতরামননুগতশ্চ স্যাৎ। তস্মাদ্ গ্রহণকৃতমগ্রহণমিত্যনেন, বস্তুতো যদ্গ্রহণং স্বগ্রহণপ্রতিবন্ধকং তৎসম্বন্ধ এবাভিভবপদার্থতয়া বিবক্ষিতঃ। বলবৎ-সজাতীয়-সম্বন্ধস্য বলবৎসজাতীয়সম্বন্ধত্বেনৈব প্রতিবন্ধকত্বং ন তু পৃথিবীসংযুক্ত-সমবায়-ত্বাদিনেত্যভিমানিনাং মতনিরাসায়ৈব ন তু বলবৎ-সজাতীয়সম্বন্ধ ইত্যুক্তমিতি।

তস্যাভাবাদব্যভিচারঃ ॥ ১০ ॥

অনুবাদ।

তাহার (উদ্ভূতত্বের) অভাবেই (গুরুত্বে) ব্যভিচার নাই। ১০।

ব্যাখ্যা।

এক্ষণে দ্রব্যের যে গুরুত্ব তাহা প্রত্যক্ষ কি না ? যদি প্রত্যক্ষ হয় ত কোন্

ইন্দ্রিয় দ্বারা প্রত্যক্ষ? যদি না হয় ত কেন হয় না? এই প্রশ্নের উত্তর এই প্রসঙ্গেই প্রদত্ত হইতেছে। ভাবার্থ এই—যদি এমন একটা কোন বস্তু দেখিতে পাই, সেখানে প্রত্যক্ষকারণসত্ত্বেও প্রত্যক্ষ হয় না, বা প্রত্যক্ষকারণাসত্ত্বেও প্রত্যক্ষ হয়, তাহা হইলে, দ্রব্য রূপ ইত্যাদি প্রত্যক্ষের কারণনির্দ্দেশের জন্য এত যে উপদেশ, সমস্তই নিষ্ফল হইবে, তখন কার্য্যের আকস্মিকত্ববাদী মাথা তুলিয়া বলিবেন, কেমন ভাই ঠেকিয়াছ, আর কেন, কার্য্যকারণভাবের কথা তুলিও না। এই জন্য কথিত হইতেছে, গুরুত্বের কোনরূপে প্রত্যক্ষই হয় না, কেননা, উদ্ভূতত্ব অর্থাৎ প্রত্যক্ষযোগ্য রূপ-রসাদিতে যে বিশেষ বিশেষ ধর্ম্ম বা একটী সামান্য ধর্ম্ম আছে তাহা গুরুত্বে নাই; এই জন্য তাহার প্রত্যক্ষ হয় না। তুলাদণ্ড প্রভৃতির নমনোন্নমন দর্শনে গুরুত্বের অনুমান করিতে হয়, ইহা বৈশেষিকভাষ্যকারের মত। বল্লভাচার্য্য বলেন, গুরুত্বের চাক্ষুষ প্রত্যক্ষ হইবার কারণ নাই, স্পার্শন প্রত্যক্ষ হয়। অতএব কার্য্যকারণভাবের ব্যভিচার নাই ॥ ১০ ॥

উপস্কারঃ।

নন্ গুরুত্বমপ্যনেকদ্রব্যসমবেতং রূপমহত্ত্বসমানাধিকরণঞ্চেতি কথং ন প্রত্যক্ষমত আহ। তস্য রূপত্বাদেঃ সামান্যস্য উদ্ভবস্য চ গুরুত্বেঽভাবান্ন গুরুত্বং প্রত্যক্ষম্। নন্বস্তু মা ভূৎ তত্র রূপত্বাদিকং তথাপি তৎপ্রত্যক্ষং স্যাদত আহ অব্যভিচার ইতি একৈকেন্দ্রিয়গ্রাহ্যত্বং প্রতি রূপত্বাদীনাং পঞ্চানাং জাতীনাম্ অব্যভিচারো নিয়ম এব যত্রৈব রূপত্বাদিপঞ্চকান্যতমং তত্রৈব বাহ্যৈকৈকেন্দ্রিয়গ্রাহ্যত্বং তদ্ব্যতিরেকাদিত্যর্থঃ, সূত্রে তু গুরুত্বাধিকারস্যাস্ফুটত্বাৎ প্রশস্তদেবৈরতীন্দ্রিয়েষু মধ্যে পরিগণিতমপি বল্লভাচার্য্যৈঃ স্পার্শনমুক্তং গুরুত্বম্ ॥ ১০ ॥

পরিষ্কারঃ।

অব্যভিচারশ্চাক্ষুষত্বস্যেতি শেষঃ। চাক্ষুষসামগ্রীসত্ত্বেঽপি যদি ন গুরুত্বচাক্ষুষং তদা ব্যভিচারঃ স্যাৎ, নতু সামগ্র্যভাবপ্রযুক্তকার্য্যবিরহেণেতর্থ্যমভিপ্রেত্য বল্লভাচার্য্যৈর্গুরুত্বস্য স্পার্শনমুক্তম্। অতীন্দ্রিয়ত্বপক্ষেতু স্বয়ং ব্যাখ্যাতমেব ॥ ১০ ॥

সংখ্যাঃ পরিমাণানি পৃথক্ত্বং সংযোগবিভাগৌ পরত্বাপরত্বে কর্ম্ম চ রূপিদ্রব্যসমবায়াৎ চাক্ষুষাণি ॥ ১১ ॥

অনুবাদ।

সংখ্যা, পরিমাণ, পৃথক্ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব (জ্যেষ্ঠত্ব ও দূরত্ব) অপরত্ব (কনিষ্ঠত্ব ও নিকটত্ব) কর্ম্ম, স্নেহ, বেগ এবং দ্রবত্ব রূপবদ্দ্রব্যে সমবায়সম্বন্ধে থাকিলে তাহার চাক্ষুষ প্রত্যক্ষ হয়। ১১।

ব্যাখ্যা।

স্নেহ, বেগ এবং দ্রবত্ব সূত্রস্থ চকারের অনুবাদ। (বেগের যে চাক্ষুষ প্রত্যক্ষের কথা বলিলাম, ইহা টীকাকারের মতানুসারে। মহর্ষির স্পষ্ট উক্তি এ সম্বন্ধে নাই। আমার নিজ মত পঞ্চম অধ্যায়ের দ্বিতীয় আহ্নিকে বলিব।) পরমাণুর সংখ্যাদির প্রত্যক্ষ হয় না কেন? ইহার উত্তরে বলিতেছেন, যাহার উদ্ভূত রূপ আছে উদ্ভূত স্পর্শ আছে এবং যাহাতে মহত্ত্ব পরিমাণ আছে তাহার সংখ্যাদির চাক্ষুষ হয় এবং ত্বাচ প্রত্যক্ষও হয়। ত্বাচ প্রত্যক্ষে রূপের কারণতা এবং চাক্ষুষ-প্রত্যক্ষে স্পার্শের কারণতা এ বিষয়ে বিবাদ আছে; তাহার হেতু এই যে, মহর্ষি স্পষ্ট করিয়া ত্বাচ প্রত্যক্ষের বা স্পার্শের কথা বলেন নাই, রূপ ও চাক্ষুষের কথা বলিয়াছেন। তাহার পর নিজ নিজ যুক্তি অনুসারে স্ব স্ব পক্ষসমর্থন চলিয়া আসিতেছে। 'রূপিদ্রব্য'—এই স্থানে দ্রব্য পদ গ্রহণ করায় মহৎ পরিমাণ পাওয়া গেল ॥ ১১ ॥

উপস্কারঃ।

এবমেকৈকেন্দ্রিয়গ্রাহ্যানভিধায় দ্বীন্দ্রিয়গ্রাহ্যানাহ।

এতেষাং চাক্ষুষত্বে স্পার্শনত্বে বা পরস্পরানপেক্ষত্বসূচনায়াসমাসঃ। যদ্যপি মহত্ত্বাপেক্ষাপি তথাপি ন পরিমাণত্বেন, চকারঃ স্নেহদ্রবত্ববেগানামুপসংগ্রহার্থঃ, চাক্ষুষাণীতি স্পার্শনত্বমপ্যুপলক্ষয়তি যদ্বা চকার এব চাক্ষুষাণি চেত্যত্রাপি যোজ্যঃ। সংখ্যা ইতি বহুবচনম্ একত্বাদিকাঃ সর্ব্বা এব সংখ্যাঃ সংগৃহ্নাতি, একত্বং সামান্যমেব ন তু গুণ ইতি চেৎ তদ্ যদি দ্রব্যমাত্রবৃত্তি তদা দ্রব্যত্বেন সহান্যূনানতিরিক্তবৃত্তিত্বম্, অথ গুণকর্ম্মণোরপি বর্ত্ততে, তদা সত্তয়া সহান্যূনানতিরিক্তবৃত্তিত্বম্ কথং তর্হি গুণাদাবপ্যেকত্বাদিপ্রত্যয় ইতি চেৎ আরোপিতেনৈকত্বেন, একার্থসমবায়প্রত্যাসত্ত্যা সমানেনৈকত্বপ্রত্যয়ো বা। তদেতদেকত্বং নিত্যদ্রব্যেষু নিত্যম্ অনিত্যেষু চ কারণৈকত্বাসমবায়িকারণকম্, দ্বিত্বাদিকন্তু অপেক্ষাবুদ্ধিজন্যম্ অপেক্ষাবুদ্ধিশ্চ নানেকত্বসমূহালম্বনরূপা-সজাতীয়য়োর্ব্বিজাতীয়য়োর্ব্বা দ্রব্যয়োশ্চক্ষুষা সন্নিকর্ষে ॥ ১১ ॥

পরিষ্কারঃ।

আরোপিতৈকত্বেনেতি তথাচ তৎ-প্রত্যয় একত্বপ্রকারকভ্রম ইত্যর্থঃ। অথবা আরোপিতং প্রকারান্তরেণ পরিভাষিতমিত্যর্থঃ। নন্বেকার্থসমবায়েন চেদেকত্বপ্রমা তদা ঘটে একো রূপরসগন্ধস্পর্শা ইত্যপি প্রমা স্যাৎ, ঘটৈকত্বাৎ রূপাদীনাঞ্চ ঘটবৃত্তিত্বাদিতি চেন্ন তৎসম্বন্ধেনৈকত্বস্য ত্রিতয়বৃত্তিত্বানভ্যুপগমান্নহি সর্ব্বঃ সর্ব্বত্র সর্ব্বস্য সুম্বন্ধ ইতি ভাবঃ। অথবা একার্থসমবায়ঃ একমাত্রবৃত্তিধর্ম্মাবচ্ছিন্নানুযোগিতাকঃ সম্বন্ধঃ স চ পর্য্যাপ্তিরূপঃ। তেন চ গুণাদিষু সংখ্যায়া বৃত্তিত্বমুপপদ্যতে, গুণোহি দ্রব্যেতরত্র ন সমবৈতীত্যেতাবন্মাত্রং ন পুনঃ সম্বধ্যত ইত্যপ্যুচ্যতে

ইতি ভাবঃ। অপেক্ষাবুদ্ধিজন্যমিতি দ্রব্যগতদ্বিত্বাদ্যভিপ্রায়েণাস্তত্রাপেক্ষাবুদ্ধিবিশেষবিষয়ত্বং যদ্বা সর্ব্বত্রৈব দ্বিত্বাদিকমপেক্ষাবুদ্ধিজন্যং তচ্চ পর্য্যাপ্তিসম্বন্ধেন সর্ব্বত্র বর্ত্ততে সমবায়েন দ্রব্যমাত্র ইতি বিশেষঃ॥ ১১—১৩॥

ইতি চতুর্থাধ্যায়স্য প্রথমাহ্নিকম্।

অরূপিষ্বচাক্ষুষাণি॥ ১২॥

অনুবাদ।

যাহাদের রূপ নাই, তাহাদের সংখ্যাদি, চাক্ষুষ প্রত্যক্ষের অযোগ্য।১২।

ব্যাখ্যা।

'যাহাদের রূপ নাই' অর্থান্তর 'রূপ ও স্পর্শ নাই' 'চাক্ষুষ প্রত্যক্ষের' অর্থান্তর 'চাক্ষুষ ও স্পার্শন প্রত্যক্ষের' অযোগ্য॥ ১২॥

উপস্কারঃ।

এতাবন্ত্যেব কর্ম্মপর্য্যন্তানি অভিপ্রেত্যাহ।

রূপরহিতদ্রব্যেষু বর্ত্তমানানি কর্ম্মপর্য্যন্তানি সঙ্খ্যাদীন্যচাক্ষুষাণি ন স্পার্শনানীত্যপি দ্রষ্টব্যম্ অপ্রত্যক্ষাণীতি নোক্তম্, তথা সত্যাত্মৈকত্বমপি প্রত্যক্ষং ন স্যাৎ॥ ১২॥

এতেন গুণত্বে ভাবে চ সর্ব্বেন্দ্রিয়ং জ্ঞানং ব্যাখ্যাতম্॥ ১৩॥

অনুবাদ।

ইহা দ্বারা গুণত্ব এবং সত্তার সর্ব্বেন্দ্রিয়জন্য প্রত্যক্ষ হয়, ইহা কথিত হইল। ১৩।

ব্যাখ্যা।

রূপ রস গন্ধ স্পর্শ এবং শব্দ—চক্ষুঃ প্রভৃতি এক এক ইন্দ্রিয়গ্রাহ্য, জ্ঞানসুখাদি মনোগ্রাহ্য, সংখ্যাদি চাক্ষুষ ও ত্বাচ প্রত্যক্ষের বিষয়। অতএব গুণত্ব জাতি ও সত্তাজাতির আশ্রয়, সকল ইন্দ্রিয়ের গ্রাহ্য হয়, সুতরাং তদুভয় জাতি যে সর্ব্বেন্দ্রিয়-গ্রাহ্য ইহা কথিত হইল, কেন না যে যে বস্তু যে যে ইন্দ্রিয়ের গ্রাহ্য সেই সেই বস্তুর জাতি সেই সেই ইন্দ্রিয়েরই গ্রাহ্য হইয়া থাকে॥ ১৩॥

চতুর্থ অধ্যায় প্রথম-আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

রূপাদীনামেকৈকেন্দ্রিয়গ্রাহ্যত্বং সঙ্খ্যাদীনাং দ্বীন্দ্রিয়গ্রাহ্যত্বং সুখাদীনাং মানসত্বং তথাচ সত্তাগুণত্বয়োঃ সামান্যয়োঃ সর্ব্বেন্দ্রিয়গ্রাহ্যত্বমায়াতমিত্যাহ।

ব্যক্তিগ্রহণযোগ্যাভেব জাতিগ্রহণযোগ্যত্বং ব্যক্তয়শ্চ যথাযথং যদি সর্ব্বেন্দ্রিয়ৈর্গৃহ্যন্তে তদা জাত্যোরপি গুণত্বসত্তয়োঃ সর্ব্বেন্দ্রিয়গ্রাহ্যত্বং পর্য্যবসন্নমিত্যর্থঃ॥ ১৩॥

ইতি শাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে চতুর্থাধ্যায়স্যাদ্যমাহ্নিকম্।

চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়াহ্নিকম্।

তৎ পুনঃ পৃথিব্যাদিকার্য্যদ্রব্যং ত্রিবিধং শরীরেন্দ্রিয়বিষয়-সংজ্ঞকম্ ॥ ১ ॥

অনুবাদ।

(সৎপদার্থের মধ্যে) সেই (পরমাণুর অনুমাপক) যে, জন্য (অনিত্য) পৃথিবী প্রভৃতি দ্রব্য, তাহা তিন প্রকার, শরীর ইন্দ্রিয় এবং বিষয় এই তিনটী তাহার নাম ॥ ১ ॥

ব্যাখ্যা।

পৃথিবী প্রভৃতি চারিটী দ্রব্য নিত্য এবং অনিত্য দুই ভাগে বিভক্ত, তন্মধ্যে নিত্য—পরমাণু; অনিত্য—তদ্ভিন্ন সূক্ষ্ম হইতে সুবৃহৎ পর্য্যন্ত। এইজন্য অনিত্য 'ক্ষিত্যপ্তেজোমরুৎ' ইহা তিন ভাগে বিভক্ত, এক শরীর, দ্বিতীয় ইন্দ্রিয়, তৃতীয় বিষয়—ভোগ্যবস্তু। ভূতলস্থ জীবের পার্থিব শরীর প্রত্যক্ষসিদ্ধ, বরুণলোকে জলীয় শরীর, আদিত্যাদি দেবলোকে তেজঃশরীর এবং বায়ুলোকে বায়বীয় শরীরেরও প্রমাণ আছে। পৃথিবী-ইন্দ্রিয় ঘ্রাণ, জলেন্দ্রিয় রসনা, তেজ-ইন্দ্রিয় চক্ষু এবং বায়ু-ইন্দ্রিয় ত্বক্। এক এক ইন্দ্রিয় এক একটী বিশেষ গুণ প্রত্যক্ষ করে, যে ইন্দ্রিয় যে ভূত হইতে উৎপন্ন, সেই ইন্দ্রিয় সেই ভূতের বিশেষ গুণ প্রত্যক্ষ করিবেই এই টুকু স্থির রাখিলেই ইন্দ্রিয়তত্ত্ব বুঝিবে ॥ ১ ॥

উপস্কারঃ।

স্পর্শবদ্দ্রব্যপরীক্ষার্থে চতুর্থাধ্যায়ে মূলকারণপরমাণুপরীক্ষানন্তরং কার্য্যদ্বারা স্পর্শবন্ত্যেব দ্রব্যাণি পরীচিক্ষিষুরাহ।

তত্র শরীরত্বং প্রযত্নবদাত্মসংযোগাসমবায়িকারণবৎক্রিয়াবদন্ত্যাবয়বিত্বম্ উপাধিভেদঃ, ন তু শরীরত্বং জাতিঃ পৃথিবীত্বাদিনা পরাপরভাবানুপপত্তেঃ, ইন্দ্রিয়ত্বঞ্চ স্মৃত্যজনকজ্ঞানকারণমনঃসংযোগাশ্রয়ত্বম্, শব্দেতরোদ্ভূতবিশেষগুণানাশ্রয়ত্বে সতি জ্ঞানকারণমনঃসংযোগাশ্রয়ত্বং বা, নক্তঞ্চর-নয়নরশ্মিস্তু তেজোন্তরমেব চক্ষুষ্ট্বে তু শব্দরূপেতরোদ্ভূতবিশেষগুণানাশ্রয়ত্বে সতীতি দেয়ম্, ন ত্বিন্দ্রিয়ত্বং জাতিঃ, পৃথিবীত্বাদিনা পরাপরভাবানুপপত্তেঃ। বিষয়ত্বঞ্চ যদ্যপি প্রতীয়মানভোগ-সাধনত্বম্, তচ্চ লৌকিকসাক্ষাৎকারবিষয়ত্বমেব দ্রব্যগুণকর্ম্মসামান্যাভাবসাধারণম্, তথাপি সূত্রানুরোধাৎ লৌকিকসাক্ষাৎকারবিষয়কার্য্যদ্রব্যত্বং দ্রষ্টব্যম্, পৃথিব্যাদিকার্য্যদ্রব্যং ত্রিবিধমিতি হি সূত্রম্, তথাচ বিষয়ত্বমপি ন জাতিঃ ॥ ১ ॥

পরিষ্কারঃ।

প্রযত্নেতি। 'প্রযত্নবদাত্মসংযোগেন অসমবায়িকারণবতী যা ক্রিয়া তদ্বদন্ত্যা-

বয়বিত্বমিত্যর্থঃ। তদ্বত্ত্বঞ্চ সমবায়েন তদাশ্রয়ত্বলাভায়, অন্যথা কালিকেন তদ্বত্ত্বমাদায় ঘটাদাবতিব্যাপ্তিঃ। অতএব বহুব্রীহেরর্থপ্রতিপত্তিকরত্বাভাবেন ক্রিয়াবদিতি মতুপ্ প্রত্যয়ো নানুশাসনবিরুদ্ধঃ। ঘটাদাবতিব্যাপ্তিবারণায় অসমবায়িকারণবদিত্যন্তং ক্রিয়াবিশেষণং, সা চ ক্রিয়া চেষ্টাত্মিকেত্যর্থঃ, নিক্ষিপ্তলোষ্ট্রাদিকর্ম্মণি ক্ষেপণকর্ত্তৃ-পুরুষসংযোগস্য নিমিত্তত্বমতে লোষ্ট্রাদাবতিব্যাপ্তিবারণার্থমসমবায়ীতি। বস্তুতো-ঽসমবায়ীতি স্বরূপকথনম্। হস্তাদাববয়বে শরীরলক্ষণাতিব্যাপ্তিবারণায় অন্ত্যাবয়বীতি অবয়বভিন্নোঽবয়বীত্যর্থঃ নব্যাস্তু চেষ্টাবদন্ত্যাবয়বিত্বং শরীরত্বং চেষ্টাত্বঞ্চ জাতিবিশেষ ইতি প্রাহুঃ। অন্ত্যাবয়বিমাত্রবৃত্তিচেষ্টাবদ্‌বৃত্তিজাতিমত্ত্বমিতি তু নিষ্কর্ষঃ। পরাপর-ভাবেতি ব্যাপ্যব্যাপকভাবেত্যর্থঃ। তদনুপপত্তিঃ সঙ্করঃ। স্মৃতীতি স্মৃত্যজনকো যো জ্ঞানকারণমনঃসংযোগস্তদাশ্রয়ত্বমিত্যর্থঃ। চর্ম্মমনঃসংযোগাত্মমনঃসংযোগৌ ত্বঙ্‌মনঃ-সংযোগাত্মমনঃসংযোগৌ বা জ্ঞানসামান্যকারণম্। ইন্দ্রিয়মনঃসংযোগস্য প্রত্যক্ষ-সামান্যকারণব্যুদাসায় স্মৃত্যজনকেতি। স্মৃতিজননাযোগ্যেত্যর্থঃ। জ্ঞানাজনকমনঃ-কারণম্। জ্ঞানপুরীতন্নাড়ীসংযোগস্য ব্যুদাসায় জ্ঞানকারণেতি। দ্রব্যেন্দ্রিয়সংযোগস্য ব্যুদাসায় মন ইতি। সংযোগস্যাব্যাপ্যবৃত্তিত্বাদিন্দ্রিয়ত্বমপ্যব্যাপ্যবৃত্তি স্যাদত উক্ত-মাশ্রয়ত্বমিতি তচ্চ ব্যাপ্যবৃত্তীতি ভাবঃ। নন্দু চক্ষুরাদিকং হি ঘর্ষণাৎ পরমণুস্তবতি, পূর্ব্বতনাবয়বসংযোগবিনাশেন পূর্ব্বতনস্য বিনাশাদ্‌যদি নাম কিঞ্চিচ্চক্ষুরাদিকং মনঃ-সংযুক্তং সদুদ্বোধকতয়া স্মৃতিজনকং তদা তত্রাব্যাপ্তিরিত্যত আহ শব্দেতরোদ্ভূতেতি। সত্যন্তোপাদানাদাত্মনি নাতিব্যাপ্তিঃ, শ্রোত্রাব্যাপ্তিবারণায় শব্দেতরেত্যুদ্ভূতবিশেষ-গুণবিশেষণম্। বিশেষগুণোপাদানস্য সংযোগাশ্রয়েন্দ্রিয়েষসম্ভববারণায়েতি পরমত-সাধারণ্যানুরোধেন, স্বমতে তূদ্ভূতত্বস্য বিশেষগুণেতরাবৃত্তিতয়া তদ্দোষাসম্ভবাদুদ্ভূত-মাত্রোপাদানমেব ন্যায্যঃ। বিষটিতেন্দ্রিয়ারম্ভকপরমাণ্বাদৌ চক্ষুরাদিসন্নিকর্ষস্য দ্রব্যচক্ষুঃসংযোগতয়া দ্রব্যচাক্ষুষজননযোগ্যত্বেন তত্রাতিব্যাপ্তিঃ স্যাদিতি মনঃপদম্। চক্ষুরবয়বসংযোগস্য চক্ষুঃসংযোগদ্বারা বিষয়চাক্ষুষজনকত্বাত্তত্রাতিব্যাপ্তিবারণায় মনঃপদমিতি প্রাঞ্চঃ। নম্বেবং নক্তঞ্চরনয়নে ব্যভিচারঃ তত্রোদ্ভূতরূপস্য সত্ত্বাদিত্যত আহ নক্তঞ্চরেতি। তেজোঽন্তরমেবেতি চক্ষুরূপষ্টম্ভকমিন্দ্রিয়াঘটকং তেজ ইতি ভাবঃ। তত্তেজোঘটিতস্য চক্ষুষ্ট্বেন ব্যবহারাদাহ চক্ষুষ্ট্বে ইতি। লৌকিকসাক্ষাৎকারেতি লৌকিকসাক্ষাৎকারবিষয়ঃ কার্য্যমুপাদেয়ং যস্য তাদৃশং যদ্দ্রব্যং পৃথিবী তেন ন দ্ব্যণুকাব্যাপ্তিঃ। শরীরান্যত্বে সতীতি বিশেষণং যোগ্যমন্যথা বিষয়ত্বস্য শরীরসাধারণ্যে বিভাগব্যাঘাত ইতি দিক্॥ ১॥

প্রত্যক্ষাপ্রত্যক্ষাণাং সংযোগস্যাপ্রত্যক্ষত্বাৎ পঞ্চাত্মকং ন বিদ্যতে ॥ ২ ॥

অনুবাদ।

প্রত্যক্ষ ও অপ্রত্যক্ষ বস্তুর (পরস্পর) সংযোগে অপ্রত্যক্ষ হয় বলিয়া পঞ্চাত্মক বস্তু নাই।

ব্যাখ্যা।

বেদান্তমতে জগৎ পঞ্চীকৃত বা ত্রিবৃৎকৃত। এবং পাঁচটী বা তিনটীই স্থূল দ্রব্যের সমবায়ী কারণ, এই মতের খণ্ডনার্থ বর্ত্তমান সূত্র। যেমন একটী প্রত্যক্ষ দ্রব্য বৃক্ষাদি এবং অপরটী অপ্রত্যক্ষ দ্রব্য কাল প্রভৃতি এতদুভয়ের সংযোগ প্রত্যক্ষ হয় না, তদ্রূপ প্রত্যক্ষ ভূত পৃথিব্যাদি এবং অপ্রত্যক্ষ আকাশ এতৎ-সমুদায়ের মিলনে উৎপন্ন বস্তুও প্রত্যক্ষের অনুপযোগী হইয়া পড়িত। বিশেষতঃ দুই বা ততোধিক বিজাতীয় বস্তুর সম্মিলনোৎপন্ন স্থূল বস্তুরও রূপাদি গুণ থাকিতে পারে না। বিভিন্ন অবয়বে যে সকল গুণ থাকে, তাহা হইতেই অবয়বীর গুণ হয়, বিরোধী গুণ অবয়বদ্বয়ে থাকিলে সেই গুণ দ্বারা অবয়বীতে গুণ উৎপন্ন হইতে পারে না, অতএব স্থূল বস্তু রূপাদি শূন্য হইয়া পড়িত ॥ ২ ॥

উপস্কারঃ।

ইদানীং শরীরস্য ত্রৈভৌতিকত্বচাতুর্ভৌতিকত্বপ্রবাদং নিরাকর্ত্তুমাহ।

গন্ধক্লেদপাকব্যূহাবকাশদানেভ্যঃ পাঞ্চভৌতিকং যদি শরীরং ভবেৎ তদাঽপ্রত্যক্ষং ভবেৎ যথা প্রত্যক্ষাপ্রত্যক্ষাণাং বায়ুবনস্পতীনাং সংযোগোঽপ্রত্যক্ষস্তথা শরীরমপ্যপ্রত্যক্ষং স্যাদিতি দৃষ্টান্ত-ধারকং সূত্রং, পঞ্চাত্মকং ন বিদ্যত ইতি শরীরমিতি শেষঃ। ক্লেদপাকাদয়স্তু উপষ্টম্ভক-জলানলগতা এব, চাতুর্ভৌতিকেঽপ্যেবম্। নম্বস্তু ত্রৈভৌতিকম্, ত্রয়াণাং ভূতানাং প্রত্যক্ষ-ত্বাদিতি চেন্ন বিজাতীয়ারম্ভস্য প্রতিষেধাৎ। একস্য গুণস্যাবয়বিনি গুণানারম্ভকত্বাৎ তদ্ যদি পৃথিবীজলাভ্যামারব্ধঃ স্যাৎ তদা তদারব্ধমগন্ধমরসঞ্চ স্যাৎ এবং পৃথিব্যনলাভ্যামগন্ধমরূপমরসঞ্চ স্যাৎ পৃথিব্যনিলাভ্যামগন্ধমরসমরূপমস্পর্শঞ্চ স্যাদিত্যাদ্যূহ্যম্ ॥ ২॥

পরিষ্কারঃ।

গন্ধক্লেদেত্যাদিকং পাঞ্চভৌতিকমিত্যন্তং ন্যায়পূর্ব্বপক্ষসূত্রং স্বসন্দর্ভাবয়ি-ত্বেনোদ্ধৃতম্। পাঞ্চভৌতিকং পঞ্চভূতসমবায়িকারণকম্। উপষ্টম্ভকেতি নিমিত্ত-কারণেত্যর্থঃ। ২।

গুণান্তরাপ্রাদুর্ভাবাচ্চ ন ত্র্যাত্মকম্ ॥ ৩ ॥

অনুবাদ।

গুণান্তরের অপ্রাদুর্ভাব হেতু (স্থূল দ্রব্যাদি) ত্রিভূতাত্মকও নহে। ৩।

ব্যাখ্যা

অবয়বগুণ হইতে অবয়বিগুণোৎপত্তি হয়, পরন্তু বিজাতীয় দুইটী অবয়ব হইলে তাহাদের গুণ হইতে কোন গুণের উৎপত্তি হয় না, এই জন্য স্থূল দ্রব্যকে ত্রিভূতাত্মক বা ত্রিবৃৎকৃতও বলা যায় না॥ ৩॥

উপস্কারঃ।

এতদেবাহ।

" পৃথিব্যপ্তেজসাং প্রত্যক্ষাণামেবারব্ধং শরীরং প্রত্যক্ষং স্যাদপি, যদি তত্র গুণান্তরং কারণ-গুণপূর্ব্বকং প্রাদুর্ভবেৎ, ন ত্বেতদস্তি একস্য গন্ধাদেরনারম্ভকত্বস্যোক্তত্বাৎ তথাচ ন ত্র্যাত্মকমপি শরীরং ন রূপবদ্ভূতত্রয়ারব্ধমপীত্যর্থঃ॥ ৩॥

পরিষ্কারঃ।

বিজাতীয়ারম্ভপ্রতিষেধং যুক্ত্যা দ্রঢ়য়তি একস্যেত্যাদিনা। সর্ব্বে হ্যবয়ব-গুণা অবয়বিনি গুণানারভন্তে, নতু কশ্চিদেকস্তত্ত্ববয়বগুণা যদি পরস্পরবিরোধিনো ভবেয়ুর্নৈকমপ্যবয়বিগুণমারভেরন্নিত্যগুণমবদ্রব্যাপদ্যেতেতি ভাবঃ। ৩। ৪।

অণুসংযোগস্ত্বপ্রতিষিদ্ধঃ॥ ৪॥

অনুবাদ।

তবে অণুসংযোগ যে নিষিদ্ধ তাহা নহে। ৪।

ব্যাখ্যা।

যেরূপ সংযোগ না হইলে, জন্য বস্তু উৎপন্ন হয় না এবং যেরূপ সংযোগের নাশে জন্য বস্তু বিনষ্ট হয়, উপাদানাতিরিক্ত ভূতত্রয়ের অণু দ্রব্যের সেইরূপ সংযোগ শরীরে মানি না; কিন্তু যেরূপ সংযোগনাশাদি হইলে কার্য্যনাশ হয় না, পরন্তু যে সংযোগ উৎপত্তির সহায় তাহা আমরা মানি। মনে কর, এই দেহ— ইহাতে ক্লেদ আছে, তাপ আছে, বায়ু আছে এবং আকাশ সম্বন্ধও আছে; আছে সব কিন্তু এক পৃথিবীই উপাদান বা সমবায়ী কারণ, অন্য ভূত সকল নিমিত্ত কারণ পার্থিব অণু ত্র্যসরেণু প্রভৃতির সংযোগই দেহের উৎপাদক, এই সংযোগের নাশ দেহের নাশক; আর জল প্রভৃতির অণু সংযোগাদি সেরূপ নহে। পৃথিবী সমবায়িকারণ বলিয়াই ইহার গন্ধ আছে কঠিন, কোমল স্পর্শ নানাবর্ণ ইত্যাদি গুণ আছে। আর ক্লেদ তাপাদি যাহা দেখিতেছ তাহা নিমিত্তকারণের গুণ মাত্র॥ ৪॥

উপস্কারঃ।

কথং তর্হ্যেকস্মিন্নেব শরীরে পাকাদীনামুপলম্ভ ইত্যত আহ।

মিথঃ পঞ্চানাং ভূতানাং পরস্পরমুপষ্টম্ভকতয়া সংযোগো ন নিষিধ্যতে, কিন্তু বিজাতীয়-য়োরয়োর্দ্ব্যং প্রত্যসমবায়িকারণং সংযোগো নেষ্যতে, তথাচ তদুপষ্টম্ভাৎ পাকাদীনাং শরীরে ভবত্যুপলম্ভ ইতি তর্হি কিম্প্রকৃতিকমিদং মানুষশরীরমিত্যত্র গৌতমীয়ং সূত্রমুপতিষ্ঠতে "পার্থিবং তদ্ বিশেষগুণোপলব্ধেঃ" পৃথিবীবিশেষগুণো গন্ধো মানুষশরীরে আনাশমনপায়ী দৃশ্যতে, পাকাদিস্তু তচ্ছরীরে নোপলভ্যন্তে ইতি তেষামৌপাধিকত্বং গন্ধস্য স্বাভাবিকত্বমিতি পার্থিবত্বমবাধিতং ॥ ৪ ॥

. তত্র শরীরং দ্বিবিধং যোনিজমযোনিজঞ্চ ॥ ৫ ॥

অনুবাদ।

তন্মধ্যে শরীর দ্বিবিধ—যোনিজ এবং অযোনিজ। ৫।

ব্যাখ্যা।

পিতা মাতা হইতে উৎপন্ন দেহই যোনিজ, তদ্ভিন্ন অযোনিজ। পার্থিব দেহের মধ্যে জরায়ুজ এবং অণ্ডজ দেহ যোনিজ; স্বেদজ এবং উদ্ভিজ্জ দেহ অযোনিজ। আর জলাদি দেহ অযোনিজ, বরুণলোকাদিতে যে দেহ ধারণ হয়, তাহা পুণ্যফলে; পাপফলেও অযোনিজ বায়বীয় দেহ গ্রহণ হয়, পুণ্যফলেও বায়ু-লোকে বায়বীয় দেহ গ্রহণ হয়। সূর্য্যলোকে তৈজস দেহ, তাহা পুণ্যফলে লভ্য। স্থূলতঃ দেহ দুই প্রকারই হইল। ৫।

উপস্কারঃ।

শরীরং বিভজতে।

তত্র পার্থিবাপ্যাদিশরীরেষু মধ্যে পার্থিবং শরীরং দ্বিবিধম্, কে তে দ্বে বিধে ইত্যত্রাহ যোনিজমযোনিজঞ্চেতি আপ্যতৈজসবায়বীয়শরীরাণাং বরুণাদিলোকেষু প্রসিদ্ধানামযো-নিজমেবাযোনিজত্বং শুক্রশোণিতসন্নিপাতানপেক্ষত্বম্। অযোনিজং দেবানামৃষীণাঞ্চ, শ্রূয়তে হি "ব্রহ্মণো মানসা মন্বাদয়ঃ" ইতি। কারণমন্তরেণ কথং কার্য্যমিতি চেৎ, যোনেঃ শরীরস্যা-বচ্ছেদেনাকারণত্বাৎ উদ্ভজ্জক্রিমিমশকাদিশরীরে ধর্ম্মবিশেষসহকৃতা চাণবঃ দেবর্ষি-শরীরারম্ভকাঃ ক্ষুদ্রাদিশরীরাণামপ্যাদৃশত্বাৎ, যোনিজমপি দ্বিবিধং জরায়ুজমণ্ডজঞ্চ, জরায়ুজং মানুষপশুমৃগাণাং গর্ভাশয়স্থ জরায়ুজং পক্ষিসরীসৃপাণামণ্ডজং পরিতঃ সংগণীতং সর্পকীট-মৎস্যাদয়োঽপি সরীসৃপা এব যদপি বৃক্ষাদয়োঽপি শরীরভেদা এব ভোগাধিষ্ঠানত্বাৎ ন খলু ভোগাধিষ্ঠানত্বমন্তরেণ জীবন-মরণ-স্বপ্ন-জাগরণ-ভেষজপ্রয়োগ-বীজসজাতীয়ানুবন্ধানুকূলোপগম-প্রতিকূলাপগমাদয়ঃ সম্ভবন্তি ইতি তদন্বয়ব্যতিরেকৌ চ ভোগোপপাদকে স্ফুটে এব, আগমোঽপি

"নর্ম্মদাতীরসম্ভূতাঃ শরলার্জ্জুনপাদপাঃ।
নর্ম্মদাতোয়সংস্পর্শাৎ তে যান্তি পরমাং গতিম্ ॥" ইত্যাদিঃ।

"শ্মশানে জায়তে বৃক্ষঃ কঙ্কগৃধ্রাদিসেবিতঃ।
ইত্যাদিশ্চ তথাপি চেষ্টাবত্ত্বমিন্দ্রিয়বত্ত্বঞ্চ নোদ্ভিদাং স্ফুটতরমতো ন শরীরব্যবহারঃ॥ ৫॥

পরিষ্কারঃ।

অযোনিজত্বমিতি। শরীরবিশেষং প্রতি যোনিঃ শরীরবিশেষং প্রতি ধর্ম্মবিশেষঃ শরীরবিশেষং প্রতি চ স্বেদাদি কারণমিতি ভাবঃ। চেষ্টাবত্ত্বমিতি চেষ্টেন্দ্রিয়ার্থাশ্রয়ঃ শরীরমিতি লক্ষণস্য স্পষ্টসিদ্ধ্যভাবান্ন শরীরত্ব-ব্যবহারঃ। ইতি তু প্রাচাং মতেন। নবীনাস্তু যোনিজদেহং জরায়ুজাণ্ডজস্বেদজোদ্ভিজ্জভেদাচ্চতুর্বিধং মন্যন্তে। ৫—১০।

অনিয়তদিগ্‌দেশপূর্ব্বকত্বাৎ॥ ৬॥

অনুবাদ।

অনিয়ত দিগ্‌দেশ স্থিত (পরমাণুসমূহ) কারণ হয় বলিয়াই (অযোনিজ দেহ উৎপন্ন হয়)। ৬।

ব্যাখ্যা।

বিশ্বব্রহ্মাণ্ডে যে অসংখ্য পরমাণুপুঞ্জ ঘুরিতেছে, দেবশরীরাদিলাভের উপযোগী ধর্ম্ম বা অধর্ম্মের প্রভাবে সেই সকল পরমাণু ক্রমে সম্মিলিত হইয়া অযোনিজ দেহ সৃষ্টি করে, মনের সহিত সংযুক্ত আত্মার সেই দেহেই বিশেষ সম্বন্ধ হয়। এই-রূপেই জীবের অযোনিজ দেহ ধারণ ঘটে। ৬।

উপস্কারঃ।

অযোনিজশরীরোৎপত্তিকারণমাহ।
অনিয়তদিগ্‌দেশাঃ পরমাণবো ধর্ম্মবিশেষজনিতকর্ম্মাণস্তৎপূর্ব্বকত্বাদযোনিজশরীরাণাম্॥৬॥

ধর্ম্মবিশেষাচ্চ॥ ৭॥

অনুবাদ।

ধর্ম্মবিশেষ হেতুই (পরমাণুর কর্ম্ম হয়)। ৭।

ব্যাখ্যা।

ইতস্ততো বিক্ষিপ্ত পরমাণুপুঞ্জ যে অনুকূল স্পন্দনে পরস্পর সংযুক্ত হয়—সেই স্পন্দন, ধর্ম্মসম্পন্ন সেই আত্মার সহিত সংযোগ সম্মিলনে হইয়া থাকে। ধর্ম্মসম্পন্ন আত্মার সংযোগে স্পন্দিত পরমাণুর ধশতঃ যে অযোনিজ দেহ উৎপন্ন হয়, তাহা দেবদেহ, পাপযুক্ত আত্মার সংযোগে স্পন্দিত পরমাণুর সম্মিলনোৎপন্ন দেহ নারকীয় দেহ। ৭।

উপস্কারঃ।

নন্বু পরমাণুনাং কর্ম্ম বিনা কথং দ্রব্যাসমবায়িকারণং সংযোগমন্তরেণ দ্রব্যোৎপত্তিরত আহ।

অদৃষ্টবদাত্মসংযোগাদেব স্বর্গাদৌ পরমাণুনাং কর্ম্ম তেন চ কর্ম্মণা সন্তুষ পরমাণবো দ্ব্যণুকাদি-প্রক্রমেণ অযোনিজং দেবর্ষীণাং শরীরমারভন্তে ইত্যর্থঃ, উপলক্ষণঞ্চৈতং অধর্ম্মবিশেষাচ্চ ক্ষুদ্র-জন্তুনামুষ্মজানাং মশকাদীনাং যাতনাময়ানি শরীরাণ্যুৎপদ্যন্তে ইত্যপি দ্রষ্টব্যম্। ৭॥

সমাখ্যাভাবাচ্চ ॥ ৮ ॥

অনুবাদ।

সমাখ্যা অর্থাৎ প্রসিদ্ধি ও নামনিরুক্তি দ্বারা (অযোনিজ দেহের অস্তিত্ব নিশ্চয় করা যায়)। ৮।

ব্যাখ্যা।

'ব্রহ্মণো মানসাঃ পুত্রাঃ' ব্রহ্মার মানস পুত্র হইয়াছিলেন, বিরাট্‌পুরুষ তপস্যা-প্রভাবে মনুর সৃষ্টি করেন, এই সকল শাস্ত্র কথা এবং অঙ্গার হইতে অঙ্গিরার উৎপত্তি ইত্যাদি অর্থযুক্ত নামই সমাখ্যা। ৮।

উপস্কারঃ।

দেবর্ষীণাময়োনিজে শরীরে প্রমাণান্তরমাহ।

সমাখ্যা অন্বর্থা সংজ্ঞা শ্রুতিস্মৃতীতিহাসপুরাণাদিষু প্রসিদ্ধা, তথাহি দুর্বাসঃপ্রভৃতয়ো মানসাঃ অহঙ্কারেভ্যঃ অঙ্গারেভ্যঃ (?) সম্ভবদঙ্গিরা ইত্যাদিকা, তথাপি জ্ঞায়তে সন্ত্যযোনিজানি শরীরাণি দেবর্ষীণামিতি॥ ৮॥

সংজ্ঞায়া আদিত্বাৎ ॥ ৯ ॥

অনুবাদ।

সংজ্ঞার আদিত্ব হেতু (অযোনিজ দেহ বাধিত হইল না)। ৯

ব্যাখ্যা।

পূর্ব্বে বলা হইয়াছে, পিতা মাতা পুত্রকে দেখিয়া পুত্রের নাম করে, তদ্রূপ ব্রহ্মা এই নামও অবশ্য পিতা মাতা দেখিয়াই রাখিয়াছেন। তাহার উত্তর এই যে, ব্রহ্মা এই নাম আদি—জগতে তখন পিতা মাতাই হয় নাই; তবে যে সে নাম হইল, তাহা ঈশ্বরকৃত। নাম বা নামাভিধেয় বস্তুর প্রত্যক্ষ দ্বারা ঈশ্বরের অস্তিত্বসাধনপ্রসঙ্গ পূর্ব্বে গিয়াছে। অথবা সূত্রের অর্থান্তর এই—মাতা পিতার উৎপত্তির পূর্ব্বে যখন ব্রহ্মা সংজ্ঞা হইয়াছে তখন সে সংজ্ঞার প্রতিপাদ্য ত কেহ থাকিবেনই সেই প্রতিপাদ্য ব্রহ্মদেহও অযোনিজ। ৯।

উপস্কারঃ।

প্রমাণান্তরমাহ।

সর্গাদৌ যা ব্রহ্মাদিসংজ্ঞা আদিভূতা প্রাথমিকস্তয়া জ্ঞায়তে অস্ত্যযোনিজং শরীরমিতি নহি তদা ব্রহ্মণো মাতাপিতরৌ স্তঃ যাভ্যাং ব্রহ্মাদিসংজ্ঞা কৃতা স্যাদিতি ভাবঃ॥ ৯॥

সন্ত্যযোনিজাঃ॥ ১০।

অনুবাদ।

(অতএব) অযোনিজ দেহ আছে। ১০।

ব্যাখ্যা।

শাস্ত্রের উল্লেখ এবং প্রসিদ্ধ নাম দ্বারা অনুমান করিয়া অযোনিজ দেহের অস্তিত্ব স্থিরীকৃত হইল। ১০।

উপস্করতি।

শরীরবিশেষা ইতি শেষঃ॥ ১০॥

বেদলিঙ্গাচ্চ॥ ১১॥

অনুবাদ।

বেদমূলক অনুমান দ্বারাও (সিদ্ধ হয়)। ১১।

ব্যাখ্যা।

বেদ দুইভাগে বিভক্ত ; মন্ত্র এবং ব্রাহ্মণ। এই দুই ভাগেই অযোনিজ দেহের কথা আছে। সেই বেদোক্তিমূলক অনুমান দ্বারাও অযোনিজ দেহ নির্ণীত হইল। বেদে আছে প্রজাপতি অনেক প্রজা সৃষ্টি করিলেন, তাহার পর তপস্যা করিয়া মুখ হইতে ব্রাহ্মণ, বাহু হইতে ক্ষত্রিয়, উরু হইতে বৈশ্য এবং পাদদেশ হইতে শূদ্র সৃষ্টি করিলেন। বেদের পুরুষসূক্তেও এই ভাবের মন্ত্র আছে, তবেই দেখ প্রথমোৎপন্ন ব্রাহ্মণাদির দেহ যোনিজ নহে, অযোনিজ। দেহ যোনিজই হউক আর অযোনিজই হউক—মানবেরই হউক আর দেবতারই হউক তাহা দেহ—আত্মা নহে ; হে শিষ্য! তাহার মোহে পড়িয়া মার্গভ্রষ্ট হইও না। ইহাই মহর্ষি কণাদের অভিপ্রায়। আমিও একবার নিমীলিত-নয়নে বলি, হে আত্মন্! দয়াময় মহর্ষি কণাদ-গৌতমের উপদেশে প্রকৃত পথে অগ্রসর হও ; বৃথা কালক্ষেপ করিও না। ১১।

ইতি চতুর্থাধ্যায়ে দ্বিতীয় আহ্নিক সমাপ্ত।

উপস্কারঃ।

উপসংহৃতেঽতিদাঢ়্যার্থং প্রমাণান্তরমাহ।

বেদো মন্ত্রঃ স চ লিঙ্গ্যতে জ্ঞাপ্যতেঽনেনেতি বেদলিঙ্গং ব্রাহ্মণম্, ততোঽপ্যযোনিজং শরীরং প্রতিপাদ্যতে ইত্যর্থঃ। তথাহি ব্রাহ্মণম্ "প্রজাপতিঃ প্রজা অনেকা অসৃজৎ স তপোঽতপ্যত প্রজাঃ সৃজেয়মিতি স মুখতো ব্রাহ্মণমসৃজৎ বাহুভ্যাং রাজন্যমূরুভ্যাং বৈশ্যম্ পদ্ভ্যাং শূদ্রম্" ইতি, বেদোঽপি "ব্রাহ্মণোঽস্য মুখমাসীৎ বাহূ রাজন্যঃ কৃতঃ উরূ তদস্য যদ্বৈশ্যঃ পদ্ভ্যাং শূদ্রোঽজায়ত" ইত্যাদিঃ, তদেবং যোনিজমযোনিজঞ্চ পার্থিবশরীরমুক্তম্, আপ্যং তৈজসং বায়বীয়ঞ্চাযোনিজমেব শুক্রশোণিতয়োর্নিয়মেন পার্থিবত্বাং পার্থিবেন চ পাথসীয়ানারম্ভাৎ ইন্দ্রিয়ন্তু পার্থিবং ঘ্রাণং সর্ব্বপ্রাণভৃৎসাধারণং জলাদ্যনভিভূতৈঃ পার্থিবভাগৈরারব্ধং ঘ্রাণম্, ঘ্রাণং পার্থিবং রসাদ্যব্যঞ্জকত্বে সতি গন্ধব্যঞ্জকত্বাৎ মৃগমদগন্ধব্যঞ্জককুঙ্কুমটোচ্চারবৎ, এবং রসনমাপ্যং রূপাদ্যব্যঞ্জকত্বে সতি রসস্যৈব ব্যঞ্জকত্বাৎ সক্তুরসাভিব্যঞ্জকসলিলবৎ, এবঞ্চক্ষুস্তৈজসং রসাদ্যব্যঞ্জকত্বে সতি রূপস্যৈব ব্যঞ্জকত্বাদালোকবৎ, ত্বগিন্দ্রিয়ং বায়বীয়ং গন্ধাদ্যব্যঞ্জকত্বে সতি স্পর্শস্যৈব ব্যঞ্জকত্বাৎ অঙ্গসঙ্গিসলিলশৈত্যাভিব্যঞ্জকব্যজনবাতবৎ। বিষয়স্তু পার্থিবো মৃৎপাষাণস্থাবরলক্ষণঃ তত্র ভূপ্রদেশাঃ প্রাকারেষ্টকাদয়ো মৃদ্বিকারাঃ, অভ্রিমণিগৈরিকগৈরিকাদয়ঃ পাষাণাঃ, স্থাবরাস্তৃণৌষধিবৃক্ষগুল্মলতাবতানবনস্পতয়ঃ। আপ্যাস্তু বিষয়াঃ সরিৎসমুদ্রহিমকরকাদয়ঃ। তৈজসস্তু বিষয়ো ভৌমদিব্যোদর্য্যাকরজভেদাচ্চতুর্ব্বিধঃ। ভৌমং কাষ্ঠেন্ধনপ্রভবম্, দিব্যম্ অবিন্ধনং বিদ্যুদাদি উদর্য্যম্ অন্নাদিরসপরিণামকারণম্ জাঠরম্, আকরজঞ্চ হিরণ্যাদি। বায়বীয়স্তু বিষয়ঃ উপলভ্যমানস্পর্শাশ্রয়ো বায়ুঃ, বায়োশ্চতুর্থঃ কার্য্যঃ প্রাণাখ্যঃ শরীরে রসমলধাতূনাং প্রেরণাদিহেতুরেকঃ সন্ ক্রিয়াভেদাদপানাদিসংজ্ঞাং লভত ইতি ॥ ১১ ॥

ইতি শ্রীশাঙ্করে বৈশেষিকসূত্রোপস্কারে চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়মাহ্নিকম্।

সমাপ্তশ্চায়ং চতুর্থাধ্যায়ঃ।

———

পরিষ্কারঃ।

রসাদ্যব্যঞ্জকত্বে সতীত্যস্য পরকীয়রসাদ্যব্যঞ্জকত্বে সতীত্যর্থঃ। তেন স্বকীয়-রসব্যঞ্জকে দৃষ্টান্তে নাসিদ্ধিঃ। আদিপদাৎ রসরূপস্পর্শলাভঃ। নবশরাবাদি-গন্ধব্যঞ্জকজলাদৌ ব্যভিচারবারণায় সত্যন্তম্। তদুপাদানাচ্চ শক্তুরসব্যঞ্জকতয়া ন ব্যভিচারঃ। ঘ্রাণসন্নিকর্ষে ব্যভিচারবারণায় দ্রব্যত্বে সতীতি বিশেষণং হেতৌ দেয়ম্। এবমন্যত্র। রসস্যৈবেত্যেবকারার্থঃ সত্যন্তদলং, পুনরেবপদন্তু আদিপদেন গন্ধাদিগ্রহণসূচনার্থম্। শিষ্টন্তু মুক্তাবল্যাদাবনুসন্ধেয়ম্। ১১।

ইতি গৌতমসিদ্ধকুলোদ্ভব-শ্রীপঞ্চাননতর্করত্ন-ভট্টাচার্য্যকৃতৌ বৈশেষিক-সূত্রোপস্কারপরিষ্কারে চতুর্থাধ্যায়স্য দ্বিতীয়াহ্নিকম্।

সমাপ্তশ্চ চতুর্থাধ্যায়ঃ।